माराज्य ।

의의 의연 1

"কুষ্ণভক্তিরসভাবিতামতিঃ ক্রীয়ন্তাং বদি কুতোহপি লভাতে।"

বোলপুরের উকিল শ্রীহরিদাস বস্থ ধারা প্রণীত।

গ্রীঅঘোরনাথ চট্টোপাধ্যায় কর্ত্তক প্রকাশিত।

প্রথম মূদ্রণ।

কলিকাতা,

৬ নং কলেজ কোয়ার সাম্যপ্রেসে শ্রীউপেশ্রনাথ দাস দারা মুদ্রিত।

১০০০ কপি।

All rights reserved.

সূচিপত্র।

বিষয়			পৃষ্ঠা
ভূমিকা			10
ak'	প্ৰথম অধ্যায়।		· ·
প্ৰভূপাদ বিজয়ক্তঞ গোস্থা	মীর গুরুশাভ	***	5,
ব্রাহ্মগণের মধ্যে সনাতন হি	ইন্দুধর্ম প্রচার ও ব্রাহ্মস	মাজ ত্যাগ	٤
শিশ্বগণকে শিক্ষা প্রদান		***	
তাঁহার ধর্মশিক্ষা প্রদানের	বিশেষস্থ	***	\$
গোসামী মহাশরের ধর্ম লে	াকসমাজে অবিদিত	•••	e j
মহাপ্রভুর ধর্ম		• • •	
	ৰিতীয় অধ্যায়।		
ওদাভ ্তি	•••	•••	≽ ∵
গোস্বামী মহাশবের ধর্ম	***		` > ₹
প্রাক্কত ভক্তি	•••	* • • •	36
শক্তি-সঞ্চার	***	• •	>>
দীকা ব্যতীত শক্তিদ কা র হ	ইতে পারে	* * *	২৯
ইত্র প্রাণী ও বৃক্ষ লতাদি	তেও শক্তিসঞ্চার হইতে	शाद	७€
	প্রথম অধ্যায়। াদ বিজয়ক্ষ গোস্থানীর গুকলাত ণের মধ্যে দনাতন হিন্দুধর্ম প্রচার ও ব্রাহ্মদমাক ত্যাগ ণকে শিক্ষা প্রদান র ধর্মশিক্ষা প্রদানের বিশেষস্থ নী মহাশরের ধর্ম লোকসমাকে অবিদিত ভূর ধর্ম বিতীয় অধ্যায়। ক্তি নক্ষার ব্যতীত শক্তিদক্ষার হইতে পারে প্রাণী ও বৃক্ষ বতাদিতেও শক্তিদক্ষার হইতে পারে তৃতীয় অধ্যায়। ক্তি ক্তি আনন্দর্মণিণী ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির ক্তিম্বার্থী ক্তিম্বার্থী ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির ক্তিম্বার্থী ক্তিম্বার ক		
শুদ্ধাভক্তি	•••	***	85.
শুদ্ধাভক্তি আনন্দক্ষপিণী	•	•••	89
শুদ্ধাভক্তির উদ্দীপনা	***		ee
সৌভরী উপাধ্যান	•••	• • •	23.
		_	

ৰিষ্	-		शृष्ठा
সোভরীর সংসার স্থভোগ	***		60
ওছাভক্তি দেহের পরিবর্তন	कात्रिनी	• • •	15
সমস্ত তত্ত্বই শুদ্ধাভক্তির অং	য়ৰ্গত ···	• • •	97
ওকাভক্তি বড় আদরণী	***	***	re
ওদাভজিতে বিরহ নাই	***		44
ভদাভক্তির সকোচ		***	8.6
ভদাভক্তির প্রগণ্ভতা	•••	•••	>65
অরুণার বাসর ঘর	•••	•••	>-4
শিশ্বগণের মধ্যে প্রগণ্ভা ভা	ক্রির শীলা	4 4 4	400
শুদ্ধাভক্তির কঠোরতা	***	• • •	>>8
শুদ্ধান্তজ্ঞিতে ভয় বা ক্লেশ ন	> …	* * *	>>9
জ্ঞানশৃত্যা ভক্তি ওদাভক্তি ন			>>8
বৈধী বা রাগান্থগা ভক্তি ভব	নাভক্তি নহে	• • •	>20
শুদ্ধাভক্তির ভাব ও দর্শন	* * *	***	३७३
΄ , τ	তুৰ্থ অধ্যায়।		
নামই শুদ্ধাভক্তির সাধন	•••	***	500
নাম	• • •	***	202
নামের গুরুত্ব	•••	***	389
নামের শ্বভাব	* * *	•••	>6>
নামের প্রকার ভেদ			764
নাম সাধন	•••	• • •	>00
প্রাণায়াম ও মনের একাগ্রভ	গ সাধন	•••	১৬৬
্ৰামে যোগ	•••	• • •	>90
•			

:			•
বিষয়			পূঠা
	्रश्च ज्यशाह	τ Ι	
- Table 1	***	•••	>99
সূত্রক	•••	***	>64°
ইগগুরু ও শিক্ষাপ্তর	•••	• • •	>29
।বরূপাক্ষ উপাথ্যান	* * *	***	444
সাভাগুৰু ও সধের গুৰু	•••	~···	२ • ७
<u>সাম্প্রদারিকতা</u>	• • •		522
সংস্থার ,	••		365
	ৰ্ছ অধ্যায়।		
রাশাক্তঞ-তত্ত্ব	•••	***	२३४
বৈধী ভক্তি	***	***	249
রাগাহুগা ভক্তি	***	* *,*	200
ঞ্জীকৃক-প্রেম	***	***	404
গোপী প্রেমলকার	***	***	200
গ্রীগৌরাঙ্গ প্রেম		•••	295
এগোরাস প্রেমালকার		***	292
শ্রীমন্মহাপ্রভুর অত্যস্কৃত ভাব	***	***	₹ ₩8
মনোৰ্শ	***		45h
ভৱাভকি জ্ঞানের প্রস্থতি	•••	.4.	0.5
গ্রন্থকারের পরিচর	***	***	400

माराज्य ।

의의 의연 1

"কুষ্ণভক্তিরসভাবিতামতিঃ ক্রীয়ন্তাং বদি কুতোহপি লভাতে।"

বোলপুরের উকিল শ্রীহরিদাস বস্থ ধারা প্রণীত।

গ্রীঅঘোরনাথ চট্টোপাধ্যায় কর্ত্তক প্রকাশিত।

প্রথম মূদ্রণ।

কলিকাতা,

৬ নং কলেজ কোয়ার সাম্যপ্রেসে শ্রীউপেশ্রনাথ দাস দারা মুদ্রিত।

১০০০ কপি।

All rights reserved.



প্রকাশকের নিবেদন।

সন্তর ও সাধনতত্বের প্রথম খণ্ড প্রকাশিত হইল। বন্ধ্রর গ্রহকার
এই পৃস্তকের আত্যোপাস্ত পরিদর্শন পূর্বক ইহার সম্পাদন ও মূলাকন
কার্যাের ভার আমার প্রতি অর্পণ করিরাছিলেন। কিন্তু আমি যথাসাধ্য
পরিশ্রম করিলেও নানাকারণে এ বিষয়ে কৃতকার্য্য হইতে পারি নাই,
পৃস্তক প্রকাশে অযথা বিলম্ব ঘটয়াছে। মধ্যে মধ্যে প্রক সংশোধন
কার্য্য ভালরপ হইরা উঠে নাই। আমি সম্প্রতি সম্ভাগের পীজিত ইর্রার্ট্রে
কোন কোন কর্মার প্রফ একবারও দেখিতে পারি নাই, এই কার্ম্বর্গন স্থানে হানে বর্ণাগুদ্ধি রহিয়াছে; আশা করি পাঠকগণ ক্রমা করিবেন।

পুত্তকথানি দিদ্ধান্ত-গ্রহ। বৈঞ্চব-দিদ্ধান্তের স্থগভীর তব দক্ষ ইহাতে আলোচিত হইরাছে। গ্রহ্মার প্রীগুরুক্সপার বে অপ্রাক্ত তব্বের উপলদ্ধি করিয়া জীবনপথে অগ্রসর হইয়াছেন তিনি তাহাই সরলভাবে এই গ্রহে আলোচনা করিয়াছেন। সহদর পাঠকরণ সাম্প্রদারিক মতবাদ ও দ্লীর-বৃদ্ধি পরিত্যাগ পূর্বক অপক্ষপাতে গ্রন্থনিবছ ভত্তালোচনার প্রতি মনোনিবেশ করেন ইহাই সনির্বাদ্ধ অন্নরোধ। এরপ গুরুতর বিষয়ে মাদৃশ ব্যক্তির কোন কথা বলা ধৃষ্টতা মাত্র। নিবেদন ইতি।

নলহাটী, ই, আই, আর ; লুপলাইন।)
১লা আয়াঢ়, ১৩২৬ সাল।

নিবেদক শ্রীঅঘোরনাথ চট্টোপাধ্যার L

গ্রন্থকার প্রণীত

। মহাপাতকীর জীবনে সদ্গুরুর লীকা, মূল্য

২ টাকাঃ

২। সদ্প্রক ও সাধনতত্ত্ব, প্রথম খণ্ড

>||0

৩। সদ্গুৰু ও সাধনতৰ, বিতীয় থও

ষ্ম্ৰস্থ |

কলিকাতার প্রধান প্রধান প্রকালয়েও বোলপুর লুপ লাইন জেলা। বীরভূম ঠিকানার গ্রন্থকার শ্রীযুক্ত হরিদাস বহু উকিলের নিকট প্রাপ্তব্য।

ভক্তবিতামূত, শ্রীহরিদাস ঠাকুর, শ্রীমৎ রঘুনাথ দাস গোস্বামীর জীবনচরিত প্রভৃতি বিবিধ বৈক্ষবগ্রন্থ প্রণেতা

শ্রীযুক্ত অংশারনাথ চটোপাধায় প্রণীত।

শীনিবাস আচার্য্য-চরিত

অর্থাৎ এত্রীমহাপ্রভুর ধিতীরাবতার প্রীক্রীআচার্য্য-প্রভুর বিন্তৃত জীবনচরিত এবং মহাপ্রভুর পরবর্ত্তিসময়ের দেশের ও বৈশ্ববসমাজের ধর্ম ও
নামাজিক আন্দোলনের সবিস্তার ইতিবৃত্ত। প্রীবিষ্ণপ্রিয়া দেবী, প্রীনরোত্তম
ঠাকুর, প্রীক্তামানল প্রভু, প্রীসরকার ঠাকুর ও প্রীরাজা বীরহান্ধীর প্রভৃতি
বহুসংখ্য মহাজনের জীবনের বহু ঘটনা ও প্রাচীন বঙ্গসাহিত্য-বিষয়ক অনেক
জ্ঞাতব্য কথা ইহাতে বিবৃত হইরাছে। মুদ্রিত অমুদ্রিত বিবিধ বৈক্তবপ্রছাব্রমনে ও বহু অমুসন্ধানে এত্রিষয়ক গ্রহ বঙ্গভাবার এই প্রথম
প্রচারিত হইল। ছাপা ও কাগজ উৎক্রন্ত। মূল্য ১০ ক্লে ১, জি-লিতে ১৮০ আনা।

পরলোকগড় অনারেবল জষ্টিশ স্থার গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশর জিশিরাছেন, "আপনার প্রদত্ত "শ্রীনিবাস আচার্য্যচরিত" নামক পুস্তকথানি সাদরে গ্রহণ করিলাম। বঙ্গসাহিত্যে এরপ গ্রন্থ অধিক নাই। এই গ্রন্থ গানি বঙ্গসাহিত্যে একটা উচ্চস্কান পাইবার অধিকারী।"

কলিকাতা ২০০ নং কর্ণপ্রয়ালিশ ইট, গুরুদাস চট্টোপাধ্যায়ের পুস্তকেন্দ্র লোকামে এবং নলহাটী ই, আই, আর, নুপলাইন ঠিকানার গ্রন্থকারের নিকট প্রাপ্তবা।

সূচিপত্র।

বিষয়			পৃষ্ঠা
ভূমিকা			10
ak'	প্ৰথম অধ্যায়।		· ·
প্ৰভূপাদ বিজয়ক্তঞ গোস্থা	মীর গুরুশাভ	***	5,
ব্রাহ্মগণের মধ্যে সনাতন হি	ইন্দুধর্ম প্রচার ও ব্রাহ্মস	মাজ ত্যাগ	٤
শিশ্বগণকে শিক্ষা প্রদান		***	
তাঁহার ধর্মশিক্ষা প্রদানের	বিশেষস্থ	***	\$
গোসামী মহাশরের ধর্ম লে	াকসমাজে অবিদিত	•••	æ j
মহাপ্রভুর ধর্ম		• • •	
	ৰিতীয় অধ্যায়।		
ওদাভ ্তি	•••	•••	≽ ∵
গোস্বামী মহাশবের ধর্ম	***		` > ₹
প্রাক্কত ভক্তি	•••	* • • •	36
শক্তি-সঞ্চার	***	• •	>>
দীকা ব্যতীত শক্তিদ কা র হ	ইতে পারে	* * *	২৯
ইত্র প্রাণী ও বৃক্ষ লতাদি	তেও শক্তিসঞ্চার হইতে	शाद	७€
	প্রথম অধ্যায়। াদ বিজয়ক্ষ গোস্থানীর গুকলাত ণের মধ্যে দনাতন হিন্দুধর্ম প্রচার ও ব্রাহ্মদমাক ত্যাগ ণকে শিক্ষা প্রদান র ধর্মশিক্ষা প্রদানের বিশেষস্থ নী মহাশরের ধর্ম লোকসমাকে অবিদিত ভূর ধর্ম বিতীয় অধ্যায়। ক্তি নক্ষার ব্যতীত শক্তিদক্ষার হইতে পারে প্রাণী ও বৃক্ষ বতাদিতেও শক্তিদক্ষার হইতে পারে তৃতীয় অধ্যায়। ক্তি ক্তি আনন্দর্মণিণী ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির ক্তিম্বার্থী ক্তিম্বার্থী ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির উদ্দীপনা ক্তির ক্তিম্বার্থী ক্তিম্বার ক		
শুদ্ধাভক্তি	•••	***	85.
শুদ্ধাভক্তি আনন্দক্ষপিণী	•	•••	89
শুদ্ধাভক্তির উদ্দীপনা	***		ee
সৌভরী উপাধ্যান	•••	• • •	23.
		_	

ৰিষ্	-		शृष्ठा
সোভরীর সংসার স্থভোগ	***		60
ওছাভক্তি দেহের পরিবর্তন	कात्रिनी	• • •	15
সমস্ত তত্ত্বই শুদ্ধাভক্তির অং	য়ৰ্গত ···	• • •	97
ওকাভক্তি বড় আদরণী	***	***	re
ওদাভজিতে বিরহ নাই	***		44
ভদাভক্তির সকোচ		***	8.6
ভদাভক্তির প্রগণ্ভতা	•••	•••	>65
অরুণার বাসর ঘর	•••	•••	>-4
শিশ্বগণের মধ্যে প্রগণ্ভা ভা	ক্রির শীলা	4 4 4	400
শুদ্ধাভক্তির কঠোরতা	***	• • •	>>8
শুদ্ধান্তজ্ঞিতে ভয় বা ক্লেশ ন	> …	* * *	>>9
জ্ঞানশৃত্যা ভক্তি ওদাভক্তি ন			>>8
বৈধী বা রাগান্থগা ভক্তি ভব	নাভক্তি নহে	• • •	>20
শুদ্ধাভক্তির ভাব ও দর্শন	* * *	***	३७३
΄ , τ	তুৰ্থ অধ্যায়।		
নামই শুদ্ধাভক্তির সাধন		***	500
নাম	• • •	***	202
নামের গুরুত্ব	•••	***	389
নামের শ্বভাব	* * *	•••	>6>
নামের প্রকার ভেদ			764
নাম সাধন	•••	• • •	>00
প্রাণায়াম ও মনের একাগ্রভ	গ সাধন	•••	১৬৬
্ৰামে যোগ	•••	• • •	>90
•			

বিষয়			পূকা
	्रक्षम जन्म	Į I	
- Table 1	***	•••	>99
र् अक		***	>646
শৃত্তর শূলগুরু ও শিক্ষাগুরু	• • •	• • •	289
।বরূপাক্ষ উপাধ্যান	* * *	•••	441
সাজাগুরু 🔳 সধের প্রক	•••	~***	২•৩
<u> সাম্প্রদায়িকতা</u>	• • •	•••	522
সংস্থার	••	• • •	37.5
	ষ্ঠ অধ্যায়	•	
রাশাক্ষ-তত্ত্	•••	4 4 4	254
বৈধী ভক্তি		***	289
রা গাহু গা ভক্তি		4.4,4	২৩•
ঞ্জীকৃষ্ণ-প্রেম	***	***	\$0 5
গোপী প্রেমলকার	***	***	২৬৩
ঞীগৌরাল প্রেম		***	२१५
ঞীগোরাস প্রেমালকার		***	297
শ্রীমন্মহাপ্রভুর অত্যস্তুত ভাব	1	***	₹₩8
মনোবঁশ			₹24
তথ্যভব্তি জানের প্রস্তি			. 0.>

ভূমিকা ।

পুণাভূমি ভারতবর্ষ ধর্ম সাধনের প্রকৃষ্ট স্থান। এই স্থানে আর্যাশবিগণ

হুগাযুগাস্থর কাল ওপভা করিরা প্রকৃতির আবরণ ভেদ পূর্মক প্রকৃতির

অস্তরালস্থ অগম্য পুরুবের নিকট গমন করিরাছেন। যিনি চিন্তার
অতাত, মন বাঁহাকে মনন করিতে পারে না, বেখানে মাহুষের জ্ঞান বুদ্ধি
পরাস্ত হয়, ধাষিগণ তপভাবলে সেই অচিস্তা জ্ঞানাতীত পুরুবকে লাভ
করিয়া তাঁহাকে হস্তামলকবৎ বালিয়া গিয়াছেন। সেই অর্ন্তপ পুরুবের
অপার রূপসাগরে মগ্য ১ইয়া আগ্রহার। হইয়াছেন। কেবল কি তাই ৪
ভক্তগণ ভাজিবলে তাঁহাকে বলীভূত করিয়াছেন।

সংসার অনিতা। ইহা ছ: ধের আবাস ভূমি। কি রাজা কি প্রভা কি ধনী কি নিধন ইচুসংসারে সকলেই এক প্রকার না হর অন্ত প্রকার ছ:থ ভোগ করিতেছে, কাহারও শাস্তি নাই। ত্রিভাপ জালার সকলেই অহির। এ জালার বিরাম নাই। মৃত্যুও ইহা নিবারণ করিতে পারে না। মৃত্যুর পর আবার জন্ম আবার বন্ধণা। জীব সকল অনাদি কাল হইতে যন্ত্রণা ভোগ করিয়া আসিতেছে, ইহার সীমা নাই—শেব নাই।

ঋষিপণ দেখিলেন জড়-বিজ্ঞানের সাধ্য নাই যে এই হু:থের ঐকান্তিক নিবৃত্তি করে। জড়-বিজ্ঞান মামুষকে বিলাসিতার দিকে লইয়া গিয়া অধিকতর হু:থে নিমজ্জিত করে। এই জন্ম তাঁহারা ঋড়-বিজ্ঞানের উন্নতির দিকে দৃষ্টিপাত না করিয়া বাহাতে মানুষ পরা-শান্তি লার্ভ করে তৎপ্রতি যত্নবান হইলেন। ভূঁহান্ন দিব্যুচক্ষে দেখিলেন "ভূমৈব স্থাং নারে স্থমন্তি।" সেই ভূমা
পুরুষেই স্থা, আর কিছুতেই স্থা নাই। বাহাতে মানুষ সেই ভূমা পুরুষকে
লাভ করিরা চিরকালের পরা-শান্তি লাভ করে, ত্রিভাপ জালার
আর আলাতন না হর, সেই জল্প ঝবিগণ ধর্ম সংস্থাপন করিলেন। হিন্দুর
জীরন্যাত্রা, আচার খ্যবহার এরপ ভাবে নিয়মিত করিরা দিলেন
বাহাতে হিন্দুগণ অনায়াসে ধর্মজীবন বাপন করিতে পারেন, বাহাতে
ভাঁহাদের মন জনিত্য সংসারস্থা যন্ত না হর। হিন্দু সন্তানগণ চিরকাল
আর্থ্য ঝবিগণের প্রন্দর্শিত পদ্বার চলিরা আসিতেছেন

এই চঃখনর সংসারে কাহারও নিজার নাই। ধর্মও এখানে নিরাপদ নহে। বিভিন্ন জাতি সকল ভারতবর্গ অনিকার করিয়া সনাতন হিন্দু-ধর্মের প্রতি বোর অভ্যাচার করিয়া গিরাছে। এক সমর শ্রুবাদী বৌদ-গণের অভ্যাচারে হিন্দু ধর্মের মুস্ব কাল উপস্থিত হইরাছিল। মুসল-মানের তীক্ষ অর্মানির আঘাত ইহাকে বহুকাল সহ করিতে হইরাছে। অধনও এপ্রান ও ব্যাক্ষণের অভ্যাচারের অভাব নাই। হিন্দু ধর্মটা, নির্দ্দি হইলেই যেন ইহারা বাচেন।

সনাতন হিন্দুধর্ম রকার ভার ভগবান শবং গ্রহণ করিয়াছেন। তিনি চিরকাল এই সনাতন ধর্মকে সকা করিয়া আসিডেছেন্দ ছিলি রক্ষা লা করিলে ইহা একাল পর্যান্ত জীবিত থাকিত না।

ভগবান শ্ৰীমুখে বলিয়াছেন :---

"যদা যদাহি ধর্মস্ত গানির্ক্তন্তি ভারত, অভ্যথানমধর্মস্ত তদাআনং ক্ষাম্যহম্।" পরিত্রাণার সাধ্নাং বিনাশারচ ছহুতাম্ ধর্ম সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে বুগে।" সাধুগণকৈ রক্ষা, চ্ছতজনগণকৈ বিনাশ এবং ধর্ম সংস্থাপন আ ভগবান যুগে যুগে অবতীর্ণ হইয়াছেন। এই কলিযুগে ধর্মের অত্যন্ত শানি উপস্থিত হওয়ায়, ভগবান স্বয়ং অবতীর্ণ হইয়া যুগধর্ম স্থাপন করিয়াছেন। কলি পাবনাবতার শ্রীমন্মহাপ্রভু কলিহত জীবগণকে প্রেমভক্তি বিতর্শ করিয়া যুগধর্ম স্থাপন করিয়াছেন।

বড়ই পরিতাপের বিষয় জীনন্মহাপ্রভুর এই যুগধর্ম বর্তমান জনসমাজে বর্তমান নাই। পাহাড়ে পর্বতে অরণ্যের মধ্যে লোক সমাজের অন্তরালে ২া৪ জন মহাত্মা এই ধর্ম যাজন করেন মাত্র; তাঁহাদের সহিত সাধারণ জনসমাজের কোন সংপ্রব নাই। জনসমাজ তাঁহাদের সংবাদ রাধে না।

শ্রীমন্মহাপ্রভূর ধর্ম জনসমাজে এখন প্রচলিত নাই। গৌড়ীর বৈফবসমাজ মনে করেন তাঁহারা মহাপ্রভূর প্রতিষ্ঠিত সনাতন ধর্ম যাজন করিয়া থাকেন, কিন্তু প্রকৃতপক্ষে তাহা নহে। সহাপ্রভূর ধর্ম বাজন করা দ্রে থাকুক, মহাপ্রভূর ধর্ম কি তাহা তাঁহারা আদৌ ভালেন না। মহাপ্রভূর ধর্মের ছারা মাজ বাজন করিয়া থাকেন। বর্তমান বৈফবধর্ম চিন্তা ও বিচার দারা একটা মনগড়া ধর্ম মাজ।

মহাপ্রভূর ধর্ম জনসমাজে বিশুপ্ত ও পাশ্চাত্য শিক্ষার ধর্মের অত্যন্ত প্রামি উপস্থিত হওয়ায় আবার মহাপ্রভূত্ব স্নাতন ধর্মের পুনঃ সংস্থাপনের প্রোজন হয়। এবার মহাপ্রভূত্বার অয়ং ধর্ম সংস্থাপন করিলেন না। প্রভূপাদ বিজয়ক্তক গোস্বামী স্বারা আপন কার্যাটা করিয়া লইলেন। তাহার স্বারা আপামর সাধারণকে প্রেমভক্তি বিতরণ করিলেন। কলির জীবের উদ্ধারের পথ হইল।

শ্রীমনাহাপ্রভুর ধর্ম কি,—প্রভুপাদ গোস্বামী মহাশম কোন্ ধর্ম সংস্থাপন করিলেন, বর্ত্তমান বৈষ্ণব ধর্মের সহিত ইহার পার্থক্য কোথায়— এই সমস্ত দেখাইবার জন্ম এই গ্রন্থ প্রণীত হইল! আমি ভক্ত বৈশ্ববক্লে জন্মগ্রহণ করিরাছি। বৈশ্বব ধর্ম, আমার ক্লধর্ম। আমার পূর্বপুরুষগণ ও আমি এই ধর্ম বাজন করিরা আসিতেছি। পূকাপাদ গোস্বামিগণ ভক্তিত্ব, প্রেমতত্ব ■ সাধনতত্ব সম্বন্ধে ■ গ্রন্থ ব্যক্তিরা গিরাছেন। গোস্বামিগ্রন্থ বৈশ্বব ধর্মের গৌরব। বৈশ্ববগণ গোস্বামিপাদগণের সিদ্ধান্ত সকল অল্রান্ত বলিরা বিশ্বাস করেন। ভারত-বর্ষের অক্যান্ত সম্প্রদানের কোন লোক গোস্বামী সিদ্ধান্তের বিরুদ্ধে একটি কথাও বলিতে সাহসী-হরেন নাই।

পূল্যপাদ গোন্ধামিগণের পদান্ত্রণ করিরা এই গ্রন্থ রচনা করিবার আমার সম্পূর্ণ ইচ্ছা ছিল। তাঁছাদের সিন্ধান্তের বিরুদ্ধে একটিও কথা বলিবার আমার ইচ্ছা ছিল না। তাঁছাদের পদান্ত্ররণ করিরা এই গ্রন্থ প্রণয়ন করিবাে ইহা জনসমাজে বড় আদরণীয় হইড, কাহারও নিকট আমাকে নিন্দিত হইতে হইড না, কিন্তু তঃখের বিষয় আমি গোন্ধামী সিন্ধান্তের সহিত একমত হইতে পারিলাম না। গোন্ধামি-সিন্ধান্ত এড়াইরা গ্রন্থ ভিত্তিত্ব, প্রেমত্ব ও সাধনত্ব সম্বন্ধ অনেক বিরুদ্ধ কথা লিখিতে হইল।

গুরুত্বপার আমি বেশ বুঝিতে পারিলাম যে, শ্রীমনাহাপ্রভূ যে প্রেম-রস আবাদন করিরাছিলেন, শ্রীগোরাঙ্গ লীলার সে প্রেমরস অতি অর সংথাক লোক আবাদন করিরা গিরাছেন। পূজাপাদ গোস্বামিগণ সেই অপ্রাক্ত প্রেমরস আদৌ টের পান নাই। শ্রীগোরাঙ্গপ্রেম তাঁহাদের উপলব্ধি না হওয়ায় তাঁহাদের প্রস্তে অপ্রাক্ত প্রেমের ইল্লেখ নাই। তাঁহাদের প্রস্তু অপুর্ক রহিরা গিরাছে। আবার কর্মনা ও কবিত্যমূলে শ্রীগোরাঙ্গের দশ দশা বর্ণিত হওয়ায় শ্রীকৃষ্ণ প্রেমের অপকারিতা ও শ্রীমনাহাপ্রভূর শেষ জীবনের কর্দিশাই প্রচার করা হইয়াছে। শ্রীকৃষ্ণ-প্রেম লাভ করিলে যদি নাম্বের লান্তি উপস্থিত হয়, শ্রীকৃষ্ণ-প্রেম লাভ করিলে যদি নাম্বের লান্তি উপস্থিত হয়, শ্রীকৃষ্ণ-প্রেম লাভ করিলে যদি নাম্বের লান্তি উপস্থিত হয়, শ্রীকৃষ্ণ-প্রেম

যদি মানুষ উনাদগ্রস্ত হয় এবং গ্র্কার বিরহ জরে জর্জেরিত হইরা রোগগ্রস্ত ■ মৃত্যুমূপে পভিত হয়, তাহা হইলে ঐক্রিফ প্রেম লাভ না হওয়াই ভাল। ঐক্রিফ প্রেম লাভের জন্ত সংসারস্থ ত্যাগ করিয়া ভজনসাধনে কালাভিপাত করা মুর্থতা ভিন্ন জার কি বলিব ?

একাল পর্যান্ত অপ্রাক্ত ভক্তিত্ব জনসমাক্ষে প্রাক্তর রহিরাছে।
এবার গোশ্বামী মহাশর কর্তৃক অপ্রাক্তর প্রেম-ভক্তি প্ররাক্ষ জনসমাক্ষে
অপিত হওয়ার সাধারণের অবগতির আ এই গ্রছে আমি অপ্রাক্তত
ভক্তিত্ব, মাধনত্ব ও প্রেমভন্ত সংক্ষেপে লিপিবন্ধ করিলাম। এক্ষ্যেশ
স্ক্রম পাঠক মহাশরগণ অনেক নৃতন কথা জানিতে পারিবেন। জীক্ষ
প্রেম ও মহাপ্রস্থাত যে অষ্থা অবিচার হইরা গিয়াছে এবার তাহার
পরিহার হইবে।

আমি নিজের গুরুর গৌরব করিবার জন্ত অথবা সংস্থার বা সাম্প্রদায়িকতার বশবর্তী হইয়া কোন কথা নিখি নাই। পুরুক পাঁঠ করিয়া বা লোক মুখে শুনিয়া কোন কথা বনি নাই। শুজনের বারা যে সত্য আমার উপলব্ধি হইয়াছে, বে সকল সত্যের মধ্যে কোন আজি নাই, এই প্রস্তে আমি তাহাই নিপিবদ্ধ করিয়াছি। সত্যের অন্ত্রোধে এই পুত্তকে অনেকগুলি অপ্রিয়্ন সত্য নিথিতে হইয়াছে। কাহারও অস্তরে বাথা দেওয়া বা নিজের একটা প্রতিষ্ঠা চরিতার্থ করা আমার উদ্দেশ্ত নয়। লোকে প্রমে পতিত না হয়, জনসমাজে সত্য প্রতিষ্ঠিত হয়, ইহাই আমার একান্ত বাসনা। সত্য প্রতিষ্ঠার জন্ত আমাকে যে কতক-শুলি অপ্রিয়্ন সত্য নিথিতে হইয়াছে তজ্জন্ত আমি নিতান্ত হংবিত হয়াছি। উপায় নাই, ঔষধ চিরকানই তিক্ত। এই পুত্তকে হয়ারোগ্য ভবরোপের মহৌষধের বাবস্থা হইয়াছে। ভববাাধিগ্রন্ত জনসমাজ সেবন করিলে নিশ্চয়ই স্কৃত্ব ইইয়া শান্তি লাভ করিবেন।

ভক্ত বৈশ্বৰ মণ্ডলীর নিকট আমার বিনীত প্রার্থনা যে এই পুস্তক পাঠ করিয়া যদি কাহারও প্রাণে ব্যথা লাগে তিনি ষেন আমাকে নিজগুণে ক্ষা করেন, দারুণ কর্ত্তব্যের অমুরোধে আমি এই গ্রন্থ প্রণয়ন করিলাম।

ধর্ম দ্রী প্রথম সকলেরই একান্ত প্রয়োজনীয় বস্তু। ইহা অপেক্ষা
অধিক প্রয়োজনীয় আর কিছুই নাই। একারণ সকলের পাঠোপযোগী
করিবার আ অতি সহজ চলিত ভাষায় এই পুস্তক রচিত হইল, ইহাতে
প্রাঠকগণ ধর্মের অতি গৃঢ়তত্ব সকল সহজে বুঝিতে পারিবেন। যাহারা
শ্রদাপ্র্কিক এই গ্রন্থ পাঠ করিবেন ভাহারা জীবনে নিশ্চয়ই উপকার
লাভ করিবেন।



थ्येत्र ज्यामा।

প্রথম পরিচ্ছেদ।

প্রভুপাদ বিজয়ক্ষ্য গোস্বামীর গুরু লাভ।

প্রভূপাদ বিজন কৃষ্ণ গোন্ধানীকে না জানে বালালা দেশে এরপ লোক বিরল। গোন্ধানী মহাশয়ের জাবনীলেশক গণ তাঁহার জীবন-বৃত্তান্ত লিখিরাছেন ও লিখিতেছেন, এ কারণ তাঁহার জীবন-বৃত্তান্ত এই প্রান্থ লিখিত হইল না। গোন্ধানী মহাশরের অসাধারণ ধর্মপিপাসা ও স্থগভীর সাধনার কথা কাহারও অবিদিত নাই। প্রবল ধর্মান্থরাগের বলবর্ত্তা হইন্না বাল্যকালেই তিনি কুলধর্ম পরিত্যাগ করিন্না নবীন রাজ্যধর্ম গ্রহণ করেন। তাঁহার স্থার্থত্যাগ সত্যনিষ্ঠা ও বৈরাগ্য অতুলনীয়। আদি-সমাজ ও ভারতবর্ষীয়-সমাজের আচার্যাগণের সহিত তাঁহার মতভেদ হওয়ায় তিনি নিতান্ত ব্যথিত হইনা ক্রমে উভয় সমাজই পরিত্যাগ করেন; তংপরে সাধারণ ব্যক্ষদমাজ প্রতিষ্ঠিত হন্ন। বৃদ্ধকাল স্থগভীর সাধনাতেও তিনি প্রকৃত ধর্ম লাভে বঞ্চিত থাকার ব্যথিত অন্তরে, ভারত-বর্ষের যাবতীয় হিন্দুসম্প্রদায় মধ্যে প্রকৃত ধর্মের অনুসন্ধান করিতে থাকেন। কোথাও তাঁহার মনোবাঞ্চা পূর্ণ হইল না; অনুসেধার গায়ার আকাশ গঙ্গা পাহাড়ে গুরু লাভ করার প্রকৃত ধর্মের দার তাঁহার নিকট উদ্যাটিত হইল; তিনি শ্রীভগবানকে লাভ করিয়া কুতার্থ হইলেন।

দ্বিতীয় প্রক্রিচ্ছেদ।

ব্রাক্ষগণের মধ্যে সনাতন হিন্দুধর্ম প্রচার ও ব্রাক্ষসমাজ ত্যাগ।

দেশের নিদারণ ছরবস্থা দেখিরা ত্রিভাপদ্য জীবের উদ্ধার জন্ত ইষ্টদেবের আজ্ঞা অমুসারে ভিনি ব্রাহ্মসমাজে থাকিরা হিন্দু ধর্মশান্ত ও সদাচার ভ্যাগী, দেবদেষী ব্রাহ্মগণ মধ্যে সনাভন হিন্দুধর্মের প্রচার আরম্ভ করিদেন। গোস্বামী মহাশরের অসামান্য প্রভাব দেখিরা অনেক ধর্মপিপাস ব্রাহ্ম ভাঁহার শিষ্যত্ব গ্রহণ করেন।

গোস্বামী মহাশয় ইহাঁদের মধ্যে শক্তি-সঞ্চার করিয়া শক্তিসমন্থিত সিজ-মন্ত্র প্রদান করিলেন। এই সকল লোক কি প্রকৃতির গোস্বামী মহাশয় তাহা সবিশেষ অবগত ছিলেন। হিন্দুর দেব দেবী অবতার শাস্ত্র ও সদাচারের কথা বলিলে শিষাগণের মধ্যে অপ্রজার উদয় হইবে, তাঁহারা উপহাস করিয়া তাঁহাকে অগ্রান্থ করিবেন, এই জন্ত শিষাগণকে কোন কথা না বলিয়া কেবল মাত্র ভগবানের অমৃত্যয় নাম প্রদান করিলেন। উপাস্য দেবতার পরিচয় ধ্যান বা প্রজা কিছুমাত্র

দিলেন না, মুখে এই মাত্র বলিলেন, নাম করিতে করিতে যাহা সত্য তাহা অন্তরেই প্রকাশিত হইবে, কাহাকেও কোন কথা বলিয়া দিতে হইবে না ; অস্তবে কোন সংশয় থাকিবে ন।। সত্য বস্তু দশবার বাজাইয়া লইবে। নাম বলে সত্তা বস্তু প্রাণের মধ্যে আপনা হইতে উপলব্ধি হইবে। গোস্থামী মহাশয়ের অনোগ শক্তি বলে তাঁহার এই সকল ব্রাক্ষশিষ্য অল্লদিন মধ্যে অতি নিষ্ঠাবান হিন্দু হইয়া পড়িলেন। তাঁহারা পরিত্যক্ত শাস্ত্র ও সদাচার গ্রহণ করিলেন; দেব দেবীর পূজা অর্চনা ইত্যাদি হিন্দুর যাবতীয় অমুষ্ঠান গ্রহণ করিলেন; অধিক কি তাঁহাদের পূর্বে পুরুষদিগের সেই হিন্দু প্রাক্ত তাঁহাদের মধ্যে ফিরিয়া আদিল। এই সকল আক শিধ্যের পরিবর্ত্তন ও অবস্থা দেখিয়া তাঁহাদের ধর্মপিপাস্থ হিন্দু আত্মীয় স্থজন ও বন্ধ্বান্ধ্বগণ কুলগুরু পরিতাাগ পূর্বক গোস্বামী মহাশন্থের শিষ্যত্ব গ্রহণ করিরা আপনাদের জীবন দার্থক জ্ঞান করিতে লাগিলেন। ক্রমে গোস্বামী মহাশয়ের শিষ্য সংখ্যা বৃদ্ধি পাইতে লাগিল। কতকশুলি ব্রাহ্ম তাঁহার আচরণের প্রতিবাদ করায় তিনি সময় বুঝিয়া ব্রাহ্মস্মাঞ পরিত্যাগ করিয়া স্বতন্ত্র হইলেন।

তৃতীয় পরিচ্ছেদ।

শিষ্যগণকৈ শিক্ষা প্রদান।

শাস্ত্রে আছে "আপনি আচরি ধর্ম শিথায় অস্তেরে"। সাধুগণ
মুধে কিছু বলেন না, নিজের আচরণ দারা অস্তকে ধর্ম শিকা
দেন। গোস্বামী মহাশয় নিজের আচরণ দারা শিশ্বগণকে ধর্ম শিকা
দিতেন। ডিনি ধাবতীয় হিন্দু শাস্ত্র সংগ্রহ করিয়া অতি স্যতনে রক্ষা

করিতেন; নিতা পাঠ ■ পূজা করিতেন। ইহার দারা শাস্ত্রের অহুগত হইয়া চলিতে শিয়াগণকে ।শকা দিতেন। সদাচার আচরণ করিয়া শিয়াগণকে সদাচার শিকা দিতেন। অতিথি সৎকার করিয়া কি প্রকারে অতিথি সৎকার করিয়া কি প্রকারে অতিথি সৎকার করিয়া কি প্রকারে অতিথি সৎকার করিতে হয় তাহা শিখাইতেন। দেব দেবীর অর্চনা করিয়া দেব দেবীর অর্চনা শিকা দিতেন। অধিক কি, কি প্রকারে ধর্মজাবন যাপন করিতে হয় নিজে আচরণ করিয়া তাহা শিয়াগণকৈ শিকা দিতেন। তাঁহায় মধ্যে কোন একটু ত্রুটী পরিলক্ষিত হইত না।

চতুর্থ পরিচ্ছেদ।

তাঁহার ধর্ম শিক্ষা প্রদানের বিশেষত্ব।

ধর্ম জগতে প্রথমতঃ উপাস্য দেবতা ও সাধন প্রণালা ঠিক করিয়া
লইয়া তাঁহার উপাসনায় প্রবৃত্ত হইতে হয়। এই নিয়ম সকল ধর্ম
সম্প্রদায়ে প্রবৃত্তিত। গোস্থামী মহাশয় উপাস্য দেবতার নাম করিলেন
না। তাঁহার পূজা অর্চনার কোন কথা বলিলেন না। কেবল শিয়ের
উপযোগী একটা নাম প্রদান করিলেন। কোন কোন শিয়াকে নামের
অর্থ পর্যান্ত বলিয়া দিলেন না। তিনি কেবলমান্ত বলিলেন এই
নাম করিলেই যাহা কিছু জ্ঞাতব্য সমস্তই অবগত হইবে। তোমার

প্রথা পরিচ্ছেদ।

গোস্বামী মহাশয়ের ধর্ম লোকসমাঙ্গে অবিদিত।

গোৰামী মহাশরের প্রকৃত ধর্ম কি, লোকে তাহা জানে না। নানা লোকে নানা কথা বলিয়া থাকেন। কেহ কিছু ঠিক করিয়া বলিতে পারেন না।

ধর্ম অন্তরের জিনিষ, লোকে তাহা দেখিতে পার না। কেখল বেশ । চিহ্ন দেখিয়া মাত্র লোকের ধর্ম মত বুঝিরা লয়। গোলামী মহাশরের বেশ দেখিয়া লোকে তাঁহার ধর্মমত বুঝিতে পারে না।

গৌড়ীয় বৈফবেরা যদিও গোস্থানী মহাশরের ললাটে হরি-মন্দিরের ভিলক দেখিতে পান, কিন্তু মন্তকে জটাভার, স্থমগুলে শ্বশ্রু, গলভেনে ক্রাক্ষের মালা এবং পরিধানে গৈরিক বসন দেখিরা, ইহাকে বৈক্ষ্ বলিয়া চিনিতে পারেন না।

শাজেরা বলেন, ইনি শাজ নহেন; যদি শাক্ত হইবেন, তবে লগাটে সিম্পুরের বা রক্তের ফোঁটা কই ? সঙ্গে ভৈরবীই বা নাই কেন ?

শৈবেরা বলেন, ইনি শৈব নছেন; শৈব হইলে নিশ্চয়ই আলে ভশ লেপিত ■ ললাটে ত্রিপুঞ্ থাকিত। ইহার হস্তে ত্রিশৃলই বা নাই কেন?

সন্নাসিগণ বলেন, ইনি সন্নাসী নহেন। যদিও ইনি সন্নাস গ্রহণ করিয়াছেন এবং ইহার হস্তে ■ কমগুলু, পরিধানে গৈরিক বসন, তথাপি ইহাকে সন্নাসী বলা ধাইতে পারেনা। সন্নাসী হইলে ইনি স্বী প্রাধার পরিবেষ্টিত কেন?

ষোগিগণ বলেন, ইহাকে যোগী বলা বাইতে পারে না; কারণ ইহার ললাটে হরি-মন্দিরের তিলক দেখা যাইতেছে।

ব্রান্দের বলেন, আমরা গোশ্বামী মহালয়কে আর ব্রাহ্ম বলিতে পারি
না। ইনি গুরুবাদ স্বীকার করেন, হিন্দুর শাস্ত্র ও সদাচার মানিরা
চলেন এবং দেব দেবীর পূজা করেন। ব্রাহ্মদের মধ্যে কেহ কেহ বলেন,
গোশ্বামী মহাশ্রের ধর্ম যোগীর ধর্ম। "আশাবভীর উপাধ্যান" পাঠ
করিরা তাঁহাদের এই জ্ঞান লাভ হইয়াছে।

গোস্বামী মহাশ্রের শিয়াগণ মধ্যে অনেকে তাঁহার ধর্ম ব্রিতে পারেন না। কেহ কেহ মনে করেন ব্রাহ্ম ধর্মই তাঁহার ধর্ম; আবার গোস্বামী মহাশ্রের কোন কোন শিয়া মনে করেন, গোস্থামী মহাশ্রের ধর্ম এক অভিনিব ধর্ম, ইহাতে সকল ধর্মের সমন্তর আছে।

্র এই রপে পোস্বামী মহাশরের ধর্ম লইয়। জনসমাজে নানা মতভেদ দৃষ্ট হওয়ার তাঁহাদের সংশয় দূর করিবার জন্ম আমি এই প্রবিদ্ধ গোস্বামী মহাশরের ধর্ম কি তাহা পাঠক মহাশরগণকে লিখিরা জানাইতেছি, ভর্মা করি তাঁহাদের সমস্ত সংশয় দূর হইবে।

ষষ্ঠ পরিচ্ছেদ।

মহা প্রভুর ধর্ম।

ধর্ম রক্ষার্থে ভগবান শ্রীমৃথে অস্পীকার করিয়াছেন—

যদাযদা হি ধর্মশু গ্লানির্ভবতি ভারত।

অভ্যুত্থানমধর্মশু তদাআনং ক্জান্যহম্।

পরিত্রাণায় সাধ্নাম্ বিনাশায় চ হৃষ্ণভাম্।

ধর্ম সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥

মহাপ্রভুর ধর্ম ।

দেশ নিতান্ত ধর্মহীন হইরা পড়ার, কলিহত জীবের ত্র্গতি দেখিরা জীময়হাপ্রভু কুপা পরবশ হইরা নাম প্রেম দিরা কলির জীবকে উদার করিবার জন্ম ধরাধামে অবতীর্ণ হরেন। এই সমর সনাতন হিন্দ্ধর্ম লোপ পাইতে বসিরাছিল। লোকে সংসার মোহে সমাজ্য । বাহারা ধর্ম যাজন করিতেন, তাঁহারা কেবল কর্মকাণ্ড লইরাই ব্যতিবান্ত থাকিতেন। নারারণী পুত্র জীব্লাবন দাস সেই সময়ের জাঁবতা বর্ণন করিয়া লিখিরাছেন—

"কৃষ্ণ নাম ভক্তি শৃত্য সকল সংসার।

পর্ম কর্মা লোক সবে এই মাত্র জানের।

মঙ্গল চণ্ডীর গীতে করে জাগরণে।

দস্ত ক'র বিষহরি পূজে কোন জনে।

প্তলি কররে = কেহ দিয়া বহুধনে।

ধন ই করে পূত্র কন্সার বিভার।

এই মত জগতের বার্থ কাল বায় ।

বেবা ভট্টাচার্যা, চক্রবর্ত্তী মিশ্র সব।

ভাহারাও না জানয়ে, গ্রন্থ অনুভব।

শাস্ত্র পড়াইয়া সবে এই কর্মা করে।

শোতার সহিতে যম পাশে বন্দি মরে।

দেশের এই তুর্গতির সময়ে শ্রীভগবান অবতীর্ণ হইয়া লোকের দ্বারে দ্বারে,
কান্দিরা বেড়াইকেন এবং নাম প্রেম দিয়া কলির জীবকে উদ্ধার করিলেন। অস্তান্ত যুগে ভগবান অবতীর্ণ হইয়া অস্ত্র ধারণ করিয়া অস্তর-

· **b**

নিপাত করিয়াছিলেন। এবার কিন্ধ অসুরগণকে নাম প্রেম দিয়া কান্দাইলেন আর নিজে তাহাদের গলা ধরিয়া কান্দিলেন। জগৎ কৃষ্ণ-প্রেমে ভাসিয়া গেল।

অস্থান্ত বৃগের অন্য ধর্ম, কলিব্দের ধর্ম নাম। কলিকালে ভগবান নামরূপে অবতীর্ণ, নাম যজে তাঁহার উপাসনা। এজন্য তিনি শ্রীমুধে বলিবাছেন—

> "হরেনাম হরেনাম হরেনামের কেবলম্। কলৌ নাস্ত্যের নাস্ত্যের নাস্ত্যের গতিরন্যথা॥"

কলিকালে নাম ভিন্ন আর ধর্ম নাই। ইহাতে কোন কঠোরতা নাই কোন আরোজন নাই, কোন আড়খর নাই। ইহাতে পঞ্চলপা হইতে হয় না, উর্নপে হেঁট মুঙে তপজা করিতে হয় না, বাগযক্ত রক্তপাত বলিদান প্রভৃতি করিয়া দেবতার সম্ভোব অন্যাইতে হয় না, উপবাস ও অনাহারে শরীরকে ক্লিষ্ট ও নিম্পেষিত করিতে হয় না। ইহাতে অর্থ ব্যয় নাই আয়াস নাই। দ্র দ্রান্তর হইতে বহু কঠে ও ব্যয়ে নানা দ্রব্য সংগ্রহ করিয়া আনিতে হয় না; কেবল নাম করিলেই হইল। কলির জীবের পক্ষে এমন সহল ধর্ম আর নাই। ইহাই জীমন্মহাপ্রভূর ধর্ম। ইহাকেই ভক্ত বৈঞ্বেরা গুলাভক্তি বুলিয়া থাকেন।

বিতীয় অথ্যায়।

প্রথম পরিচ্ছেদ।

শুৰা ভক্তি।

প্রকাশানন সরস্বতী সন্নাসিগণের ওক; একদিন কাশীধানে মহা-প্রভূকে সন্নাসী সভার আগমন করিতে দেখিরা জিজ্ঞাসা করিলেন ।—

প্ছিল তোমার নাম প্রীক্ষণ চৈততা।
কেশব ভারতীর শিশ্য তাতে তুমি ধন্ত।
সম্প্রদারী সর্যাসী তুমি রহ এই গ্রামে।
কি কারণে আমা সবার না কর দর্শনে ॥
সন্যাসী হইরা কর নর্ত্তন পারন।
ভাবক সব সঙ্গে লঞা করহ কীর্ত্তন ॥
বেদান্ত পঠন ধ্যান সর্যাসীর ধর্ম।
তাহা ছাড়ি কর কেনে ভাবকের কর্ম্ম॥
প্রভাবে দেখিয়ে ভোমা সাক্ষাৎ নারারণ।
হীনাচার কর কেন কি ইহার কারণ॥"

ইহাতে মহাপ্রভু উত্তর করিলেন,—

"প্রভূ কহে আ শ্রীপাদ ইহার কারণ। শুকু মোরে মূর্থ দেখি করিল শাসন ■

মূর্থ কুমি ভোষার নাহি বেদাস্তাধিকার। কৃষ্ণমন্ত্ৰ ৰূপ সদা এহমন্ত্ৰ সার 🖁 ক্রফ্রমন্ত্র হইতে হবে সংসার মোচন। কুঞ্চ নাম হইতে পাবে কুঞ্জের চরণ ▮ নাম বিনা কলিকালে নাছি আর ধর্ম। সর্ব্যস্ত্রসার নাম এই শাস্ত্র মর্ম্ম 🛭 এতবলি এক প্লোক শেখাইল মোৰে ৷ কণ্ঠে করি এই শ্লোক করিও বিচারে॥ रतर्नाम रदानीम रदानीरेमव (कवनम्। কলৌ,নান্তোৰ নান্তোৰ নান্তোৰ গতিরনাথা॥ এই আজ্ঞা পাঞা নাম কই অফুক্ষণ ৷ নাম লইতে লইতে মোর ভ্রাস্ত হইল মন 🛭 শৈর্য্য করিতে নারি হইলাম উন্মন্ত हाँनि कान्ति नाहि शाहे देवटक भवम् ।। তবে থৈয়া করি মনে করিল থিচার ৷ ক্রধ্বনামে জ্ঞানাচ্ছন্ন করিল আমার॥ পাগল হইলা আমি ধৈৰ্যা নহে মনে ৷ এত চিস্তে নিবেদিকু গুরুর চরণে 🛭 কিবা মন্ত্র দিলা গুরু কিবা ভার বল। জপিতে জপিতে মন্ত্ৰ কৰিল পাগল। হাঁসায় কান্দায় সারে করার ক্রন্ধন। এত শুনি গুরু মোরে ব'লিলা বচন 🖟 ক্লফনাম মহামন্ত্রের এইত স্বভাব। ষেই জ্বপে তার ক্লঞ্চে উপজ্ঞাে ভার 🛭

ব্ৰুফ বিষয়ক প্ৰেমা পরম পুরুষার্থ। ষার আগে ভূণ ভূল্য চারি পুরুষার্থ॥ পঞ্চম পুরুষার্থ প্রেমানন্দামৃতসিজু। ব্রহ্মাদি আনন্দ যার নহে এক বিন্দু॥ कुछ नारमत कन श्रीमा नर्क भारत कर। ভাগ্যে সেই প্রেমা তোমার করিল উদর ॥ প্রেমার স্বভাবে করে চিত্ত তমু ক্ষোভ। ক্লফের চরণ প্রাপ্ত্যে উপন্ধার লোভ। প্রেমার স্বভাবে ভক্ত হাঁদে কান্দে গার। উন্মন্ত হইয়া নাচে ইভি উভি ধার॥ স্বেদ কম্প রোমাঞ্চাশ্রু গদগদ বৈবর্ণ। उन्नाम वियाम देशया शर्क वर्ष देनछ ॥ এত ভাবে প্রেমা ভক্ত গণেরে নাচার। কুঞ্বে আনন্দামৃত সাগরে ভাসার॥ ভাল চইল পাইলে-জুমি প্রম পুরুষার্থ। তোমার প্রেমেতে আমি হইলঙ্কুতার্॥ নাচ গাও ভক্ত সঙ্গে কর সংকীর্ত্তন। কৃষ্ণ নাম উপদেশী তার সর্ব্ব জন ॥ এত বলি এক শ্লোক শিথাইল মোরে। ভাগবতের সার এই বলে বারে বারে ॥ এবং ব্রতঃ স্বপ্রিম্ন নাম কীর্ত্তাা জাতানুরাগো ক্রতচিত্ত উচ্চৈঃ। হসত্যথো রোদিতি রৌতি গায়ত্যুনাদবন্ন ত্যতি**লোকবাহু: ॥** এই তার বাক্যে আমি দৃঢ় বিশ্বাদ ধরি। নিরম্ভর কৃঞ্চনাম সংকীর্ত্তন করি॥

সেই ক্ষণনাম কভু গাওয়ার নাচার।
গাই নাচি নাহি আমি আপন ইচ্ছার

কৃষ্ণ নামে যে আনন্দসিকু আসাদন।
বন্ধানন্দ ভার আগে থড়োতক সম ॥"

এই যে "হরেনামৈবকেবলং" ইহাই খ্রীমন্মহাপ্রভুর শুদ্ধাভক্তি।
ইহাতে কোন প্রকার উদ্যোগ আন্নোজন নাই, ব্যয় বাহুল্য নাই, কোন
কোর ক্ষদ্ধেন নাই। ইহা কলির জীবের পক্ষে অতি সহজ সাধ্য।

এই শুদ্ধান্ত বিন্তাবৃদ্ধি পাণ্ডিত্যের কোন প্রয়েশ্বন নাই, ইহাতে স্ত্রী পুরুষ বালক বালিকার সমান অধিকার। শুদ্ধান্ত কোন প্রতি বিশেষের ধর্ম নহে, ইহাতে পৃথিবীর যাবতীর নরনারীর অধিকার। ধ্যান সহজ ধর্ম পৃথিবীতে আর নাই।

এই জনাভজি এতদিন অতি গোপনে ছিল। জীবের ত্র্গতি দেখিরা বহাপ্রভু কুপা পরবশ হইরা কলির জীবকে প্রদান করিরাছেন। পাপী তাপী যে যেথানে থাক, জনাভজি গ্রহণ কর, জীবন মধুমর হইরা যাইরে, ফুস্তর ভবসাগর পার হইবার আর কোন ভাবনা থাকিবেনা।

দ্বিতীয় পরিচ্ছেদ।


গোসামী মহাশয়ের ধর্ম।


এই যে শুদ্ধান্ত জিব কথা বলা হইল—ইহাই দেবর্ষি নারদ, ব্যাস, শুক্দেব, সনকাদি ঋষিগণ এবং মহাপ্রভুর ধর্ম। এই ধর্ম আদি শুকু নারায়ণ হইতে একাল পর্যান্ত চলিয়া আসিতেছে। বিনি বাহাই বলুন আমি নিশ্চর বলিতেছি এই শুদ্ধাভক্তিই গোস্বামী মহাশরের ধর্ম ; আর কিছুই নহে।

ক্ষুদ্র স্রোভন্মতী পাহাড় পর্বতের মধ্যে বেমন লোক চক্র অন্তরালে ধীরে ধীরে প্রবাহিতা হর, সেইরূপ এই ভক্তিধর্ম সন্ন্যাসিগণের মধ্যে লোকের অজ্ঞাতসারে শিষ্য পরম্পরার চলিরা আসিতেছিল। কেই ইহার সন্ধান পাইত না।

সত্য, ত্রেতা, দ্বাপর, কলি এই চারি যুগের মধ্যে এই শুদা-ভক্তি গৃহস্থপণ পায় নাই। দেশের নিতান্ত তুর্গতি দেখিয়া শ্রীমন্মগ-প্রভুর ইক্তিত এবার গোস্বামী মহাশয় গৃহস্থপকে অকাতরে প্রদান করিলেন।

এবার গৃহস্থগণের পরম সোভাগ্য। বাহাতে তাহারা চিরকাল বঞ্চিত
ছিল গোন্থামী মহাশয়ের ক্বপায় তাহা অনারাসে লাভ করিল।
পাঠক মহাশয়গণের বিদিতার্থে এখানে শুদ্ধাভক্তিধর্শের গুরু প্রণালীর
একটা ক্রমপর্যাায় প্রদান করিলাম। ইহাতে এই পদ্বার প্রধান
প্রধান, গুরুর নাম থাকিল——





তৃতীয় পরিচ্ছেদ।

প্রাকৃত ভক্তি।

"হরেনাম হরেনাম হরেনামৈর কেবলং" ইহাই শ্রীমন্মহাপ্রভুর শুকাভক্তি বলা হইয়াছে। গোস্বামী মহাশ্যের ধর্মপ্র ভাহাই। এই কথা
গুলিতে পাঠক মহালয়গণ শুকান্ডক্তি জিনিসটি কি তাহা হন্মসম করিতে
পারিবেন না। শুকান্ডক্তি কথাটি শুনিতে সহজ কিন্তু ব্যাপার বড়ই
গ্রন্তর। মহাপ্রভুর শুকান্ডক্তি আমি আপনাদিগকে যথাশক্তি বিশদ
ভাবে বুঝাইতে চেষ্টা করিব।

যথন ভক্তিতে বিশেষণ যোগ করিয়া শুদ্ধাভক্তি বলা হইয়াছে, তথন বুঝা যাইতেছে ভক্তির প্রকারতেদ আছে। বাশুবিক প্রধানতঃ ভক্তি ছই প্রকার। অবশুদ্ধা বা প্রাকৃত ভক্তি, আর বিশুদ্ধা বা অপ্রাকৃত ভক্তি।

ভালবাসা মনের একটি বৃত্তি। ইহা সন্তানে অপিত হইলে রেই বা বাংসদা বলে; স্বামা বা স্ত্রীতে অপিত হইলে প্রেম বলে; পিতাতে অপিত হইলে পিতৃভক্তি বলে, মাতাতে অপিত হইলে মাতৃভক্তি বলে; প্রভূতে অপিত হইলে প্রভূতক্তি বলে; আর ভগবানে অপিত হইলে ভগবন্ধক্তি বলে। ফলতঃ জিনিসটা একই

এই যে প্রাণের ভালবাসা, ইহা স্ত্রী পুত্র বিষয় আদিতে অপিত হই-লেই মারা বলে। ইহা সংসারের স্বার্থের সহিত ক্ষড়িত। যতক্ষণ স্বার্থ-হানি না হইরাছে ততক্ষণ পিতৃভক্তি, মাতৃভক্তি, প্রভৃভক্তি, রাজভক্তি, সমস্তই আছে কিন্তু স্বার্থহানি হইলে আর রক্ষা নাই। তথন এই ভক্তি অভক্তিতে পরিণত হয়, শক্রতা উৎপাদন করে।

লক্ষণ আপন পিতা দশরণকৈ যথেই ভক্তি করিতেন, কিন্তু যেমন ভনিলেন পিতা রামচক্রকে বনবাস দিতেছেন অমনি ক্রোধার হইয়া অসি হস্তে বলিয়া উঠিলেন, "বধিস্তে পিতরং বৃদ্ধং কৈকেয়াসক্রমানসম্।" লক্ষণের পিতৃভক্তি কোথার চলিয়া গেল। কৈকেয়ীর পতিভক্তি অতুলনীয়া। তিনি পতির যথেই সেবা করিতেন, পতিকে অত্যন্ত ভক্তি করিতেন; তাঁহার স্বামীভক্তি ও সেবা দেথিয়া রাজা দশরও তাঁহাকে বর দিয়াছিলেন। কিন্তু প্রার্থের সহিত জড়িত হওয়ায় কৈকেয়ীর সেপতিভক্তি কোথার চলিয়া গেল। স্বামীর অমুনয় বিনয় ও ক্রেলনে কর্ণপাত করিলেন না; শোকাভিভ্ত স্বামীকে দেখিয়া তাঁহার দয়া হইল না, স্বামীর মৃত্যু পর্যন্ত দাঁড়াইয়া দেখিলেন। মাতৃভক্ত ভরত মাতার অস্তার আচরণে ক্রোধান্ধ হইয়া বধোন্ধত হইলেন। এ সকল প্রাকৃত্ত ভক্তি। ইহা কথন থাকে, কথনো থাকে না।

প্রাণের এই ভালবাসা সংসারে অর্গিত না হইয়া ভগবানে অর্গিত হইলেই ভগবদ্ধক্তি বলে।

> "ব্দনন্তমমতা বিষ্ণৌ মমতা প্রেমসঙ্গতা। ভক্তিরিত্যচাতে ভীশ্মপ্রহলাদোদ্ধব নারদৈঃ॥"

ভগবন্তক্তি আবার তিন ভাগে বিভক্ত হইয়াছে। বথা সাঁত্বিক, রাজনিক ■ তামনিক। নিজের কল্যাণ-কামনার ভগবানে বে ভক্তি করা যার তাহা সাত্বিকী ভক্তি। নিজের কোন বাসনা পূর্ণ করিবার জন্ম অর্থাৎ রাজ্যলাভ, স্বর্গলাভ ইত্যাদি বাসনা চরিতার্থ করিবার ■ যে ভক্তি করা যার তাহাকে রাজ্যী ভক্তি বলে। আর হিংসা যুক্ত যে ভক্তি

কালীপুঞা করিয়া পশুবলি দিতেছে। সম্ভানের রোগ মুক্তির ■■ পিতা মাতা যোড়া-পাঁঠা দিয়া মায়ের পূজা করিতেছেন, এসব তামনিক ভক্তি। ইহাতে মাম্যের জুর্গতিই হইয়া থাকে। ইহা শুদ্ধাভক্তি নহে। গুগবানে কামনা-বহিত যে ভক্তি তাহাকে নিগুৰ্প ভক্তি কহে।

গোস্থামিপাদের। এই ভব্তির অনেক তর্তম করিরাছেন। ভব্তির গাঢ় অবস্থাকে রতি বলে, রতি গাঢ় হইলে প্রেম নামে অভিহিত হয়। এই প্রেম গাঢ়ভা অনুসারে ক্রমে স্নেহ, মান, প্রণয়, ভাব, মহাভাবে পরিণত হয়। এ সকল কথা বেশ মনোমোহকর বটে, কিন্তু বাস্তব জীবনে (Practical life) ইহার মূল্য নাই বলিলেই হয়। কারণ স্নেহ, মান, প্রণয়, ভাব, মহাভাবের সীমারেখা কেহ ঠিক করিতে পারে না।

প্রেম আবার পাঁচ প্রকার। শাস্ত, দাশ্য, স্থা, বাৎস্বা এবং মধুর এই পাঁচ প্রকার প্রেমের মধ্যে মধুরই সর্ব্ধ শ্রেষ্ঠ। মধুর প্রেম আবার দ্বিবিধ—যথা মহিষীর প্রেম, জার ব্রজগোপীর প্রেম। ব্রজগোপীর প্রেমের মধ্যে আবার ভারতমা আছে, যথা চক্রাবণীর প্রেম আর শ্রীমতীর প্রেম। চক্রাবণী মনে ভাবিতেন "আমি শ্রীক্ষেত্র।" শ্রীমতী মনে করিতেন "শ্রীকৃষ্ণ আমার"। এই জন্ম শ্রীরাধিকার প্রেমের শ্রেষ্ঠন্ব প্রতিপাদিত হইরাছে। ইহাই পরাভক্তি বিশ্বা অভিহিত হইরাছে।

এই যে শ্রীকৃষ্ণপ্রেমের কথা বলা হইল, ইহা লাভ করিবার ।
সাধন ভক্তির প্রয়োজন। চৌষটি অঙ্গ ভক্তি-সাধনের মধ্যে নববিধা ভক্তিই
প্রধান। যথা—

শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ শ্বরণং পাদদেবনং। অর্চনং বন্দনং দাস্তং স্থ্যমাত্মনিবেদনম্॥

চৌষট্ট অঙ্গ ভক্তি যাজন করা বড়ই তুরহ। একারণ লোকে এই চৌষট্ট অঙ্গ মধ্যে নবধা ভক্তি, বাজন করিয়া থাকেন। বাঁহারা নবধা ভক্তি বাজনে অসমর্থ, তাঁহারা প্রথম পঞ্চাঙ্গ যাজন করিয়া থাকেন।
বাঁহারা তাহাতেও অসমর্থ, তাঁহারা প্রথম হই অঙ্গ এবং ইহাতে অসমর্থ
হইলে এক অঙ্গ ভক্তি সাধনের ব্যবস্থা হইয়াছে। ইহাকে ভক্তি শাস্ত্রে
বৈধী ভক্তি বলিয়া থাকে। রাগান্ত্রগা ভক্তির কথা আমি পরে বলিব।

উপরে যে প্রেমের কথা বলিলাম ইহার মূল প্রাণের ভালবাসা ব্যতীত আর কিছুই নয়। স্থতরাং মিলনে স্থ, বিচেচ্দে দ্বার্রণ ক্লেশ। শীমতী কৃষ্ণ বিরহে নিভান্ত কাত্রা হইয়া স্থাকে ব্যান্তিছেন—

> "হা হা প্রাণ প্রিয় সই কিনা হইল মোরে। কাম প্রেম বিষে মোর তমু মন জারে॥ অহনিশি পোড়ে হিয়া নায়াম্থ না পাও। বাঁহা গেলে কামু পাও তাঁহা উড়ি যাও॥"

এই যে বিরহ ইহা সামাজ নহে, ইহাতে জীবন নাশ পর্যান্ত ঘটিয়া থাকে। ভালবাসার প্রবলভাষত অধিক হইবে, বিরহের ক্লেশ ততই তীত্র হইবে। ইহাতে বিরহী জনার দশ দশা উপস্থিত হয়। যথা—

> চিস্তাত্র জাগরোছেগৌ তানবং মলিনাঙ্গতা। প্রলাপো ব্যাধিকুনাদো মোহো মৃত্যুর্দশা দশ ॥

প্রথমতঃ চিস্তা, তৎপর অনিদ্রা ক্রমে উদ্বেগ উপস্থিত হয়। ইহার পর
শরীর শীর্ণ এ মলিন হইতে থাকে। তৎপর বিরহী ক্রম প্রশাপ বকিতে পাকে। ক্রমে শরীরে নানা ব্যাধি উপস্থিত হয়। তাহার পর বিরহী ব্যক্তি উন্মাদগ্রস্ত হয় এবং মোহপ্রাপ্ত হইয়া মৃত্যু মুখে পতিত হয়।

শীরক্ষবিরহে শীমতীর এই দশ দশা উপস্থিত হইয়াছিল। বৈষ্ণব কবিগণ আপনাদের গীতিকাব্যে ইহার বিশদ বর্ণনা করিয়াছেন, বিস্তারিত শানিতে ইচ্ছা করিলে গোস্বামিশাস্ত্র পাঠ করিবেন।

চতুর্থ পরিচ্ছেদ।

--::--

শক্তি সঞ্চার।

শ্রীমন্মহাপ্রভুর শুদ্ধাভক্তি জানিতে হইলে শক্তি-সঞ্চার ব্যাপারটা জানা প্রশ্নেজন। শক্তি-সঞ্চার বাতীত শুদ্ধাভক্তি লাভ হয় না। শক্তি-সঞ্চার কি পাঠক মহাশয়গণকে খুলিয়া বলিতেছি।

ভগবান এই বিখে ওতপ্রোত ভাবে বিরাশ্ব করিতেছেন। সুমুস্ত বিখ তাঁহাতে বাস করিতেছে এবং তিনি সমস্ত বিখে বাস করিতেছেন, এজগু ভগবানের একটি নাম বাস্থদেব।

মহয় পশু পকী কীট পতঙ্গ বৃক্ষ লতাদির মধ্যে তিনি শক্তিরপে বিরাজিত। তিনি "প্রাণস্থ প্রাণং শ্রোত্রস্ত প্রোত্রং"। তিনি মনের মনন-ক্রা। মাহুষ তাঁহাকে জানে না, তিনি কিন্তু সমস্তই ক্যানিতেছেন।

ভগবান এই যে মনুষোর মধ্যে শক্তিরপে বিরাজ করিতেছেন, এই শক্তিকে প্রাবৃদ্ধ করার নাম শক্তি-সঞ্চার। গুরু এই শক্তিকে প্রবৃদ্ধ করিয়া দেন, এই জন্ত সাধনমার্গে ইহাকে গুরু-শক্তি বলে। যোগীরা এই শক্তিকেই পরমাত্মা বলিয়া থাকেন। শাক্তেরা ইহাকে কুলকুগুলিনী-শক্তি বলেন, আর বৈঞ্চবেরা ইহাকে ভক্তিলভার বীজ বলিয়া থাকেন।

> "ব্ৰহ্মাণ্ড ভ্ৰমিতে কোন ভাগাবান জীব। শুকুকৃষ্ণ কুপায় পায় ভক্তি-লতা বীজ ॥"

এই শক্তি বা ভক্তি-লতার বীক্ত হল্লভ হইতেও স্বতন্ত্রভ। পাহাড় গর্বাতের মধ্যে যেমন কুদ্র স্রোতস্বতী লোক চকুর অন্তরালে ধীরে ধীরে প্রবাহিতা আদি গুরু নারারণ হইতে শিব্য পরম্পরার সর্যাসিগণের মধ্যে এই শক্তি চলিরা আসিতেছিল, কেহ ইহা আনিত না। বুগ যুগান্তরের মধ্যে গৃহস্থগণ ইহা প্রাপ্ত হয় নাই। আকালগদা পাহাড়ে গোস্বামী মহাশর শ্রীমৎ ব্রদ্ধানন্দ পর্মহংসদেবের নিকট এই শক্তি লাভ করির! ক্রতার্থ হন। দেশের নিভান্ত ত্রবন্ধা দেখিরা শ্রীভগবানের ইদিতে তিনি এই শক্তি জনসাধারণকে বিতরণ করিলেন।

এই বে ভগবং-শক্তি ইহাই খ্রীমন্মহাপ্রভুর গুদ্ধাভক্তি। শক্তিকে যেমন
শক্তিমান হইতে পৃথক করা যার না, ভক্তিকেও তেমনি ভগবান হইতে
পৃথক করা যার না। শক্তি ও শক্তিমান বেমন একই বস্তু, নাম নামী
যেম্ন অভেদ, ভক্তি ও ভগবান তেমনি অভেদই জানিতে হইবে।

মার্থ যুগ যুগান্তরব্যাপী তপসা। বারাও এই শক্তি লাভ করিতে , পারে না। ইহ। ভগবানের বিশেষ দান। সাধারণ মন্থাের কথা কি বুলিব, বুদ্ধােবের অমানুষী তপস্তাতেও এই শক্তি লাভ হর নাই।

ধর্মের অভ্যন্ত মানি উপস্থিত হইলে আভিগবান সদ্গুরু রূপে অবতীর্ণ হইরা ধর্ম সংস্থাপন করেন। সুণীর্ঘকাল পরে সমরে সময়ে সদ্গুরুর আবির্ভাব হইরা থাকে। সদ্গুরুর রূপার মানুষ এই শক্তি লাভ করিয়া থাকে।

শক্তি-সঞ্চার দীক্ষার প্রধান কার্যা, নাম দিবার সময় সদ্গুরু নামের সহিত নামীকে বর্তুমান করিয়া দেন একারণ নাম নামী অভিয়।

মহ্যাবৃদ্ধি সীমাবন, মানুষ বৃদ্ধি দারা ভগবত্তর বৃথিতে পারে না। মানুষের বৃদ্ধি ষতই তীক্ষ হউক বৃদ্ধি দারা ভগবত্তর বৃথিবে এ শক্তি তাহার নাই।

আমি এই যে শক্তি সঞার ■ দীক্ষামন্ত্র দানের কথা বলিলাম ইহা সাধারণে হৃদয়ক্ষম করিতে পারিবেন না, এগব কথা সাধারণের নিকট অন্ধকারের স্থায় জ্ঞান হইবে, কিন্তু যাঁহাদের মধ্যে শক্তি-সঞ্চার হইয়াছে তাঁহাদের নিকট এসব কথা স্থ্যালোকের স্থায় স্কুম্পষ্ট।

মাফুষের পরীরের গঠন, পূর্ব্ব পূর্ব্ব জন্মের ভপস্তার ফল, শরীরে সস্ রজঃ ও তমোগুণের তারতম্য অনুসারে এই শক্তির ক্রিয়ার তারতম্য ঘটিয়া থাকে। গুরু শক্তি-সঞ্চার করিলে অর্থাৎ মনুষ্টোর অন্তর্নিত ভগবৎ-শক্তি জাগাইরা দিলে কেহ কেহ আদৌ শক্তি টের পায় না; ক্রমে উজন করিতে করিতে শক্তি অনুভব করে 🗷 শক্তির ক্রিয়া সাধকের মধ্যে প্রকাশিত হর।

শক্তি-সঞ্চারের সময় যেমন কোন কোন ব্যক্তি আদৌ শক্তি অভুত্তব করিতে পারে না, তেমনি আবার কোন কোন ব্যক্তি শক্তির তেজ সহ করিতে পারে না। ওক নাম দিবামাত এই সকল লোক কান্দিয়া উঠে, মাথা খোঁড়ে, গড়াগড়ি যায়, সংজ্ঞাহীন হয়, কাহার কাহার শরীরে বিবিধ অঙ্গ-চেষ্টা হয়। কোন কোন ব্যক্তিকে দেখিয়া মনে হয় ভাহারা যেন বায়ুগ্রস্ত হইয়াছে। আবার কাহার কাহার শরীরে দারুণ প্রাণায়াম উপস্থিত হয়। প্রাণ একেবারে উদাস হইয়া যায়।

ঈশর পুরী মহাপ্রভূকে দীকা দিবা মাত্র ভাঁহার ভিতরের শক্তি কাগিয়া উঠিল। তিনি অস্থির হইয়া পড়িলেন, এক্ষ বিরহে রোদন করিতে লাগিলেন-

> "কৃষ্ণরে বাপরে মোর জীবন ঐহরি। কোন দিকে গেলা মোর প্রাণ কবি চুরি॥ পাইল ঈশ্বর মোর কোন্ দিকে গেলা। শ্লোক পড়ি পড়ি প্রভু কান্দিতে লাগিলা ॥ প্রেম ভক্তি রসে মগ্ন হইলা ঈশ্বর।

মুক্তল জীআৰু ভুটুল গলায় প্ৰসূত্ৰ 🛭

সদ্গুৰু 🙎 সাধন-তত্ত্ব।

আর্থনাদ করি প্রভু ডাকে উচ্চৈ:শ্বরে।
কোপা গেলা বাপ কৃষ্ণ ছাড়িয়া মোহারে।
যে প্রভু আছিলা অতি পরম গন্তীর।
সে প্রভু হইলা প্রেমে পরম অন্থির॥
গড়াগড়ি করেন কান্দেন উচ্চৈ:শ্বরে।
ভাসিলেন নিজ ভক্তি বিরহ সাগরে॥

মহাপ্রভুর অবস্থা দেখিরা শচী মাতা বিলাপ করিয়া বলিতেছেন—

"বিধাতা যে সামী নিল নিল পুত্ৰগণ।
অবশিষ্ঠ সকল আছ্য়ে একছন।
তাহারও কিরূপ মতি বুঝন না যার।
কণে হাসে কণে কান্দে কণে সূচ্ছা যার॥
আপনে আপনে কহে মনে মনে কথা।
কণে বলে ছিণ্ডো মুই পাষ্ডীর মাথা॥
কণে গিয়া গাছের উপর ডালে চড়ে।
না মেলে লোচন কণে পৃথিবীতে পড়ে॥
দন্ত কড়মড়ি করে মালসাট মারে।
গড়াগড়ি যার কিছু বচন না কুরে॥

শচী মূথে গুনি যায় যে যে দেখিবারে।
বায়ু জ্ঞান করি সবে বলে বান্ধিবারে॥
পাষ্ণী দেখিয়া প্রভু খেদাড়িয়া যায়।
বায়ু জ্ঞান করি লোক হাসিয়া পলায়॥
আত্তে বাস্তে মায়ে গিয়া আন্যে ধরিয়া।

শক্তিসঞ্চার।

লোক বলে তৃষিত অবোধ ঠাকুরাণী।
আর বা ইহার বার্তা জিজ্ঞাসহ কেনি॥
পূর্বাকার বায়ু আসি জন্মিল শরীরে।
তুই পায়ে বন্ধন করিয়া রাথ ঘরে॥
থাইবারে দেহ ডাবু নারিকেল জল।
যাবত উন্মাদ বায়ু নাহি করে বল॥
কেহ বলে ইথে অর ঔবধে কি করে।
শিধা-দ্বত প্ররোগে সে এ বায়ু নিস্তারে॥
পাক তেল শিরে দিয়া করাইবে সান।
যাবত প্রবল নাহি হইয়াছে জ্ঞান॥
শাবত প্রবল নাহি হইয়াছে জ্ঞান॥
শাবত প্রবল নাহি হইয়াছে জ্ঞান॥
শ

শ্ৰীচৈতম্য ভাগবত।

পাঠক মহাশরগণ আপনারা এই যে মহাপ্রভুর প্রেমবিকার দেখিতে-ছেন ইহা সমস্তই গুরুশক্তি বা ভগবৎ-শক্তির ক্রিয়া। যেখানে এই শক্তি নাই সেখানে কদাচ এরপ প্রেমবিকারের সম্ভাবনা নাই। প্রাক্ত ভক্তি মনের ভাব বা বৃত্তি বিশেষ, ভাহা হইতে এরপ প্রেমবিকার বা শারীরিক চেষ্টা হইতে পারে না।

কেহ কেহ বলিবেন মহাপ্রভু পূর্ণতম ভগবান। তাঁহার আবার শক্তি
সঞ্চারই বা কি আর দাক্ষাই বা কি ? একথার কোন মূল্য নাই। মানুষের
কলাণের জন্ত যখন ভগবান অবতীর্ণ হন তখন ঠিক মানুষের মত হইয়া
আদেন। শরীর মানুষের ন্তায়; আহার নিদ্রা, কথাবার্ত্তা, আচার
ব্যবহার সমন্ত মানুষের মত। কেবল শাস্ত্র ও অমানুষী শক্তি ও কার্যা
দেখিয়া অবতার বৃথিয়া লইতে হয়।

মহাপ্রভু পূর্বতম ভগবান হইলেও মানুষের আর তাঁহার সমস্তই ছিল,

অস্ততঃ লোকচকে প্রতিভাত হইয়াছিল। দীক্ষা ব্যাপারটা কি, ইহাও তিনি মানুষকে দেখাইয়া গিয়াছিলেন।

গোস্থানী মহাশ্রের শত শত শিষ্যের দীক্ষাকালে আমি উপস্থিত ছিলাম। নাম দিবামাত্র তাহাদের যে অবস্থা ঘটিত তাহা অবর্থনীয়। নাম দিবামাত্র কোন কোন লোক উটেচ: স্বরে কান্দিয়া উঠিত, কেহ মাথা খুঁজিত, কাহারও শরারে বিষম কম্প হইত, কেহ গড়াগজি ঘাইত; কাহারও মধ্যে প্রবল প্রাণায়াম উপস্থিত হইত, কেহ কেহ একেবারে সংজ্ঞাশুল হইরা পড়িত। এ সমস্তই গুরুশক্তির ক্রিয়া।

বাগজাঁচড়া নিবাদী বাবু জ্ঞানেক্রনাথ হালদার কলিকাতা কলেজ জ্ঞীটের জনৈক পুত্তক বিজেতা। গোষাদী দহাশর তাঁহার মাতাকে কলিকাতা ১৪।২ দীতারাদ খোষের ট্রাটে দীক্ষা প্রদান করেন। নাম দিবামাত্র তিনি সংজ্ঞাপুত্ত হইয়া পড়িলেন। ঐ ঘরে গোষাদী মহাশরের জামাতা ভক্তিভাজন বাবু জগবছ দৈত্র ও বাবু মহেক্রনাথ খোষের মাতা উপস্থিত ছিলেন। গোষাদী মহাশর ইহাদিগকে বলিলেন "তোমরা ইহাকে উঠাইয়া বদাও এবং ইহার শিরদাড়াটা ভাল করিয়া চুঁটিয়া দাও"। তাঁহারা তাহাই করিতে লাগিলেন। গোষাদী মহাশর উচ্চৈঃ-শ্বরে নাম ওনাইতে লাগিলেন। কিছুকাল পরে জ্ঞানেক্র বাবুর মাতার সংজ্ঞালাত হইল; তথন তিনি গোষাদী মহাশয়কে বলিতে লাগিলেন।—

জ্ঞানেস্ত্র বাবুর মাতা—আমি পরম রমণীয় অতি স্থময় স্থানে গমন করিয়াছিলাম, আপনি আমাকে কেন ফিরাইয়া আনিলেন?

গোঁসাই—বদি কোন পাহাড় পর্বত বা নির্জ্জন বনমধ্যে এই ঘটনা ঘটিত তাহা হইলে আমি তোমাকে ফিরাইয়া আনিতাম না। এটা কলিকাতা সহর, চাঝিদিকে পুলিশ প্রহরী। তোমাকে ফিরা- ইয়া না আনিলে, পুলিশের লোক মনে করিত, আমরা ছয়ার জানালা বন্ধ করিয়া তোমাকে গৃহমধ্যে হত্যা করিয়াছি। এপনি একটা মহা ক্যাঁসাদ উপস্থিত হই । সেইজন্ত তোমাকে ফিরাইয়া আনিতে হল্যাছে। এখন কিছু দিন সাধন ভজন কর, পশ্চাৎ আবার সেই রমণীয় স্থানেই যাইবে। এখান-কার কায় শেষ হউক, এখন নাম কর।

স্বনাম খ্যাত বাবু মনোরঞ্জন গুহ ঠাকুরতার স্ত্রী মনোরমাকে গোস্বামী
মহাশর দাক্ষা দিয়াছিলেন। নাম দিবা মাত্র তিনি অভিতৃতা হইয়া
পড়িলেন; তাঁহার সংজ্ঞা লোপ হইল। অনক শুশ্রুষার পর তাঁহার
টৈতভা হইল বটে কিন্তু নামের আর বিরাম হইল না; গলার কোতের
ভায় মৃত্যু পর্যান্ত তাঁহার মধ্যে প্রবংগিত হইতে লাগিল। ভগবৎ শক্তি
ব্যতিরেকে এসব অবস্থা ঘটবার কি স্ত্রাবনা আছে ?

ভক্তিভাতন মনোরপ্তন গুরু ঠাকুরতা মহাশর মনোরমার জীবন-চরিত লিথিয়াছেন। প্রথম থণ্ড ছাপা ইইয়াছে, বিতীয় থণ্ড শীজই ছাপা হইবে। পাঠক মংশেরগণ পাঠ করিয়া দেখিবেন। ভক্তিমতী সাধ্বীস্ত্রীর অপূর্বে জাবন চরিত পাঠে নিশ্চরই পরশানক লাভ করিবেন এবং জীবনে বহু উপকার প্রাপ্ত হইবেন।

যে হানে গুরুশক্তির ক্রিয়া গুরুশক্তিশালী লোকেরা তাছা দেখিবামাত্র ব্রিতে পারেন। মহাপ্রভু মাধুর ব্রহ্মণের প্রেম দে খরাই ব্রিয়াছিলেন ইনি টাহার ঘরের োক, এবং মাধুর ব্রহ্মণণ্ড মহাপ্রভুর প্রেম
দেখিয়া বৃনিয় ছিলেন, তিনিও তাঁহার ঘরের লোক। একই শাক্তি উভরের মধ্যে কার্যা করিভেছে। মহাপ্রভু মাধুর ব্রহ্মণের প্রেম দেখিয়া
তাঁহাকে ভিজ্ঞান করিলেন।

"তবে মহাপ্রভু সেই ব্রাহ্মণ লইয়া। তাহারে পুছিলা কিছু নিভূতে বসিয়া। আৰ্য্য সরল ভূমি বৃদ্ধ ব্ৰান্ধণ। কাঁহা হইতে পাইলে ভূমি এই প্ৰেম ধন ॥ বিপ্র কহে এপাদ এ মাধবের পুরী। ভ্রমিতে ভ্রমিতে আইলা মধুরা নগরী 🛊 ক্লপা করি ডিঁহ,মোর নিলরে আইলা। মোরে শিশ্ব করি মোর হাতে ভিক্সা কৈলা॥ গোপাল প্রকট করি সেবা কৈলা মহাশয়। অভাপিছ তাঁর সেবা গোবৰ্দ্ধনে হয় ॥ শুনি প্রভু কৈলা তাঁর চরণ বন্দন। ভন্ন পাঞা প্রভু পান্নে পড়িলা ব্রাহ্মণ 🛭 প্রভু কহে ভূমি গুরু আমি শিশ্য প্রায়। প্রকু হয়ে শিয়ে নমস্বার না জুয়ায়॥ গুনিয়া বিশ্বিত বিপ্র কহে ভয় পাঞা। ঐতে বাভ কেন কহ সন্নাদী হইয়া॥ কিন্তু ভোমার প্রেম দেখি মনে অনুমানি। মাধবেক্ত পুরীর সম্বন্ধ ধর জানি 🛚 কুষ্ণ প্রেমা তাঁহা থাঁহা তাঁহার সম্বন্ধ। তাহা বিনা এই প্রেমার কাঁহা নাহি গন্ধ 🏾 তবে ভট্টাচার্য্য তারে সম্বন্ধ কহিল। শুনি আনন্দিত বিপ্ৰ নাচিতে লাগিল 🕷

চৈঃ চঃ মধ্য, ১৭শ পরিচ্ছেদ। গুরু যথন শব্জি-দঞ্চার করেন তথন উহা অতি দামান্ত থাকে, প্রায়ই অনু তব হয় না। ক্রমে ভজন করিতে করিতে উহা প্রবল হইরা উঠে। উহা আত্মাও শ্রীর মধ্যে পরিব্যাপ্ত হয়। দেহের সন্ধ, রক্ষঃ, তমোগুণ নষ্ট করে। শ্রীরের প্রমাণুর পরিবর্ত্তন করে এবং মানুষ ভাগবতীতমু লাভ করে।

জীবাত্মার শক্তি-সঞ্চার হইয়া থাকে। স্থতরাং বালক, বৃদ্ধ, স্ত্রী, পুরুষ সকলের মধ্যেই শক্তি-সঞ্চার হইতে পারে। স্গৃহ হউক আর পণ্ডিতই হউক কি উন্মাদগ্রস্তই হউক, কাহারও মধ্যে শক্তি-সঞ্চারের বাধা হয় না।

দেবর্ষি নারদ প্রহলাদকে মাতৃগর্জে শক্তি-সঞ্চার করিয়া দীক্ষা দিয়াছিলেন। গোস্বামী মহাশয় পাঁচ মাসের শিশুকে শক্তি-সঞ্চার করিয়া
দীক্ষা দিয়াছেন আমি সচকে দেখিয়াছি। সংকীর্ত্তনে এই শিশুরু বিবিধ
অঙ্গচেষ্টা এবং সমাধি হইত।

মহাজ্মগণ বহু দ্রস্থ লোককে অলক্ষিতে শক্তি-সঞ্চার করিতে পারেন। শিষ্যকে দেখিবার বা তাহার নিকটে আসিবার প্রয়োজন নাই।

দেহত্যাগের পরও শক্তি-সঞ্চার হইতে পারে। আমি বিশ্বস্ত স্ত্রে শুনিয়াছি, গোস্বামী মহাশশ্বের দেহত্যাগের পর তিনি কোন কোন ব্যক্তির নিকট প্রকাশিত হইয়া শক্তি-সঞ্চার পূর্বাক দীক্ষা দিয়াছেন।

পঠিক মহাশয়গণ, এসব কথা আপনাদের নিকট প্রছেলিকা।

মানুষ যথন জীবিতকাল মধ্যে দেহ হইতে বাহির হইরা ইচ্ছামত বিচরণ
করিতে পারেন, তথন সুন্ধদেহে প্রকাশিত হইরা যে দীকা দিবেন

ইহা আর বিচিত্র কি? আমরা যেমন স্থুল দেহে আবদ্ধ, মহাত্মগণ
সেরূপ স্থুল দেহে আবদ্ধ নহেন। তাঁহাদের নিকট দেহ থাকা আর না
থাকা একই কথা। তাঁহাদের নিকট মৃত্যু বিশিয়া কোন জিনিস নাই।
দেহের নাশমাত্র হইয়া থাকে।

শক্তি-সঞ্চার হইলেই যে মানুষ নিশ্চিন্ত হইল এমত নহে। এই ভগ-

বর্ণ-শক্তি মনুয়োর মধ্যে জাগ্রাৎ হইরা আবার নিদ্রা যাইতে চার। এই জন্য সাধকের বিশেষ সাবধান হওরা কর্ত্তবা। যাহাতে এই জন্যবং-শক্তি আর ঘুমাইরা পড়িতে না পারে তজ্জ্য ভজন বারা এই শক্তিকে জাগাইরা রাধিতে । ভজন বন্ধ হইলেই জাগরিত শক্তি আবার ঘুমাইরা পড়িবে

ভগবং-শক্তি যদি জাগরিত হইয়া বুমাইয়া পড়ে তাহা হইলে আর তাহাকে জাগান হঃসাধা। এই শক্তি বুমাইলেই সাধকের আর ভজনে কচি থাকিবে না। সংসারে মজিয়া যাইবে, কুসকে লিগু হইবে।

গোশামী মহাশরের বছ শিয়ের এই দুর্দশা ঘটরাছে। ভজন না করাম তাঁহাদের অন্তর্নিত ভগবৎ-শক্তি আবার মুমাইয়া পড়িয়াছে। তাঁহারা কুকার্যো শিপ্ত হইয়াছেন। তাঁহাদের আর ভজনে প্রবৃত্তি নাই, সাধুসক তাঁহাদের ভাল লাগে না। কার্যা একটা বিভীবিকার মধ্যে হইয়া দাঁড়াইয়াছে।

এই আদানি সকলকে অমুনয় করিয়া বলিতেছি - বদি কল্যাণ চানা ভঙ্গন পরিত্যাস করিবেন না; গুরু-শক্তিকে খুমাইতে দিবেন না। ভাঁহার প্রতি লক্ষ্য রাখিবেন এবং ভঙ্গন দারা তাঁহাকে জাগাইরা রাখিবেন।

যথন শক্তি-সঞ্চার করেন তথন এই শক্তির বল অতি সামান্ত ।
থাকে। করিতে করিতে ক্রমে ক্রমে উহা বলশালী হইরা উঠে।
শক্তি প্রবল হইরা উঠিলে আর উহা নিদ্রা যাইতে চার না। বরং
নিদ্রা ভালাইরা দের।

গুরু-শক্তি প্রবল হইয়া উঠিলে, ঐ শক্তিই সাধককে সাধন পথে।
পরিচালিত করে। সাধকের এমন সাধ্য থাকে না বে তিনি সাধন না
করিয়া থাকিতে পারেন। অবশেষে এই শক্তি আর সাধকের অপেক্ষা
না করিয়াই নিজে নিজে সাধন চালাইতে থাকেন।

পঞ্চম পরিচ্ছেদ।

দীক্ষা ব্যতীত শক্তি-সঞ্চার হইতে পারে।

দীকা ব্যতিরেকেও শক্তি-সঞ্চার হইতে পারে। ভলনের দারা বে সকল মহাজ্বার দেহ শক্তিমর হইরা গিয়াছে তাঁহাদের দর্শনে, স্পর্শে, প্রসাদ ভক্ষণে, পদধূলি গ্রহণে এবং সর্কবিধ সংস্রবে মানুবের অন্তর্মন্থিত ভগবৎ-শক্তি প্রবৃদ্ধ হইরা থাকে।

শীমমহাপ্রভূ ভাবাবেশে সমৃদ্রে পতিত হইলে একজন জালিয়া তাঁহাকে লালে উঠাইয়াছিল, মহাপ্রভূত্ত জঙ্গ শাত্তেই ভাহার অন্তরন্থিত ভগৰৎ-শক্তি লাগিয়া উঠিয়াছিল এবং সে শ্রীকৃষ্ণপ্রেম লাভ করিয়াছিল। বর্থা শীতেত্ত চরিভামতে :—

"এই মত মহাপ্রভ্ অমিতে অমিতে।
আইটোটা হৈতে সমৃদ্র দেখে আচখিতে।
চক্রকাণ্ডো উচ্চলিত তরঙ্গ উচ্চল।
বল মল করে যেন যমুনার জল।
যমুনার অমে প্রভ্ ধাইয়া চলিলা।
অলক্ষিতে যাই সিদ্ধু জলে বাঁপ দিলা।
পড়িতেই হইলা মৃচ্ছা কিছুই না জানে।
কভু ডুবার কভু ভাসার তরঙ্গের গণে॥
তরঙ্গে বহিয়া বুলে যেন শুফ্ কাট।
কে বুবিতে পারে এই চৈতন্তের নাট।

কোনার্কের দিকে প্রভুকে তরঙ্গে লঞা যায়। কভু ডুবাইয়া রাথে কভু বা ভাসায়।

ইহাঁ স্বরূপাদিগণ প্রভুনা দেখিয়া। কাঁহা প্ৰভু গেলা কহে চমকিত হৈয়া। মনোবেগে গেলা প্রভু লোখিতে নারিলা । প্রভু না দেখিয়া সংশয় করিতে লাগিলা 🛚 জগন্নাথ দেখিতে কিবা দেবালয়ে গেশা। অক্টোন্তানে প্রভু কিবা উন্মাদে পড়িলা ॥ গুণ্ডিচা মন্দিরে কিবা কিবা নরেন্দ্রেরে। চটক পর্বাতে কিবা গেলা কোনার্কেরে॥ এত বলি সবে ফিরে প্রভুরে চাহিয়া। সমুদ্রের তীরে **আ**ইলা কত জ্ঞান লঞা ॥ চাহিয়া বেড়াইতে ঐছে শেষ রাত্রি হইল। অন্তর্ধান কৈল প্রভু নিশ্চয় করিল॥ প্রভুর বিচ্ছেদে কারো দেহে নাহি প্রাণ। অনিষ্ট আশক্ষা বিনা মনে নাহি আন ॥ সমুদ্রের তীরে আসি যুক্তি করিলা। চিরায়ু পর্বত দিকে কত জন গেলা। পূর্বা দিশায় চলে স্বরূপ লঞা কত জন। সিন্ধতীরে নীরে করে প্রভু **অবেষণ** ॥ বিধাদে বিহ্বল সবে নাহিক চেতন। তবু প্রোমে বুলে করি প্রভু অন্বেষণ॥

দেখে এক জালিয়া আইসে কান্দে জাল করি। হাঁদে কান্দে নাচে গায়, বলে "হরি হরি ॥" कामियाद (हड़ी (मिथ मत्र हमदकात । স্বরূপ গোঁসাই ভাবে পুছে সমাচার 🛭 কহ জালিক এদিকৈ দেখিলে একজন। তোমার এই দশা কেন কহত কারণ। काणिया কহে ইহাঁ এক মনুষ্য না দেখিলা। জাল বাহিতে এক মৃত মোর জালে আইলা। বড় মৎক্ত বলি মুই উঠাইল যতনে। মৃতক দেখিয়া মোর ত্রাস হইল মনে। জাল থসাইতে তার অল স্পর্শ হইল। স্পূৰ্ণ মাত্ৰে সেই ভূত হৃদণ্ডে পশিল। ভারে কম্প হইল মোর নেত্রে বহে জল। পদগদ বাণী রোম উঠিল সকল। কিবা ব্ৰহ্মদৈত্য কিবা ভূত কহনে না যায়। দর্শন মাত্রে মহুযোর পৈশে সেই কায় ॥ শরীর দীঘল তার হাত পাঁচ সাত। এক এক হস্ত পদ তার তিন তিন হাত॥ অস্থি দন্ধি ছাড়ি চর্ম্ম করে নড়বড়ে। তাহা দেখি প্রাণ কারো নাহি রহে ধড়ে॥ মড়া রূপ ধরি রহে উন্তান নয়ন। কভু গোঁ গোঁ করে কভু হয় অচেতন ॥ **সাক্ষাৎ দেখিত্ব মোরে পাইল সেই** ভূত। মু ই মরিশে মোর কৈছে জীবেক স্ত্রীপুত **।**

সেইত ভূতের কথা কহনে না যায়। ওঝা ঠাই যাই যদি সে ভূত ছাড়ার ॥ একা রাত্রে বুলি মৎস্ত মারিয়ে নির্জ্জনে। ভূত প্রেত না লাগে আমার নৃসিংহ সরণে॥ এ ভূত নৃসিংহ নামে লাগমৈ হিওপে। তাহার আকার দেখি ভর লাগে মনে # হোথাকারে না বাইও নিবেধি তোমারে। ভাহা গেলে সেই ভূত লাগিবে সবারে : এত শুনি শ্বরূপ গোঁসাই সব তত্ত্ব জানি। লালিয়াকে কহে কিছু স্থমধুর বাণী ॥ আমি বড় ওঝা, বানি ভূত ছাড়াইতে। মন্ত্র পড়ি হস্ত দিল তাহার বাধাতে॥ তিন চাপড় মারি বলে ভূত পলাইল। ভয় না পাইহ বলি স্থান্থর করিল। একে প্রেম আরে সভর হিত্তপ অন্থির। ভয় অংশ গেল সেই হইল কিছু ধীর 🛭 স্বরূপ কহে ভূমি যারে কর ভূত জ্ঞান। ভুত নহে তিহ জীক্ষ চৈতন্ত ভগবান॥ প্রেমাবেশে পড়িলা তিঁহ সমুদ্রের জলে। তাঁরে তুমি উঠাইলে আপনার জালে 🛭 তাঁর স্পর্শে হইল তোমার ক্লফ প্রেমোদয়। ভূত জানে তোমার মনে হুইল মহাভয় ॥ এবে ভয় গেল ভোমার মন হইল স্থিরে ৷ কাঁথা তাঁরে উঠাঞাছ দেখাহ আমারে ।

শীকা ব্যতীত শক্তি সঞ্চার হইতে পারে।

ঞালিয়া কহে প্রভুকে মুই দেখিয়াছ বার বার। তিঁহ ন**হে** এই অতি বিকৃত **আকার** ।। স্থরপ কহে তাঁর 💶 প্রেমের বিকার। অস্থি সন্ধি ছাড়ি হয় অতি দীর্ঘাকার 🛭 শুনি সেই জালিরা আনন্দিত মন হইল। সবা লঞা সেই স্থানে প্রভূ দেখাইল। ভূমিতে পড়িয়া আছে দীর্ঘ মহাকায়। জলে খেত তমু বালু লাগিয়াছে গার**া**। অতি দীৰ্ঘ শিধিল ভতু চৰ্ম্ম নটকায়। দূর পথ উঠাইয়া ঘরে আনন না যায়॥ আর্দ্র কোপীন দূর করি শুক্ষ পরাইরা। বহিবাদে ভয়াইল বালুকা ঝাড়িয়া ॥ সবে মেলি উচ্চকরি করে সংকীর্তনে। উচ্চ করি ক্লফ নাম কহে প্রভূর কাণে ॥ কডকণে প্রভুর কাণে শব্দ প্রবেশিশা হয়ার করিয়া প্রভু তবহি উঠিলা ॥"

এই যে জালিয়ার ক্ষণপ্রেম লাভ, ইহার কারণ শ্রীমন্মহাপ্রভুর ভালর কারণ তাহার অন্তরস্থিত ভগবৎ-শক্তি জালিরা উঠিয়ছিল। এই জালিয়া কোন সাধন ভজন করে নাই এবং সাধন দারাও শ্রীকৃষ্ণ প্রেম লাভ করে নাই। ভগবৎ-শক্তির জাগরণই এই প্রেমলাভের কারণ।

শ্রীমন্মহাপ্রভুর প্রসাদ ভক্ষণে, চরণামৃত পানে এবং দ্র হইতে দর্শনে জনেকের মধ্যে ভগবং-শক্তি জাগিয়া উঠিয়াছিল, তাহারা শ্রীকৃষ্ণ প্রেম লাভ করিয়াছিল।

যথন সংকীর্ত্তনে এই শক্তির প্রবল ক্রিয়া হইতে থাকে তথন এই শক্তির স্পর্শে অনেক দর্শকের অন্তরন্থ ভগবং-শক্তি জাগিয়া উঠিতে দেখিয়াছি। তথন ইহাঁদের যে অবস্থা হয় তাহা বহু তপস্থাতেও মানুষ লাভ করিতে পারে না।

বোলপুর ও কুলীনগ্রামে যথন এই শক্তির প্রবল স্রোত প্রবাহিত হইয়াছিল তথন অনেক বালক বালক। ও যুবাপুরুষ সংজ্ঞাহীন হইয়া পড়িত, তাহাদের বিবিধ অঙ্গচেষ্টা হইত, তাহারা নানা দেব দেবী দর্শন করিত। তাহাদের মধ্যে সদাচার ও সদাহার জাগিয়া উঠিত। তাহা-দের মধ্যে বিশক্ষণ শক্তির ক্রিয়া প্রকাশ পাইত। তঃথের বিষয় ইহারা কেহই ভজন দ্বারা এই প্রবৃদ্ধ-শক্তি ক্রাগাইয়া রাথে নাই, স্থ্তরাং তাহা-দের সে অবস্থা অচিরে নষ্ট হইয়া গিয়াছে।

বে স্থানে শক্তিশালী লোক কিছু দীর্ঘকাল ভজন করেন সেই স্থানে এই শক্তি যুগ যুগান্তর কাল পর্যান্ত পাকিয়া যায়। শক্তিশালী লোক তথায় উপস্থিত হইলে ঐ স্থানের শক্তি তাঁহার অন্তরকে, স্পর্শ করে এবং তাঁহার অন্তরের শক্তিকে প্রবৃদ্ধ করিয়া তোলে।

১৩০১ সালের মাঘ মাসে গোস্বামী মহাশরের কুল্দেবতা ৺খামস্থান্থকে দেখিবার জুন্ত আমি শান্তিপুর গিরাছিলাম। আমার সহিত
আমার সতীর্থ পণ্ডিত খামাকান্ত চটোপাধ্যার ও গোস্বামী মহাশরের বাত্রী মুক্তকেশী দেবী ছিলেন।

শান্তিপুরের এই বাটা তথন পতিত অবস্থার ছিল, উহাতে কেহ বাস করিত না। বাটার দক্ষিণ পার্শে একটা দোতালা দালান, উপরে একটি হল আর হইটি কুঠারি। এই হইটি কুঠারির মধ্যে একটি কুঠারিতে ৺শ্রামস্থদরের ভোগ পাক হইত।

উপর্টা দেখিবার জন্ত আমি উপরে উঠিলাম। হলের মধ্যে গিয়া

ইতর প্রাণী 🖶 বৃক্ষ শতাদিতেও শক্তি-সঞ্চার হইতে পারে।

দেখি, হলটা শক্তিপূর্ণ। হলের শক্তি আমাকে স্পর্ণ করিল, আমার শরীরকে যেন ক্রমে ক্রমে অবশ করিয়া ক্ষেলিতে লাগিল। আমি আর পায়ের উপর ভর করিয়া দাঁড়াইতে পারি না। পণ্ডিত মহাশয়কে এই হলের শক্তি দেখাইবার তাঁহাকে ডাকিলাম। পণ্ডিতমহাশয় উপরে উঠিয়া এই প্রবল শক্তি বেল অন্তব করিলেন। উভয়ে কিছুক্ষণ তথায় কথাবার্ত্তা কহিয়া নিয়ে নামিয়া আসিলাম।

যে স্থানে ভগবং-শক্তি থাকে, শক্তিশালী লোকেরাই তাহা টের পার, অপর লোকে এই শক্তি আদি টের পার না। তাহাদের অন্তর স্পর্শ করে না।

यष्ठ পরিচ্ছেদ।

ইতর প্রাণী ও বৃক্ষ লতাদিতেও শক্তি-সঞ্চার হইতে পারে।

--:0:---

শক্তি-সঞার কেবল যে মনুষোর মধ্যে হইয়া থাকে এমত নহে; ইতর প্রাণী ও বৃক্ষ লতাদির মধ্যেও শক্তি-সঞ্চার হইয়া থাকে। মানুষের মধ্যে যেমন ভগবৎ-শক্তি বিরাজিত, ইতর প্রাণী ও বৃক্ষ লতাদির মধ্যেও ভগবৎ-শক্তি তেমনি বিরাজিত। যদি মানুষের অন্তরম্ভিত এই শক্তি- প্রবৃদ্ধ হইতে পারে তবে ইতর প্রাণী ও বৃক্ষ সতাদির অস্তরস্থিত এই ভগবং-শক্তি না জাগিৰে কেন !

শীপের সংস্পর্শে বেমন দীপ জালিরা উঠে, তেমনি প্রবৃদ্ধ প্রবেশ শক্তির সংস্পর্শে অপরের অন্তরস্থিত নিদ্রিত শক্তি জাগিরা উঠে। মহাপ্রভূ পূর্ব শক্তিমর। ঝারিবও পথে শ্রীবৃন্ধাবন বাইবার সময় তাঁহার প্রবেশ শক্তির সংস্পর্শে অরণ্যন্থিত ব্যাজাদি হিংলে জন্তর ও বৃন্ধ লতাদির মধ্যে এই শক্তি জাগরিত হইরা উঠিয়াছিল। যথা শ্রীচৈতত চরিতামুতে—

> "একদিন পথে ব্যাত্র করিরাছে শয়ন। জাবেশে তার গারে প্রভুর লাগিল চরণ॥ প্ৰভু কহে কহ ক্লঞ্চ ব্যাদ্ৰ উঠিল। ক্লঞ্চ কহি ব্যাস নাচিতে লাগিল 🛚 আর দিনে মহাপ্রভু করে নদী স্থান। মভ হতিযুথ আইল করিতে জলপান ॥ প্ৰভূ জল-কৃত্য করে আগে হন্তী আইলা " কৃষ্ণ কহ বলি প্ৰভু জল ফেলি মাইলা॥ সেই জলবিন্দু কণা লাগে যার গায়: সেই কৃষ্ণ কৃষ্ণ কহে প্রেমে নাচে গায়॥ কেহ ভূমি পড়ে কেহ করয়ে চীৎকার। দেখি ভট্টাচার্য্যের মনে 🚃 চমৎকার 🛭 পথে যাইতে করে প্রভূ উচ্চ সংকীর্ত্তন। মধুর কণ্ঠধ্বনি শুনি আইলা মৃগীগণ 🛮 ধ্বনি শুনি ডাইনে বামে যায় প্রভু সঙ্গে। প্রভূ তার **অঙ্গ** মুছে শ্লোক পড়ে রকে।

হেন কালে ব্যাঘ্ৰ তথা আইলা পাঁচ সাত। ব্যাস্ত্র মৃগী মিলি চলে মহাপ্রভুর সাথ : দেখি মহাপ্রভুর বৃন্দাবন স্বৃতি হইণ। বুন্দাবন গুণ বৰ্ণন প্লোক পড়িল। कुषः कृषः कह कति श्रेष्ट्र यदय देवन । ক্ষণ কহি বাজি মৃগ নাচিতে লাগিল। নাচে কান্দে ব্যাত্রগণ মৃগীগণ সজে। বলভদ্র ভট্টাচার্য্য দেখে প্রভুর রঙ্গে॥ ব্যান্ত মৃগ অন্তোহতে করে আলিকন। মুখে মুখ দিয়া করে অক্তোহতো চুখন ॥ কৌতুক দেখিয়া প্ৰভূ হাঁসিতে লাগিলা। তা সবাকে তাঁহা ছাড়ি আগে চলি গেলা॥ ময়ুরাদি পক্ষীগণ প্রভূকে দেখিয়া। সঙ্গে চলে কৃষ্ণ বলে নাচে মন্ত ছঞা 🛚 হরিবোল বলি প্রভু করে উচ্চধ্বনি। বৃক্ষ শতা প্রাফুল্লিড সেই ধ্বনি শুনি 🛚 বারি**ধতে স্থাবর অঙ্গম আছে বত**। কুষ্ণ নাম দিয়া কৈল প্রেমেতে উন্মন্ত । যেই গ্রাম দিয়া যান, ধাঁহা করেন স্থিতি। সে সৰ গ্রামের লোকের হয় ক্লফ ভক্তি ॥ যদি কেহ তার মুখে ভনে কৃষ্ণ নাম। তার সুথে আন শুনে তার মুথে আন 🛭 সবে কৃষ্ণ হরি বলি নাচে কান্দে হাঁসে।

পার্মক মহাশয়গণ, কবিরাজ গোস্বামীর বর্ণনা শুনিলেন। আপনারা এই বর্ণনা শুনিয়া উপহাস করিবেন না। বর্ণনা কবিত্বপূর্ণ; রঞ্জিড হুইলেও সূলতঃ সত্য জানিবেন।

ভগবং-শক্তি পশু পক্ষী বৃক্ষ লতাদির মধ্যে বর্ত্তমান রহিষ্চে। এই
শক্তি নিদ্রিত থাকার ইহার প্রকাশ নাই। মহাপ্রভূ শক্তিমর। তাঁহার
প্রবল শক্তির সংস্পর্শে ব্যাদ্রাদি হিংশ্রক জন্ত সকলের ও বৃক্ষলতাদির
ক্ষেরস্থিত ভ গবং-শক্তি জাগ্রং হইরা উঠিয়াছিল।

ভগবৎ-শক্তি জাগরিত হইলে নেই সময়ের জন্ত কাম ক্রোধ হিংসা বেষ প্রভৃতি থাকে না, প্রাণের মধ্যে প্রবল বৈরাগা উপস্থিত হয়। এই প্রেক্ত্র শক্তির ক্রিয়া ভিতরে উপস্থিত হয়, এজন্য যাহাদের মধ্যে শক্তি-সঞ্চার হর্ষরাছে তাহারা হাঁসে, কান্দে, নাচে এবং নানারূপ অঙ্গভঙ্গি করে। এই সব কার্যা ইহাদের নিজের ইচ্ছাক্তে নহে, ভগবৎ-শক্তি বলপূর্বক এইরূপ করায়। শরীরের প্রতি কর্ত্ব না থাকায় ভগবৎ-শক্তির এই ক্রিয়া রোধ করিতে পারে না।

া বদিও ইতর জন্তগণের কথা কহিবার শক্তি নাই, তাহারা ক্ষণাম উচ্চারণ করিতে অসমর্থ, তথাপি মহাপ্রভূর জাদেশে এই ইতর জন্তগণের অন্তরে যে কৃষ্ণনামের ফুর্ডি হইয়াছিল ইহাতে আর কিছু মাত্র সন্দেহ নাই।

গোসামী মহাশয় রূপা করিয়া যথন বোলপুরে প্রবলশক্তি প্রকাশ করিয়াছিলেন, তথন একটা কুকুরের মধ্যে শক্তি সঞ্চারিত হইয়াছিল। তাহার অত্যন্ত ভাব দেখিয়া আমরা অবাক হইয়াছিলাম। কুকুরটীর নাম ছিল কালাচাদ। এই কালাচাদের বিবরণ আমি "মহা-পাতকীর জীবনে সদ্প্রকর লীলা" নামক গ্রন্থে লিখিয়াছি। এজন্য এখানে আর তাহার বৃত্তান্ত লিপিবদ্ধ হইল না।

ঢাকায় গোস্বামী মহাশরের আশ্রমে একটা কুকুর ছিল, তাহার মধ্যেও শক্তি-সঞ্চার হটয়াছিল, ভাহার রীতিমত সমাধি হইত।

বৃন্দের মধ্যেও শক্তি-সঞ্চার দেখা গিয়াছে। 🕮 বৃন্দাবনে ভক্তপ্রবর শিরোমণি মহাশরের টোরে একটা কুলগাছ আছে। গোস্বামী মহাশয় ঐ টোরে থাকিতেন। একদিন সংকীর্তনের সময় ঐ বৃক্ষ রীভিমতন্ত্য করিয়াছিল। বাতাসের নাম গন্ধ নাই অথচ ঐ বৃক্ষের ডালগুলি একবার নীচে ও একবার উপরে উঠিতে লাগিল। বহুক্ষণ ধরিয়া এই ব্যাপার হইতে থাকায় লোক সকল দেখিয়া অবাক হইয়া গেল।

কথাটা এই যে, সংকীর্তনে গোস্বামী মহাশয়ের প্রবলশক্তি প্রকাশ হওয়ায় বৃক্ষের মধ্যস্থিত ভগবৎ-শক্তি জাগরিত হইগাছিল, তাহাতেই বৃক্ষটি ঐরপ নৃত্য করিয়াছিল। যাহারা শক্তি-সঞ্চার বুঝে না তাহারা এ সব ব্যাপার বৃঝিতে পারে না 1

ঢাকার আশ্রমে মা-ঠাক্রাণীর সমাধি-মন্দিরের পার্ষে একটা আশ্র বুক্ষ আছে; গোস্বামী মহাশয় ঐ আম তলায় বসিয়া সময়ে সময়ে ভজন্ করিতেন। ঐ বৃক্ষটীর মধ্যে শক্তি-সঞ্চার হইয়াছিল। বৃক্ষটী মধুবর্ষণ করিত। আমি এই মধুবর্ষণ স্বচক্ষে দেখিয়াছি।

ঐ বৃক্ষটীর নিকটেই মা-ঠাকুরাণীর সমাধি মন্দির। এই স্থানে উৎসব উপলক্ষে মন্দিরপ্রাঙ্গণ দাজাইবার জন্য নিষ্যগণ বৃক্ষের স্ত ড়িতে প্রেঞ্জ পুঁতিয়া তাহাতে চিত্রপট টাঙ্গাইয়া দিয়াছিল। রাত্রিকালে বৃক্ষটী গোস্বামী মহাশয়ের নিকট উপস্থিত হুইয়া বলিলেন "আমার দেহটা প্রেক বিদ্ধ হইয়াছে **আমি অত্যস্ত যাতনা** ভোগ করিতেছি"।

প্রাতঃকালে গোসামী মহাশয় শিষ্যগণকে ডাকাইয়া এই প্রেক বিদ্ধের কথা জিজ্ঞাসা করায় তাহারা বলিল "কল্য গাছের গুঁড়িতে 10

মহাশয়ের আদেশে তৎকণাৎ এই প্রেক তুলিয়া দেওয়া হইল।

গ্রোস্থামী মহাশর আদেশ করিলেন এই আশ্রমের কোন বৃক্ষ যেন কর্তুন করা বা তাহাদের ডাল ছেদন করা না হয়।

মহ্যা-বৃদ্ধি অতি সামান্ত এবং সীমাবদ। এই সামান্ত বৃদ্ধি টুক্
লইয়া অধ্যাত্ম-লগতের ধবর জানিতে যাওয়া মাহুবের ধৃষ্ঠতা মাতা। এ
ছানে মাহুবের বৃদ্ধি প্রবেশ করিতে পারে না, ■ জন্ত মাহুব বলিয়া বসে
এ সব কিছু নয়, এ সব মিধ্যা ও অসভব। মাহুবের জানা উচিত অধ্যাত্মজগতের তত্ত্ব জানিবার জন্ত ভগবান তাহাকে উপযুক্ত বৃদ্ধি দেন নাই।

এক মাত্র জজন বারা জগবানের কুপার মান্থবের অন্তশ্ন্ক উন্মীলিত হয়। তর্থন মান্থব অধ্যাত্ম-জগতের সংবাদ জানিতে পারে ও ব্ঝিতে পারে। উপযুক্ত গুলু সরিধানে গমন কর, প্রকৃষ্ট পদ্বার সাধন কর, করে অধ্যাত্ম-জগতের সংবাদ টের পাইতে থাকিবে। বাহা বুঝনা তাহা কিছু নর বলিয়া অগ্রাহ্ করিওনা।

ষহাত্মার সংস্পর্শে তগবৎ-শক্তি কাগ্রৎ হইলেও ভজনের হারা ইহাকে লাগাইরা রাখিতে হয়। লারা লাগাইরা না রাখিলে ইহা আবার অ্মাইরা পড়ে। বাহাদের মধ্যে শক্তি-সঞ্চার হইয়াছে তাহারা ধদি সেই শক্তি জাগাইয়া না রাখে, তাহা হইলে ভগবৎ-শক্তি ঘুমাইয়া পড়ে আর তাহারা পূর্কাবস্থা প্রাপ্ত হয়।

ভগবৎ-শক্তি সমন্ত বিখে ওতপ্রোত হইয়া রহিয়াছে; মহাত্মারা এক স্থানে শক্তি-সঞ্চার করিলে ঐ শক্তি অনাত্র উদুদ্ধ হয় ন!। তাঁহারা যাহার মধ্যে শক্তি-সঞ্চারের ইচ্ছা করেন কেবল ভাহারই মধ্যে শক্তি-সঞ্চারিত হইয়া থাকে।

তুতীশ্ব অধ্যাশ্ব।

প্রথম পরিচ্ছেদ।

শুদ্ধাভক্তি।

জামি পূর্বে বলিয়াছি ভগবংশক্তিই ভক্তি। শক্তি জু শক্তি-মান যেমন একই বস্তু, তেমনি ভক্তি ■ ভগবান একই বস্ত হইতে-ছেন। ভক্তি ও ভগবানে ভেদ নাই, কেবল প্রকাশ-ভেদ মাত্র। জানিবেন।

প্রাক্ত ভক্তি প্রাক্ত বস্তু, গুদ্ধা-ভক্তি অপ্রাক্ত বস্তু, ইহা মাহ্যকে বুঝাইরা বলিবার জিনিষ নহে। ইহাতে প্রাণের মধ্যে এক অচিন্তনীয় ও অনির্বাচনীয় শক্তিয় অনুভৃতি হয়। এই শক্তি প্রাণকে ভগবানের পাদ-পদ্মে বিলুঞ্জিত করিয়া কেলে।

প্রাক্বত ভক্তি জন্ত-পদার্থ অর্থাৎ ইহা সাধন ভজন ছারা লাভ হয় বিষ্
কৈন্ত ভালভক্তি জন্ত পদার্থ নহে; উহা সাধন ভজন ছারা লাভ হয় বা।
উহা ভগবানের বিশেষ দান।

প্ৰাকৃত ভক্তি অনিত্য, ভদ্ধাভক্তি নিত্য বস্তু ।

প্রাক্ত ভক্তি প্রায়ই স্থায়ী হয় না। অনেকে প্রথম প্রথম বেশ অমুরাগের সহিত ভক্তি সাধন করিতে থাকেন, প্রাণ বেশ সরস থাকে কিন্তু কিছু কাল পরে এই সরসতা থাকে না, প্রাণ শুদ্ধ হইয়া পড়ে। ভজনে ক্ষতি

থাকে না। তথন তাঁহারা যাহা কিছু ডজন করেন ঠিক যেন দায়ে পড়িয়া ভজন করেন। প্রাণ মন বিগলিত হয় না।

শুদা-ভিক্তি ক্রমশঃ পরিবর্দ্ধিত ইইতে থাকে। রুক্ষের ডাল একবার বাহির ইইয়া যেমন আর তাহা রুক্ষ মধ্যে প্রবেশ করেনা, উত্তরোত্তর পরি-বর্দ্ধিত ইইতে থাকে সেইরূপ শুদ্ধা-ভক্তি ভক্ষন করিতে করিতে ক্রমশঃ পরি-বর্দ্ধিতই ইইতে থাকে। ইহাতে আর শুদ্ধতা আসে না।

মনের সহিত প্রাকৃত ভক্তির যোগ, মনের অবস্থামুসারে ইহার হ্রাস বৃদ্ধি। ভগবানের সহিত শুদ্ধা-ভক্তির যোগ, ইহার হ্রাস নাই, উত্তরোত্তর বৃদ্ধি।

শুদ্ধা-ভক্তি অচেতন পদার্থ নহে। ইহা চৈতল্যমন্ত্রী। ইহার বিচিত্র লীলা। ইনি কোন কোন মানুষকে দেবভার মত করেন, আবার কাহাকেও বা জড়ের মত, কাহাকেও বা উন্মত্তের লায় এবং কাহাকেও বা পিশাচের মত করিয়া ভোলেন। এই সকল লোকের ক্রিয়ামুদ্রা লোকে বুঝিতে পারে না। ইহারা যে পরমু ভক্ত ভাহা সাধারণ লোকের উপলব্ধি হয় না।

মহাত্মা অর্জুন দাসকে লোকে পাগল মনে করিত, জড় ভরতকে জানহীন জড় বলিয়া জানিত। পুরীতে আমি একটা লোক দেখিয়া-ছিলাম, তাহার আচার আচরণ অতি স্থণিত, পিশাচের স্থায়। শুনিয়াছি গোসামী মহাশ্য এই লোকটাকে এক জন মহাপুরুষ বলিয়া গিয়াছেন। সাধারণ লোকের নিকট স্থণিত হইয়া এই সকল ব্যক্তি সংসারে বিচরণ করিয়া থাকেন।

তদ্বা-ভক্তি অন্ধ নহেন, ইনি পরমজ্ঞান রূপিণী। ইহাঁর অপার জ্ঞানের কথা মানুষ বলিয়া শেষ করিতে পারে না। ইহাঁর অজ্ঞানিত কিছুই নাই। মানুষের কথন কি যে হইবে মানুষ তাহা জ্ঞানে না। ভদ্ধা-ভক্তি সে সমস্তই জ্ঞানেন। খাঁহারা ভদ্ধা-ভক্তির আশ্রয় লন, ভাঁহারা প্রম্জ্ঞান মান্ত্ৰ চিস্তা বিচার বারা যে সিদ্ধান্তে উপনীত হয় এবং প্রার্থিত ভাহাকে যে দিকে লইয়া যার মান্ত্ৰ সেই পথে চলে। সে আপন ভূল লান্তি বৃথিতে পারে না; সে আপন পছন্দমত কাল করে এবং পছন্দ মত পদ্বায় বিচরণ করে।

শুদ্ধান্তক্তি, মাহুষের ভূল ত্রান্তি দেখাইরা দেন, তাহার চিন্তা বিচা-রের সিদ্ধান্তের অসারতা প্রতিপন্ন করেন; তাহার প্রবৃত্তির প্রতিরোধ করেন, এবং বলপূর্বক সাধককে প্রকৃত কল্যাণকর পথে পরিচালিত করেন।

প্রভাক্তি পরম । করণামরী। জন্ম-জনাজরের অপরাধে মার্ম ত্রিতাপ-জালায় দগ্নীভূত হইতেছে; কি রাজা কি প্রকা কি ধনী কি নির্মান এ জগতে কাহারও স্থা নাই, কোন না কোন কারণে সকলেই জলিয়া পুড়িরা মরিতেছে। এই পৃথিবীটা বেন একটা দাবানল। জীবের এই কেশ দেখিরা এই দয়াময়ী দেবী আপ্রিত জনগণের উপর শান্তিবারি বর্ষণ করেন এবং ত্রিতাপ-জালা জুড়াইয়া দেন। ইহার রূপা ব্যতীত এই দারণ যন্ত্রণা হইতে রক্ষা পাইবার উপায়ান্তর নাই।

শুদাভক্তি বিপদতারিণী। মাহ্য লাশ্ত, সে পদে পদে ভূল করিয়া বদে এবং এ জন্য নানা এ কারে বিপদে পড়িয়া আত্মহারা হয়; এই শুদাভক্তি মানুষকে রক্ষা করেন, এবং বিপদে পড়িলে তাহাকে বিপদ হইতে মুক্ত করেন। শুদাভক্তির কুণা হইলে মানুষের আর কোন বিপদ থাকে না।

শুদ্ধাভজ্ঞি অন্নদায়িনী। এ জগতে যাহার কিছু নাই, গ্রাসাচ্ছাদনের কোন উপায় নাই, ইনি এরপ আশ্রিত জনগণের আহার যোগাইয়া থাকেন এবং আশ্রিত জনের সমুদ্ধ অভাব মোচন করেন, ইহার মত দ্বাবতী এ'জগতে কেহ নাই।

শুদ্ধাভক্তি ভয়হারিণী—নামুষের যত প্রকার ভয় ও বিপদ আছে

মৃত্যু সর্বাপেকা অধিক। মৃত্যুর স্থার বিপদ নাই। মানুষ সদাই মৃত্যু ভরে ভীত। একটু মাথা ধরিল, একটু জার হইল, মানুষ অমনি অন্থির হইরা পড়িল; আন্ ডাব্ডার আন্ কবিরাজ! যতক্ষণ ব্যারাম ভাল না হইরাছে তওকণ চিস্তা উদ্বেশের বিরাম নাই।

বসন্ত, প্রেগ, কলেরা প্রভৃতি মহামারী উপস্থিত হইলে ভরে গারের
ভকাইয়া যার। পাছে রোগে ধরে, পাছে মৃত্যুম্বে পতিত হইতে হয়
এই ভয়ে মাহ্য সনাই সশল। বাহানের উপর এই ভক্তিদেবীর রূপা
হইয়াছে মৃত্যু বা কান বিপদ তাহাদিগকৈ ভর দেখাইতে পারে না।
তাহারা সর্ববিধ হইতে বিমৃক্ত হরেন। শিশু বেমন মায়ের কোলে
ধাকিয়া ব্যাত্র সিংহকেও পা দেখার, সাধক ভেমনি ভক্তিদেবীর কোলে
ধাকিয়া নিশ্বিত্ত হইয়া কাল যাপন করেন।

শুদাভক্তি পৰিত্রশ্বরূপিনী। পাঠক মহাশহপা ইহার নাম শুনিরাই বৃথিতে পারিতেছেন ইনি কিরুপ পৰিত্রা। পৰিত্রভাই ইহার একটি স্বরূপ। বাহারা ইহাকে লাভ করিতে চান, তাঁহাদিপের সদাই বিশুদ্ধভাবে জীবন বাপন করা কর্ত্তবা। সদাচার, সদাহার, সাধু-চিস্তা, সাধু-বাবহার, দান, দরা, পরোপকার, ক্ষমা, সকলের মর্যাদা রক্ষা, সত্তা কথা, মিই ভাষণ, অহিংসা, অতিথি-সেবা, সাধুসক, সং-প্রসক, সদালোচনা বাতীত ইহার কুপালাভ করা যায় না।

ফে স্থানে হিংসা-শ্বেষ, যে স্থানে বিবাদ-বিসম্বাদ, যে স্থানে অহন্বারঅভিমান, যে স্থানে পরপীড়ন, যে স্থানে অমর্য্যাদা, যে স্থানে কদাচার,
কদাহার, জীব-হিংসা, পরনিন্দা, পরচর্চা ইত্যাদি বর্ত্তমান, সে স্থানে এই
ভক্তি-দেবী পদার্পণ করেন না।

শুদা-ভক্তি কর্মক্ষরকারিণী। মাহুষের কর্ম থাকিতে কর্মসন্ন্যাস গ্রহণ করা জতীব ক্রিভার। কর্মের দারা কর্ম কর না করিলে কর্ম থাকিরা যার। নাম ধারা কর্ম করা অতীব কঠিন, কারণ কর্ম নাম করিতে দেয় না। কর্ম থাকিতে নামে কচি না।

যাহারা তামদ প্রকৃতির লোক, তাহারা আলক্ষে শীবন যাপন করে। ধর্মজগতে তাহাদের অন্তিত্ব নাই। তাহারাও মনে মনে নানা কর্ম করিরা থাকে, তাহাদের মন আরও অন্তির।

শুদ্ধা-ভক্তি ভগবান শ্রীক্ষের পদার্যবিদ্ধে রতি জন্মাইয়া দেন। শ্রীক্ষে রতি জন্মিলে সঙ্গে সঙ্গে কর্ম কর হইয়া যায়; স্থতরাং মান্ত্র নিশ্চিত হইয়া সাধন ভজন করিতে সমর্থ হয়।

ভন্ন-ভক্তি সংসার-করকারিণী—ভন্ন-ভক্তি কেবল যে কর্মকরকারিণী তাহা নহে ইনি সংসারও কর করিয়া দেন। ত্রী, পুত্র, বর,
বাড়ী, বিষয়, বৈভব, সংসার নহে। এই সকলের প্রতি মাহবের
আসক্তি ইহাই সংসার। এই আসক্তি দ্র কইলেই বুঝিতে হইবে বে
সংসার ক্ষয় হইয়াছে। সংসার ক্ষয় হইলে ত্রী পুঞাদির বিয়োগজনিভ
ক্রেণভোগ করিতে হয় না; লাভে মন উৎফুল হয়ী না; এবং ক্ষতিতে
মন ক্রিউ হয় না। লাভালাভ, নিন্দা-প্রশংসা, সংযোগ-বিয়োগ, এসব
সমান হইয়া যায়। শোক মোহ কিছুই থাকে না।

শাস্থার হাদর অধিকার করে। সে দিখিদিক জ্ঞানশ্ন্ত হইরা পড়ে।
এই প্রতিকূল অবস্থার কেহ কেহ উন্মাদগ্রন্ত হইরা পড়ে, কেহ বা আত্মহত্যা পর্যান্ত করে। শুদ্ধা-ভক্তি সংসারের প্রতিকূল অবস্থার মাহুষের
প্রাণে মৃতসঞ্জীবনীর ন্তার কাল করেন। মাহুষের প্রাণে সাহস আনিরা
দেন। মাহুষকে প্রবাধ দিয়া তাহার অন্তরে বলসঞ্চার করেন, এবং
শুদ্ধা করিয়া তাহার যন্ত্রণার লাশ্ব করিয়া থাকেন।

ওদাতভিত যেমন ভিশ্ৰয়া জানেন এমন ভশ্ৰয়া কেহ জানেন না।

ইহার শুশ্রষার মানুষ মৃতপ্রাণে জীবন পার। মা, বাপ, আত্মীয়-এমন শুশ্রষা জানেন না।

শুদ্ধা-ভক্তি স্বাস্থ্য-প্রদারিনী। শুদ্ধা-ভক্তি ক্ষেবল বে মনের রোগ নষ্ট করেন তাহা নহে। ইনি শরীরের রোগও নষ্ট করিয়া দেন। শরীরের স্বাস্থ্য প্রদান করেন। এবং মামুবকে ভগবৎ-উপাসনার উপযোগী করিয়া ভোলেন। এই ভক্তি-বাজনে শরীর ও মনে একটা বেশ প্রসর্ভার অমুভূতি হয়।

ভারা-ভক্তি মাদিকা। ভারা-ভক্তিতে বেশ একটু মাদকতা শক্তি আছে। ইহাতে মাসুষের বেশ নেশা হয়। তথন মাসুষের ক্ধা তৃষ্ণা কিছুই অফ্ভব হর না, মনের কোন চঞ্চলতা থাকে না এবং শরীরের কোন কভিছ্ত হইয়া পড়ে যে দেহের উপর ভাহার কর্তৃত্ব থাকে না; কিন্তু জানের কোনরপ্রিবাদশ্য হয় না।

ভদ্ধাত জি অভিনৃষ্টি-প্রধার-কারিণী।—ধাঁহারা ভদ্ধা-ভজি যাজন করেন তাঁহাদের আঅনৃষ্টি অভান্ত প্রথম হয়। কন্পাদের কাঁটা যেমন সর্বাদাই উত্তর মুথে থাকে, ভাহাকে ঘুরাইয়া কিরাইয়া দিলেও দে আপনা হইতে উত্তরমূপ হইরা থাকে, ভেমনি যাঁহারা ভদ্ধা-ভজি বাজন করেন তাঁহাদের মন সর্বাদাই ভগবানের দিকে থাকে; সংসারের কোলাহলে তাঁহাদের মন কিছু কালের জন্ত সংসারের দিকে থাকিলেও এই কোলা-হল থামিবা মাত্র মন আবার আপনা হইতে ভগবনুখী হইয়া পড়ে।

নিজে কি অবস্থায় দিন ধাপন করিতেছে, ধর্ম কতটুকু লাভ হইল, কোন্ কোন্ স্থানে ত্রুটি আছে এই শুদ্ধান্তক্তি তাহা সাধককে প্রতিনিয়ত দেখাইয়া দেন। সংসার-মোহে বৃথা কালক্ষেণণ করিলে অন্তরে নির্মেদ আনিয়া দেন এবং মানুষকে সাধন পথে পরিচালি চ করেন।

দিতীয় পরিচ্ছেদ।

শুদ্ধাভক্তি আনন্দ-রূপিণী।

শুদ্ধাভন্তি আনন্ধ-রূপিনী। এ জগতে মহামারাই মাহুবের আনন্ধ বিধান করিয়া থাকেন। বাহার মায়ার বন্ধন যতই প্রবল, তাহার স্থের মাত্রা ততই অধিক। পিতা মাতা শ্বেহমর পূত্রকে ক্রোড়ে লইয়া যে আনন্দ ভোগ করেন তাহা সামান্ত নহে; নায়ক-নারিকা পরম্পরকে আলিক্সন করিয়া যে আনন্দ উপভোগ করে তাহার কি বর্ণনা জীছে ? রূপণেরা লোহার সিন্দুকের ডালা ভূলিয়া ধন রাশি দেখিয়া, ধনিগণ স্থপার্যদগণের জতিগান শুনিয়া, মানিগণ খবরের কাগজে ও লোক মুধে আপনাদের বলংকীর্ত্তন শুনিয়া যে আনন্দ ভোগ করে তাহা নিতান্ত কর্ম নহে। এইরূপ পেটুকগণ প্রচুর আহার করিয়া, নেশাঝোরগণ নেশা করিয়া, অর্থাৎ যাহার যাহাতে প্রবৃত্তি সে তাহা উপভোগ মাত্রেই বেশ আনন্দভোগ করে। এই আনন্দের বিধানকর্ত্তী নায়া। ইনি ভগবানের বহিরকা-শক্তি, সৃষ্টি রক্ষাকারিণী। ইনি না থাকিলে এই সৃষ্টি কোন রক্ষে রক্ষা পায় না।

মারার বন্ধন আছে বলিয়াই এই সৃষ্টি রক্ষা হইতেছে, জীবে একটা আনন্দভোগ করিতেছে। মারার বন্ধন শিথিল হইলে জীবনটা একেবারে আলুনী হইরা পড়ে, তথন সন্তানকে কোলে লইয়া পিতা মাতা আর আনন্দভোগ করেন না, নায়কের প্রতি নারিকার, এবং নারিকার প্রতি নারকের মন আর ধাবিত হয় না, বর বাড়ী, দালান, কোঠা, গাড়ী, যুড়ী হয়, হস্তী, আহার বিহার কিছুই আর ভাল লাগে না, জীবনটা ভার-বহু হইয়া উঠে।

পৃথিবী নারাময় দেখিয়া শুকদেব মাতৃগর্ভ ইইতে ভূমিষ্ঠ হন নাই।
বোল বংসর কাল মাতৃগর্ভে বাস করিয়াছিলেন। তৎপরে প্রীভগবানের
ইচ্ছার মারাদেবী কণকালের জন্ত অপসারিতা ইইলে শুকদেব জনগ্রহণ
করেন। মায়াদেবী পৃথিবী ইইতে অন্তরিতা ইইবামাত্র, সন্তানবৎসলা মাতা
সন্তানকে কোল ইইতে দুরে নিক্ষেপ করিল, সাধ্বী স্ত্রী পতিকে পরিত্যাগ
করিল, প্রেমবান পতি প্রেমবতী পত্নীকে পরিত্যাগ করিল, কুলাজনাগণ
গৃহকর্ম ছাড়িল। রাজা লিংহাসন ত্যাগ করিল, মন্ত্রিগণ রাজনাগণ
ত্যাগ করিল, সেনাপতি তাননাগণ আন্তর্ত্তাগ করিল। অধ্যাপকর্গণ
অধ্যাপনা, বালকগণ অধ্যরন ছাড়িল। ক্লক আন্তর্ভুমি কর্মণ
করে না, কুন্তকার বট প্রন্তুত করে না, তেলি আর ঘানি ডাকার না,
ক্লোরকার ক্লোরকার্য্য করে না, রেজক কাপড় ধোলাই করে না।
ত্যাগ পরিগণ আপনাপন শিরকার্য্য পরিত্যাগ করিল, গাভী সকল
বংসগণকে আর চ্যু পান করার না, ব্র সকল আর গাভীর পশ্চাতে
ধাবিত হর না, যুধপতি হত্তিযুধ সলে বিচরণ করে না।

পক্ষিগণ কুলায় শাবকগণকে কেলিং। উড়িয়া পেল; মধু-মক্ষিকা মধু আহরণে বিরত হইল। এই রূপে যাহার যে কাজ সে ডাহা পরিত্যাগ করিল। পৃথিবীতে ধোৰ বিশৃত্যলা উপস্থিত হইল।

অতঃপর ঞীভগবান যেমন মায়া-শক্তি বিস্তার করিলেন, অমনি মাতা সস্তানকে কোলে লইল, স্ত্রী পতির অমুগতা হইল,পতি পত্নীকে গ্রহণ করিল. প্রস্ত্রীগণ গৃহকর্মে নিযুক্তা হইল, রাজা সিংহাসন গ্রহণ করিল সেনাপতি অস্ত্র ধারণ করিল,যাহার যে কাজ সে সেই কাজে নিযুক্ত হইল। সংসারের সমস্ত বিশৃঞ্জা দূর হইল। মায়া না পাকিলে কি আর সৃষ্টি রক্ষা হয় প মানুষ হঃখনর জীবন চিরদিন বছন করিতে পালে না, ক্রমাগত হঃশ ভোগ ছইতে থাকিলে জীবন রকা হয় না, ■ কারণ মহামায়া সময় সময় মানুষকে বেশ একটু সুথ দিয়া তাহার চিত্ত-বিনোদন করেন। ইহাতেই মানুষ আনন্দে সংসারে মত হইয়া কাল্যাপন করে। মহামায়া এই বে স্থটুকু দেন ইহা কিন্তু ক্ষণিক এবং ইহার ভাবী ফল বিষম হঃখনয়।

এই ভক্তি-দেবী আনন্দ-রূপিনী, ইনিই ভগবানকে প্রতিনিয়ত আনন্দ সন্তোগ করাইতেছেন; এ আনন্দ অপ্রাকৃত। ইনি মায়ুবকে বে আনন্দ প্রদান করেন তাহাও অপ্রাকৃত; সে আনন্দের আখাদন এ জগতে নাই। সে আনন্দের তুলনা নাই। সে আনন্দ "মধুর হইতে অমধুর, তাহা হইতে অতি স্থমধুর।" সে আনন্দের আভাস একবার পাইলে এ জগতের আনন্দ অতি অকিঞ্ছিৎকর বলিয়া বোধ হয়। খহাপ্রভু আক্ষেপ করিয়া বলিতেছেন—

> "কৃষ্ণ প্রেম সুনির্মাণ, বেন শুদ্ধ গঙ্গাজিল, সেই প্রেমা অমৃতের সিন্ধ। নির্মাণ সে অমুরাগে, না লুকার আদাগে শুকু বস্তো বৈছে মুলী বিন্দু ॥

ওদ প্রেম স্থ সিন্ধ পাই তার এক বিস্ সেই বিন্দু জগৎ ডুবার। কহিবার যোগ্য নয়, তথাপি বাউলে কয়,

কহিলে বা কে বা পাতিয়ায় 🗗

প্রাক্ত-ভক্তি মনের বৃত্তি বা ভাববিশেষ, স্থতরাং মনের অবস্থা ভেদে ভাঁহার আহাদন নানা প্রকার। থিয়েটারে, নিমাই সয়াস অভিনীত হইতেছে, শচী মাতা ও বিষ্ণু প্রিয়া কান্দিয়া আকুল, ভাঁহাদের আর্দ্তনাদ শুনিরা মান্তবের প্রাণ শোকাকুল হইরা উঠে। রাধা-ক্লফের লীলাগানের সময় কীর্ত্তনিয়া যথন মাধুর পান করেন এবং শ্রীমতীর দশদশা বর্ণন कर्तन, ज्ञ देवकरवत्र। ज्थन कामित्रा चाक्न इन, ज्थन छाहारात्र श्रारण নিদারুপ ক্লেশ উপস্থিত হয়। আধার মিলনে প্রমানন। এই 🚃 জ্জু-বৈশ্বেরা শিলন না করিয়া গান 📉 করিতে দেন না। 📜 বৈ্যাব-গণের মধ্যে বাৎশুল্য রসের গানের সময় তাঁহ।দের মনে বাৎকীয় রসের ও স্থ্যরসের পানের সময় স্থারসের উদ্ধাহর। মনোভাব অনুসারে সম্ভোগের নানা রকম প্রকারভেদ ঘটিয়া থাকে।

ওদাভজিতে আত্মাদনের এরপ প্রকারভেদ নাই। ভগবানের ফে কোন দীলাগান হউক, লীলা শ্ৰৰণ মাত্ৰেই ভগৰৎ-শক্তি জাগিয়া উঠিবে, প্রাণমন বিগলিত করিবে, দেহে সাত্মিক লক্ষণ সকল প্রকাশ পাইবে। এই শক্তি ভক্তকে কাঁদাইবে, কাঁপাইবে, নাচাইবে, হাসাইবে ৷ ভক্তের শরীরে বিবিধ অঙ্গ-চেষ্টা প্রকাশ পাইবে। ভক্তের সাধা নাই যে তিনি ইছা রোধ করেন। শক্তি জাগ্রৎ হইলে সাধক যে আনন্দ ভোগ করেন, তাহার প্রকারভেদ নাই, কিন্তু তাহার তারতম্য আছে।

শীর্নাবনে কালা বাবুর কুঞ্জে কলহাস্তরিতা গান হইতেছে, বিরহ-বিধুরা শ্রীমতী, অন্তাপ স্বরিয়া এই বলিয়া কাঁদিতেছেন---

নাকর্ণর ত স্থত্ত্পদেশং। নালেক্যমর্পিতসুরহারং। প্রণমন্তঞ্চ দরিভ্যসূবারং॥

''দীদতি স্থি মম হাদ্যমধীরং। যদ্ ভক্তমিহ, নহি গোকুল্বীরং॥ মাধৰ চাটুপটলমপি লেশং ॥ হস্ত সনাতন গুণমভিযান্তং। কিমধারয়মহমুরসি ন কান্তং॥"

এই গান গুনিরা গোসামী মহাশয় ও তাঁহার শিব্যগণ উদ্ধ্য নৃত্য করিতে লাগিলেন, বৈষ্ণবৰ্গণ তাহা দেখিয়া বিষ্মনান্তিত হইলেন। তাঁহার। মনে করিলেন, এ কি, ঞ্রীমতী অমূতাপ করিয়া স্বঞ্চবিরছে কাঁদিতেছেন আর গৌস্বামী মহাশয় 🏶 তাঁহার শিষ্যগণ আনন্দে নৃত্য করিতেছের, ইহা নিতান্ত ভাববিক্লন। ভাঁহারা গোলমাল করিয়া উঠিলেন। কীর্ত্ত-নিয়াগণ গান বন্ধ করিয়া দিল। গোঁসাই ও তাঁহার শিহাগণের প্রাণে দারুণ আখাত লাগিল। তাঁহাদের মধ্যে কেহ কেহ বাতাহত কদলীর স্থায় ভূতলে পড়িয়া গেলেন । ইহাদিগকে হস্ত করিবার জন্ম কীর্ত্তনিয়াগণকে পুন: পুন: গান করিতে অমুরোধ করা হইল; কিন্তু তাঁহারা আর किहूर होन कतिरमन ना। जाव किनिम्हा कि अक्कन देवस्वर বুঝিল না।

আর একবার দা-জীর মনিরে জ্রীগোপালভট্র গোস্বামীর তিরোভাষ উপলক্ষে নাথ্র গান হইতেছে। কীর্ত্তিরাগণ এমভীর বিরহ গান করিতেছেন—

প্রেমক অমুর, আত জাত ভেল

নাহি ভেল যুগল্পলাশা। প্রতিপদ চাঁদ, উদয় থৈছে যামিনী. স্থৰ লব ভৈগেল নৈরাশা॥ স্থি হে অব মুঝে নিঠুর মাধাই। অৰ্ধি রহণ বিছুরাই ॥

কো জানে চাঁদ, চকোরিণী বঞ্চব

মাধবী মধ্প স্কান।

অর্ভবি কান্তু, পিরীতি অনুমানিরে

বিঘটিত বিহি নির্মাণ ॥

পাপ পরাণ ক্ষ আন নাহি জানত,

কান্থ কান্থ করি ঝুর।

ি বিভাগতি কহে, নিকরণ মাধ্ব,

পোবিন্দ দাস রসপুর ॥

এই গান গুনিয়া গোসামী মহাশরের শিব্যগ্র উদ্ভা ক্রিতে লাগিলেন; বৈঞ্বগণ দেখিয়া অবাক। তাঁহারা বলিতে লাগিলেন ইহা আবার কোন্দেশী ভাব ? জীমতী বিরহে কাঁদিতেছেন, আর এরা माहिटलहा थरमप्र कि धक्छ। त्वांथ-त्वांध नाहे ? धरमप्र मा कार् গলায় মালা, সা আছে কপালে তিলক, এদের আবার ভাবের রক্ষথানা ८मथ १

একরার জীধান নবদ্বীপে মহাপ্রভুর মন্দিরে গান হইতেছে। কীর্ছ-নিরাগণ অভিসারের পর মিলন গান করিতেছেন—

> তমু তমু মিলল উপজল **প্রেম**॥ মরকতে থৈছন বেড়ল হেম। কনকলতা সনে ভক্ৰ ভমালা

নব জলধরে ধেন বিশ্বরি রসাল। ইতাাদি। গান শুনিবামাত্র গোস্বামী মহাশব্দের কোন কোন শিষ্য অঝোর নয়নে কাঁদিতে লাগিলেন; কেন্ন কেন্ত্ৰাশ কৰিতে লাগিলেন। বাবাজী-গণ দেখিয়া অবাক্; ভাহারা বলিতে লাগিল "এলোক গুলা কোথাকার, এরা নেহাত বেতালা, ইহাদের তাল বোধ নাই। রাধাস্কুফোর মিলন হইল,

ইহাতে কারাকাটী কিসের ? এরা উপহাস করিতে আসিয়াছে ; ইহা থিগকে নেশাখোর বলিয়া মনে হইতেছে।"

আবার কেছ কেছ বলিল "ইহাদিগকে এথান হইতে উঠাইয়া দাও; ইহারা এখানে থাকিবার যোগ্য নয়। ইহার। গান নষ্ট করিয়া দিবে।"

জামি এরপ শত শত ঘটনা দেখিরাছি, যাহাতে বৈক্ষবগণ গোখামী
মহাশ্রের শিষাগণের ভাবের উপর তীত্র কটাক্ষ করিরাছেন। জীজগরানের
লীলা গানের সহিত ভাবের মিল না হইলেই বৈক্ষবেরা মনে করেন কলিত
ভাব। তাঁহারা আবার শাস্ত্রের শ্লোক উল্লেখ করিরা বলেন—

"শ্রতি স্থৃতি বিহীনশ্চ পঞ্চরাত্তি বিধিং বিনা আত্যস্তিকী হরিভক্তি উৎপাতার তু কেবলম্।"

গোস্থানী নহালয়ের শিষাগণের ভাব দেখিয়া বৈষ্ণবেরা বলেন "এসম আশাস্ত্রীয় ভাব, কেবল উৎপাতের কারণ"।

শুদ্ধান্তন্তি জিনিসটা কি এই সব লোক আদৌ আনে না। ভগবানের গুণ ও লীলা শ্রবণে গোপ্থামী মহাশরের শিষ্যগণের অন্তর্নিহিত ভগবৎ-শক্তি জাগিয়া উঠে, সেই শক্তি তাঁহাদিগকে হাসার-কাঁদার, নাচায়-কাঁপার আর যাহা যাহা করিবার করে। ইহারা ইচ্ছা পূর্মক কিছুই করেন না, কেবল গুরুদত্ত নাম স্বাপ করেন: নাম ছাড়িয়া দিলে এই গুরু-শক্তি অতি প্রবল হইয়া ইহাদিগকে তুলিয়া আছাড় মারে। নামই ইহাদের শারীরিক চেষ্টার কতকটা সমতা রক্ষা করেন।

ভিন্ন ভিন্ন বসের অবতারণায় বৈঞ্চবগণের মনের যেমন ভিন্ন ভিন্ন ভাব হয়, যাঁহারা শক্তিশালী লোক তাঁহাদের সেরূপ হয় না। শক্তি আগ্রং হইলে প্রাণের একই প্রকার অবস্থা হয়, তবে গুরুশক্তির প্রাবল্যের যাঁহারা গুরুপক্তি লাভ করেন নাই, তাঁহাদের পক্ষে এ সব কথা হৃদয়ক্ষ করা কঠিন।

থে রসের অবতারণায় গুরুশক্তি কাগ্রৎ হইরাছে সেই রসের যতই পৃষ্টিবিধান হইবে, গুরুশক্তি ততই প্রবল হইতে, ক্লাকিবে। সাধকের অন্তরে ততই আনন্দধারা প্রবাহিত হইবে এবং বিবিধ শারীরিক চেষ্টা হইতে থাকিবে। নহুষাশরীর গুরুশক্তির বেগ সহু করিতে পারে না, এই জন্ম অঞ্চ কলাদি সাত্তিক লক্ষণ সকল দেহে প্রকাশ পার এবং সাধকের বিবিধ ক্ষচেষ্টা হইতে থাকে।

যে রসের অবতারণার শুক্রশন্তি জাগ্রৎ হইরাছে সেই রস হঠাৎ পরি-ত্যাগ করিলে ভিতরে শক্তি থেলিতে পার না সাধকের অস্তরে নিদারুণ রেশ উপস্থিত হর, শরীরের উপরেও বিষ্ আখাত লাগে; ইহাতে শাথা ধরে, জর ইত্যাদি দেখা দের, অধিক কি সঙ্গে সৃত্যু পর্যান্ত ঘটিতে পারে।

এই জন্ম শ্রোতার অবস্থা বুঝিয়া কীর্ত্তনিয়াগণকে গান করিতে হয়।
এক রস হইতে রসান্তরের অবতারণ। করিবার সময় বাহাতে শ্রোতার
ভাব নই না হয় সেই ভাবে বিজ্ঞাকীর্ত্তনিয়াগণ গানের পরিবর্তন করেন।
বাহারা এসব তত্ত্ব বুঝে না তাহাদিগকে কীর্ত্তন করিতে নাই। আরপ
অনভিজ্ঞা কীর্ত্তনিয়ার নিকট শক্তিশালী লোকের গান শুনিতে নাই।

সংকীর্ত্তন সময়ে সিদ্ধান্ত-বিরুদ্ধ কথা বা রসাভাস উপস্থিত হইলে, গুরু
শক্তির ক্রিয়া বন্ধ হইয়া যায়, তাহাতে শ্রোভার প্রাণে দারুণ আঘাত
লাগে, সময়ে সময়ে শরীরে যেন ছুরিকা বিদ্ধ হয়। এই জন্ত কেই কোন
নৃতন পুস্তক, কবিতা, গান ইত্যাদি প্রণয়ন করিয়া মহাপ্রভুকে গুনাইতে
চাহিলে প্রথমতঃ স্বরূপদামোদর তাহা পরীক্ষা করিয়া দেখিতেন। পরীক্ষায়
উত্তীর্ণ ইইলে তবে মহাপ্রভুর নিকট পঠিত বা কীর্ত্তিত হইত।

গুদ্ধাভক্তির উদ্দীপনা।

"গ্রন্থ শ্লোক গীত কেছ প্রত্ন আগে আনে। স্বরূপ পরীকা কৈলে পাছে প্রভূ ।। সিদ্ধান্ত বিরুদ্ধ যেই আর রসাভাস। শুনিতে না হয় প্রভূর চিত্তের উল্লাস। অত এব স্বরূপ আগে করে পরীক্ষণ। শুদ্ধ হয় যদি করায় প্রভূকে প্রবণ॥"

তৃতীয় পরিচ্ছেদ।

শুদ্ধাভক্তির উদ্দীপনা।

বিক্রমিন্ত বা রসাভাগ হইলে বেমন শুরাভক্তি মান । তেমনি আবার বর্ণনার মাধুর্যে। ইহা উদ্দীপিত হয়। বাহা শান্তসমত, বাহা মুসিরান্ত, বাহা ভাল, বাহা ফুলর, বাহা কিছু সাধুজনোচিত তাহাতে গুলাভক্তি জাগরিত হইবে। নভেল নাটক, কাব্য বা খবরের কাগজে বর্ণনার মাধুর্যা থাকিলেই তাহা পাঠ কালে শক্তিশালী লোকের অন্তরম্ভ ভগবৎ শক্তি জাগিরা উঠিবে, ভাহাকে অপার আনন্দদাগরে ভাদাইবে এবং তাহার শরীরে সাহিক লক্ষণ সকল প্রকাশ পাইবে। এই সকল বর্ণনার ঘটনার সভ্য মিথার সহিত কোন সংপ্রব নাই।

সভীত্ব, প্রেম, স্নেহ, ভালবাসা, পরোপকার, পরছঃথকাতরতা, দয়া,

হইবে। আবার ব্যভিচার, নির্মুরন্তা, পরপীড়ন, মিথ্যা, প্রবঞ্চনা, শঠতা, ক্পটতা, পরনিন্দা, কুটলতা, স্বার্থপরতা, ক্রপণতা ইত্যাদি হস্পর্ভি সকবর্ণনাম শুদ্ধাভক্তি মান হইবে। এ কারণ বাহারা ভক্তিযাজন করেন ভাইদের প্রায়াক্তা, কদালাপ সর্বতোভাবে পরিত্যাগ করা করেব।

কোন ছবি বা চিত্র স্থানর ভাবব্যঞ্জক ও স্টিজিত ইইলে তাহা দর্শনেও ভাষাজ্ঞি জাগরিত হয়। এই ছবি বা চিত্র ভাবরহিত ■ কুংসিত ইইলে, ভাষা দর্শনে আবার শুরুশক্তি মান ইইয়া পড়ে। এ জগতের খাহা কিছু ভাল ও স্থান তাহাতেই শুরাভিজি জাগরিত ইইয়া থাকে।

গোস্থামী মহাশরের কোন শিষা সংসার ত্যাগ করিয়া কিছুকাল বাবৎ
সাধনভন্তন করিয়া জীবন কাটাইতেছিলেন। তিনি বরুসে যুবা, শরীরও
বলশালী এবং স্থান্তিত। কন্দর্শের প্রবলবেগ ভাঁহার শরীরে উপস্থিত
হওয়ার তাঁহার মন অত্যন্ত চঞ্চল হইয়া, উঠিল। আর সাধনভজনে
কিছুকাল বাবৎ
ক্রিয়া তাঁহার মন অত্যন্ত চঞ্চল হইয়া, উঠিল। আর সাধনভজনে
ক্রিয়া তাঁহার মন অভিকান করিতে অসমর্থ হইয়া পড়িলেন।
ক্রিয়া তাঁহার মন অভিকার করিয়া বসিল। এক্লিন তিনি কোন
সভীর্থকে বলিলেন—

কামপীড়িত—ভাই আমাকে ছইটা টাকা দিতে পার ?

সতীৰ্থ—কেন গ

কামপীড়িত--বড় দরকার পড়িয়াছে।

সতীর্থ-তোশার আবার কিসের দরকার?

কামপীড়িত—আমার অতি শুক্তর দরকার, তাহা প্রকাশ করিবার নহে।

সতীর্থ—লঙ্জা কি ? খুলিয়া বুল, তেবে টাকা দিব।

কামপীজিত—(হাসিতে হসিতে) ভাই কিছুদিন হইতে বড় কামের বেগ

উপস্থিত হুইয়াছে ক্লিক্তেই নিজারণ ক্লিক্তেল

ভদাভব্দির উদ্দীপনা।

আমি আর সহ্য করিতে পারিতেছি না। মনে করি-করিয়াছি বেশ্রা বাড়ী যাইব; তাই তোমার নিকট নকা চাহিতেছি। আমার অস্ত কোন দরকার নাই।

এই কথা শুনিরা সতীর্থ মহাশর তাঁহার হতে তুইটা টাকা দিলেন।
সন্ধ্যা হইতে না ত্হতে কলপ্পীড়িত ব্যক্তি বেখাবাড়ী গিয়া উপস্থিত
হইল এবং বেখার নিকট মনের ভাব ব্যক্ত করিল।

সন্ধা উত্তীর্ণ হয় নাই, বেখা সম্বতা হইয়া কিছুকাল অপেকা করিতে বলিল। আগন্ধক অগতা তাহাতেই রাজি হইল; বেখার বিহানার পার্থে বিসিয়া থাকিল। এমন সময় তিনি ঐ বেখাকে একটা গান করিতে বলিলেন। বেখা তাঁহার মনোরঞ্জন করিবার স্থান ধরিল।—

"মনে কি পড়েছে তোমার দাসী বলে গুণনিধি।" ইত্যাদি।

কামপীজিত ব্যক্তি এতক্ষণ কন্দর্পবেশে অধীর হইয়াছিলেন, এই
গান শুনিবামাত্র তিনি হন্ধার ছাজিয়া লক্ষ্ণ প্রদান ক্ষিয়া উঠিলেন এবং
উদ্ধ্য নৃত্য করিতে লাগিলেন। তাঁহার সর্বাদরীর চক্ষের কলে ভাসিয়া
যাইতে লাগিল, কন্দর্পবেগ একেবারে তিরোহিত হইল।

বেশ্রা এই অভাবনীয় দৃশ্র দেখিয়া বিশ্বয়াবিতা হইল এবং স্থিরভাবে আগত্তকের প্রতি চাহিয়া রহিল। কিছুকাল পরে এই নবাগত ব্যক্তি প্রকৃতিত হইলে বেশ্রাকে এক সাষ্টান্ত দিয়া তাহার পদ্ধূলি মন্তকে গ্রহণ করিলেন। তিনি যোড়হাতে বেশ্রাকে স্তব কর্মিয়া বলিলেন "আমার প্রাণটা বড়ই শুছ ও মৃতপ্রায় হইয়াছিল, আজ আপনি আমার শরীরে জীবন দান করিলেন। আমি আজ মৃত শরীরে জীবন পাইলাম, আজ আমি হইলাম, আমি আমার শরবার আমি

ত্ইটা বেখার পদপ্রান্তে রাখিয়া অতি জতবেগে আশ্রম অভিমুখে ধাবিত হইলেন।

বেশ্রা এই আগন্তক ব্যক্তিকে ফিরাইবার জন্ম অনেক অমুনয় বিনয় করিল এবং কিছুদ্র পর্যান্ত ঐ ব্যক্তির পশ্চাৎ পশ্চাৎ আসিল। কিন্তু লোকটা আর কিছুভেই পিছুপানে তাকাইল না দেখিয়া বেশ্রা বাড়ী ফিরিয়া গেল।

" এই বাক্তি আশ্রমে উপস্থিত হইলে সভীর্থ মহাশয় জিজাসা করিলেন—
সভীর্থ মহাশয় — কি ভাই, এখনি ফিরিলে বে? কার্যাসিদ্ধি বটেত ?
অপর বাক্তি—(হাসিতে ২) বথেষ্ট কার্যাসিদ্ধি হইয়াছ।
সভীর্থ মহাশয়—কি রকম কি করিলে বল দেখি ?

তিনি আত্যোপান্ত সমস্ত ঘটনা বিবৃত্ত করিলেন। পরে বলি-লেন "ভাই আজ তোমার টাকাতে প্রাণ পাইলাম। কিছু দিন যাবৎ প্রাণটা বড় শুক ছিল মনটা বড়ই চঞ্চল হইরাছিল, নাম ক্লরিতে পারি-তাম না, নাম একেবারে বন্ধ ছিল। আজ ভিতরে নামের প্রবাহ ছুটিরাজে, শরীর ■ মন জুড়াইয়া গিয়াছে; কন্দর্পের গোঁ। তিরোহিত হই-যাছে; আমি যেন আজ্ অন্ত মানুহ হইরাছি।" এই কথা শুনিয়া সতীর্থ মহাশর পরমানক লাভ করিলেন।

সাধনপদ্ধার অন্তরের ভাবই কাষ করিয়া থাকে। যদিও বেখা প্রাক্ত নায়িকার আক্ষেপ গান কির্যাছিল, কিন্তু ঐ আক্ষেপে শ্রীমতীর আক্ষেপ স্মরণ হওরার গোস্বামী মহাশরের এই শিষ্যের গুরুলক্তি জাগ্রৎ হইয়া উঠিয়াছিল। সেই সময়ের জন্ম তাঁহার হৃদ্য নির্মাল হইয়াছিল এবং তিনি পর্মানক লাভ করিয়াছিলেন।

গোস্বামী মহাশর বথন ঢাকার একরামপুরের বাদার থাকিতেন,

সোভরী উপাখ্যান।

•

হইতে এই গান শুনিরা আনন্দে হকার ছাড়িতেন এবং সময়ে সময়ে উদও নৃত্য করিতেন।

চতুর্থ পরিচ্ছেদ।

সৌভরী উপাখ্যান।

শুদ্ধাভক্তি বাসনা-উন্নুলনকারিণী। বোরতর তপদ্যাতেও বাসনা নির্মূল হল না। সংঘম ও তপদ্যা থারা মনে হয় বাদনা নই হইয়াছে। কিন্তু প্রেক্ত পক্ষে বাদনা নই হয় না। অনুকৃল অবয়া উপস্থিত হইলেই উহা জাগিয়া উঠে ও বাদনামূরপ কার্য্যে প্রবৃত্ত করায়। সৌজরী নামে এক থারি ছিলেন। পৃথিবী মায়াময়, এ য়ানে বাদ করিতে হইলে মায়ায় পড়িতে হইবে এই ভাবিয়া তিনি জলস্তত্তন বিভাবলে সমুদ্রগর্তে নিমজ্জিত থাকিয়া চক্সু মুদ্রিত করিয়া বোরতর তপশ্যা আরম্ভ করিলেন। সমুদ্র গর্ভেও তিনি চক্সু উন্মালিত করিতেন না। এইরূপে বহুকাল গত হইলে তিনি মনে মনে চিস্তা করিলেন, আমি বৃদ্ধ হইয়াছি, আমায় কেশরাশি পরিপ্রক হইয়াছে, দস্ত সকল খদিয়া পড়িয়াছে, দৃষ্টিশক্তি ও শ্রবণশক্তি ছাদ হইয়াছে, চর্ম্ম লোল হইয়াছে, ইন্রিয়গণ বিকল হইয়াছৈ, এক্ষণ আমি নিরাপদ; এইবার একবার চক্ষু উন্মালিত করি।

থাধিবর এইরপ চিন্তা করিয়া সমুদ্র মধ্যে আপন চক্ষ্ উন্মীলিত করি-লেন। তিনি দেখিলেন একটা শোল মাছ তাঁহার পার্শ্বে বিচরণ করি-তেছে; পোনাগুলি মায়ের চারিপার্শ্বে খেলা করিয়া বেড়াইতেছে, মাছটী যথন যে দিকে যাইতেছে, পোনাগুলি মায়ের সঙ্গে সঙ্গে সেই দিকে যাই- এই দৃশ্য দেখিয়া সৌভরী পরম আনন্দিত হইলেন, তাঁহার সন্তান থাকিলে সেই সন্তান গুলি তাঁহার নিকট থেলা করিয়া বেড়াইত, তিনি তাহাদিগকে দেখিয়া পুলকিত হইতেন, এই এক বাসনা তাঁহার অন্তরে জাগরিত হইল। ক্রমে ইচ্ছা বলবতী হওয়ায় তিনি বিবাহ করিতে কৃতসংকর হইলেন। ঋষিবর জলগর্ভ হইতে উথিত হইলেন এবং গ্রামে পিয়া কলা অবেষণে লোকের বাড়ি বাড়ি ফিরিতে লাগিলেন।

সৌভরী বৃদ্ধ হইয়াছেন, তাঁহার কেশ গুলি পাকিয়া গুল হইয়াছে,
দস্ত সকল থসিয়া পড়িয়াছে, গাঅচর্ম লোল হইয়াছে, চক্ষে ভাল দেখিতে
পান না, কাণে ভাল গুনিতে পান না, পথ হাঁটিতে শরীর থর থর
করিয়া তাঁপে, মরণ নিকট, এই বৃদ্ধকে কে কলা দান করিবে ? সৌভরী
যেথানে যান সেই খানেই বিদ্ধুল মনোরথ হরেন। কেহ বলে ঠাকুর
বৃদ্ধ হইয়াছ
বয়সে আবার বিবাহ কেন ? কাহার জল বিবাহ করিবে ?
কেহ বলে জীবন শেষ হইয়াছে একণ ইই চিন্তা কর, যাহাতে পরকালে স্কাভি হয় ভাহার উপায় দেখ। এই ক্সপে যাহার মনে যাহা
উদ্ম হইল সেই ভাহাই বলিতে লাগিল। বৃদ্ধ ব্রাক্ষণ কিন্তু এমনই বিরেপাগলা হইয়াছেন যে কাহারও কথা ভাহার কর্পে হান পাইল না। ডিনি
গ্রামে গ্রামে নগরে নগরে কলা অবেষণে ক্ষিরতে লাগিলেন।

তথন মহারাজা মান্ধাতা দেশের অধীশ্বর ছিলেন। কোন প্রার্থী ব্রান্ধণ তাঁহার নিকট বিমুধ হইত না, ধিনি যাহা চাহিতেন রাজা মান্ধাতা তাঁহাকে তাহাই দিতেন। এই সপ্রদীপা পৃথিবী তাঁহার শাসনাধীন ছিল।

মহর্ষি সৌভরীকে যখন কেহই কন্তাদান করিল না, তথন ঋষিবর মহারাজ মারাতার সভায় উপস্থিত হইলেন। মহারাজ বৃদ্ধ ব্রাহ্মণকে

সৌভরী উপাধ্যান।

ইয়া পান্ত-অর্ঘ্য দিয়া পূজা করিলেন। তৎপরে ব্রাহ্মণকে আগমনের কারণ জিজ্ঞাসা করার সৌভরী বলিলেন—

সোভরী—আপনি মহাপ্ণ্যবান রাজা, এই সপ্তথীপা পৃথিবীর অধীখর। আপনার রাজ্যে কাহারো কোন অভাব নাই, যে যাহা চার আপনি তাহাকে তাহাই দিয়া থাকেন। আমি বৃদ্ধ ব্রাহ্মণ আপনার যারে উপস্থিত হইয়াছি, অনুপনার পঞ্চাশটী কন্তা আছে, আমাকে একটা কন্তা সম্প্রদান করুন।

ব্রাহ্মণের প্রার্থনা শুনিয়া রাজা মান্ধাতার মাধার যেন বজাবাত হইল, তিনি মনে মনে বলিতে লাগিলেন—আমার ভাণ্ডারে যত ধন রক্ন আছে ব্রাহ্মণ চাহিলে আমি সমস্তই দিতাম, এই রাজা চাহিলেও আমি রাজ্য দিতাম, কিন্তু এই বৃদ্ধ ব্রাহ্মণকে কি প্রকারে যুবতী কল্পা সম্প্রদান করিব ? যদি না দিই ব্রাহ্মণ ক্ষুপ্ত হইবেন, আবার অভিসম্পাতও করিতে পারেন। রাজা ক্ষণকাশ চিন্তা করিয়া বলিলেন।—

মান্ধাতা—আপনি জানেন স্থাবংশীয়া রাজকভাগণ সকলেই সমন্ত্রা হইরা থাকেন। তাঁহাদের পিতা তাঁহাদের পতি মনোনীত করেন না। আমার ক্লাগণের মধ্যে যদি কেহ আপনাকে বিবাহ করিতে সমতা হন আমি ক্লাদানে প্রস্তুত আছি। আপনি আমার অন্তঃপুরে গমন করুন এবং ক্লাগণের নিকট আপনার অভিনাষ ব্যক্ত করুন।

এই বলিয়া রাজা প্রতিহারীকে ডাকিয়া বলিলেন এই বৃদ্ধ ব্রাক্ষণকে অন্তঃপুরে আমার কন্তাগণের নিকট লইয়া যাও। প্রতিহারী অভিবাদন করিয়া ব্রাক্ষণের হস্ত ধারণ পূর্বক অস্তঃপুরে লইয়া চলিল।

পথে যাইবার সময় মহর্ষি ভাবিলেন আমি বৃদ্ধ হইয়াছি, শরীর জ্বা-গ্রস্ত ও বিকৃত, আমার এই অবস্থা দেখিলে রাজকভাগণ কথনই আমাকে বিবাহ করিতে সমতা হইবেন না। একারণ তিনি যোগবলে নব-কন্দর্পের ভ্রায় রূপধারণ করিয়া অস্তঃপুরে প্রবেশ করিলেন। কন্তাগণ দ্র হইতে সোভরীর রূপ দেবিয়া বিমোহিতা হইলেন এবং তাঁহার গলায় বরমাল্য দিবার জন্ত সকলেই তাঁহার প্রতি ধাবমানা হইলেন। বড় কন্তা বলিতে লাগিল "আমি সর্ববিদ্যুটা আমারই বিবাহ করিবার প্রথম অধিকার, তোমরা ক্ষাস্ত হও, আমি বিবাহ করিব।" আর একজন বলিল—"তোমার আগে আমি দেখিয়াছি আমি বিবাহ করিব," আর একজন বলিল—"আমি সর্ব্বাত্রে মনে মনে বরমাল্য প্রদান করিয়াছি—উনি আমার পতি হইবেন।" কেহ বলিলেন "মনে মনে বরমাল্য দিলে কি হয় আমি এই নিজ হত্তে বরমাল্য পরাইয়া দিলাম উনি আমার পতি" এইরূপে সৌভরীকে বিবাহ করিবার জন্ত অন্তঃপুরে একটা মহা গগুগোল উপস্থিত হইল; পঞ্চাশটী কন্তাই সৌভরীর গলদেশে পঞ্চাশ গাছা বরমাল্য প্রদান করিলেন। সৌভরী অন্তঃপুরেই রহিলেন।

প্রতিহারী ফিরিয়া আসিলে রাজা প্রতিহারীকে বৃদ্ধ ব্রাহ্মণ ■ কল্লা-গণের কথা জিজ্ঞাসা করিলেন, প্রতিহারী বলিল—

প্রতিহারী—মহারাজ! আপনার কন্যাগণের কথা আর কি বলিব!
ব্রাহ্মণকে দেখিয়া সকলেই উন্মন্তা, সর্বাগ্রে বর্মালা প্রদান করিবার
জন্ম সকল কন্তাই ব্রাহ্মণের প্রতি ধাবিতা হইলেন এবং তাড়াতাড়ি
করিয়া সকলেই এক এক গাছি বর্মালা ব্রাহ্মণের গলায় পরাইয়া দিলেন,
কেহ কাহারও নিষেধ শুনিলেন না। এখন সকলেই বিবাহ করিবার
জন্য পরস্পর গগুগোল করিতেছেন।

রাজা মারাতা প্রতিহারীর কথা শুনিয়া অবাক হইলেন, তিনি ভাবিলেন বয়স্থা কন্যা গৃহে অবিবাহিতা অবস্থায় রাথা ক্র্ত্রা নয়। একটা বুড়া বামুন দেখিয়াই এই, একজন যুবা রাজপুত্র দেখিলে না জানি কি হইত। যাহা হউক রাজা কাল বিলম্ব না করিয়া ব্রাহ্মণকে পঞ্চাশটী

সৌভরীর সংসারস্থভোগ।

কন্যাই সম্প্রদান করিলেন। ব্রাহ্মণ কন্যাগণকে লইয়া এক অরণ্যে প্রবেশ করিলেন।

পঞ্চম পরিচেছদ।

সোভরীর সংসার-ত্বথ ভোগ।

রাজা মান্ধাতা কন্তাদানের পর হইতে বড়ই বিমনা হইলেন, তিনি তাবিতে লাগিলেন কন্তাগণকে পতি নির্মাচনের অধিকার দেওয়া কদাচ উচিত নহে। স্ত্রীগণ হিতাহিত জ্ঞানশূন্তা, দামান্য প্রলোভনে ভূলিয়া যায়, রূপ দেখিয়া মোহিত হয়; ইহাদের ভবিষ্যৎ ভাবনা নাই, মনের দৃঢ়তা নাই, পদে পদে বিপথগামিনী ও বিপদগ্রস্তা হয়। এই ষে পঞ্চাশটী ভয়ী একটা বৃদ্ধ ব্রাহ্মণকে বিবাহ করিল ইহাদের দশায় হবে কি ? ইহারা স্থামী-স্থে বঞ্চিত হইবে, অর্থাভাবে ক্লেশ পাইবে, ইহারা রাজকন্যা, বনবাদের ক্লেশ কদাচ সহ্ত করিতে পারিবে না। অল্ল দিন পরে নিশ্চমই ইহারা মৃত্যুমুথে পতিত হইবে। কিছুকাল পরে রাজা এইরূপ চিন্তা করিতে করিতে এক দিন মনে করিলেন মেয়েগুলার দশায় কি হইল একবার দেখা কর্ত্ব্য। এই ভাবিয়া রাজা অরণ্য অভিমুখে যাত্রা করিলেন।

বন মধ্যে বহুদ্র গমন করার পর রাজা ইক্রপুরীর ন্যায় এক স্থরমা পুরী দেখিতে পাইলেন। এই পুরীর চতুর্দিকে পুষ্পোদ্যানে মল্লিকা মালতী, জাতি যুগী শেফালিকা প্রভৃতি নানা জাতীয় ফুল বিকশিত হইয়া চারিদিকে সুগন্ধ বিস্তার করিতেছে; ফলোদ্যানে নানা জাতীয় বৃক্ষ ফল- ভরে নত হইয়া রহিয়াছে। পকিপণ বৃক্ষশাখায় বিদিয়া স্থাধুর গান করিতেছে; সরোবরে কুম্দ. কহলার, কমল সকল বিকশিত হইয়া সরোবরের শোভা বিস্তার করিতেছে, তাহাতে কলহংস, রাজহংস সকল কেলি করিয়া বেড়াইতেছে। সোপান সকল বিবিধ রশ্বংশচিত, স্থ্যালোকে ঝক ঝক করিতেছে। স্থাশন্ত রান্তার উভয় পার্শ্বে বকুলের শ্রেণী, তাহাতে ফুল ফুটিয়া চারিদিক আমোদিত করিতেছে।

রাজা পুরীর শোভা দেখিয়া বিমোহিত হইলেন। ক্রমে অন্তঃপুরে প্রবেশ করার আপন জ্যেষ্ঠা কন্যাকে দেখিতে পাইলেন। কন্যা পিতৃদর্শনে পরম পুলকিতা হইয়া সহচরীগণসহ ছুটয়া আসিয়া পিতাকে অভিবাদন করিলেন এবং গৃহ মধ্যে লইয়া গিয়া বসিতে আসন দিলেন। গৃহের সজ্জা ও শোভা দেখিয়া রাজা আশ্চর্যারিত হইলেন এবং তাঁহার নিকট সমস্ত ইজ্জালের মত প্রতীয়মান হইল; রাজা কন্যাকে জিজ্ঞাসা করিলেন—

রাজা---মা তুমি কেমন আছ ?

কন্যা—পিতা, আপনাকে আমি আর কি বলিব ? আমার স্থাধের অবধি নাই। আপনি সপ্তরীপা পৃথিবীর অধিপতি; আমার অঙ্গনে যে রম্বাজি পড়িয়া রহিয়াছে তাহা আপনার রাজভাঙারে নাই, আপনি নিজেই প্রত্যক্ষ করুন। ধরাধামে এত ঐবর্ধ্য কাহারও নাই আমার স্থাবের সীম নাই, আপনার জামাতার রূপে কন্দর্পতি হার মানিয়াছে।

রাজা—তোমার শারীরিক কি মানসিক কোন কন্ত আছে কি ? কন্যা—শরীর বেশ স্থ্যু, শারীরিক কোন ক্লেশ নাই, একটী মাত্র মনঃ কন্ত আছে।

রাজা---কি জন্য মনের কষ্ট গ

ক্ন্যা—আমার পতি দিবা রাত্রি আমার নিকটে থাকিয়া আমার মনোরপ্তন করেন, বিবিধ কেলিবিলাসে কালাতিপাত করেন; এক দণ্ডও আমা ছাড়া থাকেন না; আমান আরও উনপঞ্চাশটী ভগ্নী আছে. নিশ্চয়ই তাহাদিগকে পতিবিরহ সহু করিতে হয় এই ভাবিয়া আমার মনে হৃঃথ হয়; ইহা বাতীত আর আমার কোন হঃথ নাই।

রাজ্ঞা---তোমার আর আর ভগ্নীগণ কোথার ?

কস্তা-কিছু দূরে তাহাদের প্রত্যেকেরই এইরূপ গৃহাদি আছে।

বাজা কণ্ঠাকে , আণার্কাদ করিয়া দিতীয়া কভাকে দৈথিবার প্রী হইতে প্রস্থান করিলেন এবং কিছু দ্র গমন করিলে ঠিক এইরূপ আর এক প্রী তাঁহার নয়নগোচর হইল। তিনি প্রী মধ্যে প্রবেশ করিয়া তাঁহার দিভীয়া কভাকে দেখিতে পাইলেন।

ক্সা পিতাকে দর্শন করিয়া পরমানন্দ লাভ করিলেন এবং সহচরী পরিবৃতা হইয়া পিতার নিকট উপস্থিত হইয়া অভিবাদন করিলেন। রাজ-ক্যা পিতার হস্ত ধারণ করিয়া তাঁহাকে গৃহ মধ্যে লইয়া গেলেন এবং বিস্বার আসন দিয়া কুশল জিজ্ঞাসা করিলেন। কিয়ৎক্ষণ কথোপ-কথনের পর রাজা ক্যাকে জিজ্ঞাসা করিলেন।

রাজা—মা তুমি কেমন আছ?

কগ্রা—বাবা আমার স্থথের অবধি নাই, ঐশ্বর্য্যের দীমা নাই, আমার গৃহ-প্রাঙ্গণের চারিদিকে যে সকল বন্ধরাজি পড়িয়া থাকে তাহার সহস্রাংশের একাংশও আপনার রাজভাগুরে নাই।

রাজা—তোমার কোনরূপ ক্লেশ আছে কি ?

কন্তা---আমার কোন ক্লেশ নাই কেবল একটা মাত্র মনঃকষ্ট আছে। ব্যাকা---কি জন্ত মনঃক্লেশ আছে !

কন্তা—আমার পতি দিবারাত্তি আমার নিকট থাকিয়া বিবিধ

কেলিবিলাসে কাল্যাপন করেন; ক্ষণকালের জন্তও আমার কাছ ছাড়া হন না। আমার আরও উনপঞ্চাশটী ভগ্নী আছে তাহাদের পতিবিরহ ভাবিয়া আমার মনে কন্ত হয় আর আমার কোন কন্ত নাই।

রাক্সা—দ্বিতীয়া কঞ্চার কথা শুনিয়া একে একে আর আর ক্সার গৃহে উপস্থিত হইলেন, সকলেরই সমান স্থা, সমান ঐশ্বা্ এবং সকলের ঐ একই কথা; সকলে বলিলেন "পতি আমাকে ছাড়িয়া ক্ষণকালের ক্সাও অক্স ভগ্নীর নিকট যান না।"

মংর্ষি সৌভরী যোগবলে এই ঐশর্যোর সৃষ্টি করিয়া এক কালে পঞ্চাশটি পত্নী-সঙ্গে ইন্দ্রিয় স্থসভোগ করিয়া কালাভিপাত করিভেছেন। রাজা ব্রাহ্মণের যোগবন ও অচন্তা-শক্তির কথা ভাবিতে ভাবিতে রাজ-ধানীতে উপস্থিত হইলেন।

মহর্ষি সৌভরী এইরূপে বছকাল যাবৎ সংসার-স্থুও সন্তোগ করিয়া মনে করিলেন সংসার-স্থুও যথেষ্ট ভোগ করা হইয়াছে, এখন তপসাার্থ গৃহত্যাগ করাই কর্ত্বা। রাত্রি প্রভাত হইলেই মহর্ষি গৃহত্যাগ করি-বেন স্থির করিয়াছেন, কিন্তু রাত্রিকালে শর্ম করিয়া ভাবিতে লাগিলেন, আমি পঞ্চাশটী স্ত্রী গ্রহণ করিয়াছি কিন্তু পুত্রমুখত দেখিতে পাইলাম না। সন্তান হউক, পুত্রমুখ দেখিয়া গৃহ ত্যাগ করিব, এখন গৃহ ত্যাগ করা হইবে না।

মহর্ষি অপুত্রক, সম্ভান জন্মে নাই; সম্ভান কামনার তিনি অন্থির হইয়া পড়িলেন। অবশেষে পুত্রেষ্টিযক্ত আরম্ভ করিলেন। যজ্ঞের ফলে পঞ্চাশটী পত্নীই গর্ভ ধারণ করিলেন এবং যথা সময়ে পঞ্চাশটী পুত্র প্রসব করিলেন; সৌভরীর আর আনন্দের সীমা নাই।

একদিন ঋষিবর মনে করিলেন পুত্রমুথ দর্শন হইয়াছে, মনের সাধ ত মিটিয়াছে, আর কেন? এইবার ভপস্থার্থ গৃহ ত্যাগ করিব। বাতি প্রভাত হইলেই সোভরী গৃহ তাাগ করিবেন ইহা দ্বির করিলেন।
রাত্রিকালে সোভরী শর্মন কক্ষে শার্মিত, তিনি মনে মনে ভাবিতেছেন,
প্রভাতে গৃহ তাাগ করিব মনস্থ করিয়াছি, কিন্তু প্রেগণ শিশু, আমি গৃহ
ত্যাগ করিলে কেই বা তাহাদিগকে পালন করিবে, ব্যারাম হইলে কেই বা
তাহাদের চিকিৎসা করাইবে ? আর কেই বা তাহাদিগকে লেখাপড়া
শিখাইবে। আমি দেখিতেছি আমার অভাবে ছেলেগুলি কান্দিরা সারা
হইবে। পিতৃহীন বালকগণ একটিও প্রাণে বাঁচিবে না। এখন গৃহ ত্যাগ
করা কিছুতেই কর্ত্ববা নয়। ছেলেগুলি বয়ঃপ্রাপ্ত হউক, আপনাদের
কড়া গণ্ডা ব্রায়া লইতে শিখুক, তখন গৃহত্যাগ করিব। এই ভাবিয়া
খাবিবর আপন সংকল্প পরিত্যাপ করিলেন। সন্তানগুলিকে বত্ন সহকারে
লালনপালন করিতে লাগিলেন।

ক্রমে সন্তানগুলি ব্যঃপ্রাপ্ত হইলে মহর্ষি এইবার মনে করিলেন, আমার পিছু টানটা ঘুচিয়াছে, ছেলেগুলি বড় হইয়াছে, ভাহারা লেখাপড়া শিধিয়াছে, আপনার কড়া গঞা ব্ঝিয়া লইতে সমর্থ হইয়াছে, আর আমার কোন বন্ধন নাই, এইবার তপজার্থ গৃহত্যাগ করিব। রাজি শুভাত হইবানাত্র ঋষিবর গৃহত্যাগ করিয়া যাইবেন ইহাই স্থির হইল।

সমস্ত দিন কাজকর্ম করিয়া সোভরী রাত্রিকালে যেমন শয়ন করিলেন অমনি তাঁহার মনে তইল, পুত্র হইয়াছে, তাহাদের বিবাহযোগ্য বয়স হইয়াছে। পুত্রবধ্র ত মুখ দেখিলাম না। পুত্রগুলির বিবাহ দিই, বৌমারা আসিয়া ধর সংসার বুঝিয়া লউন; তখন আমি গৃহ ত্যাগ করিব।

সৌভরীর আর গৃহ ভাগে করা হইল না। তিনি পুত্রগণের বিবাহ দিবার জন্ম কন্তা অবেষণে প্রবৃত্ত হইলেন। বহু দেশ ভ্রমণ করিয়া উপযুক্ত পাত্রী স্থির করিয়া পুত্রগণের বিবাহ দিলেন, বিবাহে ধুম ধামের আর পুত্রবধ্গণকে পাইয়া দৌভরীর আনন্দের আর সীমা থাকিল না। ভাহারা যত্ন সহকারে খণ্ডরের নানারূপ সেবা করিতে লাগিল; সৌভরী ভাহাদিগকে লইয়া প্রমানন্দে সংসার যাত্রা নির্বাহ করিতে লাগিলেন।

এইরপে বহুকাল কাটিয়া গেল, মহর্ষি সৌভরী মনে মনে বিচার করি-লেন, আর গৃহে থাকা কর্ত্তবা নয়। পুত্রগণ উপযুক্ত হইয়াছে, বৌমায়েরা খর সংসার ব্রিয়া লইতে পারিয়াছে, এখন সংসারের ভার তাহাদের উপর দিয়া পরকালের চিস্তায় গৃহ ত্যাগ করাই কর্ত্তবা। রাত্রি প্রভাত হইবা-মাত্র সৌভরী সংসার ত্যাগ করিবেন ইহাই ভির ক্রিলেন।

দিবা অবসান, রাত্রি উপস্থিত হইল, সৌভরী নিদ্রা ঘাইবার জন্ত শ্যায় শন্ধন করিলেন, তথন আবার মনে ভাবিতে লাগিলেন, উপযুক্ত পুত্র উপযুক্ত পুত্রবধ্, শীদ্রই তাহাদের সন্তান হইবে নাতির মুখ দেখিয়া যাইব না ! নাতি হইলে নাতির মুখ দেখিয়া সংসার ত্যাগ করিব। এই ভাবিয়া সৌভরী নাতির মুখ দেখিবার
উৎকণ্ঠার সহিত সংসার যাত্রা নির্বাহ করিতে লাগিলেন। ক্রমে পুত্রবধ্নণ সকলেই গর্ভবতী হইলেন। সৌভরীর আনন্দের আর সীমা নাই। তাহারা ষ্থাকালে পঞ্চাশটি পুত্র প্রস্বক্রিল। স্কুমার শিশুগণকে দেখিয়া সৌভরী পরমানন্দ লাভ করিলেন, তিনি অতি যত্ন সহকারে তাহাদিগকে লালনপালন করিতে লাগিলেন।

একটু বড় হইলেই সোভরী পোত্রগণের হাতে ধ্রিয়া তাহাদিগকে পদ-সঞ্চালন শিক্ষা দিতেন, নিজেই তাহাদিগকে স্নান করাইয়া দিতেন; আহারের সময় কাছে বসাইয়া নিজে আহার করিতেন ও তাহাদের মুধে গ্রাস তুলিয়া দিতেন। শয়নকালে তাহাদিগকে লইয়া শয়ন করিতেন।

নাতিগণ "দাদা মশাই, দাদা মশাই" বলিয়া যথন সৌভরীকে ড:কিত তথন সৌভরীর আনন্দের সীমা থাকিত না। বৌয়েরা আবার ছেলে গুলিকে লইয়া সৌভরীর কোলে দিতেন, নাতিগণ কেছ তাঁহার পাকা চল তুলিয়া দিত, কেহ দাড়ি ধরিয়া টানিত, কেহ পিঠের দিকে জড়াইয়া ধরিয়া ছলিতে থাকিত। সৌভরী কখন নাতিগণকে কোলে লইয়া কখন বা তাহাদের হাত ধরিয়া বেড়াইতেন, এইরূপে ঋষিবর পর্মসূথে কাল যাপন করিতে লাগিলেন।

এইরপে বহুকাল গত হইলে ঋষিবর একদিন মনে মনে চিন্তা করিলেন—উপযুক্ত পূত্র, নাতি হইয়াছে, বিষয় বৈভব যা হবার তা সমস্তই হইয়াছে, এখন বয়স হইয়াছে—আর কেন? এইবার সংসার ত্যাগ করিরা ইট চিস্তায় কাল যাপন করাই কর্তব্য। রাত্রি প্রভাত হইলেই সৌভরী সংসার ত্যাগ করিবেন ইহাই সংক্র ক্রিলেন।

রাত্রিকালে সৌভরী মনে মনে চিস্তা করিতে লাগিলেন—নাতি গুলি ছেলে মানুষ, বড় হইলে বিবাহ দিয়া নাতবৌ গুলি ঘরে আনিতাম, তাহাদিগকে এঘর ওঘর করিয়া বেড়াইতে দেখিলে কত আনন্দ হইত, আর কিছুদিন ঘাউক না, নাতি গুলি বড় হউক বিবাহ দিই, নাতবৌ আনি তাব পর সংসার ত্যাগ করিব।

সৌভরী এইরূপ চিন্তা করিয়া সংসার ত্যাগ করিলেন না. নাতিগুলিকে লইয়া প্রতিপালন করিতে লাগিলেন। তাহাদের বিবাহযোগ্য ব্যুস হইলে বিবাহ দিয়া নাতবৌ গৃহে আনিলেন এবং তাহাদিগকে দেখিয়া পর্মানন্দে কাল যাপন করিতে লাগিলেন।

এইরূপে যথনই ঋষিবর গৃহ ত্যাগের সংকল্প করেন তথনই একটা না একটা বাসনা উপস্থিত হইয়া তাঁহার সংকল্পের প্রতিবন্ধক হইয়া দাঁড়ার। সোভরী কোন ক্রমেই সংসার ত্যাগ করিয়া ইপ্ত চিস্তা করিতে পারেন না। বছকাল এইরূপে গত হইলে তাঁহার জ্ঞানোদ্য হইল, তিনি বৃঝিলেন "মনোর্থানাং ন পরিস্মাপ্তি অস্তি।" বাসনার শেষ নাই সমৃদ্রের তরঙ্গের স্থায় ক্রমাগত একটার পর একটা উথিত হইতেছে। বিষয় কামনায় জীবনের অধিকাংশ কাল কাটিয়া গিয়াছে এখন মৃত্যু নিকট এই ভাবিয়া ঋষিবর কাহাকেও কিছু না বলিয়া তপভার্থে গৃহ ত্যাগ করিলেন।

বাসনার শেষ নাই—বাসনার নিবৃত্তি নাই, বাসনা, নিয়ু ল হয় এমন কোন ঔষধ নাই—একমাত্র শুদ্ধাভক্তি হইতেই বাসনা নিয়ু ল হইয়া থাকে।

ষোগিগণ যোগ অভ্যাস দারা অনেক শক্তি লাভ করিতে পারেন, কিন্তু ধর্মলাভ করিতে সমর্থ হন না। তাঁহাদের বাসনারও নিমুল হয় না। যদি কোন যোগী নির্বিকর সমাধি লাভ করেন তাহা হইলেও যে সংস্কার লইয়া তিনি সমাধিত্ব হইয়াছিলেন সেই সংস্কার তাঁহার মধ্যে বরাবর থাকিয়া যায়। কোন প্রকারে সমাধিভক্ষ হইলে পূর্ববিদ্ধা প্রাপ্ত হয়।

কোন এক বাজিকরকন্তা এক রাজসভার তাহার বাজি ও নৃত্য দেখাইতেছিল। সে নৃত্য করিতে করিতে নির্কিকর-সমাধি প্রাপ্ত হয়। বাজিকরকন্তা সমাধি প্রাপ্ত হইলে কেহই তাহার সমাধি ওল করিতে পারিল না। যে স্থানে বাজিকর কন্তা দাঁড়াইয়াছিল, রাজা সেই স্থানে একটা মন্দির প্রস্তুত করিয়া জ কন্তার দেহ রক্ষা করিলেন। এই ঘটনার পর যুগ-যুগান্তর গত হইল। কালের প্রোতে রাজার রাজা রাজধানী সমস্ত নন্ত হইল, এ মন্দির মাটি চাপা পড়িল। নর্তকী সেই মন্দির মধ্যে থাকিয়া গেল।

ব্রক্ষি বিশিষ্ঠ যোগবলে এই ঘটনা জ্ঞাত হইয়া রামচন্দ্রকে নির্বিকল্পসমাধি বুঝাইয়া দিবার জন্ত ঐ স্থান খনন করাইতে আরম্ভ করাইলেন।
তথন একটা মন্দির নম্মগোচর হইল। মন্দিরের দার উদ্বাটন করিলে
রামচন্দ্র দেখিলেন ঐ মন্দির মধ্যে একটা স্ত্রীলোক দণ্ডাম্মনা আছেন।

ৰশিষ্ঠদেব যেমন ঐ স্ত্রীর সমাধি ভঙ্গ করিয়া দিলেন অমনি সে পুর-পাক দিয়া নাচিয়া "মেরি আসরফি" বলিয়া হাত পাতিয়া বক্সিস চাহিল।

এই ঘটনায় ব্রন্ধবি বিশিষ্ঠ রামচক্রকে দেখাইলেন নির্কিকল্প-সমাধিতে পূর্বসংস্কার থাকিয়া যায়। সমাধিপ্রাপ্ত হ্যক্তি জীবনের কোন উন্নতি লাভ করে না। এই যে, ছনিবার বাসনা ইহার কিছুতেই নির্বাণ হয় না, একমাত্র শুদ্ধাভক্তিতেই ইহার ম্লোৎপাটন হয়। ইহার আর বিভীয় বিধ্ব নাই।

यष्ठ शतिएक्षा

শুদ্ধাভক্তি দেহের পরিবর্ত্তনকারিণী।

শুদ্ধাভক্তি দেহের পরিবর্ত্তন ঘটাইয়া থাকেন। গুদ্ধাভক্তি আচরণ করিতে করিতে দেহের পরমাণু সকলের পরিবর্ত্তন ঘটিয়া থাকে। বথন শরীরের পরমাণুর পরিবর্ত্তন হয় তথন সাধকের শরীরে জ্বরবিকার, অথবা নিউমোনিয়া, হর, কথন কথন শোগও দেখা দেয়। সাধক নিদারণ যন্ত্রণা ভোগ করিতে থাকেন।

গোষামী মহাশয়ের দেহের প্রমাণ্র ছইবার পরিবর্তন ঘটিয়াছিল, ছইবারই তিনি ভবল নিউমোনিয়া রোগে আক্রান্ত হইয়াছিলেন। এক-বার হারভাঙ্গায় আপন শিষ্য রাধাক্ষণ বাবুর বাসায় থাকিবার সময় তাঁহার শরীরে নিউমোনিয়া রোগ দেখা, দিল, ডাক্তারগণ প্রাণপণে বছ চিকিৎসা করিলেন, কিছুতেই রোগের উপশম হইল না, তাঁহারা শরীর-

হইয়াছে! তিন ঘণ্টার মধ্যে নিশ্চয় মৃত্যু হইবে, বেলা এটা কিছুতেই পার হইবে না।" গোসামী মহাশয় সংজ্ঞাহীন নিশ্চেষ্ট।

রাধারক বাব প্রতিমূহুর্ত্তে গোস্বামী মহাশয়ের ছীবন-প্রদীপ নির্বাণের আশকা করিতে লাগিলেন। রাধারক বাবু তথন ব্রাক্ষ ছিলেন, প্রতি রবিবারে ব্রাক্ষণণ মিলিত হইয়া তাঁহার বাসায় ব্রক্ষোপাদনা করি-তেন। ব্রাক্ষণণ ব্রক্ষোপাদনার সাধারক বাবুর বাসায় সমবেত হইলে তিনি উপাদনার কাজটা ধীরে ধীরে শেষ করিতে বলিলেন। ব্রক্ষোপাদনা ধীরে ধীরে চলিতে লাগিল।

গোস্বামী মহাশন্ন রাধাক্ষ বাবুকে জিজ্ঞাসা করিলেন—
গোস্বামী মহাশন্ন—আজ রবিরার তোমরা ব্রহ্মোপাসনা করিলে না ।
রাধাক্ষ বাবু—আপনার কঠিন পীড়া, পাছে কোলাহল অজ্ঞ আজ ধীরে ধীরে ব্রহ্মোপাসনা হইতেছে।

গোস্বামী মহাশয়—এমন কাজ করিতে আছে । বেরূপ বরাবর করিয়া থাক সেইরূপ উপাসনা কর।

রাধাক্ষ বাব্—আপনার কোনস্থপ ক্রেশ হইবে না ত ? গোস্বামী মহাশ্য—ব্রক্ষোপাসনার কি আবাস ক্রেশ হয়? তো্মরা খ্ব সংকীর্তন কর।

গোস্বামী মহাশরের আদেশ পাইয়া ব্রান্ধগণ উচ্চৈঃম্বরে ব্রন্ধোপাসনা ও সংকীর্ত্তন করিতে লাগিলেন। গোস্থামী মহাশয় শব্যাশারী ছিলেন। সংকীর্ত্তনের ধ্বনি তাঁহার কর্ণগোচর হইলে তিনি লক্ষপ্রদান পূর্ব্বক শব্যা হইতে উঠিলেন এবং সংকীর্ত্তনের স্থানে উপস্থিত হইয়া উদ্বন্ত নৃত্য করিতে লাগিলেন, কিছুক্ষণ পরে বিছানার আসিয়া ঠেস দিয়া বসিলেন। =

গোস্বামী মহাশয়ের নিশ্চর মৃত্যু ঘটিয়াছে মনে করিয়া সন্ধ্যার পর ডাজারগণ রাধাক্ষণ বাবুর বাসায় আসিয়া গোস্থামী মহাস্থ্যের

শুদ্ধাভক্তি দেহের পরিবর্তনকারিণী।

সংবাদ জিজ্ঞাসা করিলেন। রাধাক্ষণ বাবু তাঁহাদিগকে বলিলেন, আৰু
সংকীর্তনে গোস্বামী মহাশয় খুব নৃত্য করিয়াছেন, এখন তিনি বিছানায় ঠেস দিয়া বিসয়া আছেন, আপনারা গিয়া একবার তাঁহাকে দেখিয়া
আহুন।

রাধাক্ষ বাব্র কথার ডাক্তারগণ অবাক হইয়া গেলেন; তাঁহারা গোস্থামী মহাশরের নিকট গিয়া প্রণাম করিয়া বলিলেন, —"আপনার রোগের চিকিৎসা করিতে যাওয়া আমাদের গুইতা। আপনার রোগের চিকিৎসা, চিকিৎসা-শাল্তে নাই, আমরা আপনার যে অবস্থা দেখিয়া গিয়া-ছিলাম তাহাতে আপনার জীবনের আদৌ আশা ছিল না, এখন আপনার অবস্থা দেখিয়া অবাক হইয়াছি।"

আর একবার ঢাকার গোস্বামী মহাশরের ঐরপ ব্যারাম হইরাইল।
ঢাকার প্রসিদ্ধ প্রসিদ্ধ চিকিৎসকগণ গোস্বামী মহাশরের চিকিৎসা করেন।
তাঁহারা অনেক দিন চিকিৎসা করিয়া কোন ফল লাভ করিতে পারিলেন
না। অবশেষে গোস্বামী মহাশরের জীবনে নিরাশ হইলেন। উবল
নিউমোনিয়া ব্যারাম। শরীবের যন্তাদি পরীক্ষা করিয়া দেখিলেন শরীরেয়
যন্ত্র সঙ্গল একবারে নই হইরা গিরাছে। আশ্রমে হাহাকার উপস্থিত
হইল।

এই অবস্থায় এক দিন রাত্রি ৮ ঘটকার সময় গোস্বামী মহাশর তাঁহার প্রিয় শিয় বাবু কুঞ্চলাল ঘোষকে বলিলেন, "পাস্ত ভাত ও দধি নেবুর রুসের সহিত চটকাইয়া আমার নিকট লইয়া আইস আমি থাইব"। কুঞ্চ বাবু গোস্বামী মহাশয়ের আদেশ শুনিয়া তৎক্ষণাৎ থাবার প্রস্তুত করিয়া আনিয়া গোস্বামী মহাশয়ের নিকট উপস্থিত হইলেন।

গোস্বামী মহাশ্রের স্ত্রী ও শাশুড়ী কুঞ্জ বাবুর আচরণ দেখিয়া হাহা-কার করিয়া উঠিলেন। তাঁহারা মনে করিলেন নিউমোনিয়া রোগীকে রাত্রিকালে এই আহার দিলে কোন রক্ষে জীবন রক্ষা হইবে না। এই আহার দিতে তাঁহারা কুঞ্জ বাবুকে বাঁরবার নিষেধ করিলেন, কিন্তু কুঞ্জ বাবু তাঁহাদের কথা কর্নপাত করিলেন না। কুঞ্জ বাবু তাঁহাদের কথা না শুনার তাঁহারা কুঞ্জ বাবুকে অনেক তির্স্থার করিয়া বলিলেন—

গুরু পরিবার। তুই শিশ্ব হইয়া গুরুকে হত্যা করিতে উন্মত হ**ইয়া**ছিস ?

কুঞ্জ বাবু।—আমি গুরু আ্ঞা প্রতিপালন করিব না ?

গুরু পরিবার ।—উনি রুগ ; মৃত্যু-শ্যাশাসী, তাঁহার কি জ্ঞান আছে ? না বুদ্ধির ঠিক্ আছে ?

কুঞ্জ বাবু।—গোখামী মহাশয়ের কি আর বুদ্ধিস্রংশ হইতে পারে? আপনারা বুঝিতেছেন না তাই এমন কথা বলিতেছেন।

শুরু পরিবার।—আমরা বেশ বৃঝি, যার যাবে তার্ই যাবে তোর কি ? তোর ত আর যাবে না !

এই কথা বলিয়া শুকু পরিবার কুঞ্জ বাবুর হাত হইতে থাবার বাটিটা কাড়িয়া লইতে চেষ্টা করিলেন। কুঞ্জ বাবু বলপূর্বক তাঁহাদিগকে ঘর হইতে বাহির করিয়া দিয়া কপাট বন্ধ করিয়া গোস্থানী মহাশরকে আহার করাইলেন। গোস্থানী মহাশরের শাশুড়ী ও স্ত্রী বাহিরে ক্রন্দন ■ হাহা-কার করিতে লাগিলেন।

প্রদিন ডাক্তারগণ গোস্বামী মহাশয়কে দেখিতে আদিয়া দেখিলেন যে তিনি আদনে উপবিষ্ট আছেন। যে রোগীর আদরম্ভুা, জীবন রক্ষার কোন আশা ছিল না হঠাৎ সেই রোগীকে সুস্থ হইতে দেখিয়া ডাক্তারগণ কিম্মরাবিষ্ট হইলেন এবং গোস্বামী মহাশয়কে সম্বোধন করিয়া বলিলেন "আপনার রোগ ■ চিকিৎসা আমাদের শাস্ত্রে নাই, আমরা আপনার শ্রীবৃত্ত কিছু ব্রিয় না আপনার শ্রীবের সম্বি করিয়া যাহা দেখিয়াছিলাম তাহাতে আপনার জীবন ধারণই অসম্ভব মনে হইয়াছিল, আজ আবার দেখিতেছি আপনি সম্পূর্ণ স্কৃষ। আমাদের বিত্যা বৃদ্ধি সমস্তই আপনার নিকট পরাস্ত।"

গোষামী মহাশরের জনাতিথির পূজা উপলক্ষে প্রতি বংসর আলিপুরের পাবলিক প্রসিকিউটর ভক্তিভাজন বাবু হেমেন্দ্রনাথ মিত্রের ভবাঞ্লীপুরের বাটাতে উৎসব হুইরা থাকে। এই উৎসব উপলক্ষে ১০২০ সালের ভান্র মাহার আন্ম ভবানীপুরে তাঁহার বাটাতে গিয়াছিলাম। ফেরত আসিবার সময় টেণে জ্বরভাব দেখা দিয়াছিল। বোলপুরে এই জ্বরভাব ত্যাগ না হওয়ায় ভাকারী চিকিৎসা আরম্ভ হুইল। ক্রমে ১০২ ডিক্রী পর্যায় জ্বর বৃদ্ধি পাইল, শরীরে নিদারণ জ্বালা উপস্থিত হুইল. এ জ্বালার বিরাম নাই, উপমা নাই, দিন রাত পাথা করিতে হুইত; বরক্ষের জলে হাত পা ভুবাইয়া থাকিতাম, মাথায় বরফ দিতাম, কিছুতেই জ্বালা যন্ত্রণা নিবারণ হুইত না। ডাক্তারগণ এই জ্বালা নিবারণ জনা অনেক উপায় অবলম্বন ক্বিলেন, কিন্তু এ জ্বালা নিবারণ হুইল না, সমস্ত শরীর পাধ্রের ন্যায় ঠাণ্ডা, নাড়ীতে জ্বর অমুভব হয় না. কিন্তু জ্বালা যন্ত্রণার অবধি নাই, বিরাম নাই।

আধার মনে হইত হিমালয়ের উপর অলকানলায় বা মলাকিনীর জলে ডুবিয়া থাকি। কখন মনে হইত এখানকার ওঁড়ী পুক্লীর পাঁকের ভিতর ডুবিয়া থাকি, কখন মনে হইত ইন্দারার গভীর জলের ভিতর নিম্য হইয়া থাকি।

আমি চিকিৎসা বন্ধ করিয়া দিলাম। আত্মীয় স্থান ও পাড়ার লোকে পরামর্শ করিয়া কবিরাজী চিকিৎসা করাইতে লাগিলেন; কিছু দিন কবিরাজী চিকিৎসা হইল, আমি দিন দিন ক্ষীণ ও ছর্মল হইতে লাগিলাম। ক্রমে এনন অবস্থা হইয়া পাড়িল যে হাত পা নাড়িতে পারি না; পাশ ক্ষেরাও কণ্ঠকর হইল। চিকিৎসা বন্ধ করার জন্ত পুনঃ পুনঃ সকলকে অহুরোধ করিলান, কেহই আমার কথা শুনে না। রাত্রিকালে ভীষণ স্বপ্ন দেখিয়া অস্থির হইয়া পড়িতাম। ঠিক যেন একটী নরক-যন্ত্রণা ভোগ হইতেছে।

একদিন কবিরাজ মহাশব্ধকে বলিলাম মহাশব্ধ, আর চিকিৎসা কর্বেন না, আপনাদের চিকিৎসার আমার জীবনান্ত হইবার উপক্রম হইরাছে, আমি আর ঔষধ থাইব না। তিনি বলিলেন, আপনার শরীরে কোন ব্যাধি নাই, নাড়ী দেখিলে জর টের পাওয়া যার না, তাপমান যন্ত্রেও পারা উঠে না। আপনার শরীর্যন্ত্র সকলের কোন বিকৃতি উপস্থিত হয় নাই; আপনি ব্যারামের কথা কেন বলিতেছেন ?

আমি কবিরাজ মহাশয়কে বলিলাম, আমার শরীরের জ্ঞালা যন্ত্রণা অসঁহ। দিবারাত্রি যেন দাবানলে দগ্ধ হইতেছি। দেহ কলালাবশিষ্ট হইরাছে। বিছানায় এ-পাশ ও-পাশ করিবার শক্তিটুকু পর্যান্ত নাই, রক্ত মাংস শুকাইয়া যাইতেছে, রাত্রিকালে তঃশ্বপ্র দেখিতেছি। জিল্লা ভিতর দিকে টানিতেছে, মুখ শুদ্ধ, অথচ আপনারা বলিতেছেন দেহে কোন রোগ দেনিতে পাই না। এ রোগের চিকিৎসা আপনাদের শাল্রে নাই; আপনারা চিকিৎসার কান্ত হউন; আর আমাকে বধ কর্বেন না কবিরাজী চিকিৎসা বন্ধ হইল, আমি রোগযন্ত্রণা ভোগ করিতে লাগিলাম।

পাড়ার লোকেরা বাড়ীর লোকদিগকে পরামর্ল দিল ইহাকে কলিকাতা লইয়া যাও, রোগীর কথা শুনিও না, ইহার বৃদ্ধিত্রংশ হইয়াছে;
কলিকাতা লইয়া না গেলে জীবন রক্ষা হইবে না। আমি বিছানায় পড়িয়া এই সব কথা শুনিতে লাগিলাম। শেষে হ্বাক্য প্রয়োগ করিয়া সকলকে নিরস্ত করিলাম।

আমি বিছানার পাড়িয়া পড়িয়া ভাবিতে লাগিলাম এ ব্যাপারটা

কি ? ইহা উচ্ছিষ্ট আহার-জনিত জর নহে; উক্ছিট আহার-জনিত জর হইতে এত দীর্ঘ কাল স্থায়ী হইত না, দে জরের যাতনা অন্ত প্রকার; তাহা আমার বেশ জানা আছে। তবে কি মালেরিয়া জরে ? তাহাও নহে। ম্যালেরিয়া জরের উব্ধে কাজ করে, তাহাতে এরূপ বিজাতীয় যাতনা হয় না, ম্যালেরিয়া জরের লক্ষণ আমার জানা আছে। এ ব্যারাম ম্যালেরিয়াজনিত নহে। আমার বোধ হইল দেহের পর্মাণ্র পরিবর্তন। এই কথা কেহ বুঝে না, স্থতরাং একথা আর কাকে বলিব ? চুপ করিয়া থাকিলাম।

এক দিন রাত্রি আড়াইটার সময় সর্ব্ধ শরীর Collapse হইয়া গেশ, তথনও চৈতন্ত লোপ হয় নাই। তাবিলাম এই অবস্থার কবিরাজেরা নৃগনাতি, মকরধাল প্রভৃতি উষধ খাওরায়, ডাক্লারেরা রাভির ব্যবস্থাদি করে; আর হোমিওপ্যাথিকগণ আর্সেনিক খাওরার। হোমিওপ্যাথিক বাক্য আমার ব্রের মধ্যে রহিয়াছে, কিন্তু ঔষধ দিবার লোক নাই।

সমস্ত শরীর বরফের ভায়ে হিম ধ্ইয়াছে, জীবনীশক্তি জতবেগে হাস হইতেছে, মনে হইল মৃত্যু বা উপস্থিত হয়।

যাহারা সন্গুরুর রুপাপাত্র তাহাদের উপর বদের অধিকার নাই।
গুরু উপস্থিত না হইলে মৃত্যু হইবে না; গুরু স্বয়ং উপস্থিত হইয়া
শিষ্যকে দেহ হইতে বাহির কারিয়া লইয়া যান। আমি গুরুর আগমনের
প্রত্যক্ষায় থাকিলাম। প্রায়্ম অর্দ্ধ গণী পর্যান্ত অপেকা করিয়া যথন গুরুনর্শন হইল না, তথন মনে হইল মৃত্যু হইবে না; অবস্থানী কাটিয়া যাইবে।
ইহার পর আমার সংজ্ঞা লোপ হইল।

প্রাতঃকালে সংজ্ঞালাভ করিয়া দেখিলাম শরীরটা কিছু স্বস্থ হইরাছে। আমার মুহুরি ও সতীর্থ জীযুক্ত তিনকড়ি সরকার ২।১ ফোঁটা
হোমিওপ্যাথিক ঔষধ দিলেন। তাহাতে বিশেষ ফললাভ হইল না। যাহা-

হউক শ্রীরটা ক্রমে ক্রমে সুস্থ হইতে লাগিল। আর কোন চিকিৎসা করাইলাম না।

শরীরের জালা-সন্ত্রণা নিবারণ হইলে আমি পথ্যের ব্যবস্থা করিলাম।
উঠিবার শক্তি নাই, বিছানার পার্থে বিদিয়া শরীরে প্রচ্র পরিমাণে
সরিষার তেল মাথিতাম, মাথায় প্রাতন ঘত মালিস করিতাম, চারি বড়া
ঠাণ্ডা জলে লান করিতাম। প্রতি দিন দিবাভাগে পাতিলেবুর রস দিয়া
তিনবার ও রাত্রে > বার মিছরির সরবৎ থাইতাম। দিবাভাগে তিনবার ও রাত্রে হইবার পেপে ও আতা ইত্যাদি ফল থাইতাম। আহারের সময় হই বাটি কাঁচা কলাইডাইলের সোল, কিছু শাক, এক বাটি
দই ও এক বাটি ভেঁতুলের টক থাইতাম।

ভাষার এই পথ্যের ব্যবস্থার বাজির লোক আত্মীয়-শ্বজন মহাভীত হইরা আমাকে নিবারণ করিতেন, আমি কাহারও কথা শুনিতাম না। উহাদিগকে বলিভাষ তোমরা আমার রোগ বুঝ না, কোন চিস্তা করিও না; আমি নির্কোধ নহি, এ পথ্যে আমার অনিষ্ট হইবে না। যথন অনিষ্ট হইবে বৃথিতে পারিব তথনই পরিত্যাগ করিব। ক্রমাগত কুড়ি দিন এইরূপ সাংঘাতিক পথা চলিল। তৎপর পরিত্যাগ করিলাম। পেয়ারা গাছের যেমল ছাল উটিয়া যায়, আমার শরীরের ভক্ষপ এক পরদা ছাল উটিয়া গেল। আমি অনেক দিন পরে একটু একটু করিয়া বল পাইলাম।

যাঁহারা শুকাভক্তি যাজন করিবেন তাঁহাদের শরীরের পরমাণু নিশ্চয়ই পরিবর্তিত হইবে। ভগবৎ-শক্তি যেমন আত্মার উপর কাজ করে, তেমনি উহা শরীরের উপরও কাজ করে এবং শরীরের পরমাণুর পরি-বর্তন ঘটায় ■ গুণ সকল নষ্ট করিরা কেলে।

সপ্তম পরিভেদে।

সমস্ত ভবুই শুদ্ধাভক্তির অন্তর্গত।

শাঙ্গে তিনটি তত্ত্বের উল্লেখ আছে—

"বদন্তি তত্ত্ব্বিদন্তবং যজ্জানমধ্যং।

ব্রেজতি,পর্মাত্মেতি ভগবান্ ইতি শব্যুতে॥"

অহ্য জ্ঞানকে পণ্ডিতেরা তত্ত বলিয়া থাকেন। গাঁচারা বেদবেদান্তির উপাদক তাঁহারা এই তত্তকে বৃদ্ধ, গাঁহারা হিরণাগর্ভের উপাদক, তাঁহারা এই তত্তকে প্রমাত্মা ও ভক্তেরা ইহাকে ভগবান বলিয়া থাকেন।

শাল্পে এই তিনটি তবের কথা আছে। এবার কিন্তু এক নুতন কথা শুনিলাম। রাধাকৃষ্ণ তত্ত্ব সর্ব্বোপরি তত্ত্ব বলিয়া জানা আছে, গোস্থামী মহাশয় কিন্তু শ্রীমৃথে বলিলেন, রাধাকৃষ্ণ তত্ত্বও সাধনবলে ভেদ হইয়া যায়; তথন মানুষ শ্রীগোরাঙ্গতত্ত্বে পৌছে। শ্রীগোরাঙ্গতত্ত্বই সর্বেনি-পরি তত্ত্ব। ইহার উপর আর তত্ত্ব নাই।

যথন আমি এই কথা শুনিয়াছিলাম, তথন আমি ধর্মতত্ত্ব কিছুই
বুঝিতাম না। স্ত্রাং শ্রীগোরাঙ্গতত্ত্ব কি ইহা আমি বুঝাইয়া লই
নাই। তিনি বলিলেন আর আমি শুনিলাম মাত্র। বাহা হউক ভজন
ঘারা শ্রীগোরাঙ্গতত্ত্বের যাহা কিছু উপলব্ধি হইয়াছে ক্রমে পাঠক মহাশহরণকে তাহার একটা আভাস দিব, চিস্তা বিচারের কোন কথা বলিব

না। ধর্মগ্রন্থে চিন্তা বিচারের কোন কথা বলিতে নাই। চিন্তা বিচার দারা ধর্মগ্রন্থ অর্থাং ভগবং তথ্য কিছু মাত্র বুঝা যায় না। ভগবান মাহ্যকে দীমাবদ্ধ জ্ঞান দিয়াছেন। এই সামান্ত জ্ঞানটুকু লইয়া ভগবং তথ্য ঠিক করিতে যাওয়া ধৃষ্টতামাত্র। অবোধ মাহ্যুব নিজের বুদ্ধির দে ড়িবুঝে না। তাই দার্শনিকগণ আপন আপন বুদ্ধি খাটাইয়া দর্শনশাস্ত্র লিখিয়াছেন। যিনি যেমন বুঝিয়াছেন তিনি তেমনি লিখিয়াছেন, কাহারও সহিত কাহারও মিল নাই। ভগবং-তথ্য নিরপণে সকলেই অক্ত-কার্যা হইয়াছেন।

ঋষিগণ বহু তপস্থা দারা জ্ঞাত হইয়াছেন যে ভগবং-তত্ত বিভাবুদ্ধি দারা ক্ষবগত হওয়া যায় না। সেই তাহারা বলিয়াছেন,—

> "নারমাত্মা প্রবচনেন লভ্যো ন মেধরা ন বছনা শ্রুতেন। যমেবৈষ্যুতে তেন লভ্যস্ত সৈয়েকাত্মা বৃণুতে তন্ং সাম্॥"

এই আত্মা প্রকৃষ্ট বচন দারা লাভ হয় না, মেধা বা বহু অধ্যয়নে জানা যায় না, গাঁহাকে ইনি বরণ করেন কেবল তিনি ইহাঁকে জানিতে পারেন, তাঁহারই নিকট তিনি প্রকাশিত হন।

স্থাকাশ ভগবানকে বিদ্যাবৃদ্ধি দ্বারা প্রকাশিত করিতে যাওয়া ধৃষ্টতা তিম আর কি বলিব ? যদি তাঁহাকে জানিতে ইচ্ছা কর শুদ্ধা-ভক্তির আশ্রয় লও, তিনিই কুপা করিয়া ভোমাকে জানাইয়া দিবেন, আর কাহারও জানাইবার সাধা নাই।

শাস্ত্র থাজন করিতে করিতে প্রথমতঃ ব্রন্ধজ্ঞান লাভ হইবে। শাস্ত্র ও সাধুগণ এইরূপ উপমা দিয়া বলিয়া থাকেন, নন্দনন্দন মণি, আর ব্রন্ধ তাঁহার জ্যোতিঃ। যাহারা ব্রন্ধজ্ঞান লাভ করেন, তাঁহারা এই বিখে এক অধিতীয় চৈতভাময় সন্তা উপলব্ধি করেন। তাহা নহে। ব্রহ্ম লাভ শুনিতেই ভাল, কাঞ্জে কিন্তু বেশী কিছু নয়। ইহাতে মায়া নষ্ট হয় না। বাঁহারা ব্রহ্মজ্ঞান লাভ করেন তাঁহারা মায়াতীত অবস্থা লাভ করিতে সমর্থ হন না।

ক্রাভক্তি যাজন করিতে করিতে এই ব্রহ্মজ্ঞান ভেদ ইইয়া যায়। তথন মাত্র পরমাত্রতার বা বোগতত্ত্ব পৌছে। এযোগ হঠযোগ নহে, ইহা আত্মার সহিত পরমাত্মার যোগ।

এই যোগ উপস্থিত হইলে সাম্য অন্তরে এক অনির্বাচনীয় ভগবৎশক্তি উপল্লি করে। ভক্ষন করিতে করিতে ইহা ক্রমশঃ পরিবর্দ্ধিত

হয়। স্ত্রীলোকের গর্ভের সঞ্চার হইলে সে যেমন ব্ঝিতে পারে যে গর্ভের
সঞ্চার হইয়াছে, পরমাত্মতত্ব লাভ হইতে আরম্ভ হইলে সাধকও সেইরপ
এই তত্ত্বলাভের অবস্থা বৃঝিতে পারে। ক্রমে সন্থান-সন্থাবিতা স্ত্রীলোকের
গর্ভমধ্যে যেমন ক্রণদেহের অমুভূতি হইতে থাকে, সাধকের

ঠিক সেইরূপ পরমাত্মার অমুভূতি হইতে থাকে। গর্ভের পূর্ণতার সঙ্গে
সঙ্গে যেমন ক্রণদেহের অধিকতর নড়নচড়ন অমুভূত প্রয়, সাধনের পর
পর অবস্থায় সাধকের মধ্যেও ঠিক সেইরূপ পরমাত্মার অমুভূতি প্রবল

হইতে প্রবল্ভর হইতে থাকে।

গর্ভের সঞ্চার হইলে যেমন স্ত্রীলোকের আহারে অক্ষৃতি জন্মে, এই প্রমাত্মতত্ত্ব লাভ হইতে থাকিলে তেমনি সাধকেরও সংসারে অকৃতি জন্মে। তাঁহার আর সংসার বা বিষয়কর্ম্ম ভাল লাগে না। স্ত্রী, পুত্র, বিষয়, বৈভব কিছুতেই স্পৃহা থাকে না।

গর্ভবতা স্ত্রালোকের যেমন অম্বল আদি কোন কোন জিনিষ থাইতে ভাল লাগে, সাধকেরও সেইরূপ হরিগুণামুকীর্ত্তনেও সাধুসঙ্গে রুচি জন্ম। শোণিত-শুক্রের যোগে যেমন সম্ভানের জন্ম হয়, সদ্গুরুর বীজমন্ত্রে তেমনি

ভক্ষদরে ভগবানের জন্ম হয়।

পরমাত্মতত্ত্ব লাভ করা সহজ ব্যাপার নহে। কত যোগীত্র, মুনীত্র পাহাড়ে-পর্কতে গিরি-গছবরে যুগ্যুগান্তরব্যাপী তপদ্যা করিয়াছেন। যোগদেনে উপবিষ্ট হইয়া ধ্যান-ধারণায় জীবনপাথ করিয়াও ইহার অণু-মাত্র সন্ধান পান নাই; নেতি নেতিই উপলব্ধি করিয়াছেন। শুদ্ধাভিক্তির কৃপায় মানুষ সহজে এই তত্ত্ব লাভ করিয়া থাকে। শুদ্ধাভিক্তি ব্যতীত পরমাত্মতত্ত্ব লাভের উপায়ান্তর নাই।

যোগিগণের অপ্তাঙ্গ যোগও এই শুদ্ধাভক্তির অন্তর্গত। অপ্তাঙ্গ যোগ সাধনের দ্বারা মান্ত্র যে সকল যোগৈত্রহা লাভ করিয়া থাকে, এই শুদ্ধা ভক্তির রুপার মান্ত্র সহজে তাহা লাভ করে। ভক্তেরা ঐশ্বর্যা চান না। তাঁহারা মনে করেন যোগৈশ্বর্যা ভক্তিলাভের প্রতিবন্ধক।

যৌগৈশ্বর্যা * সকল ভক্তিদেবীর দাসী। যে হানে ভক্তি দেবী গমন করেন, এই ঐশ্বর্যা সকলও তাঁচার সঙ্গে সঙ্গে তথায় গমন করিয়া থাকেন। যদিও ভক্তগণ ঐশ্বর্যা চান না, তথাপি ভক্তগণের সর্ক্ষবিধ ঐশ্বর্যা লাভ হইয়া থাকে। ভক্তগণ ইহা প্রদর্শন করান না।

শোগৈখণ্য অষ্টাদশ প্রকার। তন্মধ্যে আট প্রকারই প্রধান। যথা —
 "অণিমা লিবিমা বাাপ্তিঃ প্রাকাম্য মহিমা তথা।
 ঈশিবক বশিত্ব তথা কামাব্সায়িত। ॥"

এই শক্তি প্রভাবে ধ্যেগিগণ নিজ শরীর ইচ্ছাতুরূপ স্কা করিয়া সকলের অলক্ষ্যভাবে সর্বস্থানে বিচরণ করেন।

২। লিখিমা —ফীয় শরীরকে লঘু করিবার ক্ষমতা।

৪। প্রাকাম্য—ভোগেচছা পূর্ণ করিবার ক্ষমতা। ধোগী বাহা ইচ্ছা করিবে তাহাই
শেভ করিবে।

মহিমা—কীয় শরীরকে ইচ্ছাতুসারে স্থল করিবার ক্ষমতা।

৬। ঈশিত্ন-সকলের উপর প্রভূত্ব করিবার ক্ষমতা।

^৭। বশিত্ব—সকলকে বশ করিবার ক্ষমতা।

৮ কামাবসায়িতা— আপনার কামনা পূর্ণ করিবার ক্ষমতা।

সমস্ত তত্ত্ই শুদ্ধাভক্তির অন্তর্গত।

এদিকে তাঁহাদের দৃষ্টিও থাকে না। যাঁহারা ঐশব্যলাভে উৎফুল্ল হন, ও জনসমাজে ঐশব্য প্রকাশ করেন, তাঁহাদের নিকট হইতে ভক্তিদেবী চলিয়া যান এবং দঙ্গে সঙ্গে ঐশব্যও তাঁহাদিগকে পরিত্যাগ করেন, এই জন্ম ঐশ্ব্য প্রকাশ ভক্তের পক্ষে নিষিদ্ধ।

ভঙ্কন দ্বারা প্রনাত্মতন্ত্র ভেদ না হইলে রাধারুক্ষতত্ত্বে পৌছিবার উপায় নাই। ইহা সাধন-প্রার অবার্থ নিয়ম। ব্রক্ষজ্ঞান লাভ হইল না, যোগতত্ত্ব লাভ হইল না, অথচ শ্রীক্ষপ্রেমলাভ হইবে—ইহা অসম্ভব বাপোর। যেমন Entrance পরীক্ষা না দিলে F. A. পড়িবার অধিকার হয় না, এবং F. A. পরীক্ষার উত্তীর্ণ না হইলে B. A. পড়া হয়না, তেমনি ব্রক্ষণান ও পর্মাত্মতন্ত্র ভেদ না হইলে পঞ্চম প্রুষার্থ শ্রীকৃষ্ণ প্রেমলাভের অধিকার হয় না। এই কথাটি বেন সাধকগণের মনে থাকে। পথের থবর না জানিলে মান্ত্র ল্রান্ডিতে পড়ে।

পরমাত্মতত্ত্ব লাভ হইলেও মানুষের প্রাণে আনন্দ ভোগ হয়

এই তত্ত্বলাভে সংসারে বৈরাগ্য উপস্থিত হওয়ায় জীবনটা অরুচিকয় হইয়া

যায় । না আছে আহারে স্থে, না আছে বিহারে স্থে। সন্তান সম্ভতি,

বাজী-ঘর, গাড়ী ঘোড়া, ধন-দৌলত কিছুই ভাল লাগে না। দাম্পত্য
প্রেম তিরোহিত হয়, স্থতরাং সংসারে থাকিয়া জীবনযাত্রা নির্বাহ করা
ক্রেশকর হইয়া দাঁড়ায়। প্রাণটা সদাই হু হু করিয়া জ্বলিতে থাকে।

জীবন ভারবহ হইয়া উঠে।

জেলের কয়েদিগণ ষেমন অনিচ্ছায় জেল থাটে, তথন মানুষ অনিচ্ছায় যেন দায়ে পড়িয়া সংসার ও বিষয়কর্ম করিতে থাকে। স্থতরাং সংসার বা বিষয়কর্ম ভালরূপ নির্বাহ হয় না। সংসারে প্রায়ই অশান্তি উপ-স্থিত হয়।

এমন যে পরমাত্মতম্ব, ইহা লাভ করিয়া মানুষ স্থী হওয়া দুরে

থাকুক কেবল ছঃখই ভোগ করিতে থাকে। এই আর্বশ্রাস্ত নাম করিতে হয়। এই নাম ভিন্ন উপায়াস্তর নাই। এই নামেতেই কিয়ৎ পরিমাণে ছঃখের মাত্রা কমিয়া বার।

পর্মাক্তত্ত্ব লাভ হইলেও মায়ার হস্ত হইতে পরিত্রাণ লাভ হর না।
এই সময় বরং মায়ার নির্যাতিন অতি তীব্রবেগে উপস্থিত হয়। কাম
কোধাদি রিপুগণ প্রবল হয়, সংসারে বিবিধ আশান্তি উপস্থিত হয়;
প্রাণ অবসর হইয়া পড়ে। এই বিপংকালে একমাত্র নামই ভরসা।

পরমাত্মতত্ব লাভে মাত্র্য অন্তরে যে আনির্বাচনীয় ভগবং-শক্তি অনু-ভব করে, নাম করিতে করিতে এই শক্তি প্রবল হইরা উঠে এবং দর্ব্ব-শরীরে ছড়াইয়া পড়ে, ইহাতেই পরমাত্মতত্ব ভেদ হইরা যায়।

পরমাত্মতত্ত ভেদ হইলে মানুষ রাধাক্ষণভবে পৌছে। প্রাঞ্চম পুক্ষার্থ শ্রীক্ষণপ্রেমের অঙ্কর হইতে আরম্ভ হইলেই প্রাণ সরস হইতে থাকে, ক্রমে ক্রেশের অবসান হয়, প্রাণে একটা আনন্দের উৎস খুলিয়া যায়। ভগবানে নির্ভর আইসে, ভগবানের নাম গুণ ও লীলার মধুরাশালি শন অঞ্ভব হইতে থাকে। ভজন সরস হয়।

শীরক্তপ্রেম অপ্রাক্তত ইহা ব্ঝাইয়া বলিবার জিনিষ নহে, গুদ্ধা-ভক্তির প্রাণায় অবস্থাই শীরুক্তপ্রেম। পাঠক মহাশরগণ গুদ্ধাজক্তির বিষয় পাঠ করিতে করিতে শীরুক্ত প্রেমের একটু আভাস পাইবেন মাত্র।

শীকৃষ্ণপ্রেম লাভ হইলে মানুষ মারামুক্ত হয়। যেথানে প্র্য্যোদর
শেখানে অন্ধকার কি প্রকারে থাকিতে পারে ? মারা অন্ধকার, শ্রীকৃষ্ণপ্রেম মধ্যাহ্ন প্র্যা। ইহাতে মানুষ জন্মরপ্রপ ব্যাধি হইতে নিম্কৃতি
লাভ করে, ইহকাল পরকাল এক হইরা যায়। মানুষ অপ্রাকৃত দেহলাভ
করিয়া ভগবানের নিতালীলায় নিত্যানন্দ ভোগ করে এবং অপ্রাকৃত

অফ্টম পরিচ্ছেদ।

শুদ্ধাভক্তি বড় আদরিণী।

শুকাভক্তি বড় আদরিণী। ইনি প্রতিনিয়ত ভগবানকে আনন্দ সন্তোগ করান, ইনি ভগবান শ্রীক্ষণের বক্ষোহিতা; স্বয়ং শ্রীকৃষ্ণ ইহার আদর করিয়া শেষ করিতে পারেন না। ইনি যে মহা আদরিণী হইরেন তাহা আর বিচিত্র কি ? যাহারা শুকাভক্তি লাভ করিতে চান তাহারা যেন পরমাদরে ইহাকে হৃদয় সিংহাসনে বসাইয়া রাথেন। একটু অনাদর, একটু কটাক্ষ হইলে আর ইহার দেখা পাই-বেন না। এই জন্ম বিজ্ঞাতীয় সজ, অসৎ সজ, সর্বতোভাবে পরিত্যাগ করা কর্ত্র। পাছে কটাক্ষ হয় সেই জন্ম বিজ্ঞাতীয় লোক দেখিলেই মহাপ্রভু ভাব সংবরণ করিতেন। "বিজ্ঞাতীয় লোক দেখি প্রভু কইল ভাব সম্বরণ"।

সজাতীয় লোক সঙ্গে শুক্তি দেবীর বড় আনন্দ হয়। ইনি ইছাদিগকে ছাড়িয়া যাইতে চান না। এই জন্ত বলিতেছি সদাই সজাতীয় সাধুসজ করিবে।

"সাধুসক অকুক্ষণ মার্জিভ হয় ভজন।" পাঠক মহাশরগণ আপনাদিগকে শুদ্ধাভক্তির অনেক গুণের কথা বলিলাম। ইহার গুণের অন্ত নাই—আমি কুদ্র কীট, ইহার অপার গুণের কথা আর কি বলিব? স্বয়ং ভগবান ইহার গুণের কথা বলিয়া শেষ করিতে পারেন না, সেই জন্ম ভগবান ইহার এত বশীভূত। ইনিই ব্রজ্বিলাসে মহাভাব স্বর্ম পিণী শ্রীমতী

কুরুক্তেত্রমিলনে শ্রীমতী ব্রজের বিরহের কথা বলিলে শ্রীরুফ শ্রীমতীকে সম্বোধন করিয়া বলিতেছেন—

প্রাণ প্রিয়ে । শুন খোর সভ্য বচন।
ভোষা সবার স্মরণে, বুরো মুই রাত্রি দিনে,
শোর ছঃখ না জানে কোন জন॥

ব্রহ্বাসী যত জন, মাতা পিতা স্থাগ্ণ সবে হয় মোর প্রাণ সম।

তার মধ্যে গোপীগণ সাক্ষাত মোর জীবন ভূমি মোর জীবনের জীবন।

তোমা সবার প্রেম রঙ্গে, আমাকে করিলা বশে আমি তোমার অধীন কেবল।

তোমা সবা ছাড়াইয়া আমা দূরদেশে লঞা

রাথিয়াছে ছর্দেব প্রবল ॥

প্রিয়া প্রিয়সঙ্গহীনা, প্রিয় প্রিয়াসঙ্গবিনা নাহি জীয়ে এ সত্য প্রমাণ।

মোর দশা ওনে যবে তার এই দশা হবে

এই ভয়ে দেহে রাথে প্রাণ॥

সেই সতী প্রেমবতী, প্রেমবান সেই পতি

বিয়োগে যে বাঞ্ছে প্রিয় হিতে।

না গণে আপন ছঃখ, বাঞ্ছে প্রিয়জন সুখ সেই ছুই মিলে অচিরাতে ॥

রাথিতে ভোমার জীবন, সেবি আমি নারায়ণ

ਕੈਂਪਰ *ਅਵ*ਰਵਾ ਕਮਾਹਿ ਜਿਵਿਤ ਹਿਰਤ ਹ

তোমা সনে ক্রীড়া করি, নিতি যাই বছপুরী

তাহা তুমি মান আমাকুর্জি॥

মোর ভাগ্যে মো বিষয়ে, তোমার যে প্রেম হয়ে,

সেই প্রেম পরম প্রবন।

লুকাইয়া আমা আনে,

সঙ্গ করায় তোমাসনে

প্রকটেই **আনিবে স**ত্র 🛚

বাদবের প্রতিপক্ষ,

হুষ্ট যত কংস পক

তাহা আমি কৈল সৰ ক্ষয়।

আছে হুই চারি জন,

তাহা মারি বৃশাবন

আইলাম আমি জানিহ নিশ্চয়॥

সেই শত্ৰুগণ হইতে,

ব্ৰহ্ম রাখিতে 🤼

রহি রাজ্যে উদাসীন হৈঞা।

যে বা জী পুত্রধন,

করি রাজ্য আবরণ

ষত্গণের সস্তোষ কাগিঞা।

তোমার যে প্রেমগুণে.

করে আমা আকর্যণে

व्यांनित्व व्यामा क्रिन क्ष्म विद्रम ।

পুন আসি বৃন্দাবনে,

ব্ৰহ্ন বধ্ তোমা সনে

বিলসিব রাত্রি দিবসে 🛚 🕆

এত তারে কহি ক্বঞ্চ,

যাইতে সতৃষ্ণ

এক শ্লোক পড়ি শুনাইল।

সেই শ্লোক ভানি রাধা,

খণ্ডিল সকল বাধা

কুষ্ণ প্রাপ্তি প্রতীত হইণ ॥

"ময়ি ভক্তিহি ভূতানামমূত্রায় কল্লতে ॥

দিষ্ট্যা যদাসী মংক্ষেহো ভবতীনাং মদাপন: ॥"

ভগবান যে কেবল শুদ্ধাভজির বশীভূত তাহা নহে। এই ভজি-দেবী ঘাঁহাকে ক্লপা করেন, ভগবান তাঁহারও একান্ত বশীভূত; সেই জন্ম শোকে বলে ভক্তাধীন গোবিন্দ। ভগবান শ্রীমুখে বলিয়াছেন—

> "যে মে ভক্তজনাঃ পাৰ্থ না মে ভক্তাশ্চ তে জনাঃ। মন্তকানাঞ্চ যে ভক্তাক্তে মে ভক্তজমা মতাঃ।।"

যে আমার ভক্ত সে আমার তৈমন ভক্ত নয় কিন্তু বে আমার ভক্তের ভক্ত সেই আমার শ্রেষ্ঠ ভক্ত। ভগবানের পূজা হইতে ভক্ত পূজা শ্রেষ্ঠ। যাঁহারা ভন্ধাভক্তি দেবার ক্লপালাভ করিতে চান, তাহাদের সর্ব্বাগ্রে এই ভক্তিদেবার ক্লপাপাত্রগণকে ভক্তি করা কর্ত্বা। তাহাদের ক্লপা ব্যতীত ভক্তি দেবার ক্লপা হইবে না। ভক্তকে উপেক্ষা করিয়া কেহ কথন ভক্তি-লাভ করিতে পারে না। যদি ভক্তিলাভ করিতে চাও, ভক্তের পায়ে গড়াইয়া পড়। তাঁহার ক্লপা হইলেই ভক্তি দেবার ক্লপা হইবে।

আমি ভক্তের মহিমা জানি না, তাঁহাদের গুণ বর্ণনে অসমর্থ। আমি এই মাত্র জানিয়াছি যে তাঁহারা অদোষদর্শী এবং ক্রপালু। এজন্য তাঁহা-দের পদপ্রাত্তে পতিত হইয়া প্রার্থনা করিতেছি, তাঁহারা যেন নিজগুণে আমার প্রতি প্রসন্ন হন এবং আমাকে দয়া করেন।

নব্ম পরিচ্ছেদ।

শুদ্ধাভক্তিতে বিরহ নাই।

শুদাভক্তিতে আদৌ বিরহ নাই এবং ভক্তকে বিরহ জানত ক্লোল তাগ করিতে হয় না। প্রাকৃত প্রেমে বিরহের তীব্র যাতনায় মানুষের যে দশদশা উপস্থিত হয়, শ্রীকৃষ্ণ প্রেমে তাহার নাম গন্ধ নাই। প্রাকৃত বিরহীর যে দশদশা উপস্থিত হয় তাহা রসশাস্ত্রে এইরূপ বর্ণিত হইয়াছে—

শুদ্ধান্তজ্ঞিতে বিরহ নাই।

"চিস্তাত্ৰ জাগরোদ্বেগৌ তানবং ম**লিনাঙ্গতা।** প্রলাপো ব্যাধিকুনাদোমোহো মৃত্যুর্দ্ধশা দশ॥"

মায়ামুগ্ধ জীবের এই অবস্থা ঘটিয়া থাকে, প্রাক্তত নায়ক নায়িকার
মধ্যে এই অবস্থা প্রতিনিয়ত দেখা বাইতেছে। পাঠক মহাশয়গণের
কৌতৃহল নিবারণ জন্ম আমি কেবল মাত্র একটা ঘটনার উল্লেখ করিব।

সারদাপ্রসাদ ঘোষ দেখিতে পরম স্থানর যুবক, কিশোর বয়স। প্রতি-বেণী বোদেদের বড় বৌ স্থানরী ও যুবতী। তিনি পরম সাধ্বী ও ধর্ম পরায়ণা। বড় বৌর যালঃসোরস্ত চারিদিকে বিস্তৃত্ত। পাড়ার লোকেরা জানে বড়বৌর মত সতী সাধ্বী ধর্মপরারণা ও কার্য্যকুশলা দ্বীলোক অতি বিরল।

বড় বৌর এক দেবর সারদার সহপাঠী ও সমবয়য়। তাস থেলাইবার কান্ত সে এক দিন সারদাকে আপনাদের বাটতে ডাকিয়া আনে।
বড় বৌ রায়া ঘরের জানালা দিয়া সারদাকে দেখিতে পার। সারদার
রূপে যেমন বড় বৌর চক্ষু পড়িল, অমনি তাহার চিত্ত অপহাত হইল।
সারদার প্রতি বড় বৌর অমুরাগ দিন দিন বাড়িতে লাগিল। সারদা
তাহার হুদয় অধিকার করিয়া বসিল। বড়বৌ সারদার রূপসাগরের
অতল জলে ড্বিয়া গেল আর উঠিতে পারিল না। "ড্বিল তঞ্লী মন
না জানে সাঁতার।"

সারদা পূর্বে কথনও বড় বৌদের বাড়ী আসে নাই; সে আদৌ বড় বৌকে দেখে নাই। সে আ সংবাদ কিছুই জানে না। বড়বৌ চিস্তাকুল হইলেন, ভাঁহার মধ্যে নানা উদ্বেগ উপস্থিত হইল; ভিনি দিন দিন দীণা মলিনা হইতে লাগিলেন; স্থতরাং ভাঁহার চিকিৎসার বন্দোবস্ত হইল।

वफ़्रवोते सामी मानम्रह ठाकत्री कतिराजन, जीत वाद्रारम्य कथा

শুনিয়া বাড়ী আসিয়া স্ত্রীর চিকিৎসা ও সেবা শুশ্রুমার প্রবৃত্ত হইলেন।
কিছুতেই কিছু হইল না। রোগ ক্রমশঃ বাড়িতে লাগিল। বড়বৌ
শ্যাশায়িনী হইলেন। তাঁহার উত্থানশক্তি রহিত হইল। বড় বৌর
আহারে ক্রচি নাই, চক্ষে নিদ্রা নাই। ডাক্তার কবিরাজ রোগ নির্ণয়ে
অসমর্থ হইলেন। কোন ঔষধেই ফল ফলিল না।

বাজির পার্ষে ময়রা বৌর্ষর; সে বাল-বিধবা, এক জন পাকা থেলয়াড় মেয়ে। সে বড়বৌর সেবায় নিযুক্ত হইল। ময়রা বৌরড় বৌকে তেল মাথাইয়া দেয়, সান করাইয়া দেয়, বিছানা করিয়া দেয়, কাছে বিসিয়া থাওয়ায়, বাতাস করে, গায়ে হাত বুলাইয়া দেয় এবং নানা মতে সেবা শুঞ্জীয়া করে।

ভাক্তার কবিরাজগণ রোগ নির্ণয়ে অসমর্থ হওয়ায় ময়রা বৌর মনে একটা সন্দেহ জিমিল। ব্যাপারটা কি ঠিক করিবার জন্ত ময়রা বৌ বড় বৌর প্রতি অনেক সহাত্ত্তি প্রকাশ করিতে লাগিল। তাঁহাকে বার-স্থার ফুস্লাইতে লাগিল।

ময়রা বৌর যত । শেবা ভশ্রষায় বড় বৌ তাহার প্রতি বড় প্রসন্না হইলেন। ময়রা বৌকে তিনি বড়ই ভাল বাসিতে লাগিলেন। অব শেষে ময়রা বৌর প্রবোচনায় এক দিন পেটের কথা বলিয়া ফেলিলেন।

মর্রা বৌ বড় বৌর কথা ভনিয়া সম্ভষ্ট হইল, সে হাঁদিয়া বলিল।

ময়রা বৌ।—এর জন্ম এত ? আমাকে আগে বলিস নাই কেন ? আমি আজই সারদাকে আনিয়া দিব, চিস্তা কি ?

বড় বৌ !—ছি ময়রা বৌ । ও কথা আমাকে বলিও না। আমি কুল স্ত্রী, আমার স্বামী বর্ত্তমান, আমাকে কি ও কথা বলিতে আছে ?

শ্বরা বৌ ।—তোর আর স্থাকামি করিতে হবে না, আমি এখনি চ'ললাম, আজিই আমি সারদাকে নিয়ে-আসব।

শুদ্ধাভক্তিতে বিরহ নাই।

বড় বৌ। ছি, ছি, একখা মুখে এনো না। তুমি কি মনে কর আমি কুলটা ? তুমি জেনো সতীত্বই স্ত্রীলোকের পরম ধর্ম।

ময়রা বৌ বড় বৌয়ের কথা আদৌ বিশ্বাস করিল না, ঘটনা প্রকৃত বলিয়া ময়রা বৌয়ের দৃড় ধারণা হইল। ময়রা বৌ সারদার নিকট ছুটল। সারদাকে সাক্ষাৎ পাইয়া তাহাকে ধনক দিয়া বলিল:—

ময়রা বৌ—তোর এই কাজ ? একটা দ্রীলোককে খুন করিলি ?

সারদা—ময়রা বৌ কি হইয়াছে ? আমি কি করিয়াছি ?

ময়রা বৌ—জানিস্না, কি করিয়াছিস্ ? আবার ন্যাকা সাজিচিল।

সারদা—ময়রা বৌ, সভ্য সভ্য আমি কিছু জানি না, কি হইয়াছে বিশানিক খুলিয়া বলা।

ময়রা বৌ—বোদেদের বড় বৌর কি দশা করিয়াছিস্ মনে করিয়া দেখ; আমার কি জান্তে,বাকী আছে; আমার কাছে গোপন করিস্কেন? আমি সব জেনেছি।

সারদা—তুমি জেনেছ বলিতেছ, আমি কিন্তু কিছুই জানি না।
আমার নিকট মিথ্যা কথা কহিও না, আমার মিথ্যা কলত্ব রটাইও না।

মধুরা বৌ সারদাকেও বিশাস করিল না। উভরের মিলন জন্ম সে বিবিধ চেষ্টা পাইতে লাগিল; বড় বৌ কিছুতেই রাজি হয় না, সার্দাও ধরা ছুঁয়া দেয় না।

ময়রা বৌর একতি জিদ। তাহার কথার বড় বৌ সারদাকে একবার দেখিতে রাজি হইল। ময়রা বৌ সেই কথার সারদাকে রাজি করিল। সারদা ময়রা বৌয়ের বাড়ীতে আসিবে, বড় বৌ দালানের জানালা দিয়া সারদাকে দেখিবে, এইরপ কথাবার্তা স্থির হইল। ময়রা বৌ মনে করিল এই হইলেই চক্ষু লজ্জাটা ঘূচিবে, শেষে সব হইবেন।

বড় বৌ ষে ঘরে শয়ন করে সেই ঘরের জানালা দিয়া ময়রা বৌয়ের

দেখা যায়। ময়রা বৌ আপন ছয়ারে একটা বিছানা পাতিল, সারদাকে ডাকিয়া আনিয়া ঐ বিছানায় বসাইয়া বড় বৌকে থবর দিল।

বড় বৌ বিছানা হইতে উঠিতে পারে না। সারদার আসার কথা শুনিয়া বড় বৌ হাতে ভর দিয়া জানালার পার্শে উঠিয়া বসিল এবং হির নয়নে সারদার প্রতি চাহিয়া রহিল। কণকাল পরে উঠিয়া দাঁড়াইল এবং ক্রতবেগে দিঁড়ি দিয়া নামিয়া আসিয়া ময়য়া বৌর বাড়ীতে প্রবেশ করিল। বড় বৌ সারদাকে দেখিয়া ক্রতপদে বেমন ভাহার দিকে ধাব-মানা হইলেন, অমনি হোঁচট খাইয়া পড়িয়া গেলেন। বেমন পতন অমনি মৃত্যু।

সারদা মহাভীত হইয়া অলক্ষিতে পলাইয়া গেল। 'কি হইল কি হইল' বলিয়া বাড়ীর লোকেরা ছুটিয়া আসিল, দেখিল বড় বৌর মৃতদেহ ভূতলে পড়িয়া রহিয়াছে। সকলে ভাবিল বড় বৌর delirium উপস্থিত হইয়াছিল, ভাহাতেই মৃত্যু ঘটয়াছে। সকল কথা চাপা পড়িয়া গেল।

ভগবদ্ধকের এ অবস্থা ঘটে না; ভগবং শক্তির অনুভূতির প্রগাড় অবস্থাই এক্সফ-প্রেম। এই প্রেম অপ্রাক্ত। এই প্রেমে বিরহ নাই; চিস্তা, উরেগ, জাগীরণ, কীণতা, অঙ্গনালিন্ত, প্রলাপ, ব্যাধি, উন্মত্ততা, মোহ বা মৃত্যু এ সব কিছু নাই।

শেষ অবস্থায় শ্রীমন্যহাপ্রভুর যে সব অত্যন্ত ভাববিকার প্রকাশ
পাইত, তাহা হইতে কবিরাজ গোস্বামী মহাপ্রভুর শ্রীকৃষ্ণবিরহ কর্মনা
করিয়াছেন, এবং বিরহের দশদশা ক্রমান্বয়ে বর্ণনা করিয়া গিয়াছেন।
বর্ণনা গুলি কবিত্বপূর্ণ এবং অত্যন্ত হৃদয়গ্রহা, পাঠ করিলে গুরুণজি
জাগিয়া উঠে, প্রাণে অপার আনন্দ ঢালিয়া দেয়।

কবিরাজ গোস্বামী শ্রীমন্মহাপ্রভুর অত্যন্ত ভাবের কারণ নির্দেশ করিতে পারেন নাই; তাঁহার অত্যন্তত ভাব মন্ত্রা লোকে দেখিকে

ভদ্ধাভজ্জিতে বিরহ নাই।

পাওয়া যায় না, শাস্ত্রেও ইহার বর্ণনা নাই, একথা করিরাজ গোসামী নিজ গ্রন্থেই স্বীকার করিয়াছেন :—

> "লোকে নাহি দেখি যাহা শাস্ত্রে নাহি শুনি। হেন ভাব ব্যক্ত করেন স্থাসী চূড়ামণি ॥"

এ ভাব শান্তও লোকাতীত; এজন্য তিনি মহাপ্রভুর ভাব ঐক্রাফবিরহ
জনিত মনে করিয়া তাঁহার দশদশা একে একে বর্ণন করিয়াছেন। ইহার
কলে এই হইরাছে. যে ঐক্রেফ প্রেমের অপকারিতা জনসাধারণকে জ্ঞাপন
করা হইরাছে। বর্তমান শিক্ষিত দল মহাপ্রভুর প্রলাপ ■ দিব্যোন্মাদ
পাঠ করিয়া মনে করেন, ভাবপ্রবণতা হেতু শেবাবস্থার মহাপ্রভুর মন্তিক
বিক্বত হইরাছিল। তাঁহার ভ্রান্তি জন্মিয়াছিল, তিনি প্রলাপ বকিতেন,
তিনি উন্মাদপ্রস্ত হইরাছিলেন। তাঁহার দিখিদিক জ্ঞান ছিল না, তিনি
সমুদ্রে পতিত হইয়াছিলেন। শেবে অল্ল বর্নে অকালে শোচনীয় অবস্থায়
কালপ্রানে পতিত হইয়াছিলেন।

কবিরাজ গোস্বামীর কবিত্ব পূর্ণ কাল্লনিক বর্ণনায় জন-সমাজের ভূল ধারণা হইয়াছে, ইহাতে তাঁহাদের ঘোর অনিষ্ঠ করা হইয়াছে।

আমার কথার প্রতিবাদ করিয়া কেছ কেছ বলিবেন, ব্রহ্মাসনাদের

যথন শ্রীকৃষ্ণ-বিরহ ছিল, শ্রীকৃষ্ণবিরহে শ্রীমতীর বখন দশদশা
উপস্থিত ইইয়াছিল, তখন মহাপ্রভুর শ্রীকৃষ্ণবিরহ উপস্থিত হইবে না,
তাঁহার দশদশা ঘটিবেনা একথা কেমন করিয়া স্বীকার করা যাইবে পূ
নিশ্চরই তাঁহার দশদশা উপস্থিত হইরা থাকিবে, সেই জন্ম করিয়া

গোসামী তাঁহার দশদশা বর্ণন করিয়াছেন।

যদিও কবিরাজ গোস্বামী মহাপ্রভুর অত্যন্ত ভাবের কারণ স্থির করিতে পারেন নাই, তথাপি তিনি ইহার একটা কারণ নির্দেশ করিয়া-ছেন। তিনি বলিয়াছেন, শ্রীরাধিকার ভাবকান্তি অঙ্গীকার করিয়া মহা-

সদ্গুৰু 🔳 সাধন-ডন্ত।

প্রভূ অবতীর্ণ হইয়াছিলেন। সেই অন্তর্দশায় মহাপ্রত্য ক্ষাবিরহ
নিদাকণ ক্রেশ উপস্থিত হইয়াছিল। এই ক্লেশই তাঁহার অত্যন্ত্ত
ভাবের কারণ।

এ সকল কথার কোন প্রমাণ নাই। কবিরাজ গোস্বামী বলিয়াছেন, একথা স্বরূপ-দামোদর প্রকাশ করিয়াছেন।

"বরূপ গোসাঞি প্রভুর অতি অন্তর্ম। তাহাতে জানেন প্রভুর এসব প্রস্ক। 'রাধিকার ভাব মূর্ত্তি প্রভুর অন্তর। সেই ভাবে স্থুপ তৃঃপ উঠে নিরম্ভর। শেষ লীলার প্রভুর ক্লফ বিরহ উন্মাদ। শ্রমমর চেষ্টা সদা প্রলাপমর বাদ। রাধিকার ভাব বৈছে উদ্ধব দর্শনে। সেই ভাবে মত্ত প্রভু রহে রাত্রি দিনে॥ রাত্রে প্রলাপ করে সক্রপের কণ্ঠ ধরি। আবেশে আসন ভাব কহরে উন্ধারি॥"

टेंচ, ठ, **जाः**, ८र्थ পরিচেছ্ন।

আবার রূপ গোস্বামীর স্তবমালা হইতে একটি শ্লোক তুলিয়া প্রমাণ শিরাছেন—

"আপারং কন্তাপি প্রণায়জনরনক্ত কুত্কী। রসস্থানং জ্বা মধুরম্পভাক্ত ক্রমণি যঃ। কুচং স্বামাবরে জুভিমিহ ভদীয়াং প্রকট্মন্। সদেবশৈতভন্যাক্তিরভিত্রাং নঃ ক্রপয়ভূ॥"

যিনি ব্রজাঙ্গনাগণের কোন অনির্বাচনীয় মধুররস হরণ ক্ষিয়া উহা শ্বয়ং ভক্তকে আস্থাদন করিবার নিমিত্ত তদীয় কান্তি বাহিরে প্রকাশ পূর্বাক নিজহাতি আবরণ করিয়াছেন, পরম কুতুকী সেই শ্রীচৈতগু দেব আমাদিগকে অতিশয় রূপা করুন।

স্থান দামোদরের সহিত কবিরাজ গোস্থামীর কথনও দেখা সাক্ষাৎ ছিল না। তিনি কখন কাহাকে কি বলিয়াছিলেন, না বলিয়াছিলেন তাহা শুনিয়া অথবা রূপ গোস্থামীর স্তব-মালা পাঠ করিয়া কি গভীর শাস্ত্রীয় সিদ্ধান্তে উপনীত হওয়া উচিত ?

সিদ্ধান্তে ভূল হইলে শোক সকলকে ভ্রমে পাতিত করা হইবে, এ কারণ সিদ্ধান্ত সকল নিজের অভ্যান্ত উপলব্ধি না হইলে ক্লাচ লিপিব্দ করা উচিত নয়।

ব্রজপুরে ব্রজাঙ্গনাদের ভাব, আর শ্রীমন্মহাপ্রভুর ভাব সম্পূর্ণ স্বতর। ব্রজাঙ্গনাগণ যে রস আস্বাদন করিয়াছেন, শ্রীমন্মহাপ্রভু তাহার সম্পূর্ণ বিপরীত রস আস্বাদন করিয়াছেন।

ব্ৰপুরে ব্রজাঙ্গনাদের যে প্রেম বর্ণিত হইয়াছে ভাহা প্রাকৃত, মহা-প্রভুর প্রেম অপ্রাকৃত।

ব্রজাঙ্গনাদিগের বর্ণিত প্রেমে অন্ধতা, প্রান্তি, কুটিলতা, মান, বিরহ, ইত্যাদি প্রান্তত প্রেমের সমস্তই আছে, মহাপ্রভুর শ্রীকৃষ্ণ-প্রেমে এসব কিছুই নাই, এই সকলের যাহা বিপরীত তাহাই আছে।

গোস্বামিপাদগণ বেরূপ বর্ণনা করিরাছেন, তাহা পাঠ করিলে জানা যায় যে, ব্রজাঙ্গনাগণ শ্রীকৃষ্ণকে লইয়া মধুর রস আস্বাদন করিতেন, মহা প্রভূ কিন্তু অপ্রাকৃত অনির্বাচনীয় প্রেমরস আস্বাদন করিতেন।

অধিরুচ, উদবূর্ণা, কিলকিঞ্চিত, কুটুমিত, বিলাস, ললিত, বিবেশক, মোট্রান্নিত, মৌগ্ধ প্রভৃতি ভাব সমূহের দারা ব্রজাঙ্গনাদের প্রেম অলঙ্কত, আর মহাপ্রভূর প্রেম স্বেদ, স্তম্ভ, অশ্রুদ, কম্প, পুলক, বৈবর্ণ, স্বর-ভঙ্গ ও না নাবিধ অলোকিক অঙ্গচেষ্টা দারা অলঙ্কত। ব্রকাসনাদের প্রেমে নায়িকা ভেদ আছে, মহাপ্রভুর প্রেমে নায়িকা ভেদ নাই। বর্ণিত ব্রজের প্রেম আর মহাপ্রভুর প্রেম ঠিক বিপরীত। এমত অবস্থায় মহাপ্রভু শ্রীরাধিকার ভাব অঙ্গীকার করিয়াছিলেন এবং তজ্জ্ম তিনি শ্রীক্রফ-বিরহ যাতনা জোগ করিয়াছিলেন ও সেই বিরহ-জনিত ক্লেশবশতঃ তাঁহার অভাত্ত প্রেম-বিকার উপন্থিত হইয়াছিল একথা কি প্রকারে বলা যাইতে পারে ?

শুদা-ভক্তি ভগবৎ-শক্তি, তিনি অত্যস্ত প্রগল্ভা, তাঁহার ক্রিয়া-কলাপ অচিস্তনীয় ও অবর্ণনীয়। এই প্রেবল ভগবৎ-শক্তি প্রভাবে মহা-প্রভুর শরীরে অত্যন্ত ভাব চেষ্টা উপস্থিত হইয়াছিল।

পেটের ভিতর কাহারও হাত পা, মাথা প্রবেশ করিতে পারে না, অহি এই বিচ্ছিন্ন হইনা থাকে :না, সমন্ত রাজি সম্জ-গর্জে তৃবিয়া কেহ জীবিত থাকিতে পারে না। এ সব প্রাকৃত-শক্তির কাজ নহে। ভগবৎ-শক্তির অকার্য্য কিছু নাই, সেখানে সমন্তই সন্তব। বেখানে সর্ব্ব-শক্তি-মন্তা সেখানে অসন্তব বলিয়া কি থাকিতে পারে? তিনি ছু চের মধ্য দিয়া হাতী চালাইতে পারেন। এই ভগবৎ-শক্তির ক্রিয়াই মহাপ্রভূব অত্যন্ত্ত ভাবের কারণ জানিবেন।

দশম পরিচেছদ।

শুদ্ধাভক্তির সঙ্কোচ।

পাঠক মহাশয়গণ, আপনারা এই ভক্তি দেবীর অনুক গুণের কথা শুনিলেন, কিন্তু ইঁহার যে একেবারে দোষ নাই এ কথা বলা ষাম না। নষ্ট, হষ্ট, লম্পট, দস্তা, মল্পগায়ী এমন কি নরহন্ধা প্রভৃতি সমস্ত পাপী তাপীকে ইনি ৰূপা করিয়া থাকেন, কিন্তু ইনি কৃটিল, শঠ, নিন্তুক, অবিখাসী ও কৃপটাচারীর ছায়া স্পর্শ করেন না। এই সকল শোককে ইনি অত্যন্ত ঘুণার চক্ষে দেখিয়া থাকেন। বন্ধকুলবধ্ পর-পুরুষ দর্শনে যেমন ঘোমটা টানিয়া গৃহ মধ্যে প্রবিষ্ট হন, এই সকল লোক দর্শনমাত্র ভক্তিদেবী স্থান পরিত্যাগ করিয়া চলিয়া ধান। যতই সাধ্য সাধনা কর কিছুতেই ইনি ইহাদের সমক্ষে বাহির হইবেন না।

শ্রীধাম নবদাপে শ্রীমন্মহাপ্রভু ভক্ত শ্রীবাসের বাড়ীতে প্রতিদিন সংকীর্ত্তন করিতেন। পাছে এই শ্রেণীর লোক সংকীর্ত্তনস্থলে উপস্থিত হয় ও ভক্তিদেবীর সঙ্গোচ জন্মে, এ কারণ তিনি গৃহের সদর দরজা বন্ধ করিয়া ভক্ত সঙ্গে কীর্ত্তন-বিলাস করিতেন। এই শ্রেণীর কোন লোককে গৃহ মধ্যে প্রবিষ্ঠ হইতে দিতেন না।

ভক্ত প্রাক্তকে, শাশুড়ী নাম কীর্ত্তনে অবিধাসিনী জ্রীলোক ছিলেন।
সংকীর্ত্তনের সময় শ্রীবাস তাঁহাকে গৃহ মধ্যে থাকিতে দিতেন না। মহাপ্রভুর কার্তন ও নৃত্য দেখিবার জন্য শ্রীবাসের শাশুড়ী অত্যন্ত কোতৃহলাক্রান্ত হইয়া একদিন একটা ডোল মাধায় দিয়া লুকায়িত ভাবে গৃহ মধ্যে
অবস্থিতি করেন ও লুকায়িত ভাবে মহাপ্রভুর কীর্ত্তন ও নৃত্য দেখিতে
থাকেন। এই দিন ভক্তিদেবী সন্তুচিতা হইলেন, মহাপ্রভু প্রেমরস আশ্বাদন
করিতে সমর্থ হইলেন না। এই ঘটনা শ্রীবাসের দোহিত্র শ্রীবৃন্দাবন দাস
আপন গ্রন্থে এইরূপ বর্ণনা করিয়াছেনঃ—

"হেন মতে নবদীপে বিশ্বস্তর রায়।
ভক্ত সঙ্গে সংকীর্ত্তন করয়ে সদায়॥
দার দিয়া নিশা ভাগে করয়ে কীর্ত্তন।
প্রবেশিতে নারে ভিন্ন লোক কোন জন॥
এক দিন নাচে প্রভু শ্রীবাসের বাড়ী।
দরে ছিল লুকাইয়া শ্রীবাস শাশুড়ী॥

সদ্প্ৰক্ল ও সাধন-তত্ত্ব।

4

ঠাকুর পণ্ডিত আদি কেহ নাহি জানে। ভোল মুণ্ডে দিয়া আছে ঘরে:এক কোণে 🏗 লুকাইলে কি হয় অস্তব্যে ভাগ্য নাই। অন্ন ভাগ্যে সেই নৃত্য দেখিতে না পাই॥ নাচিতে নাচিতে প্ৰভূ বোলে ঘনে ঘন। "উল্লাস আমার আজি নহে কি কারণ''॥ সৰ্ব্য-ভূত অন্তৰ্য্যামী জানেন সকল। · জানিয়াও না কহেন করে কুভূহল॥ পুনঃপুন: নাচি বলে "হুও ৰাহি পাই। কেবা জানি লুকাইয়া আছে কোন্ ঠা**ই** ॥" সর্ব বাড়ী বিচার করিল জনে জনে 🖰 🕾 জীবাস চাহিল ঘর সকল আপ্রে॥ "ভিন্ন কেহ—নাছি" বলি করন্নে কীর্ত্তন। উল্লাসে নাচয়ে প্রভু শ্রীশচীনন্দন।। আর বার রহি বলে "হুখ নাহি পাই। আজি বা আমারে ক্লফ অনুগ্রহ নাই॥* মহা আসে চিন্তে সব ভাগবভগণ। আমা সভা বই আর নাহি কোন জন। আমরাই কোন বা করিল অপরাধা **অ**তএব প্রভু চিত্তে না হয় প্রসাদ॥ আর বার ঠাকুর পণ্ডিত ঘরে গিয়ে। দেখে নিজ শাশুড়ী আছম্মে লুকাইয়ে॥ ক্ষাবেশে মহামত্ত ঠাকুর পণ্ডিত।

শুদ্ধাভক্তির সক্ষোচ।

বিশেষে প্রভুর বাক্যে কম্পিত শরীর।
আজা দিয়া চুলে ধরি করিল বাহির॥
কেহ না জানে ইহা আপনা সে জানে।
উল্লাসিত বিশ্বস্তর নাচে ততক্ষণে॥
প্রভু বোলে চিত্তে এবে বাসিয়ে উল্লাস।
হাসিয়া কীর্ত্তন করে পণ্ডিত শ্রীবাস॥
মহানন্দে হইল কীর্ত্তন কোলাহল।
হাসিয়া পড়য়ে স্ব বৈক্ষব মণ্ডল॥
নৃত্য করে গৌরসিংহ মহা কুতৃহলী।
ধরিয়া বুলেন নিত্যানন্দ মহাবলী॥
চৈতভের লীলা কেবা দেখিবারে পারে।
দেই দেখে যারে প্রভু দেন অধিকারে॥
এইমত প্রতিদিন হরি সঙ্গীর্ত্তন।
গৌরচক্র করে নাহি দেখে সর্ব্ত্তন।

চৈ, ভাঃ, মধ্যঃ ১৬শ অধ্যায়।

বিজ্ঞাতীয় লোক সমক্ষে ভক্তিদেবী প্রকাশিত হয়েন না, একারণ আমার বাগায় যখন নিতা নাম সংকীর্ত্তন হইত, তথন আমিও বাটীর সদর দরজা বন্ধ করিয়া সংকীর্ত্তন করিতাম। বাহিরের বিজাভীয় লোক সকল জলিয়া পুড়িয়া মরিত। প্রতিবাসীরা বলিত "হরিবাবুর জালায় রাত্রে'নিদ্রা যাইবার উপায় নাই।" কেহ কেহ বলিত "কাঁসার বাত্য বড় কুলকণ, যেরূপে কাঁসার বাদ্য আরম্ভ হইয়াছে ভাহাতে এবংসর ছর্ভিক্ষ না হইয়া যায় না।" ইত্যাদি যাহার মনে যাহা আসিত সে ভাহাই বলিত

বোলপুরের নিকটবর্তী মুলুক গ্রামে ৺রাধাবলভের সেবা প্রকাশিত

আছে। তথার ঠাকুর বাড়ীতে প্রভাহ নাম সংকীর্ত্তন হুইত। ঐ প্রাথের এক জন বৈক্ষব ভাল বাজাইতে পারিত। আমি একবার শ্রীমদহৈত প্রভুর জন্মোৎসবে থোল বাজাইবার জন্ম ঐ বৈক্ষবকৈ নিযুক্ত করিয়াছিলাম।

সন্ধার পর সংকীর্ত্তন আরম্ভ হইল, আমার মৃছরি রাখাল চক্রবর্ত্তী ও ঐ বৈশ্ববৃটি থোল বাজাইতে লাগিল। ভক্তগণ উক্তিঃস্বরে নাম সংকীর্ত্তন করিছে লাগিল। থোল হন্দের উপর জ্বলিল। কিন্তু কাহারও অন্তরে ভাবের সঞ্চার হইল না! সকলের প্রাণ শুদ্ধ, গামে জালা উপস্থিত হইল। ঘরটা গরম হইয়া উঠিল। ভক্তগণ মনে করিল ভক্তিদেবীর নিকট নিশ্চয়ই তাঁহাদের কোন অপরাধ হইয়ছে সেইজন্ত ভক্তিদেবীর রূপা হইতেছে না। বহুক্ষণ এইভাবে কাটিয়া গেল, তথন রাখাল চক্রবর্ত্তী ঐ বৈশ্ববৃটিকে বলিলেন;—

রাখাল-একটু ভাল করিয়া বাজাও।

বৈষ্ণব—(মুচকে হাসিয়া) যত দেখিতেছ তত নহে। (অর্থাৎ ইহারা যে ভক্তি দেখায় তাহা ইহাদের নাই, অনেকটা কপটতা)।

গোস্থামী মহাশ্যের জনৈক শিয়া পণ্ডিত স্থামাকান্ত চটোপাধ্যার এই ঘটনাটী দেখিতে পাইবামাত্র বাদক বৈঞ্চবের খোল থানি নামাইয়া লইলেন এবং তাহার ঘাড়ে হাত দিয়া বলপূর্বক সংকীর্ত্তনের স্থান হইতে মাহির করিয়া দিয়া দরজা বন্ধ করিয়া দিলেন।

■ লোকটা বাহির হইবা মাত্র ভক্তি দেবীর ক্লপা হইল। পলকের
মধ্যে পদার উত্তাল তরঙ্গের স্থায় ভাবের স্রোত কুল ছাপাইরা প্রবাহিত
হইতে লাগিল। প্রবল ঝড়ে ধেমন কলা বাগানের কলাগাছগুলি
ভূতলশায়ী হয়, চক্ষের পলকের মধ্যে ভক্তদল আছাড় খাইয়া ঘরের মধ্যে
বিলুষ্ঠিত হইতে লাগিল। ৫।৭ জন করিয়া লোক পরস্পার জড়াজড়ি করিয়া

ঘরের এক প্রাস্থ, হইতে অপর প্রাস্থ পর্যান্ত পর্যান্ত পর্যান্ত করিয়া আবার কিছুক্ষণ পরে মুহূর্ত্ত মধ্যে সকলে উঠিয়া উদ্ধণ্ড নৃত্য আরম্ভ করিয়া দিল। কাহার ও বাহাজ্ঞান নাই, কেহই সন্ধীর্ত্তন ছাড়িতে চায় না। রাত্রি একটার সময় সন্ধীর্ত্তন বন্ধ ইইল। তথন সকলে আহার করিয়া বিশ্রাম লাভ করিল।

ভক্তি-দেবী বিজাতীয় লোকের নিকট কদাচ প্রকাশিত হইতে চান ন।।

একাদশ পরিচ্ছেদ।

শুদ্ধাভক্তির প্রগণ্ভতা।

এই ভক্তি দেবীর আর একটা মহৎ দোষ আছে। ইনি সমরে সময়ে অতাম্ব নিল্ল জ্জতা

ঔদ্ধত্য প্রকাশ করেন। ইহার আবির্ভাবে ভক্তগণের কিছুমাত্র লজ্জা সরম থাকে না এবং তাঁহারা বিবিধ চাঞ্চল্য প্রকাশ করেমা থাকেন। আমার বাসায় পূর্বের প্রতিদিন নাম সংকীর্ত্তন হইত এবং এখনপ্ত প্রীমদহৈত প্রভুর জন্মতিথির পূলা উপলক্ষে প্রতি বংসর উৎসব হইয়া থাকে। সংকীর্ত্তনের সময় ব্রীলোকগণকে পরদার আড়ানে বসাইয়া দেওয়া হয়। সংকীর্ত্তন প্রবণ করিতে করিতে অনেক গুরু-জ্য়ী পরদা মধ্যে হুয়ার ছাড়িতে থাকেন। তৎপরে তাঁহাদের কারার রোল উঠে ও ভীষণ গর্জন আরম্ভ হয়, শেষে আঅসম্বরণে অসমর্থ হইয়া ইহারা লক্ষ্ বক্ষে ও নৃত্য আরম্ভ করিয়া দেন; সময়ে সময়ে পদাঘাতে পরদা ছিড়িয়া কেলিয়া আসরে লাকাইয়া পড়িতে চান। ইণ্ডর, ভাম্বর, অপরিচিত বিবিধ পুরুষের সমক্ষে বাহির হইতে ও নৃত্য করিতে লজ্জ্ঞা বোধ করেন না। ব্যাপার গুরুতর বুঝিতে পারিলেই আমি ব্রীলোকগণকে বলপুর্বক

গৃহমধ্যে আবদ্ধ করিয়া দরঞায় শিকল টানিয়া দিই। তাঁহারা গৃহমধ্যে লাফালাফি করিতে থাকেন, কেহ মাথা খুঁড়েন, কেহ গড়াগড়ি যান, কেহ কেহ কান্দিতে থাকেন; কে কাহার গারে পড়ে তাহার ঠিক নাই; কাহারও মাথা ফুটে, কাহারও হাত ভাঙ্গে, কাহারও পা ভাঙ্গে, গায়ের গহনা তুবজিয়া যায়, কোনটা বা ভাঙ্গিয়া যায়। অনেকে আহত হওয়ায় তাঁহানের শরীর ক্ষত বিক্ষত হয় ও রক্তধারা পড়িতে থাকে। গুলাভক্তি সময়ে সময়ে ভক্তগণকে তুলিয়া এমন আছাড় মারেন যে বোধ হয় শরীরটা যেন চুর্ণ বিচুর্ণ হইয়া গেল।

পুরুষ মহলেও ঠিক এইরূপ, ইহাঁদেরও ভীষণ হুরার, গর্জন, নৃত্যু ও দারুণ আছাড়। ইহাঁদের শরীরও ক্ষত বিক্ষত এবং রক্তধারার পরিপ্লুত। একজন নাচিতে নাচিতে আর একজনের গায়ে পড়িল, তাহার উপর আবার একজন পড়িল, তাহাদের উপর আবার ২া৪ জন পড়িল, তৎপরে সকলে জড়াজড়ি করিয়া পুঁটেলী পাকাইয়া গড়াগড়ি যাইতে লাগিল। কিছুকাল পরে ইহারা আবার লক্ষ্ণ দিয়া উঠিয়া নৃত্যু আরম্ভ করিয়া দিল। যাহারা পদত্ত ও অত্যন্ত ধীর ও গন্তীর-স্বভাব, ■ সময় তাঁহাদেরও গান্তীর্যা থাকে না। তাঁহারাও নিরতিশয় চাঞ্চল্য প্রকাশ করিয়া থাকেন। সময়ে সময়ে তাঁহাদিগকেও পাছার কাপড় ভুলিয়া এরপ বিক্বতভাবে নৃত্যু করিতে দেখিয়াছি যে তাহা দেখিলে কেহই হাসি সম্বরণ করিয়া থাকিলত পারে না।

কোন কোন ব্যক্তিকে শ্রীক্লফের ন্যায় ত্রিভঙ্গিমঠানে প। ছান্দিরা দাঁড়াইয়া আবা আবা বব করিতে দেখিয়াছি। কাহাকেও সখীভাবে এমন স্থান নৃত্য করিতে দেখিয়াছি যাহা প্রাসিদ্ধ নর্ভকীগণ নাচিতে পারে না। আবার কাহাকেও বড়াইবুড়ীর অভিনয় করিতে দেখা গিয়াছে। গানের ভাবানুষারে ভক্তগণের ভাবের প্রায়ই ভারতম্য হইয়া থাকে। ভাবের প্রবশ তরঙ্গের সময়-কাহারও মধ্যে প্রীক্ষের আবেশ, কাহারও মধ্যে নিজ্যানন প্রভুর আবেশ, কাহারও মধ্যে শ্রীগোরাঙ্গের আবেশ, কাহারও মধ্যে স্থীগণের আবেশ, কাহারও মধ্যে বড়াইয়ের আবেশ ও আর আর আনেকের আবেশ দেখিতে পাইরাছি।

সরল নাথ ভায়া ভাবাবেশে প্রায়ই একটা বৃহৎ হাঁড়গিলা পক্ষীর

মত হইয়া যাইতেন। তিনি লয়া লয়া পা ফেলিয়া চলিতেন ও হাত

হইথানা মুচড়াইয়া পিঠের দিকে বাঁকিয়া গিয়া হইথানা ভানা হইয়া

যাইত। তিনি একটা অপরিচিত বিকট রব করিতে থাকিতেন।
আমি গোস্বামী মহাশয়ের নিকট এই অবস্থার কথা বলিয়াছিলাম,

তাহাতে তিনি উত্তর করিয়াছিলেন বে "সরল নাথের মধ্যে গরুড়ের
আবেশ হয় তাহাতেই এইরূপ অবস্থা ঘটে।"

ভক্তিভাজন পণ্ডিত শ্রামাকান্ত চটোপাধ্যার সমরে মধ্য হন্তীর
মত হইরা মদভরে বিচরণ করিতেন। কথনও একখানা নোকা হইরা
গৃহ মধ্যে খরতর বেগে প্রবাহিত হইতেন। আরও যে কত রকম
ভাব হইত তাহা আপনাদিগকে কি বলিব। ভারের বিচিত্র গতি।
এই সকল অবস্থা যে প্রত্যক্ষ না করিয়াছে তাহার নিকট উপন্যাস
বলিয়া বোধ হইবে।

একবার উৎসব শেষ হইরা গেল। গুরু ভাই-ভগ্নীগণ বিদায় হইয়া
আপন আপন বাটী চলিয়া গেলেন। তথনও গৃহিণীর মন ভাবে গর গর,
তিনি আমার নিকট আসিয়া হাসিতে হাসিতে বলিলেন—
গৃহিণী—তুমি বলত এখন সমস্ত বোলপুরটা নাচিয়া কুন্দিরা একাকার
করিয়া আসিতে পারি।

আমি—তুমি কুল-বধ্, গৃহ হইতে বাহির হও না, সমস্ত বোলপুরটা নাচিয়া

গৃহিণী—কিছুমাত্র লজ্জা হইবে না। লজ্জা হইলে কি বরের বাহির হইতে পারা যায় ? না—আবার পা উঠে।

আমি—এই কয়দিন যাবৎ এত নাচিয়াও আশা মিটিল না ?

গৃহিণী—গৃহ মধ্যে নাচিতে পাই কই ? নাচিতে নাচিতে যে দিকে যাই দেওয়ালে আঘাত লাগিলা পড়িয়া যাই, না হল কেহ ধরিয়া বাধা দেল,—মনের সাধ মনের মধ্যেই থাকিলা যাল; খোলা জায়গা পাই ত নাচিয়া মনের সাধ মিটাই।

আমি—এত নৃত্য ও মাতামাতি, তোমার কি ক্লাস্কি বোধ হয় না ?

গৃহিণী—আমি নিজে যদি নাচি বা মাতামাতি করি তবেইত ক্লান্তি বোধ হইবে ? আমি আদৌ এসৰ কিছুই করি না। কেবল মনে মনে নাম করি ও সংকীর্ত্তন প্রবণ করি। যথন ভিতরে ভিতরে গুরুশক্তি প্রবল হয়, তথন মনে হয় পাহাড় পর্বত বাম হাতে ছুড়িয়া ফেলিয়া দিতে পারি।

আমি—ভাব সমরণ কর না কেন? হির হরে কি থাকিতে পার না ?
গৃহিনী—থোল করতালের ধানি ও সংকীর্ত্তন শুনিবামাত্র সর্ব্ধ শরীরটা
বকার দিয়া উঠে,—বতই দেহটা সমরণ করিতে থাকি, ততই
গর্জন হইতে থাকে ও ভিতর হইতে হুমার ধানি উঠে।
বখন শক্তি আর চাপিয়া রাখিতে পারি না তখনই ছাড়য়া
দিই, আর শরীরটা উদ্দণ্ড নৃষ্ট্য করিতে থাকে। শরীরের
উপর আমার আদৌ কর্তৃত্ব থাকে না। আমি দ্রষ্টা মাত্র। বেশি
চাপাচাপি করিলে শক্তি প্রবল বেগে আমাকে তৃলিয়া আছাড়
মারে। সেই জন্ম আর বেশী বাড়াবাড়ি করি না, বাহা হইবার
তাহা হইয়া বাউক, এই মনে করিয়া সম্বরণের চেষ্টা করি না।
শক্তির ধেলা দেখিতে থাকি।

আমি—উদ্ধ নৃত্যর সময় নাম কর কি ? গৃহিণী—সে সময় প্রায়ই নাম ছুটিয়া বায়। আমি—নাম ধরিয়া থাকিবার চেষ্টা করিবে।

গৃহিণী—দে সময় নাম করিলে শক্তি আরও প্রবল হইয়া আমাকে। একেবারে অভিভূত করিয়া ফেলে।

আমি—ভৌমার উপর ভক্তি দেবীর যথেষ্ট ক্নপা, তাঁহার অমুগত হইয়া। চলাই উচিত। তোমাকে বলিবার আমার কিছুই নাই।

ষাদশ পরিচ্ছে



অরুণার বাসর ঘর।

কুলীনগ্রামবাসী হরিচরণ বস্থ আমার খুড়া। তাঁহার কন্তা অরুণার বিবাহ উপলক্ষে আমি নিমন্ত্রিত হইয়া সপরিবারে বাটা গিয়াছিলাম। বাসর খরে বর কন্তা অবস্থিতি করিতেছে। আমাদের পাড়ার ও জিয় ভির থাড়ার বহু স্ত্রী বাসর খরে-উপস্থিত। আমার গৃহিণী আপেন বাটাতে নিদ্রিতা আছেন।

রাত্রি প্রায় ৩টা বাজিয়াছে, এমন সময় কতকগুলি স্ত্রীলোক আসিয়া গৃহিণীকে বাসর ঘরে লইয়া যাইবার তাহার তাঁহার নিদ্রাভঙ্গ করিল। গৃহিণীরবাসর ঘরে যাইবার আদৌ ইচ্ছা ছিল না, কিন্তু স্ত্রীলোকগণের অনুরোধে তাঁহাকে যাইতে হইল। তাহারা তাঁহার স্থনার সাজ সজ্জা

করিয়া দিলেন, গৃহিণী বহু সুল্যের বারাণসাঁ শাড়ী পরিয়া আনানা অলঙ্কারে বিভূষিতা হইয়া বাসর ঘরে উপস্থিত হইলেন। সে স্থানে অনেক অপরি-চিতা স্ত্রীলোক ■ শুরুজন উপস্থিত ছিলেন; স্বতরাং তিনি লজ্জাবনতা হইয়া সম্ভূচিতভাবে ঘরের এক পার্শ্বে বিসলেন।

এই সময় স্ত্রীলোকেরা বরকে বলিভেছিলেন,— স্ত্রীগণ—আপনি একটা গান করুন। বর – আমি গান জানি না।

স্ত্রীগণ—পুরুষ মানুষ গান জানেনা এমনও কি হয় ? যেমন জানেন তেমনি একটী গান করুন।

বর—আমি সত্য সত্য**র্জীবিলিডেছি আমি অদৌ গান জানি না**, গান করিবার শক্তি আমার নাই, আমি কখনও গান করি নাই,; আপনারা একটা গান করুন, আমি শুনি।

এই সময় মেয়েয়া পরস্পর মুখ তাকাতাকি করিতে লাগিল। ছইটী অবিবাহিতা ব্রাহ্মণ বালিকা তথায় উপস্থিত ছিল, তাহারা তাহাদের মাতার নিকট সঙ্গীত বিদ্যা শিক্ষা করিয়াছিল। তাহারা ছইটি ভগী, উভয়েরই কণ্ঠসত্ব মধ্র, মেয়েরা বালিকাদ্বয়কে গান করিতে বলার তাহারা গান ধরিল "সখী ঐ বুঝি বাশী বার্কে" ইত্যাদি।

এই গান গৃহিণীর শ্রুতিগোচর হইবা মাত্র শুরুলন্তি তাঁহার মধ্যে জাগ্রৎ হইল। তিনি ভাষণ গর্জ্জন আরম্ভ করিলেন এবং হুরার করিতে করিতে উদ্দণ্ড নৃত্য আরম্ভ করিয়া দিলেন। তথন তাঁহার শরীরে মত্ত হন্তিনীর বল উপস্থিত হইল। তিনি বরের এক প্রাস্ত হুইতে অপর প্রাস্ত প্রবলবেগে নাচিতে লাগিলেন, তাঁহার পদভরে বর্থানা যেন কাঁপিতে লাগিল। এই অভাবনীয় দৃশ্র দেখিয়া ঘরের লোকজন সরিয়া দাঁড়াইল। বালিকা হুইটা হতবৃদ্ধি হুইয়া গান ছাড়িয়া দিল।

গান পরিত্যাগ করার গৃহিণী আছাড় খাইরা পৃড়িরা গেলেন এবং কাটা ছাগল যেমন ধড়ফড় করিতে থাকে দেইরূপ ধড়ফড় করিতে লাগিলেন। করু কেচ লাগিলেন। সকলে এই স্থল্যবিদারক দৃশু দেখিতে লাগিল। কিন্তু কেচ আর বালিকাল্যকে গান ধরিতে বলিল না। অবশেষে তিনি ঘরের এক প্রান্ত হুইতে অপর প্রান্ত গড়াগ'ড় যাইতে লাগিলেন। কিরৎক্ষণ লরে কিছু সুন্ত হুইরা এক পার্যে বিদ্যানাম করিতে লাগিলেন। বর গৃহিণীকে প্রণাম করিরা স্ত্রালোকগণকে জিজ্ঞাসা করিলেন।—
বর—ইনি কে?

স্ত্রীগণ—ইনি বোলপুরের উকিল হরিদান বহুর স্ত্রী, সম্পর্কে তোমার সালাজ, ইনি এভূপান বিজয়ক্ষ গোস্থানীর শিষ্য।

বর—আমি প্রভ্র নাম শুনিরাছি ে তাঁহার শিয়া না হইলে আ অবস্থা কোথা হইতে হইবে १ তাঁহার মহিমা তাঁহার শিয়তেই প্রকাশ। বাসর ঘরের ব্যাপার এই পর্যান্ত শেষ হইল। পরদিন আমি গৃহিণীকে জিজাসা করিলাম।

আমি—গত রাত্রে তুমি নাকি বাসর বরটা খুব গুলকার করিয়াছিলে ? গৃহিণী—একথা আপনি কোণার গুনিলেন ?

আমি—কথা কি আর চাপা থাকে ? কুলীনগ্রানে আসিয়া নামটা খুৰ কাহির করিলে ?

গৃহিণী—ঠাকুর ঝি, আর খুড়ী মা, এই বিপদ ঘটাইলেন। আমি বেশ
নিলা যাইতেছিলাম, তাঁহারা আসিরা আমাকে উঠাইয়া লইয়া
প্রেলন! বাসর ঘরে যাইবার আমার আদৌ ইচ্ছা ছিল না—
তাঁহাদের মুখ এড়াইতে পারিলাম না। কে জানে এমন হইবে ?
আমি—তোমাকে অতি সাবধানে থাকিতে হয়, বেমন স্থান সেই
চলিতে হয়, বিজাতীর ; এ স্থলে আঅ-সম্বরণ করিতে হয়।

গৃহিণী—আমি কি ভাহার কম্বর করিরাছিশাম; বালিকা ত্ইটির বড়
মধুর স্বর; গান শুনিবা মাত্র আমার সমস্ত শরীরটার শিরার
শিরার বহার নিয়া উঠিল, আমি প্রমান ব্রিয়া প্রাণপণে আত্রসহরণ করিতে লাগিলাম। আমি বতই চাপি শুরুপজি ততই
প্রবল হইতে থাকে, ক্রমে আমাকে অভিভূত করিল, আমার
লজ্জা সরম সব গেল, ভিতর হইতে গভীর গর্জন । ছলার
উথিত হইতে লাগিল, পরিশেবে প্রবল শক্তি আমার শরীরটাকে
নাচাইতে লাগিল, আমি কোন প্রকারে আত্র-সম্বরণ করিতে পারিলাম না।

আমি--প্রাণে কেমন আনন্দভোগ হইল?

গৃহিনী—আনন্দ ভোগ হইল কৈ ? যদি বালিকাদ্র গান করিতে থাকিত ভারা হইলে বড়ই আনন্দ হইত, কিন্তু ভারাত ঘটিল না; তাহারা একবারে গান । করিয়া দিল, ভারাতে প্রাণে নিদারণ বাতনা উপস্থিত হইল, আমি আছাড় থাইরা পড়িয়া গিয়া ধড়ফড় করিতে লাগিলাম। যে কই পাইয়াছি ভারা বলিবার নহে। সংজ্ঞা হইলে অনেকক্ষণ ধরিয়া নাম করিতে করিতে হুছ হইলাম। আমি তোমার গুরুভগ্নী কেই কি বাসর পরে ছিল না ? তাহারাত ব্যবস্থা জানেন, তাঁহারা গান করাইল না কেন?

শৃহিণী—কেই কেই থাকিতে পারেন, কিন্তু গানের জন্ত কেই বলেন নাই; আমারও কথা কহিবার শক্তি ছিল না

আমি—ভবিষ্যতে বুঝিয়া চলিবে, সাব্ধান! এমন ঘটনা আর না ঘটে। বে-গতিক বুঝিলে আত্মসম্বণ করিবে ও সরিয়া পড়িবে। পাঠক মহাশয়গণ শুদ্ধাভক্তির প্রগল্ভতা দেখিলেন!

व्यामम श्रीव्रष्टम।

भिषागीत्वत्र मत्था श्राम् छ। छक्तित्र मोगा।

একবার শ্রীমদবৈত প্রাভ্র জন্মোৎসব শেষ হইল; প্রক্রেরা নগর-সংকীর্ত্রনে বাহির হইবেন। স্ত্রীলোকপণের মন ভাবে গর-গর; তথনও তাহারা সম্পূর্ণ প্রক্রভিত্ব হইতে পারেন নাই; তাহারা বলিয়া বসিলেন আমরাও নগর-সংকীর্ত্রনে বাহির হইব।

য়য়:পুরবাসিনী ত্রীলোকগণের এই প্রতাব শুনিয়া আমি চিক্তিত

হইলাম। বুঝিলাম ভাবের তরক ইহাদের মধ্যে এখনও ধেলিতেছে;

ইহারা এখনও অহু ইইতে পারেন নাই, সেই ■■ এই অসকত

প্রতাব করিয়াছেন। তাঁহাদের মনস্কৃতির ক্রন্ত আমি তাঁহাদিগকে সাষ্টাদ

কিয়া বলিলাম "আপনারা ভক্তিমতা, আপনাদের উপর ভক্তিংদবীর

বথেই ক্রপা। এই ভক্তির ■■ কণাও আমার নাই, আশীর্কাব

আমার উপর যেন ভক্তিদেবীর একটু কুপা হয়। আমি এখানকার

একজন পদস্থ উকিল, এখানে আমার যথেই মানসম্রম আছে।

এটা পল্লীগ্রাম, লোকাপেকা করিয়া আমাকে চলিতে হয়। আপনার অন্তঃপুরবাসিনী ভদ্রমহিলা; যদিও ভক্তিদেবীর ক্রপায় আপনাদের
লোকাপেকা নাই, তথাপি সমাজের কল্যাণ ক্রন্ত আঅ-সম্বর্গ করিয়া

চলিতে হয়। আপনারা জানেন ক্রিলানকা শ্রীমনাহাপ্রভ্কেও বলিয়া-য়য়ম্মের

ভিলেন, "লোক কাণাকাণি বাতে দেহ অবসর হ" মহাপ্রভু জগদানন্দের

কথায় সংযত হইয়া চলিরাছিলেন। যাহাতে লোক নিন্দা হয়, বাহাতে

লোকে কাণাকাণি করিতে পারে, এমন কাষ করিতে নাই। আপনারা গৃহ মধ্যে থাকুন, ভগবানের নাম করুন, শ্রীমদদ্বৈত প্রভূ আপনাদিগকে বহু কুপা করিতেছেন, ভিভিতরে তাঁহার ভোগ পুজার আয়োজনে প্রবৃত্ত হউন।"

আমার কথার তাঁহারা নিরস্ত হইয়া ঠাকুর সেবার আয়োজনে প্রবৃত্ত হইলেন কিন্তু ভাবে মন পর-পর, শরীর টলটলার্যান, ভিতরে শক্তির ক্রিয়ার বিরাম নাই।

প্রক্ষণণ নগর সংকীর্তনে বাহির হইবার জন্ত কোমর বাদিয়া বাহির বাটীতে সমবেত হইলেন। থোল করতালের ধ্বনি উঠিল। গায়কগণ গান ধরিলেন—"নিতাই ঢাকে আররে আর। প্রেমধন বিলার গোরা রায়॥" ভাবে মন গর-গর করিতেছিল, গান প্রবণমাত্রেই প্রক্ষণণ লাকণ হলার ছাড়িয়া লক্ষ্ণ প্রদান করিয়া উঠিলেন। ভাব নৃত্য করিতে লাগিলেন। অন্তঃপুরে মহিলাগণের ।। বেলা উঠিল। প্রক্ষণণ নগর সংকীর্তনে বাহির হইয়া গেলেন, মহিলারা ভাবভরে গড়াগড়ি বাইতে লাগিলেন, তাঁহারা কান্দিয়া আকুল। কিছুকাল পরে হত্ত হইলেন।

এই সকল ঘটনা আমি বংসর ধরিয়া দেখিয়াছি, ইহাতে কাহারও অবিখাসের কামণ নাই। আমি উপস্থাস লিখিতেছি না; প্রকৃত ঘটনা পাঠক মহাশরগণকে সংক্ষেপে জানাইতেছি মাত্র।

পাঠক মহাশয়গণ শুদ্ধাভক্তির কাগুকারখানা দেখিলেন ৷ ইহার আচার-আচরণ দেখিয়া লোকে ইহাকে প্রগল্ভা না বলিবেন কেন ৷

ভদাভজি নাম ভনিলেই মনে তিজিদেবী ধীরা, লজাদীলা, শান্তিময়ী ত্বশীলা। তিনি ভগবানের হৃদয়ন্তিতা পরম আদর্শীয়া। ভগবান মুহুর্তকালের ভল্ভ তাঁহাকে ছাড়িরা থাকেন না। এ হেন ইহার উত্তর এই যে, ভক্তিদেবা ধীরা শান্তিময়ী ■ স্পীলা বটেন, ইহাতে কোন সন্দেহ নাই; তিনি সমস্ত শুণের আধারভূতা, তবে যে ইনি প্রগল্ভতা প্রকাশ করেন, ইহা কেবল ভক্তের কল্যাণ অস্ত । এই প্রপল্ভতা প্রকাশ না করিলে সহজে কলির জীবের উদ্ধার ■ না।

মানুষ অনাদিকাল হইতে মারার দাসক করিতে থাকার এই দাসক পরিত্যাপ করিতে চার না। যে ব্যক্তি জীবনে কথনও স্বাধীনতার মুখ দেখে নাই, সে কি স্বাধীনতা বুঝে । না স্বাধীনতা চার ! দাসকেই তাহার স্থা। অন্ধারাছের ক্পমধ্যেই ভেক, বে কথনও সাগর বা মুক্ত আকাশ দেখে নাই সে ক্পের মধ্যেই থাকিতে ভালবালে; সে মনে করে এই ক্পই। পরম রমণীর স্থান।

একে মানার দাসত্ব করিতে মানুষ চিরাভান্ত, মানার দাসত্ব করাই তাহার প্রকৃতি ও প্রবৃত্তি, তাহাতে এই মানামুগ্ধ মানুষ ভাগাক্রমে বলি সদ্গুরুর কুপা লাভ করে, ভাহা হইলে মানাবেবী বৃথিতে পারেন বে এই লোকটা তাঁহার দাসত্ব পরিত্যাগ করিতে উন্ধৃত ইইনাছে। নিজের আধিপত্য কে সহজে পরিত্যাগ করিতে চার ? রাজা বেমন বিজোহী প্রজাকে নির্যাতন করেন, তথন মানাবেবীও তেমনি ঐ লোকটোর বিশো আনিবার কল্প নানারপ অভ্যাচার আরম্ভ করেন। ঐ লোকটার কাম কোধানি যাবতীয় রিপুগণ অভ্যন্ত্ব প্রবৃগ হর। পারিবারিক বৈধরিক বিবিধ বিপদ উপস্থিত হয়। নানা প্রতিকৃশ ঘটনার মানুষ আত্মহারা হইরা সাধন ভজন পরিত্যাগ পূর্বক মানার দাসত্বে নির্বুক্ত হয়; তথন আর কেন উৎপাত থাকে না। মানুষ বেশ স্থুথে স্বছলে কাল্যাপন করে। মানাবেবী নানা স্থুখ আনিরা দেন, মানুষ তাহাতেই মুগ্ধ ইইয়া পড়ে।

সন্গকর কুপাপাত্রপণের উপর মারার এই অত্যাচার বড়ই বিপ-

জ্বনক। জতি লোকই এই অত্যাচারে স্থির থাকিতে পারে। জনেকেই সাধন ভঞ্জন পরিত্যাগ করে।

এই বিশং কালে এক হরিনামই ভরসা, হরিনাম বাতীত সাধককে বন্দা করিতে পারে এমন কেহ নাই। এই সময় গুরুদন্ত নাম অবলম্বন করিয়া সমন্ত বিপদ-আপদ হ:ধ-যন্ত্রণা অবনত মন্তকে সম্ভ করিতে হয়। সাধক এইরূপে সাধনে স্থির থাকিতে পারিলেঁ কিছুকাল পরে সমন্ত বিপদ-আপদ হ:ধ-যন্ত্রণা বিদ্রিত হয়; জীবনের কুল্লাটকা কাটিয়া যায়; প্রাত:-স্থ্যের উদয় হয়। মানুষ নিরাপদে সাধন পথে অগ্রসায় হইতে থাকে।

মারার দাসত করা মাহুষের চিরাভান্ত থাকার মাহুষ সংসারাসক্ত হইরা পৃত্যিছে; সহস্র সহস্র স্থান্তর স্থান্ত বন্ধনে বানা পৃত্যিছে। কদাচার কদাহারে শনীরে ও ভ্যোগুণের আধিক্য জ্মিরাছে; মাহুষ ভগ্রৎ-বিমুখ হইরাছে; সংসারেই ভাহার মন মজিরাছে। সে কিছুতেই সংসার ছাড়িতে চার না।

ভাগ্য ক্রমে সদ্প্রকর ক্রপা লাভ হইলে হন্দয়গ্রন্থি সকল বিভিন্ন করিবার জন্ত এবং অপ্রাক্ত স্থের আত্মাদন জানাইবার নিথিত সাধকের প্রতি করণা পরবশ হইয়া ভক্তিদেবী প্রগন্তা-রূপ ধারণ করেন। তিনি প্রগন্ততা প্রকাশ না করিলে, সহজে মান্ত্রের হৃদয়গ্রন্থি ছিল, হয় না। লোকে কথায় বলে "ঘুণা লক্ষা ভার তিন থাকতে নয়"। ভক্তিদেবী মহাশক্তি প্রকাশ করিয়া এই তিনকৈ একেবারে নষ্ট করিয়া দেন।

বাহদেব সার্কভৌমু 🛊 ও রাম রামানন 🕆 আপুনাদের গৌরব 🔳 পদ-

সার্ক্তৌম ভটাচার্য্য, ইনি সাধীন হিন্দু রাজা মহারাজ প্রতাপ রুদ্রের সভাপতিত।
 ইনি সেই সমঙ্গের অধিতীয় পতিত ছিলেন। মেদিনীপুরের নিকট হইতে কল্পা কুমারিকা
পর্যন্ত মহারাজ প্রতাপ রুদ্রের রাজ্য ছিল।

[†] রায় রামানন্দ ইনি এই মহারাজ প্রতাপ রুদ্রের মন্ত্রী ■ রাজমহেন্দ্রীর শাসন্কর্তা। ছিলেন।

মর্যাদা ভূলিয়া গিয়া বালকের ।। যথন ইস্রছায় সরোবরে জলকীড়া করিতেছিলেন তথন মহাপ্রভু গোপীনাথ আচার্যাকে হাসিয়া বলিয়া-ছিলেন।—

"সার্কভৌম সহ থেলে রামানন্দ রার। গান্তার্য্য গেল দোহার হৈল শিশু প্রার্থ । মহাপ্রভূ তাঁহা দোহার চাঞ্চল্য দেখিয়া। গোপীনাথাচার্য্যে কিছু কংগন হাঁসিরা॥ পণ্ডিত গন্তার দোঁহে প্রামাণিক জন। বাল্য চাঞ্চল্য করে করহ বর্জন ॥ গোপীনাথ কহে তোমার কুপা মহাসিত্ম। উচ্চলিত কর যবে তার এক বিন্দু ॥ শেক মন্দর পর্কত ভুবার যথা তথা। এই চুই গণ্ড শৈল ইহার কা কথা॥"

হাহারা ধনাত্য শিক্ষিত, উচ্চ পদস্থ রাজকর্মচারী, হাঁহারা সাধারণের সহিত আলাপ করেন না, সাধারণের সহিত কথাবার্তা কহা beneeth their dignity মনে করেন, সাধারণ লোক হাঁহাদের নিকট approach করিতে সাহস করে না, এই ভক্তিদেবীর পালাম পড়িয়া তাঁহাদের অনেককে দীন হীন কাঙ্গাল হইয়া কাঙ্গাল বেশে ধ্লায় বিল্টিত হইতে আ অদ্যারপ্র দীন হীন কাঙ্গালগণের পদপ্রাস্তে গড়াইয়া পড়িতে ■ তাঁহাদের কপা ভিক্ষা করিতে দেখিয়াছি। এই সব লোক বৃদ্ধি বিবেচনা করিয়া এইরূপ হীনতা কদাচ খীকার করিতে পারেন না। এই সব লোককে দুরস্ত করিবার একমাত্র উপায় ভক্তিদেবীর এই প্রগ্রুভতা।

চতুদ্দশ পরিচ্ছেদ।

শুদ্ধাভক্তির কঠোরতা।

"বজাদপি কঠোরাণি, মৃদুনি কুল্মাদপি"

ইছা সাধুর একটি লক্ষণ। এই লক্ষণ আমরা শুদ্ধান্তজ্ঞিতে দেখিতে পাই। ইনি নিভান্ত করুণাময়ী, মৃত্তি শান্তিনয়ী হইলেও সময়ে সময়ে অত্যন্ত কঠোরতা প্রকাশ করেন।

আনস্তদেব দশু মূর্ভি ধারণ করিয়া নিয়ত ভগবংনের সেবা করিয়া থাকেন। তিনি এক সময় ডক্কের দেহে আবিষ্ট হইয়া নৃত্য । গ্রিপ গুণামুকীর্ত্তন করিতেছিলেন। ঠাকুর ছরিদাস, প্রভুর গুণ কীর্ত্তন করিয়া প্রেম বিহ্বলচিত্তে বহুক্ষণ নৃত্য করিয়াছিলেন। ইহাতে দর্শকর্ম ঠাকুর হরিদাসের প্রতি আকৃষ্ট হইয়া তাঁহার গৌরব কার্ত্তন করিতে থাকেন। এক জন আন্ধণ প্রতিষ্ঠা লাভের আল কপট ভাবে এরপ নৃত্য আরম্ভ করিলে, এই ভক্তিদেবী ঐ অনস্তদেব দ্বারা তাঁহাকে প্ররূপ প্রত্যা করিন করেন যে আন্ধণ পলাইয়া না গেলে তাহার প্রাণরক্ষা হওয়া করিন হইত। এই ঘটনা জীর্ম্বাবন দাস আপন গ্রন্থে এইরপ বর্গ্প করিয়াছেন।—

"একদিন এক বড় লোকের মন্দিরে। সর্গ কত ডক্ষ নাচে বিবিধ প্রকারে॥ মৃদক্ষ-মন্দিরা-গীত তার মন্ত্র-ঘোরে। ডক্তবড়ি সভেই গায়েন উচ্চঃশ্বরে॥ দৈৰ গতি তথাৰ আইলা হরিদান। 💶 নৃত্য দেখে হইয়া এক পাশ॥ মনুষ্য শরীরে নাগরাজ মন্ত্র বলে। অধিষ্ঠান হইয়া নাচেন কুত্তলে ॥ क्रिक्टिक क्रिक्नि (व नांग्रे क्रेथरत । সেই সীত গারেন কারুণ্য উচ্চৈঃম্বরে ॥ গুনি নিজ প্রভুর মহিমা হরিদাস। মুৰ্জিত হইয়া পড়িলেন নাছি খান। ক্ষণেকে চৈত্ত পাই করিয়া হকার। আনন্দে করিতে নৃত্য লাগিল অপার॥ হরিদাস ঠাকুরের আবেশ দেখিয়া। একভিত হই ড% রহিলেন গিয়া॥ পড়াপড়ি যায়েন ঠাকুর ছরিদাস। অন্তুত্ত পুগক অঞ্চ কম্পের প্রকাশ 🛭 রোদন করেন হরিদাস মহাশয়। শুনিয়া প্রভুর গুণ হইরা তন্মর॥ হরিদাসে বেড়ি সভে গারেন হরিবে। ষোড হল্ডে রহি ডক দেখে এক পাশে॥ ক্ষণেক বুহিল হরিদাসের আবেশ। পুন: আসি ডঙ্ক নৃত্যে করিল৷ প্রবেশ ॥ হরিদাস ঠাকুরের দেখিয়া আবেশ। সভেই চইল অতি আনন্দ বিশেষ। ষেখানে পড়য়ে তান চরণের খুলি 🖟 সভেই লেপেন 💶 হই কুতৃহলী॥

আর অক চক বিপ্র থাকি সেই থানে।

"মুই ও নাচিমু আজি" গণে মনে মনে॥
বৃঝিলাম "নাচিলেই অবাধ বর্কারে।
অল্ল মন্থারেও পরম ভক্তি করে"॥
এত ভাবি সেই খানে আছাড় খাইরা।
পড়িল যে হেন মহা অচেট হইরা॥
যেই মাত্র পড়িল ডক্ষের নৃত্যা স্থানে।
মারিতে লাগিল ডক্ষ মহা জোধ মনে॥
আশে পাশে খাড়ে মুড়ে বেত্রের প্রহার।
নির্ঘাত মারয়ে ডক্ষ রক্ষা নাহি আরে॥
বেত্রের প্রহারে বিপ্র জর্জার হইয়া।
"বাপ বাপ" বলি জাসে গেল পলাইরা॥"

🕮 চৈতন্ত ভাগৰত, ১১শ অধ্যায়।

একবার শ্রীবৃন্দাবনে সংকীর্ত্তন শ্রবণ করিবার জন্ত আহ্ত হইরা গোস্বামী মহাশয় সনিব্যে সংস্কীর্ত্তন স্থলে গমন করিরাছেন। তথার বছ বৈষ্ণবের সমাগম হইয়ছিল। গোস্বামী মহাশয় ও তাঁহার শিবাগণ সন্ধীর্ত্তন শ্রবণ করিতে করিতে ভাবাবিষ্ট হইয়। গর্জন ও ভ্রার করিতে থাকেন, তৎপরে সকলে মেলিয়া উদ্ধৃত নৃত্যা আরম্ভ করেন।

কীর্ত্তনিয়া কি বৈশ্ববৰণ কথনও এ দৃগ্য দেখে নাই। তাহারা চমকিত হইয়া কং-কর্ত্বা-বিমৃত হইয়া পড়িলেন। কীর্ত্তনিয়াগণ কীর্ত্তন বন্ধ করিয়া দিল, বাদক আর বাজায় না, গায়কগণ আর গায় না। গোম্বামী মহাশয় ও তাঁহার ভাবাবিষ্ট শিষাগণ প্রাণে অভ্যস্ত ক্লেশামভব করিতে লাগিলেন। যাহাদের মধ্যে ভাবের সঞ্চার হয় নাই, এরপ শিষ্য-পণ সংকীর্ত্তনকারিগণকে সংকীর্ত্তন করিতে পুনঃ পুনঃ অমুয়োধ করিতে

লাগিলেন। তাহারা কিছুতেই আর কীর্ত্তন করিল না। এমন সমর ভক্তিভাঞ্জন বিধুভূষণ ঘোষ ভাবাবেশে বাদকের খোলের উপর এমন দারুণ আবাত করিলেন যে খোলখানি একেবারে চুরুমার হইয়া গেল। সংকীর্ত্তনের দল পলাইয়া না গেলে প্রহারের বাকি থাকিত না।

এরপ ঘটনা বিরল নহে। এক সময় কলিকাতার আশ্রমে গোস্বামী
মহাশয় সশিব্যে সংকার্তনে ভাবাবেশে উদ্ধি নৃত্য করিতেছেন, এমন
সময় এক জন লোক কার্মনিক ভাবের অনুকরণ করিয়া তাঁহাদের সহিত
নাচিতে লাগিল। এই সময় কভিপয় শিষ্য ভাবাবিষ্ট হইয়া ঐ লোকটাকে
এমনি প্রহার করিতে আরম্ভ করিল যে লোকটা একেবারে ভূতলশায়ী
হইল। গোস্থামী মহাশয়ের আর কতক গুলি শিষ্য এই ভয়াবহ দৃশা
দেখিয়া ঐ লোকটার প্রাণ বাঁচাইবার জন্ত তাহাকে টানিয়া দ্রে লইয়া
গিয়া তাহার প্রাণ রক্ষা করিল।

এ স্থলে ভক্তিদেবী আর সঙ্গিতা হইলেন না। তিনি ক্রোধাষিতা হইরা কৃতিমভার প্রতিশোধ দিলেন।

शक्षामा शतिएक्ष।

শুদ্ধাভক্তিতে ভয় বা ক্লেশ নাই।

শুদাত ক্রিয়া দেয়।
শ্রীমন্ত্র এই প্রাণ্ডতা সর্বপ্রকার ডয় দ্রীতৃত করিয়া দেয়।
শ্রীমন্ত্রপ্রত্র থারিখণ্ড পথে ব্যাঘ্রাদি হিংশ্রক কন্ত্রগণের মধ্য দিরা চলিয়াছেন, তাঁছার অন্তরে কিছুমাত্র ভয় নাই, কিন্তু বলভদ্র ভট্টাচার্য্য মহাভীত।

"নির্জ্জন বনে চলেন প্রভু কৃষ্ণনাম লঞা।
ইস্তী ব্যাত্র পথ ছাড়ে প্রভুকে দেখিয়া॥
পালে পালে ব্যাত্র হস্তী গণ্ডার শ্করগণ।
তার মধ্যে আবেশে প্রভু করেন গমন॥
দেখি ভট্টাচার্ব্যের মনে হয় মহাভয়।
প্রভুর প্রভাপে ভারা এক পাশ হয়॥"

প্রগান্তা ভক্তি ভগবং-শক্তিরপিনী, তাঁহার অনোকিক কার্যাকলাপ দেখিয়া লোকে বিসমাভিত্ত ■ দহাভীত হয়; মানুষ সময় সময় ভক্তের অবস্থা দেখিয়া প্রমাদগণে, মনে করে না জানি তাঁহার কত ক্লেশ উপস্থিত হইয়াছে, তাঁহার জাবনের আশায় নিরাশ হয়, কিন্তু ভদাভক্তি ভক্তকে এরপ ভাবে রক্ষা ও পালন করেন যে ভক্তের শরীরে আঘাতের একট্র আঁচও লাগে না; ভক্ত পরমানন্দে কাল যাপন ক্রিভে থাকে; অস্তা-লীলায় মহাপ্রভুর কুর্মাক্ষতি বর্ণনা করিয়া করিয়াল গোস্থামী লিখিতে-ছেন—

"সব রাত্রি মহাপ্রভু করে জাগরণ।
উচ্চ করি করে ক্ষণনাম সংকীর্ত্রন।
শব্দ না পাইয়া স্থান্নপ কপাট কৈল দ্রে।
তিন দ্বার দেওয়া আছে প্রভু নাহি দরে॥
চিন্তিত হইয়া সবে প্রভু না দেখিয়া।
প্রভু চাহি বুলে সবে দেউটি জালিয়া।"
সিংহ্লারের উত্তর দিশায় আছে এক ঠাঞি।
তার মধ্যে পড়িয়াছে চৈতন্ত গোঁসাই॥
দেখি স্থান্য প্রাক্তি আনন্দিত হইলা।
প্রভুর দশা দেখি পুনঃ চিন্তিতে লাগিলা।

ও রাভজিতে ভর বা ক্লেশ নাই।

পড়িয়াছে প্ৰভু দীৰ্ঘ হাত পাঁচ ছয়। অচেতন দেহ নাশায় খাস নাহি বয়॥ এক এক হস্ত পাদ দীর্ঘ তিন হাত। অস্থি গ্ৰন্থি ভিন্ন চৰ্না আছে মাত্ৰ তাত ▮ হত্ত পাদ গ্ৰীবা কটি অস্থি দক্ষি যত। এক এক বিভন্তি ভিন্ন ইইয়াছে ভক্ত॥ চর্ম মাত্র উপরের সন্ধি আছে দীর্ঘ হরে। দুঃখিত হইলা সবে প্রভূকে দেখিয়ে॥ মুধে লালা ফেন প্রভুর উন্থান নয়ন। দেখি সব ভক্তের ছাড়য়ে দেহে প্রাণ। শ্বরূপ গোঁসাঞি তবে অড়ুচ্চ করিয়া I প্রভুর কার্ণে ক্রঞ্চ কছে ভক্তপণ শঞা গ ৰহু কৰে কৃষ্ণনাম হৃদৰে পশিবা। হরিবোল বলি প্রভু গর্জিয়া উঠিলা। চেতন হইলে অহি সন্ধি সকল লাগিল। পূর্ব পূর্ব প্রায় যথা যোগ্য শরার হইল।"

ইচৈতক্তরিতাম্ত, অস্তা, ১৪শ পরিচ্ছেদ।

আবার সমুদ্র পতনে জীচৈতক্তরিতামৃতে লিখিত হইয়াছে:—

"এই মত মহাপ্রভ্ ভ্রমিতে ভ্রমিতে।
আই টোটা হইতে সমুদ্র দেখে আচম্বিতে।
চক্রকান্তো উচ্চুলিত তরঙ্গ উক্ষল।
ঝলমল করে যেন যমুনার জল।
যমুনা ভ্রমে প্রভূ ধাইয়া চলিলা।
অনুক্রিতে বাই প্রভূ আন বাপ দিলা।

পড়িতে হইলা সৃদ্ধ্য কিছুই না শানে।
কভু ড্বার কভু ভাষার তরক্ষের গণে॥
তরক্ষে বহিরা বুলে বেন শুদ্ধ কাট।
কে বুঝিতে পারে এই চৈতক্তের নাট॥
কভু ড্বাইরা রাখে কভু বা ভাষার॥"

স্থরপ দামোদরের নিকট জালিয়া মহাপ্রভুর পরিচয় দিতেছে---

্ৰিলালিয়া কহে ইহা এক সমুষ্য না দেখিলা জাগ বাহিতে এক মৃত যোর জালে আইল্ 🎚 বড়,মৎস্থ বলি মুই উঠাইল যভনে। মুভক দেথিয়া মোর আস হইল মনে।। জাল খগাইতে তার অঙ্গ স্পর্শ হইল। স্পর্শ মাত্র সেই ভূত হৃদয়ে পশিল ৷ ভয়ে কম্প হৈল মোর নেত্রে বহে ঋল। গদগদ বাণী রোম উঠিল সকল। কিবা ব্ৰহ্মদৈত্য কিবা ভূত কহনে না বায় 🖟 দর্শন মাত্র মন্মুখ্যের পৈশে সেই কায় 🛚 শরীর দীঘল তার হাত পাঁচ সাত। এক এক হস্ত পাদ তার তিন তিন হাত 🛮 অস্থি সঞ্জি ছাড়ি চর্ম্ম করে নড় বড়ে। তাহা দেখি প্রাণ কারে৷ নাহি রহে ধড়ে 🕸 মড়া রূপ ধরি রুছে উন্তান নয়ন। কভুগোঁগোঁকরে কভুহয় অচেতন 🛭

স্বরূপ দামোদর মহাপ্রভূকে দেখিভেছেন---

"ভূমিতে পড়িয়া আছে দীর্ঘ মহাকার। হলে শেত তহু বালু লাগিয়াছে গায়॥ অতি দীৰ্ঘ শিধিল তমু চৰ্ম্ম নটকায়। দূর পথ উঠাইয়া খরে আনন না যায় ■ আর্দ্র কৌপীন দূর করি শুক্ষ পরাইরা। বহিবাসে শোয়াইল বালুকা ঝাড়িয়া। সবে মিলি উচ্চ করি করে সংকীর্তনে। উচ্চ করি কুঞ্চমান কহে প্রভুর কাণে 🛮 কতক্ষণে প্রভূত্ন কাণে শব্দ প্রবেশিকা। হুৱার করিয়া প্রভু ভবহি উঠিলা॥ উঠিতেই অন্থি সন্ধি লাগিল নিজ স্থানে। অৰ্দ্ধ বাহ্য ইতি উতি করে দরশনে ॥"

পাঠক মহাশয়গণ মহাপ্রভুর অবস্থাটা দেখিলেন ? এ সব কথা অবিশাস করিবার কারণ নাই। ইহা সমস্তই প্রকৃত প্রগশ্ভা ভক্তির কার্য্যকলাপ, অভীব বিশ্বয়কর; গোস্বামী মহাশয় বলিয়াছেন, 💻 ত সামাজ কথা, শরীর হইতে মহাপ্রভুর হাত পা মাণা ছিড়িয়া দূরে চলিয়া বাইতে আবার ছুটিয়া আসিয়া যোড়া লাগিয়া যাইতে পারিত। ভক্তগণের কাতরতা দেখিয়া তিনি ভাব সম্বরণ করিয়া চলিতেন।

আমি প্রভূপাদের শরীরে অনেক ভাববৈচিত্র দেখিয়াছি। তাঁহাকেও ভাব সম্বরণ করিয়া চলিতে হইত। ব্যন্তিনি বলপূর্বক ভাব সম্বরণ করিতেন তথন ভাঁহার চোথ মুগ লাল হইয়া উঠিত।

কুলীনগ্রামের সংকীর্ত্তনে আমি প্রভূপাদের শিশ্যগণকে ভাবভরে exerte দিকে দশ হাত ভফাতে শাফাইয়া কাঁটার কুড়ে পড়িতেও তথা হইতে এক লাফে সংকীর্ত্তন স্থলে আসিয়া নৃত্য করিতে দেখিয়াছি।
আরও কাহার কাহার এরপ ভাব দেখিয়াছি যাহাতে গ্রামবাসী নরনারী
আসল মৃত্যু মনে করিয়া ভ'ত ও শোকাভিত্ত হইয়াছেন। ভক্তগণ
পুনঃ পুনঃ এমন আছাড় খাইয়াছেন যে ইট পাটখেল সব চূর্ণ বিচূর্ণ হইয়া

প্রগল্ভাভক্তিভগবংশক্তিরপিনী। তিনি না পারেন এমন কিছু নাই।

এই বে মহাপ্রস্থার অবস্থা দেখিলেন ইহা কি প্রাক্ত জগতে দেখিতে পাওয়া যার? এমন কি কোন কৌশল আছে যাহাতে মানুষের হাত, পা, মাথা পৈটের ভিতর, চুকিরা যাইতে, আবার বাহির হইতে পারে? মানুষ কি সমস্ত রাত্রি জল মধ্যে নিমজ্জিত থাকিয়া জীবিত থাকিতে পারে? এক ফোঁটা জলও পেটের মধ্যে প্রবেশ করে না? একটা জোয়ান মানুষ তেজের সহিত কাঁটার কুড়ে লাকাইয়া পড়িশেছে তাহার গারে একটা আঁচড়ও লাগিতেছে মা। এ সব কি ? সমস্তই সেই সর্ব্ধ শক্তিরপিণী প্রগল্ভা ভক্তির ক্রিয়া।

প্রগণ্ডা ভজিদেবী বধন ভক্ত হাদরে আপনার বল প্রকাশ করেন ভখন তিনি ভক্তকে অতি সাবধানে করেন। ভক্তকে তুলিয়া ইটের উপর কাঁটার উপর আছাড় মারেন সভা কিছু তাহাতে ভক্তের অঙ্গে কিছুমাত্র ক্রেশামুভব হর না। তাঁহার মনে হর তাঁহাকে কে যেন তুলার গদিতে ভরাইয়া দিল। মহাপ্রভু এই যে সমুদ্র মধ্যে নিপতিত ছিলেন অথবা তাঁহার হস্ত পদ মাথা যে পেটের ভিতর চুকিয়া গিয়াছিল অথবা তাঁহার যে অহিএছি বিদ্যান্ত হইয়া যাইত, ইহাতে কি তিনি কোনরগ ক্রেশামুভব করিতেন টু তাঁহার বিন্দুমাত্রও ক্রেশ হইড না, ভিনি তথন পরানক্ষ ভোগ করিতে

থাকিতেন। ভাবের ক্রিয়া দেখিরা লোকে ভয় পার, অনিষ্টাশকা করে, কিন্তু ভক্ত পরম ক্ষপে থাকে। ভাবের ক্রিয়াতে বরং অক্সন্থ শরীর সূস্ত হয় তথাপি শরীরের কোন অনিষ্ট হয় না।

প্রাক্ত ভক্তিতে প্রগল্ভতা নাই; উহাতে ভগবংশক্তি বা জ্ঞান নাই।
মারা ও শুদ্ধাভক্তির বিপরীত সম্বন্ধ; বেথানে- মারা-সেথানে
সংসার; বেথানে শুদ্ধাভক্তি সেথানে মায়াতীত অবস্থা। মারা অন্ধকার,
শুদ্ধাভক্তি স্থ্যালোক। আলোক বর্তমানে অন্ধকার থাকিতে পারে
না। শুদ্ধা-ভক্তি লাভ হইলে মারা থাকিতে পারে না।

ভক্ত-হাদয়ে যখন শুদ্ধা-ভক্তির উদয় হয়, তৎক্ষণাং মায়া তাহার
অন্ধকারময় নিভ্ত গুহায় প্রবেশ করেন, আর তাঁহার সন্ধান পাওয়া
যায় না। মায়্র মায়াতীত অবস্থা লাভ করে। কিন্তু গুনাভক্তি অন্তর্হিত
হইবা মাত্র মায়া আবার তাহার অন্ধকারময় গুহা হইতে বাহির হইয়া
নানান্তলে ভক্তকে কুশাইয়া ভাহার হাদয় আবার অন্ধকারময় করিয়া
বলে। মায়ার কৌশল ও প্রকোভন বড়ই বিষম। সদ্গুকর কপায়
আনেকে গুনাভক্তি লাভ করিয়া এই রূপে মায়ার কৃহকে পড়িয়া মায়ার
শৃঞ্জলে আবদ্ধ হইয়াছে। আমি অনেকের এই তুর্দশা স্বচক্ষে দেখিয়াছি।

বাঁহারা শুদ্ধান্ত লিভ করিয়াও নায়ার প্রলোভনে ভূলিয়া মায়াসক হয়, তাহাদের আর শীঘ্র উদ্ধারের উপায় নাই। তাহারা শুদ্ধান্তির কোপে পড়িয়া আর সাধু-সঙ্গ করিতে পারে না। যে স্থানে ভগবৎ উপা-সনা হয় সেয়ানে তিন্তিতে পারে না। ভগবানের নাম তাহাদের নিকট দাবানলের ক্রায় বোধ হয়! তাহারা সংসারে ও ইন্দিয় স্থাবে মন্ত হইয়া পড়ে। যদিও শুদ্ধান্তিক্রর কথা সময়ে সময়ে তাহাদের মনে উদয় হইয়া তাহাদিগকে ব্যবিত করে তথাপি আর ভাহাদের শুদ্ধান্তির আশ্রয় লইতে প্রবৃত্তি হয় না।

আমি এই কয় ভাই ভগী সকলকে বিনীত ভাবে বলিতেছি, প্রাপ্তরত্ন হারাইয়া ফেলিও না; মায়ার কৃহকে ভূলিও না; অহর্নিশ নাম করিয়া শুদ্ধাভক্তি-দেবীকে ক্ষম্ম সিংহাসনে বসাইয়া রাখ; কাম্মনোবাক্যে ভাঁহার দেবা কর, সমস্ত বিপদ কাটিয়া বাইবে। মনের আঁধার দূর হইবে, পরানক্ষ লাভ করিবে, এই মরজগতে অমৃত উপভোগ করিবে।

যোড়শ পরিচ্ছেদ।

জ্ঞানশূন্যা ভক্তি শুদ্ধাভক্তি নহে।

জানশৃতা ভক্তি গুৱাভক্তি নহে। অনেকে বলেন জানশৃতা ভক্তিই
শুরাভক্তি। কথাটা একবারেই অসকত। গুরাভক্তি জানমন্ত্রী,
শুরাভক্তিই জানের অন্মধাত্রী, যিনি গুরাভক্তি যাজন করেন, তিনিই
শুরাজন লাভ করিয়া থাকেন। জান গুরাভক্তিকে ছাড়িয়া থাকিতে
পারে না, গুরাভক্তি থাকিবে অথচ জান থাকিবে না ইহা অসম্ভব, এমত
অরস্থায় জ্ঞানশৃতা ভক্তি কি প্রকারে সম্ভবৈ। আর কি প্রকারেই উহা
শুরাভক্তি হইতে পারে!

জ্ঞানশূরা ভক্তি কথাটা self contradictory কথা। ভক্তির পাত্র সম্বন্ধে একটা মোটাস্টি জ্ঞান না থাকিলে কাহাকে ভক্তি করিবে ? জ্ঞান-শূরা ভক্তি, এ কথার মানৈ নাই।

🕮 চৈতন্তচরিতামৃতে তথাভজির এইরপ লক্ষণ লিখিত হইয়াছে।—

জানশৃতা ভক্তি ওছাভক্তি নহে।

"আন্ত বাহা অন্ত পূকা ছাড়ি জান কর্ম। আহক্লো সর্বেজিয় শ্রীকৃষ্ণ সেবন ॥ এই ভদাভক্তি ইহা হইতে প্রেম হয়। পঞ্চ রাত্রে ভাগবতে এই সক্ষণ কর॥"

কথাগুলি বলিতেও ভাল, শুনিতেও ভাল, কিন্তু ইহার কার্যাকারিতা নাই বলিলেই হয়। সংকল্প বিকল্প মনের ধর্ম। মন ক্ষণকালের জন্তও হির থাকে না। মানুষ যথন নিদ্রা যার তথনও সে নানা চিন্তা করিতে থাকে। সুষুধির অবস্থায় ইহা টের পাওলা যার না, কিন্তু নিদ্রা পাতনা হুইলেই এই স্ব চিন্তা স্বপ্রাকারে প্রকাশ পার।

বাসনা, কামনা সহজে নির্মাণ হর না, মানুষ সাধন বলে পঞ্চকোষ ভেদ করিতে পারিলেও বাসনা থাকিয়া যার। স্থল দেহের বিনাশে হক্ষ দেহেও বাসনা থাকে, সাধন বলে, হক্ষ দেহের লর করিতে পারিলে ক্রারণ দেহেও বাসনা হক্ষরণে থাকে। কারণ দেহের লয় হইলে বাসনা নির্মাণ হয়। মনে করিলেই কি বাসনা-ত্যাগ হয়? মানুষ কেমন করিয়া

ঐ প্লোকে যে কর্ম ত্যাগের কথা লিখিত হইরাছে, তৎসহদ্ধে আমার বক্তব্য এই যে কর্ম থাকিতে কর্ম ত্যাগ অসম্ভব। যতক্ষণ মাছ্যের কর্ম কর্ম না হইয়াছে ততক্ষণ ভাহাকে কর্ম করিতেই হইবে। তাহার প্রকৃতি তাহাকে কর্ম করাইতে বাধ্য করিবে। যাহার কর্ম কাটে নাই ভাহাকে সমস্ত দিন নাম করিতে দাও সে কিছুতেই পারিবে না।

বুথা চিস্তা, পরাননা, বুথা সন্ন বিবাদ তর্ক বিতর্ক এবং তাস দাবা পাসা এই সকলে সমন্ন কাটে। সন্ন্যাসী দাবা থেলে তাস থেলে, বিবাদ বিস্থাদ সমস্ত করিতেছে। কর্ম আছে, জ্বোর ক'বে কাটে না। স্ক্রাং কর্ম থাকিতে কর্ম ত্যাস অসম্ভব। আবার সর্বেজিয়ের হারা যথন ক্লফ সেবার কথা হইরাছে তথন বাহ্ সেবাই বুঝিতে হইবে। খুপ, দীপ, নৈবেল্প, ফুল, চলন ইত্যাদি ধারা যে বাহ্ সেবা তাহা সাধনরাজ্যে অকিঞিংকর। ভগবানের নামের ধারা তাঁহার যে সেবা হয় তেমন সেবা আর কিছুতেই হয় না। মানুষ সর্বেদা নাম ক্ষরিতে পারে না, সময় কাটান ক্লেকর, স্তরাং অন্ত চিন্তা কাল না করিয়া সাধক এইরূপ বাহ্ন-সেবা করিয়া কালাতিপাত করে।

এই সকল কারণে আমি বলিতেছি পুজাপাদ কবিরাজ গোশ্বামী যে শুকাভজির সংজ্ঞা দিয়াছেন তাহা মহাপ্রভুর শুকাভজি নহে। এসব প্রাক্তত ভক্তি; ইহা সাধন ভক্তিরই অন্তর্গত বলিতে হইবে। ইহার উপকার সামান্ত।

জ্ঞানশৃস্থা ভক্তি শুদ্ধাভক্তি নহে; ইহা জগবৎ-প্রাপ্তির পর ভক্তের অবস্থা বিশেষ। যতনিন সাধন আছে তত্তিদেন জ্ঞানমিশ্রা ভক্তি থাকিবেই থাকিবে। ভক্তি সাধন করিতে করিতে তত্ত্ত্জান লাভ হইতে থাকিবে। মাহ্ম তত্ত্জান লাভ করিবেই করিবে। ভক্তি ও জ্ঞান মাধামাথি, এককে ছাড়িয়া অন্ত থাকিতে পারে না।

সপ্তদশ পরিচ্ছেদ।

বৈধী বা রাগানুগা ভক্তি শুদ্ধা-ভক্তি নহে।

ভক্ত বৈষ্ণবেরা সাধন-ভক্তিকে ছই শ্রেণীতে বিভক্ত করিয়াছেন। এক বিধি, দিতীয় রাগাঁহগা। মানুষের অনুরাগ্না থাকিলেও শাস্ত্র আজ্ঞায় মানুষ যে বিবিধ ভক্তি-অঙ্গ ধাজন করে তাহাকে বৈধী-ভক্তি বলে। এই বৈধী-ভক্তি সাধন-দারা ভগবং প্রাপ্তি হয় না। বৈধী ভক্তি আচরণ করিতে করিতে ক্রমে উহা একটা অভ্যস্থ কাজের মধ্যে পরিগণিত হয়, উহা হৃদয় স্পর্শ করে না। বৈধীভক্তি আচরণের পূর্বে মনের মধ্যে যে অনুরাগ টুকু ছিল তাহাও ক্রমে লোপ পাইতে থাকে।

অনেক অনুরাগী প্রকৃত ধর্মণিপাস্থ বৈক্ষবের সহিত আমার আলাপ আছে, ঠাহারা আজীবন নিজপটে প্রাণপণে বৈধীভক্তি আচরণ করিরাণ আসিতেছেন; যৌবনে তাঁহাদের যে অনুরাগ ছিল, ক্রমাগত এই বৈধী ভক্তি আচরণ করিতে করিতে বার্দ্ধকো সেটুকুও কমিয়া গিরাছে।

এই সকল ধর্ম পিপাত্ত জিন্তান লোক নিজেনের অবস্থা বে বুঝেন না এমত নহে, তাঁহারা তাঁহাদের প্রাবিদ্ধা স্বরণ করিয়া ছঃখিত হন। তাঁহাদের মধ্যে নৈরাশ্য দেখা দিয়াছে, এজনা তাঁহাদের মুখ মলিন হইয়াছে, মনে আর ফুর্জিনাই। উপায়ান্তর না ধাক্ষায় বৈধী ভক্তি আচরণ করিয়াই আসিতেছেন। ভগবান যাহা করিবেন ভাহাই হইবে এই বলিয়া মনকে প্রবোধ দিয়া থাকেন।

এই দকল সাধু থান্দিক লোকের অবস্থা ভাবিরা আমিও যে ব্যথিত হই না এমত নহে; কিন্তু কি করিব ? ইহারা আচার্য্য বংশে জন্মগ্রহণ করিয়াছেন; ইহাদের বহু শিষা। শিষাগণের মধ্যে ও জনসমাজে ইহারা পরম সাধু বলিয়া পরিচিত; আবার লাম্প্রদায়িক বিষে জরজর। সংস্কার একবার জন্মিয়া পেলে কিছুতেই আর তাহার হস্ত হইতে মুক্তি-পাওয়া যায় না। সংস্কার মানুষকে একেবারে অন্ধ করিয়া কেলে।

এই সকল ভাবিয়া চিন্তিয়া আমি এই সকল লেংকের সহিত শুরা ভক্তির আলোচনা করি না। তাঁহারা আমার কণা বিশ্বাস করিতে পারিবেন না এবং শুদ্ধাভক্তি লাভের জন্য তাঁহাদের মধ্যে কোন জাগরিত হইবে না। তাঁহারা জানেন যে তাঁহারা যাহা যাজনা করিয়া আসিতেছেন, তাহার অতিরিক্ত কিছু নাই। । ও আমার প্রতিও তাঁহাদের একটা অশ্রনা জন্মিবে। আমার কথার বিশাস জন্মি-শেও শুদ্ধান্তির জন্য তাঁহারা কোন ক্রমে সচেষ্টিত হইবেন না।

যাহারা আচার্যা, যাহারা আপনাদিগকে পরম সাধু ও ধার্মিক মনে করেন, যাহারা ধর্মজগতে ভাঁহাদের সমকক লোক দেখিতে পান না, ভাঁহারা কি বার তার কাছে মাধা হেঁট করিতে পারেন ?

ভগবান শ্রীমুখে ব্লিয়াছেন---

"ন বুদ্ধি ভেদং জনয়েদজ্ঞানাং কর্মাস্ক্রিনাম্"

অজ্ঞান কর্মদাসী লোকদিগের বৃদ্ধি-ভেদ জন্মাইবে না। এই সকল লোকের বৃদ্ধিভেদ জন্মাইলে অপকার ব্যতীত উপকার নাই; ইহারা উপদেশও গ্রহণ করিবেন না, হয় ত নিজেদের আচরণের প্রতি ইহাদের অনাস্থা জনিবে। এই সকল ভাবিয়া শুদ্ধাভক্তি সম্বন্ধে আমি কোন কথাই বলি না।

বৈধীভক্তি যদিও শুদ্ধাভক্তি নহে তথাপি এই বৈধী ভক্তিতে যে উপকার নাই এমত নহে। মানুষ শুদ্ধাভক্তি না পাইলে আর কি করিবে । এই বৈধী ভক্তি লইরাই তাহাকে থাকিতে হইবে।

"সম্মণ্যস্য ধর্মস্য আয়তে মহতোভয়াৎ"

ধর্মের অল সাধনেও মহাভা হইতে পরিত্রাণ পাওয়া যায়। আর
মামুষ বৈধীভক্তি আচরণ করিতে থাকিলে অন্তর্যামী ভর্গবান রূপা করিয়া
কোন কালে তাঁহাকে শুদ্ধা ভক্তি প্রদান করিবার ব,বহা করিয়া দিবেন।
প্রাকৃত জগৎ যেমন ভগবানের হাতে, ধর্মজ্বগংও তেমনি তাঁহার হাতে।
তাঁহার ইচ্ছাতেই প্রাকৃত ■ ধর্মজ্বগং পরিচালিত হইতেছে।

স্বাভাবিক অনুরাগ বশতঃ নিজের সিদ্ধাবস্থা ও নিজকে ব্রজগোপী কল্পনা করিয়া দিবারাত্র রাধাক্তফের কেলিবিলাস চিন্তা করার নাম রাগানুগা ভক্তি। দৌড়ীর বৈশ্ববেরা এই রাগারুগা ভক্তির অত্যন্ত পক্ষপাতী।
তাঁহারা বলেন বৈধীভক্তিতে ভগৰং-প্রাপ্তি হয় না। এই রাগারুগা
ভক্তি হইতেই ভগবং-প্রাপ্তি হইয়া থাকে। এই জন্ম বাহারা বৈধীভক্তি
আচরণ করেন, তাঁহারাও রাগারুগা ভক্তি আচরণ করিয়া থাকেন।
রাধারুফের লীলাবিলাস কথন কি ভাবে চিন্তা করিতে হইবে তাহা
আনিবার জন্য নানা প্রকেও বির্চিত হইয়াছে। এই সব প্রক
বৈশ্ববস্মাজে অত্যন্ত আদরণীর।

কলনা ধর্মজগতের বিষম কণ্টক, ইহা গর্মলাভের পক্ষে বড়ই অন্ত-রায়। থাহারা জলনা কলনা লইয়া চলেন তাঁহারা সভ্যভ্রষ্ট হন। কলনা তাঁহাদিগকে প্রতারিত করে, সভ্য বস্তুকে আচ্ছন্ন করিয়া রাখে।

অবৈতবাদিগণের দোহহংবাদ আর গৌড়ীয় বৈষ্ণবগণের রাগামুগা ভক্তি একই কথা। অবৈতবাদিগণ আপনাকে ব্রহ্মকল্পনা করিয়া বেমন ব্রহ্মত্ব প্রাপ্ত হন না, সেই রূপ গৌড়ীর বৈষ্ণবগণ আপনাকে শ্রীকৃষ্ণের সধী কল্পনা করিয়া সধীত্ব লাভ করিতে পারেন মা।

• রাগান্থগা ভব্তি বেদ-বিধির অতীত। ইহাতে বিবিধার ভব্তি যাজনের একটিও অঙ্গ নাই। ইহাই গোড়ীর বৈষ্ণবগণের সর্বশ্রেষ্ঠ সাধন। ইহারা বলিয়া থাকেন রাগান্থগা ভব্তি বাতীত ক্বঞ্চ প্রাপ্তির উপায় নাই—

"বিধি ভক্তো না পাইয়ে ব্ৰ**জেন্ত নন্দন"**

এই রাগান্থগা ভক্তি গোড়ীয় বৈষ্ণব সমাজের সর্বনাশ করিয়াছে। পাঠক মহাশয়গণ, আপনারা গোড়ীয় বৈষ্ণবসমাজের হুর্গতি স্বচক্ষে দেখিতেছেন। আমাকে বলিয়া আর কন্ত পাইতে হুইবে কেন?

কাম ক্রোধের দাস মারামুগ্ধ মানুষ প্রতিনিয়ত রাধারুফ্ডের বিচিত্র লীলা-বিলাস ভারনা কবিয়া যে রিপুপরতম্ভ হইয়া পড়িবেন ইহাতে আর বিচিত্রতা কি ? সৌড়ীয় বৈষ্ণবর্গণ বলেন রাধাক্তষ্ণের লীলা স্মরণ করিলে কাম রিপু নির্বাণিত হয়, এই জন্ম তাঁহারা গোপী গীতার প্রমাণ দিয়া পাকেন—

"ব্রন্ধ বধ্ সঙ্গে ক্ষরের রাসাদি বিলাস। যেই জন কহে শুনে করিরা বিশ্বাস॥ হুদ্রোগ কাম ভার তৎকালে হয় ক্ষয়। ভিন গুণ ক্ষোভ নহে মহাধীর হয়॥ ভিজ্ঞল মধুর রস প্রেম ভক্তি পায়। জানন্দে রুফ মাধুর্য্যে বিহরে সদার॥" "বিক্রীড়িতং ব্রদ্ধ বধ্রিদক্ষ বিফোঃ শ্রদা-বিভোহত্ব শুণুয়াদ্ধ বর্ণয়েদয়ঃ। অকিং পরাং ভগবভি প্রতিশভ্য কামং হুদ্রোগমাধ্বপহিনোভাচিরেশ ধীরঃ॥"

বিনি ব্রজবধ্গণের সহিত প্রীক্ষণের এই রাস ক্রীড়া বিশাসযুক্ত হইয়া প্রবণ কীর্ত্তন করেন তিনি শীপ্রই শ্রীক্ষণে প্রেমভক্তি লাভ্র পূর্বক অচির মধ্যে ধৈর্যালাভ করিয়া হৃদরের রোগক্ষপ কামকে পরিত্যাগ করেন।

"যে শুনে যে পড়ে তার ফল এতাদৃশী। সেই ভাবাবিষ্ট সেই সেবে অহর্নিশি। তার ফল কি কহিব কহনে না যায়। নিত্য সিদ্ধ সেই প্রায় সিদ্ধ তার কায়।"

বাঁহারা শুদ্ধান্তজ্ঞি লাভ করেন নাই তাঁহাদের সম্বন্ধে এই সকল কথা থাটে না। বাঁহারা শুদ্ধাভক্তি লাভ করিয়াছেন তাঁহাদের পক্ষে এই কথা ভালরূপই থাটে। ভগবানের লীলা শ্রবণ মাত্রেই তাঁহাদের সধ্যে ভন্ধভিজি আগিয়া উঠে। শুরাভিজি লাগ্রৎ ইবামাত্র কামাদি সমস্ত রিপুগণ
মুহুর্ত্ত মধ্যে পলায়ন করে। যেমন আলো আলিবামাত্র অন্ধকার দ্রীভূত
হয়, তেমনি ভব্ধ হৃদয়ে শুরাভিজি জাগ্রং হইবামাত্র কামাদি রিপুগণ
পলায়ন করে। প্রাকৃত ভক্তিতে কামাদি রিপুগণ বিদ্রিত হয় না।
রাগামুগা ভক্তি শুরাভিজি নুহু ৯

ভগবানের মায়াশক্তি সমন্ত জীবকে বিমোহিত করিয়া সৃষ্টি রকা করিতেছেন: মায়া-শক্তি সামান্তা নহেন, ইনিই সৃষ্টি স্থিতি প্রলয়ের কারণ। এই মায়াশক্তিকে বিধ্বস্ত করিতে না পারিলে, ভগ্বং প্রাপ্তির সন্তাবনা নাই। শায়া থাকিতে ভগবং-প্রাপ্তির আশা ত্রাশা মাত্র।

জীব-শক্তি দারা মায়া-শক্তি কিছুতেই বিধ্বস্ত হইবার সন্তাবনা নাই। মাম্য যত কেন সাধন ভজন করুক না কিছুতেই মায়া-শক্তি বিধ্বস্ত হইবে না, মামুষেরও ভগবৎ-প্রাপ্তিও হইবে না।

মায়াশক্তিকে বিধানত করিতে হইলে ভগ্ৰৎ শক্তির প্রয়োজন।
এই শুদ্ধাভক্তিই ভগ্রৎ-শক্তি। ইহার প্রভাবেই মায়া-শক্তি বিধানত হয়, স্কুতরাং যাহাতে শুদ্ধাভক্তি লাভ হয় তৎপক্ষে সকলের বতুবান হওয়া কর্ত্বা।

এমন কণা হইতেছে গুদাভক্তি লাভের উপায় কি ? গুদাভক্তি ভজনের দ্বারা লাভ হয় না, কোটি বংসর ভক্তন করিলেও কেহ গুদাভক্তি লাভ করিতে পারে না ; এক মাত্র সদ্গুক্তর ক্রপায় এই গুদ্ধাভক্তি লাভ হইয়া থাকে। সদ্গুক্ত সহজে মেলেনা। ৰছকাল পরে যথন ধর্মের অত্যন্ত গ্রানি হয় তথনই এক এক বার সদ্গুক্তর আবিষ্ঠাব হইয়া থাকে। যেমন সদ্গুক্ত স্কৃত্ত তেমনি গুদ্ধা-ভক্তিও স্কৃত্ত ভ।

বৈষ্ণবধর্ম স্লান ছওরার জীমনাহাপ্রভু অবতীর্ণ হইরা এই বৈষ্ণব

থর্ম পুন: সংস্থাপন করিয়াছিলেন, কিন্তু জনসাধারণকে শুদ্ধাভক্তি প্রদান করেন নাই। জীগৌরলীলায় কেবল সাড়ে তিন জন মাত্র শুদ্ধাভক্তি প্রাপ্ত হইয়াছিলেন। স্বরূপ দামোদর, রায় রামানন, শিখী মাহাতী ও তাহার ভগ্নী মাধবী শুশ্ধাভক্তি লাভ করেন।

গোস্বামিপাদেরা বহু ভক্তিগ্রন্থ রচনা ক্রিয়াছেন। সকল গ্রন্থেই প্রাক্ত ভক্তির কথা বর্ণিত ইইরাছে; ভদ্ধাভক্তির কথা নাই, এইজন্ত আমাকে এত কথা লিখিতে লইল। গোড়ীয় বৈষ্ণবগণের মধ্যে শুদ্ধা-ভক্তির স্রোত বন্ধ হইয়া গিয়াছে। সেই জন্ত দেশের তুর্গতি দেখিয়া শ্রীমৎ মহাপ্রভূর ইঙ্গিতে গোস্বামী মহাশয় জাতিবর্ণ নির্বিশেষে জনসাধারণকে এবার এই শুদ্ধাভক্তি প্রদান করিয়াছেন।

জনসাধারণের ও গৃহস্থগণের বহুভাগা। সৃষ্টির আদিকাল হইতে এপর্যান্ত তাহারা যে শুদ্ধাভজিতে বঞ্চিত ছিল এবার ভগবানের কুপার এই কলির জীব তাহা লাভ করিল।

অফাদশ পরিচ্ছেদ।

শুদ্ধাভক্তির ভাব ও দর্শন।

প্রাক্ত ভক্তিতে কিছু কিছু সাত্তিক লক্ষণ প্রকাশ পার,—বেমন অঞ্জ পূলক ইত্যাদি। শুদ্ধাভক্তি হইতেও ঠিক এইরূপ ভাব উৎপন্ন হইরা থাকে, দেখিতে ঠিক্ একরূপ; কিন্তু এই উভয়বিধ ভাব সম্পূর্ণ পৃথক জিনিদ। প্রাকৃত ভক্তি হইতে যে ভাব উৎপন্ন হয় তাহা মনের অবস্থা বিশেষ হইতে উৎপন্ন এবং ক্ষণস্থায়ী, আর শুদ্ধান্তক্তি হইতে যে ভাব উৎপন্ন হয়, তাহা ভগবৎ-শক্তির ক্রিয়া, তাহা দীর্ঘকাল স্থায়ী। উভন্ন ভাবের আস্বাদনও পৃথক পৃথক।

এই ভাব তিবিধ; সাহিক, রাজসিক

তামসিক। সাহিক ভাব

মনোমোহকর। এই ভাব দেখিলে লোকের উপকার হয়। রাজসিক
ভাব তদ্রপ মনোমোহকরী নহে, ইহাতে কথনও লোকের উপকার হয়

কথনও হয় না। এই ভাবে প্রধানতঃ তেজের জিয়াই দেখা য়য়। তামসিক
ভাব উৎপাত জনক। তমোগুণের নৃত্য প্রায়ই বেভালা হইয়া লক্ষ ঝক্

হয়; নৃতাকারার পদাঘাতে ঘরের জিনিস পত্র ভাজিয়া য়য়। দর্শকর্কের

উপর পড়িয়া তাহাদিগকে আহত করে; বালকর্ক ভয় পাইয়া চীৎকার

করিতে থাকে।

শুকাভিক্তি যাজন করিতে করিতে কতকগুলি দর্শন হইতে থাকে;
যথা আত্মদর্শন, পিতৃদর্শন, মাতৃদর্শন, গুরুদর্শন এবং দেবদর্শন। যথন
আত্মদর্শন হয় তথন আপনাকে আপনার সমূপে দেখিতে পাওয়া যায়;
এরপ মাতৃদর্শন পিতৃদর্শন এবং গুরুদর্শন হইয়া থাকে। ইইাদের সহিত
কথাবার্দ্ধা চলে না। দেবদর্শন অত্যন্ত আনন্দদারক এবং দেখিতে বড়ই
নয়ন তৃপ্তিকর; কথন রাধা কৃষ্ণ অপরূপ রূপে স্থীগণে পরিবৃত হইয়া
অতি কমনীয় নৃত্য করিতেছেন। কথনও তাঁহারা অঙ্গে অস হেলাইয়া
বিভঙ্গিম তাবে দাঁড়াইয়া চারিদিকে শোভা বিস্তার করিতেছেন। কথন
কখন নিতাই গৌর ভক্তদলে পরিবৃত হইয়া প্রেমভরে অপরূপ নৃত্য
করিতেছেন। কথনও ভীষণ দর্শনা কালী, করাল বদন বিস্তার করিয়া অস্থরের য়য় পান করিতেছেন। তাঁহার এক হস্তে থড়া, অপর হস্তে অস্থরের মৃণ্ড, তিনি একহন্তে পানপাত্র ধারণ করিয়া আছেন, অপর হস্তে
ভক্তগণকে অভয় দিতেছেন। কথনও মহাদেব পার্মতীকে কোলে

শইষা ব্যস্তবাহনে চুলু চুলু নয়নে বিচরণ করিতেছেন ইত্যাদি ভাগি।

এই সব দেখিয়া ভক্ত যদি মনে করে সে সিদ্ধ অবস্থা লাভ করিয়াছে তাহা হইকেই তাহার পতন অবশুভাবী। এ সব দৃশা মান্নিক। দেব দর্শন ও ত্রিবিধ। প্রথম চিত্রপটে দর্শকের স্তার দর্শন হয়; পরে দেবতা-গণকে জীবস্তরূপে দেখা যার; আবার তাঁহাদের গতিবিধিও উপলব্ধি হয়। এই সকল দর্শন ভক্তিপন্থার নিয়ম। ইহাতে বুঝা বার ঠিক পথে চলা হইতেছে। দেবদর্শনে মনে অহন্ধার উপস্থিত হইলেই সাধকের সর্মনাশ হয়। এই জন্ত দেবদর্শন হইনে, দেবভার স্বথোচিত মর্য্যাদা দিয়া তাঁহার খাণীবাদ ভিক্ষা করিয়া নাম করিতে পাকাই উচিত। সাধক যাহাতে নাম করিতে সমর্থ হয় এই আশীর্বাদ ভিক্ষা করাই কর্ত্ব্য।

দেব দর্শনে বিশেষ একটা উপকার নাই, তবে ইহাতে সাধনে নিষ্ঠা জম্মে, এবং বৃষিতে পারা যায় ঠিক পথে চলা হইতেছে। যতদিন সচিদা-নন্দ বিগ্রহের দর্শন লাভ না হইয়াছে ততদিন মায়া থাকিবেই থাকিবে।

পঠিক মহাশগ্রগণ, শুদ্ধাভক্তি সহদ্ধে অনে । কথাই বলিলাম; মনোযোগের সহিত পাঠ করিবেন। পুত্তক লেখা আমার অভ্যাস বা ব্যবসাধ্
নহে, একজন নগণ্য উকিলের লেখা মনে করিয়া অগ্রাহ্য করিবেন না,
সন্তার্গর । ভগবানের নামের রুপায় আমি যে সত্য উপলব্ধি করিয়াছি
ভাহা অন্তরের প্রাণ্য ভক্তির সহিত আপনাদিগকে উপহার দিলাম।
দেশের নিকট ধর্মা জগতের নিকট আমার একটা দায়িত্ব আছে।
একারণ প্রাণের কথা আজ বাহির করিয়া দিলাম। আশা করি, জগতের
জ্ঞানভাগ্রারে ইহা রক্ষিত হইবে।

डक्ष काक्षामा

প্রথম পরিচ্ছেদ।

ু নামই শুদ্ধাভক্তির সাধন।

গুরুদত্ত নাম খাসে খাসে জপ করাই গুলাভক্তি লাভের একমাত্র উপায়। কিন্তু নাম করা বড় কমিন। মানুহ অনারাসে হিমালর উল্লেখন করিতে পারে, সমুদ্র উত্তীর্ণ হইতে পারে কিন্তু চুপ করিরা বিসিয়া নাম করিতে পারে না। খাসে খাসে নাম করিতে আরম্ভ করিলে প্রথম প্রথম অনেকের বেন খাস বন্ধ হইয়া যায়, অকে বেন কন্টক বিদ্ধা হইতে থাকে, কে যেন গলা টিপিয়া ধরে। বছু জ্বোর অপরাধ্বশতঃ এইরূপ অবস্থা ঘটিয়া থাকে।

নামের কৃপা না হইলে নাম করা ছক্ত ব্যাপার, এইজ্ঞ গোস্বামী মহাশয়ের শিশ্যগণ মধ্যে অনেকে নাম ত্যাগ করিয়া সাধন ভজন এক-রক্ম ছাড়িয়া দিরাছেন। স্থতরাং তাঁহাদের মধ্যে গুরুণকি আর প্রবল হইতে পারিতেছে না, গুরাভক্তি লাভ হইতেছে না, চিন্ত দিন দিন মলিন হইরা পড়িতেছে।

যাহারা নাম করিতে ক্লেল বোধ বরেন, নাম গ্রাহাদের নিকট কঠোর,

তাঁহাদের নাম পরিত্যাগ করা উচিত নয়। পুরুষকার বলে ষত্টুকু পারা ষায় তত্টুকুও নাম করা কর্ত্তর । যদি সমস্ত দিনে ৫। ৭টি নাম করা যায়, তাহা হইলেও যথেষ্ঠ নাম করা হইল ব্ঝিতে হইবে, তথাপি নাম পরিত্যাণ করা কোন ক্রমে উচিত নয়।

এইরূপ নাম করিতে করিতেই নামের রূপা হইবে। নামের বলে যে পরিমাণ অপরাধ কাটিয়া যাইবে, নাম করা সেই পরিমাণে সহজ হইবে।

নামের কঠোরতা দেখিরা নিরাশ হওরা উচিত নয় । আপনাকে অপরাধী জ্ঞান করিয়া দীনহীন কালাল হইরা নামের পদানত হইরা তাঁহার রূপা জিক্ষা করা কর্ত্তব্য । তাঁহার রূপা লাভের সংস্কর্প, দান, পরোপকার, প্রাণের সহিত সমস্ত নরনারী ও জীবের সেবা, অভিথি সংকার, অহিংলা, তার্থ পর্যাটন, পুজা, ভক্তিশাস্ত্র পাঠ ইত্যাদি সদয়ন্তান করা কর্ত্তব্য । এই সকল করিতে করিতে ক্রমশঃ নামের রূপা অস্তরে উপলব্ধি হইবে।

গ্রাম্যকথা, অসংসঙ্গ, পরচর্চ্চা, পরনিন্দা, ক্বপণতা, হিংসা, অভিমান সর্বতোভাবে পরিবর্জনীয়।

যে প্রকারে নাম লইতে হয় তাহা শ্রীমমূহাপ্রভু স্বরূপ দামোদর ও রামানন্দ রায়কে শ্রীমূথে ব্যক্ত করিয়াছেন,—

"যেরপে লইলে নাম প্রেম উপজয়।
তাহার লক্ষণ শুন স্বরূপ রাম রায়॥"
"তৃণাদিশি স্থনীচেন তরোহরপি সহিষ্ণুনা।
স্থনানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদাহরিঃ॥"
উত্তম হয়ে আপনাকে মানে তৃণাধম।
গ্রহ প্রকার সহিষ্ণুতা করে বৃক্ষসম॥

নামই গুদ্ধাভক্তির সাধন।

বৃক্ষ ষেন কাটিলেছ কিছু না বোলর।
ভকাইয়া মৈলে কারে পানি না মাগয়॥
থেই যে মাগয়ে তারে দের আপন ধন।
ঘর্ম বৃষ্টি সহে আনের করয়ে পোষণ॥
উত্তম হয়ে বৈষ্ণব হবে নিরভিমান।
জীবে সন্মান দিবে জানি কৃষ্ণ অধিষ্ঠান॥
এই মত হয়ে যেই কৃষ্ণনাম লয়।
জীকৃষ্ণ চরণে তার প্রেম উপজয়॥"

শ্রীচৈতস্কচরিতামৃত।

খাহার। সাধন পন্থায় চলিবেন, এই লোকটি তাঁহাদের সর্বাদা স্থাপথে রাথিয়া চলা কর্ত্তব্য। এই লোকানুরপ প্রাকৃতি লাভ না হইলে নাম করা বড় কঠিন হইবে। নাম সাধনের কঠোরভা কিছুভেই দূর হইবে না। নাম রাথের কুপা আদৌ হইবে না। এই কারণে কুথায় বলে,—

"বৈষণৰ হইতে মনে ছিল বড় সাধ। তৃণাদ্ৰপি শ্লোকেতে পড়ে গেল বাদ॥"

বাস্তবিক 'তৃণাদপি' বিনীত হওয়া বড় কঠিন। আমি ধনী মানী, পদস্থ, বিহান, বুজিমান, আমার ষথেষ্ট প্রভুত্ব আছে, লোকে সর্বাদাই আমাকে হজুর হজুর বলিয়া স্তবস্তুতি করিতেছে; আমার কথার প্রতিবাদ করিতে কেহ সাহসী হয় না; আমি গর্কা অভিমানে ক্ষীত; 'তৃণাদপি' ভাব আমার মধ্যে কি প্রকারে আসিবে ? তবে কি আমার নাম করা হইবে না ?

এই কথার উত্তরে আমি বলিতেছি কপ্টেশ্রেষ্ঠে কোন প্রকারে নাম করিতে থাকে, নামের শক্তিবলৈ নিশ্চয়ই তোমার মধ্যে এই স্বর্গীয় ভাব জাগ্রৎ হইবে, তোমার প্রকৃতি বদলাইয়া খাইবে, নাম করা তোমার পক্ষে সহজ হইবে, নামের রসাস্বাদন ক্রিতে পারিবে।

ভূমি,যত বড় গ্র্কৃত ও অপরাধী হওনা কেন, নামের নিকট ডোমাকে পরান্ত হইতে হইবেই হইবে। এমন কোন অপরাধ নাই বাহাকে নামের শক্তি প্রতিহত করিতে পারে না। তোমার অপরাধের নাম তোমাকে ত্যাগ করিতে পারেন, কিছু যদি কোন রক্ষে নাম ধরিয়া থাকিতে পার, আমি নিশ্চর বলিতেছি, তোমার সমস্ত অপরাধ নামের নিকট পরান্ত হইবে।

কেই কেই বলিবেন, অনেকে বছ নাম করিতেছেন তাঁহাদের মধ্যে এই 'তৃণাদপি' ভাব জাগ্রৎ হইতেছে না কেন? ইহার উত্তরে আমি বলি-তেছি, তাঁহারা যে নাম ক্রেন, তাহাতে শক্তি নাই। শক্তিশালী নাম হইলে নিশ্চয়ই এই ভাব তাঁহাদের মধ্যে জাগ্রৎ হইত।

নাম ব্যক্তিরেকে শুদ্ধাভজি লাভের উপায় নাই। মানুষ সর্বাদ্ধা নাম লইয়া থাকিতে পারে না, একারণ বৃথা চিস্তা, বৃথা কার্য্য না করিয়া যে লম্ম নাম করিতে পারে না, সেই সময়টা পূজা পাঠ ইত্যাদি সাধু কার্য্যে অতিবাহিত করে। নাম করিতে পারিলে এসব করিবার কিছুমাত্র প্রয়োলন নাই।

দ্বিতীয় পরিচ্ছেদ।

নাম।

শুদাভক্তি লাভের একমাত্র উপার যথন নাম, তথন সে সম্বন্ধে কিছু বলা প্রয়োজন হইভেছে। ভক্তি ও ভগবান যেমন অভিন্ন, নাম ■ নামী তেমনি অভিন্ন। শালো কিন্তু নামী অপেকা নামেরই মহিমা অধিক বলিয়া বর্ণিত হইরাছে। সভ্যভামার ব্রতই ইহার প্রমাণ।

মহাপ্রভু এীমুথে বলিয়াছেন:-

"নাম চিন্তামণিঃ ক্ষাইশ্চতন্ত রসবিগ্রহ:। পূর্ণঃ শুদ্ধো নিত্যমূক্তোহভিন্নাত্মা নামনামিনোঃ॥"

নাম এবং নামীর ভেদ না থাকায় চৈতন্যরসমূর্ত্তি সর্কবিধ শক্তিতে ।
পূর্ণ, মায়াগন্ধবিরহিত এবং নিতামূক্ত চিন্তামণির ভায় সর্কাভিষ্টপ্রদ
শীর্ষই নামরূপে আবিভূতি ইইয়াছেন।

"নাম বিগ্রাহ স্বরূপ তিন একরপ।
তিন ভেদ নাহি তিন চিদানক রূপ॥
দেহ দেহী নাম নামী ক্যম্ফে নাহি ভেদ।
জীবের ধর্মা নাম দেহ স্বরূপ বিভেদ॥
স্বাত্তএব ক্যম্ফের নাম দেহ বিলাদ।
প্রাক্তেন্তিরে প্রান্থ নহে হর স্থপ্রকাশ॥
কৃষ্ণে নাম কৃষ্ণ গুণ কৃষ্ণ লীকা বৃন্দ।
কৃষ্ণের স্বরূপ সম সব চিদানক।"

এটিচ, চ, ম, ১৭শ প ॥

পাঠক মহাশরগণ, আমি নামের মহিমা কি জানি, শাস্ত্রে যাহা বর্ণিত আছে তাহা হইতে কিঞিৎ আপনাদিগকে শুনাইলাম মাত্র। ইহা হইতে নামের মহিমা বৃঝিয়া লউন।

নাম গুলুভি হইতেও সুগুলুভি, ইহা শ্রীমভীর জ্বয়ের ধন। যুগযুগাস্তর তপ্দ্যা দারাও এই মহারত্ব লাভ হয় না। নাম লাভ হইলে
নামীকেও লাভ হইল বুঝিতে হইবে। যে হেতু নাম নামী অভিন।

আমি বছকাল যাবং ত্রিভাপ আলায় দগ্দীভূত হইতে থাকায় গুরুদেশ কুপা করিয়া আমাকে এই অমূলা রত্ন প্রদান করিয়াছিলেন। আমি শিশু, মুড়ী, মুড়কীই বুঝি, রত্নের মূল্য কি জানিব ? বালক রত্ন চাহে না, মুড়ী, নাড়ুই পছল করে। আমি নামের মহিমা কিছু বুঝিতাম না; গুরু নাম দিলেন ও আমি নাম পাইলাম, এই মাত্র আমার জ্ঞান ছিল।

গুরু আজ্ঞার বশবর্তী হইয়া নাম করিতে করিতে নামের যে প্রিচয় পাইয়াছি, আজ পাঠক মহাশয়গণকে তাহা জানাইতেছি, ইহা পাঠ করিলে আমার মত অনেক হতভাগ্য পাঠকের চৈতন্যোধ্য হইবে, তাঁহারা নামের মহিমা কথঞ্চিৎ জ্বয়ঙ্কম করিতে সমর্থ হইবেন।

- ১। নাম সং পদার্থ। ইহা শব্দের ভারে শূন্য নহে।
- ে ২। নাম নিত্যবস্তা। নাম চিরকালই বর্ত্তমান আছেন। ইহার আদি নাই অস্ত নাই। ইনি দেশকালের অতীত।
- ৩। নাম জীবস্ত। ইহা অচেতন পদার্থ নহে। ইহা জীবস্ত। ইহার অনুভূতি অন্তরে বেশ উপলব্ধি হয়।
- ৪। নাম অচেতন নহেন। নাম সচেতন, অচেতন হইলে ইহাঁ দারা মানুষের কোন উপকার হইত না। ইহার কার্য্যকারিতা শক্তি আছে। অচেতনের কার্যকারিতা শক্তি থাকে না।
 - ৫। নাম স্বাধীন ও স্বতন্ত্র। ইনি কাহারও বশীভূত নহেন; ইনি মানুষের

কাছে থাকিতে চান না। মানুষ নামসাধন করিতে বসিলে ইনি কেবল পালাই পালাই ডাক ছাড়েন এবং একটু ফাঁক পাইলেই সরিয়া পড়েন। মানুষের এমন সাধ্য নাই যে মানুষ ইংলকে বলীভূত করে। নামের ইচ্ছা না হইলে প্রশ্বকার বলে জোরপূর্বক নাম করিতে গেলে ৪।৫ মিনিটের অধিক নাম করিতে পারিবেন না, কিন্তু নামের ইচ্ছা হইলে পল্লার আেতের ভায় চারিদিক প্লাবিত করিয়া নাম প্রবাহিত হইবে, কোন বাধাই মানিবে না। এ কারণ নামের পদানত হইয়া নামের কুপা ভিথারী হইয়া নাম করিতে হয়।

- ্। নাম সদাই শুচি। কেহ কেই বেশার মুথে বা চরিত্রহীন কীর্ত্তনিয়ার মুথে নাম গান শুনিতে চান না; তাঁহারা মনে করেন নাম বুঝি অশুচি হইয়াছে। প্রকৃত পক্ষে নাম কথনও অশুচি হন না। ইনি বেমন শুচি, তেমনে কদাচার, কদাহার, কুস্থানে বাস, কদালোচনা, কুলোকের সঙ্গ, অশুচি অবস্থায় কালক্ষেপণ সহ্থ করিতে পারেন না, যাঁহারা নামকে চান তাঁহাদিগকে এ সব পরিত্যাগ করিতে হইবে। নাম সদাই পবিত্র। স্থতরাং ইনি পবিত্র স্থানেথাকিতে চান। চিন্ত অপবিত্র হইলে মনে কল্বিত ভাব পোষণ করিলে ইনি তথা হইতে প্রস্থান করেন; স্থতরাং ইহার জন্ত সর্বাদা শন্ত্রীর ও মন পবিত্র রাথিতে হয়।
- ৭। নাম নীতিপরায়ণ।—ইনি ছনী।ত দেখিতে পারেন না। মিথা।, প্রবঞ্চনা, ব্যভিচার, পরনিন্দা, পরচর্চা, আলস্য, গ্রাম্য কথা, পরপীড়া, নিষ্টুরতা ইত্যাদি সর্বতোভাবে পরিবর্জনীয়। যে স্থানে হনীতি, নাম সে স্থানে থাকেন না।
- ৮। নাম জ্ঞানময়। মানুষ প্রাস্ত, কিসে তাহার কল্যাণ হইবে সে তাহা জানে না। মানুষ চিন্তা বিচারের বশবর্তী হইয়া প্রবৃত্তি তাহাকে যে যে পথে পরিচালিত করে সে সেই পথেই পরিচালিত হয়। স

আপন পছন্দমত পথ বাছিয়া লয়, কি ভাল কি মন্দ বুঝে না। নাম কিন্তু আন্তান্ত, পূর্ণ জ্ঞানময়। নাম মাহুষের ল্রান্তি দ্র করিয়া দেয়, তাহার চিন্তা বিচার ও প্রবৃত্তির বিপর্যায় ঘটায়। তাহাকে প্রকৃত কল্যাণকর পথে পরিচালিত করেন। নামের আশ্রয় লইলে মাহুষকে বিপথগামী হুইতে হয় না।

- ন। নাম সর্বাশক্তিমান। ইহার শক্তি অবর্ণনীয়। ইনি না পারেন এমন কিছু নাই। যাহা কেহ করিতে পারে না ইনি তাহা করিতে সমর্থ। নাম যাবতীয় হুদয়গ্রন্থি ছিন্ন করেন; মামুষের মধ্যে বৈরাগ্য আনিয়া দেন; সৎ প্রবৃত্তি সকল জাগাইয়া তোলেন ও পরিবর্দ্ধিত করেন; তুপ্রার্থি সকল নষ্ট করেন; রিপুগণকে দমন করেন, মনের একাগ্রতা লাখন করেন, চিক্তি হিন্ন করিয়া দেন। মোটের উপর মামুষকে মামুষ করিয়া তোলেন। চিত্ত হিন্ন ও মনের একাগ্রতা সাখন জন্য যোগ-শান্তে বছবিধ উপায় অবলম্বনের কথা আছে; কিন্তু সে সমন্তই ক্ষণস্থায়ী; তাহাতে প্রকৃত পক্ষে মনন্থির হন্ন না; কিন্তু নামে যে চিন্ত হিন্ন ও মনের একাগ্রতা উৎপন্ন হন্ন এমন আর কিছুতেই হন্ন না।
- ১০। নাম নির্গুণ। নামে মায়া-গন্ধ নাই। যদিও মায়িক ইচ্ছিন্ন বারা নাম উচ্চারিত হয়, তথাপি মায়া ইহাকে স্পর্শ করিতে পারে না।
- ১১। নাম স্থান। নাম মধুর হইতে স্থাপুর। ইহার চমৎকার স্থান আছে। এমন আনন্দনায়ক জিনিস এজগতে আর নাই। এজগতে ইন্দ্রিয়ভোগ্য স্থান অনেক জিনিস আছে বটে কিন্তু ভাহা ক্ষণ-স্থায়ী ও হংথ-মিঞিত। আজ পুত্র লাভ করিয়া মাহ্রম আনন্দিত হইতেছে, কাল তাহার স্ত্যুতে হাহাকার করিতেছে। আজ ধন লাভে মাহ্রম উৎকুল্ল, কাল আবার ক্ষতির জন্য ভাহার অপার ক্রেশ ভোগ।

এই সংসারের সকল হথই অনিত্য এবং ছ:খ-মিপ্রিত, কিন্তু নাম

নিতা স্থপাতা। ইনি যে স্থ প্রদান করেন তাহার আবাদন স্বতন্ত্র ; এ পৃথিবীতে কোন স্থাবের সহিত তাহার তুলনা হয় না।

নাম ত্রিতাপদগ্ধ জীবের পক্ষে শান্তি-বারি। ইনি নিদাবের স্থাতিল ছায়া, ক্ষ্ধার অন্ন এবং পিপাসার জল। নামের আনন্দ অনুভব হইলো আর ক্ষা ভ্ষা থাকে না। ক্লান্ত শরীরে ইনি বল সঞ্চার ক্রেন। যাত-নার তীব্রতার লাঘ্য করেন।

আমরা যে নামের আনন্দ অন্তব করি না ইহার কারণ আর কিছুই নহে, কেবল আমাদের বহু জন্মের অপরাধ। বেমন কোন কোন রোগে মিছরিও তিক্ত লাগে তেমনি ভবরোগগ্রস্ত মামুবের নিকট নামের স্থাময়রস বিধবৎ প্রভীয়মান হয়। নাম করিতে করিতে মামুবের যে পরিমাণ অপরাধ নষ্ট হইরা যাইবে, মামুষ সেই পরিমাণে নামস্থারস আস্বাদন করিতে সমর্থ হইবে।

১২। নাম স্বাস্থ্যপ্রদ। নামে মন্তিদ শীতল হয়, বুদ্ধিবৃত্তি প্রথম হয়, বুদ্ধিবার শক্তি, ধারণা শক্তি, অনেক পরিমাণে বৃদ্ধি পায়, ব্যাধির বহুণা নিবারণ করে ■ শরীরকে স্কুর রাথে।

১৩। নাম উত্তেজক। নামের একটু উত্তেজনা শক্তি আছে, উহা হৃদয়ে বলসঞ্চয় করিয়া দেয়, এবং ভয় ভাৰনা দূর করে।

১৪। নাম মাদক। নামে মাদকতা শক্তি আছে। নাম করিতে করিতে বেশ একটু নেশা জন্মে। সে নেশায় বৃদ্ধিভংশ হয় না এবং কোন উৎপাংও জন্মে না।

১৫। নাম কর্মকারী। শুভাশুভ কর্মফলে মানুষ চৌরাশী লক্ষ যোনিতে ইহসংসারে যাতায়াত করিতেছে; এবং, ক্রমাগত কর্ম-পুরে জড়িত হইতেছে। কর্মকার না হইলে জীবের উদ্ধার হয় না। কিন্তু মানুষ যতই কর্ম ভোগ করিতেছে গুড়ই আবার নুতন নুতন কর্মান্থতে জড়িত হইরা পড়িতেছে, স্থতরাং মান্থবের কর্ম শেষের উপার নাই, উদ্ধারেরও উপায় নাই। নামই মান্থবের কর্ম ক্ষম করিয়া-দেন, নাম কর্মক্ষয় করিয়া না দিলে জীবের উদ্ধার হইত না।

১৬। নাম অনর্থের নিবৃত্তিকারী। নাম হইতে সর্বানর্থের নিবৃত্তি • হয়। আধ্যাত্মিক, পারিবারিক, বৈষ্মিক, শারীরিক, আর্থিক প্রভৃতি যাব-তীয় ভজনের প্রতিবন্ধকতাই অনর্থ। নাম সমস্ত প্রতিবন্ধকতাই দ্র করিয়া দেন।

মাক্র জজনে প্রবৃত্ত হইলে, শারীরিক মানসিক সাংসারিক নানা বিদ্ব উপস্থিত হইলা মাত্র্যকে সাধনপ্রষ্ট করে। মাত্র্যের উপর মায়ার খোর অত্যাচার আরম্ভ হয়, মায়া-শক্তি কিছুতেই মাত্র্যকে সাধন পথে স্থির থাকিতে দেয় না। যে যেমন লোক ভাহার উপর ভেমনি অত্যা-চার আরম্ভ হয়।

যাহারা গৃহস্থ লোক, ভাহাদের পরিবারের মধ্যে রোগ, শোক, মৃত্যু, বৈষয়িক ক্ষতি, বিবাদ-বিসন্থাদ, মালি-মোকদমা, অপমান, লাঞ্চনা, নিন্দা, দ্বেষ, হিংসা প্রভৃতি নানা উৎপাৎ আরম্ভ হয়। কাম, ক্রোধাদি রিপুগণ উত্তেজিত হইয়া সাধককে নিপীড়ন করিতে থাকে; আবার এক প্রকার অহেতৃকী যাতনা সদা সর্বাদা হাদয়কে দগ্ধ করিতে থাকে। রাবণের চুলীর ভায় প্রাণটা সদাই হুতু করিয়া জ্বিতে থাকে।

শুরুদের বলিয়াছেন, জ্বলন্ত হতাশনের মধ্য দিয়া তোমাদের পথ।
সাধন পশ্বার দেখিলাম, এ হুতাশন সামান্ত হুতাশন নহে, ইহা বিষম
দাবানল, এ দাবানলের বর্ণনা নাই, ইহা কিছুতেই নির্বাণ হয় না।
আমার নিজের ষ্মণার আভাস মাত্র মহা পাতকীর জীবনে সদ্ভরুর
লীলা" নামক গ্রন্থে বর্ণন করিয়াছি। পাঠক মহাশ্রগণের অন্তরে
দারণ ক্লেশ উপস্থিত হুইবে বলিয়া বিস্তারিত বর্ণনা করি নাই। আমার

ওক্দেব এই যাতনাম তিনবার আশ্বহতা করিতে উত্তত হইয়াছিলেন, কেবল মহাপুরুষগণ রক্ষা করিয়াছিলেন।

এই দারুণ বিপদের সময়ে একমাত্র হরিনামই তর্গা। গুরু-দত্ত নাম খাসে খাসে লগ করিতে হয়। মুহুর্ত্তকাল বিরাম দিতে নাই। কিছুদিন ধৈর্যা ধরিয়া নাম করিতে পারিলে যে এই বিপদ কাটিয়া যায়, মায়ার বিভীষিকা কাটিয়া যায়। তথন মায়্রম ন্তন রাজ্যে প্রবেশ করে, প্রাণে শান্তিলাভ করে এবং নিরুদ্রেগে ভল্পন পথে চলিতে থাকে।

আমার এই ক্র জীবনে আমি আট বংসর কাল জলন্ত দাবানলে দ্মীভূত হইয়ছি। অর্থনাশ, মনন্তাপ, পারিবারিক অশান্তি, অপমান, লাঞ্চনার কিছু বাকি ছিল না। যে যন্ত্রগাভোগ করিয়াছি তাহাতে মানুবের জীবন রক্ষা হয় না, নামই রূপা করিয়া এই বিপদ্ কালে যথেষ্ট শুশ্রা করিয়াছেন, আমাকে আশার কথা শুনাইরা জীবিত রাথিয়াছেন। মনকে প্রবোধ দিয়াছেন। অধিক কি প্রাণ রক্ষা করিয়াছেন।

সংসার দারণ হিরণাকশিপ, প্রহলাদ সাধক। প্রহলাদের উপর
হিরণাকশিপুর অত্যাচার আমি নিজের জাবনে স্কুম্পন্ট দুর্গন করিয়াছি।
ভগবান প্রহলাদকে কোলে লইয়া দারণ হিরণাকশিপুর অস্তাঘাত
ও নির্যাতন বেখন নিজে/সহ্য করিয়াছিলেন, আমার এই বিপদ কালে
নাম অ্যাচিতভাবে আপনা হইতে আমাকে আছেয় করিয়া তেমনি
রক্ষা করিয়াছিলেন। এজগতে নামের মত আপনার বলিতে কে আছে ?
আর নাম অপেকা হিতৈবাই বা কে আছে ? পাঠক মহালম্বল, আপনারা নামের আশ্রম লউন, এমন নিঃসার্থ উপকারী বন্ধু আর পাইবেন না।
নামের সহায়তা বশতঃ সাধককে সাধন শুষ্ট করিতে অসমর্থ হইলে

মায়ার অত্যাচার তিরোহিত হয়। সাধক নিশিচন্ত হইয়া ভক্তন করিকে সমর্থ হয়; ইহাকেই বলে অনর্থের নির্ত্তি।

অনর্থের নিবৃত্তি হইলে পরিবারে ধে একেবারে অশান্তি উপস্থিত। হইবে মা, পরিবারে যে আদৌ বিপদ ঘটিবে না এমত নহে, কিন্তু এ সব অশান্তি বা বিপদ-আপদ সাধককে স্পর্শ করিতে পারিবে না।

পাঠক মহাশরগণ মারার এই নির্য্যাতনের কথা শুনিরা ভর পাইবেন না। ভগবানের রাজ্যে অবিচার নাই। অপরাধ করিলেই শাস্তি ভোগ করিতে হয়। এই শাস্তি ভোগ-দারা অপরাধ থওন হয়। আমরা ধে বৃগ-যুগাস্তর হইতে বিবিধ অপরাধ করিয়া আসিতেছি, তাহার কি একটা শাস্তি ভোগ করিতে হইবে না ?

সমস্ত শান্তি ভোগ করিতে হইলে জীবন রক্ষা হয় না, জীবেরও উদ্ধার হয় না। একারণ গুরুই শিষ্যের অপরাধ গ্রহণ করিয়া তাহার ভোগ অনেক পরিমাণ নিজে ভোগ করেন, শিষ্যকে সামান্ত শান্তিই ভোগ করিতে হয়। আর এই সব নির্যাতন ভোগ ব্যতীত মহুষ্মনীবন গঠিত হয় না। এজন্ত নির্যাতন প্রয়োজন। ইহা উপকারী।

পোলাও, কালিয়া, লুচী, মণ্ডা থাইব, পুজাশন্যায় শয়ন করিব, লোককে "ড্যাম, শ্যায়, নেকালো হিয়াসে" বলিব আরু আমার ধর্ম লাভ হইবে এটা যেন কেহু মনে স্থান না দেন।

১৮। নাম সংসার ক্ষয়কারী। স্ত্রা, পুত্র, ঘর, বাড়ী, টাকা, কড়ি সংসার নহে। ইহাদের প্রতি মানুষের যে আসক্তি, এই আসক্তিই সংসার। নাম হইতে এই আসক্তি নষ্ট হইয়া যায়। আরু কিছুতেই এই আসক্তি নষ্ট হয় না।

১৯। নাম **অপরাধের স্থৃতি**র বিলোপকারী। মায়ামুগ্ধ মানুষ পাপ্-

তৃদ্ধার্য্যে ক্ষান্ত হয়, তথান পাপ কার্য্যের পাপ চিস্তার ও পাপ আলোচনার স্থৃতি সকল মনের মধ্যে উদিত হইয়া হাদ্য কল্যিত করে। অনেক সময় পাপ কার্য্য না করিলেও পাপ চিস্তায় মন মলিন থাকে। নাম এই সকল পাপ কার্য্য ও পাপ চিস্তার পূর্বস্থৃতি পর্যান্ত বিলুপ্ত করিয়াল

তৃতীয় পরিচ্ছেদ।

নামের গুরুত্ব।

পরোপকারায় হি সভাং জীবিতং। পরোপকারের অন্তই সাধুগণের জীবন ধারণ। সাধুগণ কথনও পরের অনিষ্ট করেন না, ফলভঃ পরোপ-কারই তাঁহাদের জীবনের ব্রত। পরের উপকারের জক্ত সাধু হিন্দৃগণ আপনাদের জীবন পর্যান্ত দান করিয়া গিয়াছেন। ইক্র দ্র্মাচি মুনির নিকট অহি তিকা করিলে তিনি আপন প্রাণ বিসর্জন করিয়া ইক্রকে অহি ক্রদান করিয়াছিলেন। ইক্রদেব কর্ণের নিকট করচ ভিক্ষা করিলে তিনি মৃত্যু নিশ্চয় জানিয়া করচ প্রদান করিয়াছিলেন। হিন্দুশাল্রে আত্ম-দানের দৃষ্টান্ত বিরল নহে।

কাল প্রভাবে এই আত্মদানের রূপাস্তর ঘটিয়াছে। এই আত্ম-দানের পরিবর্ত্তে হিন্দুগণ আপনাকে ওজন করিয়া সেই পরিমাণ ধনরত্ন দান করেন। ইহাকে তুলাব্রত কহে।

হিন্দু স্ত্রীর নিকট পতি সর্কাপেকা গুরু। পতি অপেকা গুরু বড়

আর কেই নাই। এইজন্ম হিন্দু স্ত্রীগণ পতিকে তুলাদতে চাপাইরা ওজন করেন এবং সেই পরিমাণ ধনরত্ব দীনদরিদ্রকে বিতরণ করিয়া থাকেন। হিন্দু স্ত্রীর বিশ্বাস, এই ব্রত করিলে পতিকে থরিদ করা হয়, পতি আর কাহারও স্থীভূত হয় না।

সভ্যভামা আপন পতি ভগবান শ্রীকৃষ্ণকে ব্নীভূত করিবার জন্ম প্রকারে এই ব্রতের অনুষ্ঠান করিয়াছিলেন। তিনি তুলাদণ্ডের এক পার্ষে শ্রীকৃষ্ণকে চাপাইয়া অন্ত পার্ষে আপন ধনরত্ন চাপাইতে লাগিলেন। কাটা কিন্তু উঠিল না। ক্রমে ক্রমে তিনি আপনার যাবতীয় ধনরত্ব আনিয়া ডালায় চাপাইলেন, ভাহাতেও কাঁটা উঠিল না। অব-শেষে তিনি পৃথিবীর যাবতীয় ধনরত্ন আনিয়া ডালায় চাপাইলেন, তাহাতেও কাঁটা বিল্মাত্র উঠিল না। তথন ব্রত্ত পণ্ড হয় দেখিয়া অবোধ স্বীলোক কান্দিতে লাগিলেন। তিনি বুঝিলেন না ভগবান শ্রীকৃষ্ণ অপেক্ষা গুল্প-বস্ত এজগতে কিছুই নাই।

পৃথিবীর ধনৈশ্বর্যা কি ভগবানের সমান হইতে পারে? যে ব্যক্তি
পৃথিবীর ধনৈশ্বর্যার সহিত ভগবানের তুলনা করিতে চাহে তাহার মত
নির্বোধ এজগতে কে আছে? সত্যভামার ক্রন্দন দেখিয়া তাঁহাকে
শিক্ষা দিবার জন্ত দেবর্ষি নারদ ত্রত হলে উপস্থিত হইলেন। ডালা
হইতে সমস্ত ধনরত্র নামাইয়া লইবার ক্রন্ত সত্যভামাকে বলিলেন।
সত্যভামা সমস্ত ধনরাশি ডালা হইতে নামাইয়া লইলে, দেবর্ষি নারদ
একটি তুলসীপত্রে ক্রন্থনাম লিখিয়া সত্যভামার হস্তে দিয়া ঐ নাম ডালার
উপর দিতে বলিলেন। সত্যভামা ঐ নাম যেমন ডালার উপর দিলেন
অমনি কাঁটা উঠিয়া নামের দিকে ঝুঁকিয়া পড়িল। নামই গুরু হইল,
শীক্ষণ্ণ লঘু হইয়া উঠিয়া পড়িলেন। তথন সত্যভামার আর আনন্দের
সীমা থাকিল না।

এই আথ্যায়িকাম শাস্ত্রকার দেখাইলেন নামী অপেকা নামেরই অধিক গৌরব। ভগবান অপেকা ভগবানের নামেরই মহিমা অধিক।

শ্রভগরান অপেকা তাঁহার নামেরই মহিমা অধিক এবিয়াে কোন সংশ্য নাই। এই আখ্যায়িকা পাঠ করিয়া ওপবান অপেকা ভগবানের নামের মহিমা কি প্রকারে অধিক হইতেছে একথা পাঠক মহাশ্রগণ বেশ হৃদর্শ্বম করিতে পারিবেন না। এসম্বন্ধে গুরু রূপায় আমি যাহা উপলব্ধি করিয়াছি পাঠক মহাশ্রগণের কোতৃহল নিবারণ ■■ তাহার কিয়দংশ নিমে লিখিতেছি।

মানুষ অনাদিকাল হইতে গুভাগুভ কর্ম করিয়া আদিতেছে,
ইহার জমা থরচ নাই। উভয়বিধ কর্মের দারা সে অনাদিকাল হইতে
ক্রমাগত কর্মহত্রে জড়ীভূত হইতেছে, এবং কর্মফল ভোগ করিবার ।
নানা যোনিতে অনাদিকাল হইতে ক্রমাগত পরিপ্রমণ করিতেছে এবং
ত্রিতাপ আলায় দথীভূত হইতেছে। ভগবান ইহার কোন প্রভিকার
করেন না। নাম কর্মহত্র কাটিয়া দিয়া জীব-উদ্ধারের উপায় কর্মেন।

ভ্রমবশতংই হউক, আর প্রবৃত্তির বশবর্তী হইয়াই হউক মাহ্য অপরাধ করিরা বসে। এই অপরাধের প্রতিফল স্বরূপ ভগবান মাহ্যকে বিলক্ষণ শাস্তি প্রদান করেন, নরকাদি হংখ ভোগ করান। নাম অপরাধীর অপরাধ মোচন করেন; তাহাকে অপরাধের শাস্তি বা নরকাদি হুর্ভোগ ভোগ করিতে দেন না।

ভগবান দয়া প্রভৃতি কোন প্রবৃত্তির বশীভূত নহেন। কোন প্রবৃত্তিই তাঁহাকে বিমোহিত করিতে পারে না। একারণ আর্ত্তজনের ক্লেশ দেখিয়াও ভগবান তাহার আর্ত্তি মোচন করিতে অগ্রদর হন না। ভগবানকে হাজার ডাকুন, কিছুতেই তাঁহার ভ্রাক্ষেপ হইবে না। যে ব্যক্তি নামের শরণাগত, নাম করিবা মাত্র, নাম তাহার ক্লেশ দ্রু করিবেনই করিবেন।

যে ব্যক্তি ভগবানের শরণাগত, ভগবান তাহার প্রতি উদাসীন কিন্তু। নামের শরণাগত হইলে নাম ক্ষণকালের জন্মও তাহার প্রতি উদাসীন হন না।

মানুষ ভ্রমান্ত। কোন্টা স্থপথ, কোন্টা কুপথ মানুষ ভাহা বুনিতে পারে না, একারণ বিপথগামী হইলে ভগবান ভাহাকে স্থপথ দেখাইয়া দেন না। নাম কিন্তু ভাহাকে স্থপথ দেখাইয়া দেন।

সাধক ভগবানকে ত্যাগ করিলে ভগবানও সাধককে ত্যাগ করেন কিন্তু নামকে ত্যাগ করিলে নাম তাহাকে ত্যাগ করেন না।

নাম সাধকের অত্যন্ত কলাণকামী, কিন্তু ভগবান সাধকের সেরপ কল্যাণকামী নতেন।

নাম সেবা পরায়ণ, ছঃঝের অবস্থায় নাম সাধকের যথেষ্ট দেবা করেন, ভগবান কোন সেবাই করেন না।

নাম স্থের স্থী এবং 'হথের হুখী,' ভগবান সেরূপ নহেন।

মানুষ ভগবানের মাগ্নাশক্তি দারা অভিভূত, তাহার জ্ঞান সীমাবদ্ধ এবং ভ্রমণর। নাম মাগ্নমোহ অপসারিত করিয়া মানুষের পূর্ণজ্ঞান আনমন করিয়া দেন।

ভগবান কঠোর, নাম কোমল। ভগবান নির্দ্ধম, নাম দ্যালু।

আমি আপনাদিগকে নামের সদ্গুণের কথা কি জানাইব। নাম সমস্ত সদ্গুণের আধার জানিবেন। নাম নামীকে প্রদান করেন এবং তাঁহাকে ভক্তের অধীন করিয়া দেন। এই কলিকালে ভগবান নাম রূপেই অবতীর্ণ। নাম যজ্ঞেই ভগবানের উপাসনা। আপনারা সকলে নামের শরণাপর হউন।

চতুথ পরিচ্ছেদ।

নামের স্বভাব।

নাম বড় আদরের ধন। নাম আদর ভালবাসেন। একটু অনাদর হইলে আর তাঁহার দেখা পাওয়া যার না। এ কারণ সদা সাবধানে থাকিতে হয়; সর্বাদা তাঁহাকে পরমাদরে হৃদয়ে রাখিতে হয়। যত আদর দিবে তিনি ততই তোমার অনুগত হইবেন।

নাম বড় অভিমানী। একটু অনাদর বা কটাক্ষ হইলে নামের অভিমানের সীমা থাকে না। তিনি আর কিরিয়াও চান না। অনেক সাধ্য-সাধনা করিয়া তাঁহার মান ভাঙ্গাইতে হয়।

নান ঈর্বাারিত (Jealous)। অপরকে ভালবাসা, নাম সহু করিতে পারেন না। নামের ইচ্ছা আমি কেবল তাঁহাকেই ভালবাসিব, আর কাহাকেও ভালবাসিতে পাইব না। সংসারকেও ভালবাসিব, নামকেও ভালবাসিব, এরপ ভালবাসা নাম চান না। নাম চান আমি স্ত্রী, প্ত্র, ধন, মান, ঐশ্বর্যা, প্রতাপ, প্রভূত্ব, প্রতিপত্তি সমস্ত পরিত্যাগ করিয়া দীন হীন কাঙ্গাল হইয়া কেবল তাঁহারই হইয়া থাকি। ঐ সব দিকে তাকাইলে তাঁহার রাগ, ক্ষোভ ও অভিমানের সীমা থাকে না। তিনি

আমি নামকে বলি, এত রাগ করিলে চলিবে কেন ? আমি মায়ামুগ্ন সংগারী জীব, আমার কি এ সব ছাড়িবার শক্তি আছে ? আমাকে ত্যাগ করিলে কি হইবে ? তুমি সর্কাশক্তিমান, আমার এই সব তুমি ছাড়াইয়া লও। তুমি আপন শক্তি প্রকাশ করিলে সংসার আমাকে দাসত্ব শৃত্যলে কোন ক্রেমেই বাঞ্জিয়া রাখিতে সমর্থ হইবে না । আমার নিজের যত ক্রমতা তাত তুমি সব জান। আমার ক্রমতা থাকিলে আমি আর তোমার আশ্রয় লইব কেন ৈ তোমার শর্পাপন্ন হইয়াছি, তুমি আমাকে সংসার কারাগার হইতে মুক্ত কর।

নাম পরম কারণিক। আমার দীনতা ও তৃঃখ যন্ত্রণায় দ্রা পরবশ হইয়া নাম আমাকে নিজের আশ্রে লইরা অভয় দান করিয়াছেন। তিনি পাপী তাপী চ্স্কুত বলিয়া কাহাকেও ঘুণা করেন না। যেমন হর্ক্ত হউক না কেন, দীনভাবে তাঁহার শরণাপর হইলে, তিনি কাহাকেও পরিত্যাগ করেন না। তাঁহার নিকট কেবল কপটাচারী, নিন্দক ও অভিমানীর স্থান নাই। তাঁহার দ্রা না হইলে, আমার মত ত্র্ক্তের কি আর রক্ষা ছিল।

নাম পরম সংসং। নামের তুলা স্থলং এজগতে নাই। এই পৃথিবীতে কদাচিত নিঃস্বার্থ ভালবাদা দেখিতে পাওয়া ষায়। স্বার্থের হানি হইলে বন্ধ্বান্ধব আত্মীয় স্বজন প্রায়ই শক্র হইয়া দাঁড়ায় ও নির্যাত্তন আরম্ভ করে। কিন্ত নামের ভালবাদা নিঃস্বার্থ; ইহাতে স্বার্থের নাম গন্ধ নাই।

পৃথিবীর ভালবাসা ক্ষণস্থারী, নামের ভালবাসা অনন্তকালব্যাপী। পৃথি-বীর বন্ধবার্থর আত্মীরস্বজন দোধদশী, নাম অদোষদশী। নামের প্রণের সীমা নাই। নাম যাহাকে রূপা করিয়া আশ্রয় দেন, নাম তাহার কোন দোষই দোষ বলিয়া মনে করেন মা।

পূর্বেন নাম আমাকে কত শাসন করিতেন, কথায় কথায় আমার সহিত ঝগড়া বাধাইতেন, এবং জ্রকুটী করিয়া আমাকে পরিত্যাগ করিয়া চলিয়া যাইতেন। নামাকে অনেক সাধ্য সাধনা করিয়া হাতে পায়ে : ধরিয়া তাঁহাকে ফিরাইয়া আনিতে হইত। কথন কখন তাঁহার শাসন অসহা হইলে, আমিও তাঁহাকে বিলক্ষণ দল কথা শুনাইয়া দিতাম, মাঝে মাঝে বেশ ঝগড়াঝাঁটীও হইত।

নামকে তিরস্কার ভর্পনা করিলে, নাম কিন্তু আর বাড়াবাড়ি করি-তেন না, তিনি নর্ম হইতেন। এক দিন মাঠ দিয়া যাইতেছি, অভ্যাস দোষে আমি নামের নিকট পদে পদে অপরাধী; নাম আমাকে পরি-ত্যাগ করিয়া চলিয়া গিয়াছেন; আমার শরীর ও মন জলিয়া পুড়িয়া দথা, হইতেছে।

আমি ক্ষোভে আত্মহারা হইয়া নামকে তিরস্বার করিতে লাগিলাম, আমি বলিতে লাগিলাম, "আমি সংসার আলাম জালাতন হইয়া একটু শাস্তি পাইবার আশায় তোমার আশ্রয় লইরাছি; তোমার এই ব্যবহার ? কথায় কথায় রাগ ? আমার কাছে এক দণ্ড থাকিতে পার না ? ভূমি আমাকে সর্কদাই শাস্ত সমাহিত হইয়া থাকিতে বল; আমি যদি সেই রূপই থাকিতে পারিব তবে তোমার নিকট কি করিতে আসিব ? তোমার শরণাপল হটৰ কেন ? আমার মনের নিতান্ত হরবন্থা বলিয়াই তোমার শরণাপন্ন হইয়াছি। কোথায় তুমি আমার দক্ষ প্রাণে সাভ্না দিবে, আমার কাণে ছটা আশার কথা বলিয়া প্রাণ্টা জুড়াইয়া দিবে না রোষক্ষায়িত, শোচনে আমাকে পরিত্যাগ করিয়া আলার উপর আরও জালা বাড়াইতেছ় আমার উপর কঠোর শাসন দণ্ড চালাইতেছ, আমাকে নানা রূপে ভয় প্রদর্শন করিতেছ। আমার ছরবস্থা দেখিয়া তোমার একটু দয়া হইল না ? যাও, তোমায় সহিত বন্ধৃতার প্রয়োজন নাই, আমি ডুবেছি না ডুবতে আছি. তোমার মুখ দর্শন করিব না, অদৃষ্টে যাহা আছে তাহাই ঘটিবে, আমি নরকাণিতে ঝাঁপ দিব।"

ত্ব কথা বলিতে না বলিতে, ঝড়ের ভার নাম আসিরা আমার মধ্যে উপস্থিত হইলেন, আমার সর্বশিরীর অবশ হইরা গেল; মাঠে যাইতেছিলাম, এক পাও অগ্রসর হইতে পারিলাম না। আমার শরীর ও মন অমৃতধারার সিঞ্চিত হইতে লাগিল। আমি প্রেমাশ্র বিদ-র্জন করিতে লাগিলাম।

কিছুক্ষণ পরে প্রকৃতিস্থ হইয়া নামকে এইরূপ স্তব করিতে লাগি-ুলাম। "আমি সাধু মুখে তোমার যে অপার গুণের কথা গুনিয়াছি । আদি তাহার প্রত্যক পরিচয় পাইলাম। আমার মত হয়ত জনকে ুতুমি যে আশ্রয় দিয়াছ, ইহাতে তোমার অপার করুণাই **প্রকাশ** পাইয়াছে। তুমি আশ্রমনাদিলে আমার দশা কি হইত। আমি নিজে গুরুত, ্বছ জন্মের অপরাধে খোর পাষ্ও হইয়া জন্মিয়াছি, আমার জ্নয় পাষাণ তুল্য ; আমি তোমার আদর জানি না, ষত্র জানি না, কেমন করিয়া তোমার সেবা করিতে হয় কিছুই জানি না; তোমার নিকট বার্ম্বার অপরাধ করিরা তোমাকে জালাতন করিয়াছি, তুমি আমার ক্ষমা কর। আমার অভ্যন্ত পাপ কিছুতেই দূর হইবার নহে, তুমি আমার অন্তরের কালিমা বিধোত কর। আমার হৃদর নির্মাল ও 🔳 বিশুদ্ধ করিয়া তোমার বসিবার উপযুক্ত স্থান প্রস্তুত করিয়া লও। আমি বুঝিয়াছি এই পৃতিগন্ধম পাপহৃদয় তোমার বসিবার উপযুক্ত স্থান নহে, সেইজন্ত তুমি আমার হৃদয়ে থাকিতে পার না। এই রুর্গন্ধময় কলুষিত স্থান আমার কুদ্র শক্তিতে পরিশুদ্ধ হইবার উপায় দেখি না, তুমি সর্বাশক্তিমান, নিজ শক্তি প্রকাশ করিয়া আমার অন্তর বিশুদ্ধ করিয়া লও। নিজের বসিবার স্থাসন নিজে প্রস্তুত করিয়া তাহাতে অবস্থান করে। আমার হৃদয় সিংহাসন নানা স্থ্রম্য

করে। এই নন্দনকাননে স্থাসনে তোমাকে স্থোপবিষ্ট দেখিয়া আমি থেন আমার চকু জুড়াইতে পারি।

"আমি তোমার ছঃখ আর দেখিতে পারি না, আমার অন্তর পুতিগল্পর এবং কণ্টকাকীণ। তোমাকে এইস্থানে বাস করিতে হইতেছে। আমার এ ছঃখ রাখিবার স্থান নাই। আমি সাধ্যমত আমার
অন্তর পরিষ্ণার করিতে বরবান হইব, এখন তোমার ক্লেশেই আমার
অধিক ক্লেশ হইয়াছে।"

নাম বড় প্রেমিক। নাম বেমন ভালবাদিতে জানেন, এমন ভালবাদিতে কেই জানে না। নাম ধাহাকে আত্রয় দিয়াছেন, ভাহাকে
তিনি কিছুতেই পরিত্যাগ করেন না। কিনে তাহার মকন হইবে,
এই চিন্তাতেই নাম দদাই মগ্ন। নাম আত্রিতের নিকট কোন প্রতিদান
চাহেন না। সে ভালবাস্থক আর নাই বাস্থক সে দিকে নামের
দৃষ্টি নাই। তাহার সহস্র অপরাধেও নাম তাহাকে পরিত্যাগ করেন
না। আত্রিত জনের জন্ত নাম অহর্নিশ পরিত্রম করেন, ক্লাব্তি
নাই, বিরাম নাই। এমন স্কর্থ আর কে কোপায় পাইবে ?

আমি বৃদ্ধ ইইয়াছি, সাধন ভজন করিবার শক্তি নাই; নাম রূপা করিয়া আমাকে না থাটাইয়া নিজেই আমার মধ্যে পরিচালিত হইতে ছেন। সকাল নাই, বিকাল নাই, দিন নাই, রাত নাই, অহর্নিশ প্রতি নিখালে আমার মধ্যে প্রবাহিত ইইতেছেন। আমাকে আর চেষ্টা করিয়া নাম করিতে হয় না। আমি দ্রষ্টা মাত্র।

আমি সংসারের কার্য্যে লিপ্ত হইয়া নামকে পরিত্যাগ করি, নাম কিস্ত আমাকে পরিত্যাগ করেন না। আমি শরীর-ধর্মের বশবর্তী হইয়া নিজা যাই; নামের কিন্ত আলস্ত নাই বিরাম নাই, তিনি আমার হৃদরে বসিয়া সমস্ত রাত্রি জাগিয়া আমার মধ্যে বিহির করেন। আমার মনটা বড় সন্দিগ্ধ। ইষ্টদেব যতদিন দেছে বর্তমান ছিলেন,
আমি প্রতিনিয়ত তাঁহার ছিন্ত অনুসন্ধান করিয়া ফিরিতাম। এ
কু অভ্যাসটা আমার এখনও যায় নাই। সাধু সজ্জনেরা কেবল লোকের
গুণ দেখিয়া থাকেন, আর অসাধু মাত্রেই লোকের ছিদ্রান্ত্রমান
করিয়া বেড়ায়। আমি এসব বুঝি, কিন্তু অভ্যাস-দোষ কিছুতেই
ভ্যাপ করিতে পারি না।

নাম কথন কি করেন, তাঁহার কার্যা-কলাপ কিরপ, কোন্ সময় আমাকে ফাঁকি দিয়া পলায়ন করেন এসব প্রাফপুখ রূপে দেখিবার জন্ম নামের পশ্চাতে একটা তীক্ষ দৃষ্টি রাখিয়া দিয়াছি। আমি দেখিতেছি, নামের গতি কখনও ফুল কখনও স্থল, কখন ও ধার, কখন জ্বত, আবার কখন কখন প্রার বস্তার স্থায় শ্রীর মন ভাসাইয়া প্রবল বেগে প্রধাবিত হন।

নামের বিশ্রাম আমি দেখিতে পাই না, অন্ততঃ ধরিতে পারি না।
আমার ধারণা যে নিজা কালে, অথবা গৃহকর্মে অন্তমনত্ব থাকা
সময়ে নাম আমাকে ফাঁকি দিয়া বিশ্রাম স্থুখ লাভ করেন। নামের
এই ফাঁকিটি ধরিবার জন্ত আমি বহুদিন হইতে চেষ্টা করিয়া ফিরিতেছি। গৃহকর্ম অবসানেই আমি খাসের প্রতিন্দৃষ্টিপাত করি, তাহাতে
দেখিতে পাই, নাম বেশ চলিতেছেন। আবার নিজা ভশ্ব হইবামাত্র খাসের
প্রতি দৃষ্টিপাত করিয়া দেখি, নাম প্রবাহিত হইতেছেন। এখন এমনি
কুম্মভ্যাস হইয়াছে যে নিজা কালে ও স্বপ্লাবস্থায় নামকে পরীক্ষা করি।

এক এক সময় এইরূপ স্বপ্ন দেখি যে আমি যেন ঘুমাইতেছি, আমার ঘুম ভাঙ্গিল, নাম চলিতেছে কিনা তাহা ধরিবার জন্ম তাড়াতাড়ি খাসের দিকে দৃষ্টি দিলাম, তাহাতে দেখিতে পাইলাম যে নাম বেশ চলিতেছে। নিদ্রা ভঙ্গের পর ভাবিলাম এ আবার কি হইল ?

নামের কার্যাকলাপের প্রতি দৃষ্টি রাধিয়া দেখিতেছি নাম আমার
কোন অপরাধই প্রহণ করিতেছেন না। অবিপ্রাপ্ত পরিপ্রম করিয়া
আমার পৃতিগন্ধম অন্তর নির্মান করিতেছেন। কামাদি রিপুগণকে
বিতাড়িত করিতেছেন, হিংসাছেষ পরপীড়ন স্বার্থপরতা প্রভৃতি চৃষ্ট্
মনীয় ছপ্রতি সকলকে নির্মান করিতেছেন; দয়া, পয়োপকার, পরছংথকাতরতা প্রভৃতি সংপ্রবৃত্তি সকল জাগাইয়া ভূলিতেছেন; ভয়,
ভাবনা, ছন্চিস্তা দ্র করিতেছেন; আসক্তির বন্ধন ছিয় করিয়া দিতেছেন; ভপরানের নাম, গুণ, লীলার মধুয়াস্বাদন ভোগ করাইতেছেন;
অন্তরে বেন একটা আনন্দের কোরারা ছুটাইয়া দিতেছেন।

আমি বথন রোগশয্যায় শাষিত থাকি, নাম প্রবল বেগে প্রবাহিত হইয়া আমার বোগ যন্ত্রণা ভূলাইয়া দেন। বিপদে আত্মহারা হইলে অভয় দানে সাস্থনা দেন; আমার চক্ষের জল নিজ হত্তে মুছাইয়া দেন; কাণের কাছে বসিয়া কত আশার কথা গুনাইতে থাকেন।

আমি নামের গুণে দিন দিন নামের প্রতি অধিকতর আকৃষ্ট হইরা পড়িতেছি। নাম বাতীত জীবন ধারণ অতীব ক্লেশকর অনুভব হইতেছে। আমি দেখিতেছি এই পৃথিবীতে যত প্রকার হঃথ আছে নামবিমুখ হইরা জীবনধারণ করা অপেক্ষা অধিক হঃথ আর নাই; আর পৃথিবীতে যত প্রকার রথ আছে নাম অপেক্ষা অধিকতর স্থেপর জিনিস আর নাই। নামই জীবন, নামহীন জীবন, প্রাণহীন দেহ মাত্র।

পঞ্চম পরিচ্ছেদ।

নামের প্রকার-ভেদ।

ভক্তি যেমন বিবিধ, নামও তেমনি বিবিধ। শক্তিহীন ও শক্তি শালী। ভগবান অচিন্তা পুরুষ, তিনি নাম রূপের অতীত। জগতে এমন কোন নাম নাই যদ্ধারা তাঁহাকে, বুঝা যাইতে পারে।

সমস্ত পৃথিবীর ভক্তেরা উপাসনার জন্ত আপন আপন ফচি অমুসারে সেই অনামী পুরুষের ভিন্ন ভিন্ন নাম রাধিয়াছেন। কেহ তাঁহাকে শ্রীকৃষ্ণ, কেহ শিব, কেহ গণেশ, কেহ কালী, কেহ হুর্গা, কেহ আলা, কেহ জোভ ইত্যাদি যাহার যেমন কচি তিনি তাই বলিয়া তাঁহাকে সংখাধন করেন এবং সেই নামে তাঁহার উপাসনা করেন।

এই সমস্ত নাম শক্তিহীন অর্থাৎ ইহাতে ভগবৎ-শক্তি নাই। শক্তি-সমন্ত্রিত নাম সংহল্ল ভ। লোকে তাহা জানেও না বুঝেও না। স্থতরাং এই শক্তিহীন নামেই ভগবানের উপাসনা করিয়া থাকেন।

আমাদের দেশে কুলগুরুগণ, ধর্মপিসামু ভক্তগণ, সচরাচর শিশু গণকে যে নাম দিয়া থাকেন তাহা:সমস্তই শক্তিহীন নাম।

এই নামসাধন দারা জগতে প্রভূত কল্যাণ সংসাধিত হইতেছে। মনুষ্যের ধর্ম প্রবৃত্তি রক্ষিত হইতেছে, লোকে পাপাচরণে ভীত হইতেছে, বিবিধ সদম্গান করিতেছে এবং প্রাণেও একটা শাস্তি পাইতেছে।

শক্তিহীন নাম সাধন দারা ঐক্থপ্রেম লাভ হয় না, ভগবৎ প্রাপ্তি হয় না। মায়ামোহও কাটে না। মায়া ভগবানের বহিরলা শক্তি।

💶 🗝 কি বাতীত কাহার সাধা 🔳 মায়াশব্দিকে পরাস্ত করে ?

ভগবান পূর্ণশক্তি। যে নামে এই শক্তিমান পুরুষ বর্তমান থাকেন ভাহাকে শক্তিশালী নাম বলে। এ নাম স্ব্রুজ্ভ। নামে ভগবান বর্তমান থাকেন বলিয়াই নাম ও নামী অভিন্ন। শক্তিশালী নাম শাভ হইলে ভগবানকেই লাভ করা হইল বুঝিতে হইবে।

কোন নামেই ভগবং-শক্তি থাকে না। সদ্গুরু শিশুকে দীকা দিবার সময় ভগবানের ইঙ্গিতে নামে শক্তি অর্পণ করেন। নাম শক্তিসমন্থিত হইলেই নামকে শক্তিশালী নাম কহে।

আমাদের দেশে নাম ও নামী অভিন্ন, এই কথাটা প্রচার আছে, কিন্তু নাম ও নামী কি জন্ত অভেদ তাহা লোকে জানে না ও বুঝে না। ত্রীমন্মহাপ্রভূর দৈন্তোজিতে লোকের একটা ভূল ধারণা হইরাছে। মহাপ্রভূ স্বরূপ দামোদর ও রার রামানন্দের নিকট থেদ করিরা বলিতেছেন।;—

"নামামকারি বছধা নিজসর্বশক্তি ন্তব্যাপিতা নিয়মিতঃ স্বরণে ন কালঃ। এতাদৃশী তবকুপা ভগবন্মমাপি হুদৈবনীদৃশমিহাজনিনাহুরাগঃ ॥" "অনেক লোকের বাঞ্ছা অনেক প্রকার। কুপাতে করিল অনেক নামের প্রচার॥ খাইতে শুইতে ধথা তথা নাম লয়। কালদেশ নিয়ম নাহি সর্বাসিদ্ধি হয়॥ সর্বাশক্তি নামে দিলা করিয়া বিভাগ। আমার হুদ্বৈ নামে নাহি অহুরাগ॥"

चीटेंह, ह, ख, २० म शा

এই শ্লোক ও পরারেই লোকের ভ্রান্তি উপস্থিত হইয়াছে। লোকে

মনে করে ভগবান তাঁছার সমস্ত নামেই শতঃই সর্বাণক্তি সঞ্চারিত করিরা রাখিরাছেন। এটি লোকের ভূল ধারণা। যথন ঈশর পূরী মহাপ্রভূকে দীক্ষামন্ত্র প্রদান করিয়াছিলেন, তথনই নামকে শক্তিসমন্ত্রিত করিয়া দিরাছিলেন। মহাপ্রভূ সর্বাশক্তিসমন্ত্রিত নাম পাইয়াছিলেন। সেই জাতুই তিনি উল্লিখিত শ্লোক উচ্চারণ করিয়া বন্ধুগণের নিকট আক্ষেপ করিয়াছিলেন। এই শ্লোক পাঠ করিয়া মনে করিতে হইবে না বে ভগবান তাঁছার সমস্ত নামেই শ্বভঃই সর্বাণক্তি সঞ্চার করিয়া রাখিয়াছেন।

এই ভূল ধারণা বশতঃ লোকের উপকারও হইরাছে আর অপকারও হইরাছে। নামে ভগবানের সমস্ত শক্তি অপিত আছে মনে করিরা লোকে নিষ্ঠাপুর্বক নাম করে, দোষের মধ্যে এই যে শক্তিশালী নাম পাইবার চেষ্টা করে না, স্থতবাং শক্তিশালী নামের অভাবে উচ্চ ধর্ম কাতে বঞ্চিত হয়।

ষষ্ঠ পরিচ্ছেদ।

নাম-সাধন !

আমাদের দেশে নাম-মাধনের বছবিধ প্রণালী প্রচলিত আছে। অধিকাংশ লোকই মালায় নাম জপ করিয়া থাকেন। কোন কোন সন্মাসিসম্প্রদায়ের লোক 'করে' বা মনে মনে নাম জপ করেন। আবার কোনসম্প্রদায়ের মধ্যে খাসে খাদে নাম জপের নিয়ম আছে।

মালায় নাম অপের উপকারিতা এই যে সাধক ইহাতে নামের সুংখ্যা

নামের বিশ্বাম দেন না। নাম জপের একটা দায়িত্বজ্ঞান জন্মে। জপের বিশ্ব উপস্থিত হইলে মালা উপবাসী থাকিবে, এই ভয়ে সাধক যে কোন উপায়ে হউক সংখ্যা নাম পূর্ণ করেন। এমনও দেখা গিয়াছে, যে নামসাধনের বিশেষ বিশ্ব উপস্থিত হইলে মালায় উপবাস হইবে এই ভয়ে সাধক অভ্যের বারা জপ সমাধা করিয়া লইয়াছেন। ইছাতে অস্তরের নিঠা রক্ষা পায়।

করে বা মনে মনে নাম জপে এই দায়িব বোধ জন্মে না, সংখ্যা নামও ঠিক রাথা ধায় না। সংসারের কাষ কর্মে বিপ্ত থাকা কালে মনের চাঞ্চল্য উপস্থিত হইলে এবং আহার নিজা প্রভৃতিতে নামের বিম হয়। নাম সাধনের একটা বাধাবাধি না থাকার, নামসাধ্য শ্রহাক্রণে সম্পন্ন হয় না।

খাস প্রখানে নাম জপ অতাব বিরল। ইহা মহাত্মগণের মধ্যে শিষ্য পরম্পরার চলিরা আসিতেছে। ইহার উপকারিতা সর্বাপেকা অধিক। খাসের দ্বারা বাহিরের বাতাস কুস্কুসে নীত হয়। এই বাতাসের অন্ধল্পনের (Oxygen gas) সাহায্যে তথার দ্বিত রক্ত বিশুদ্ধ হইয়া ও স্থানিপতে নীত হইয়া ধমনীতে ধমনীতে সর্বাপরীরে পরিচালিত হয়। খাসের সহিত নাম সাধন করিলে এই বায়ুর সহিত নামের শক্তি অপ্ররে প্রবিষ্ট হয় এবং রক্তের সহিত মিশ্রিত ইইয়া সর্বা শরীরে শ্রিকালিত হইতে থাকে। এইরূপে নামের শক্তি সর্বাপরীরে পরিবাপ্ত হইতে থাকার শরীর তথন অচিরে বিশুদ্ধ হইয়া উঠে। গুণমন্ত্র গুণ শীঘ্র নাই হয়, সাধক অন্ধলাক মধ্যে ভাগবতী-তম্ লাভ করেন।

শক্তিশালী নাম প্রথমতঃ ইড়া পিক্লা পথে চলাচল করিতে থাকে। এই পথ সর্বাদা পরিকার রাধা কর্তব্য। পথ পরিকার না থাকিলে নামের গতিবিধির বিশ্ব হয়। নামের শক্তি দর্বারে পবিব্যাপ্ত হইতে পার না। সাধকেরও নামসাধনে অভ্যস্ত ক্লেশ হয়।

সাধনের পরিপক্ক অবস্থার নাম স্থ্রা পথে চলিতে থাকে। নাম স্থ্রা পথে একবার চলিতে আরম্ভ করিলে নামের আর বিরাম হয় না। নাম আপনা হইতে চলিতে থাকে। ইহাই নাম সাধনের চরম অবস্থা। ইহাকেই অজ্পা কহে।

যাঁহারা খাস প্রখাসে নাম জপ না করিয়া মালায় বা করে বা মনে মনে জপ করেন, নামের ফল পাইতে তাঁহাদের বহু বিলম্ব হইয়া থাকে। তাঁহারা অজ্পা লাভ করিতে সমর্থ হন না।

করে বা মালায় নাম জপ করিতে হইলে শুচি হইরা নির্দিষ্ট সমরে
নাম করিতে হয়। শৌচাদি ক্রিয়া, য়ানহার
বিষয় কর্ম করিবার সময়
নাম বয় রাখিতে হয়। নিজাকালে আদৌ নাম হইবার উপায় নাই।
আবার খাসের সঙ্গে নামের ধায়ের না থাকার নামের শক্তি রক্তের সহিত
মিশ্রিত হইয়া সর্কা পরীরে পরিব্যাপ্ত হইতে পায় না, স্তরাং শরীরের গুণ
সকল শীজ্ব নাই হয় না। য়তদিন শরীরের রজঃ ও তমোগুণের আধিকা
ধাকিবে, ততদিন নাম কয়া বড় কঠিন। পৃথিবীতে য়ত কিছু ত্রাই কাম
আছে, নাম জপ করা সর্কাপেকা কঠিন। এই কয় লোকে নাম
করিতে এত বিরত।

আমার কথা শুনিয়া শাসে শাসে নাম জ্বপ করিতে কেই প্রবৃত্ত হইবেন না। শাসে খাসে নাম জ্বপের জন্ত সন্প্রক্র নাম চলাচলের পথ ঠিক করিয়া দেন। উপযুক্ত গুজর উপদেশ ব্যতীত যদি কেই খাসে শাসে নাম জ্বপ করিতে প্রবৃত্ত হন, নিশ্চয়ই তাঁহার শরীর পীড়িত হইয়া পড়িবে, তাঁহার মন্তিক বিকৃত হইবে। আমি ইহার অনেক দ্বীক্র দেখিয়াছি। সাধারণ বাজসমান্তের প্রচারক প্রলোকপত নগেন্দ্রনাথ চটোপাধ্যায় গোস্থামী মহাশয়ের জনৈক বন্ধ ছিলেন। গোস্থামী মহাশ্র

যথন শিংগগণকে দীক্ষা দিতেন, তথন সময়ে সময়ে নগেন্দ্র বাব্
তথার উপস্থিত থাকিতেন। তিনি গোস্থামী মহাশ্রকে গুরুপদে বরণ
করিতে অনিচ্চুক ছিলেন। দীক্ষাকালে গোস্থামা মহাশ্র শিশ্তগণকে বে নাম দিতেন ও ত হাদিগকে বে সাধন প্রপানী বলিয়া দিতেন
নগেন্দ্র বাব্ তাহা সবিশেষ অবগত ছিলেন। স্থতরাং তিনি গোস্থামী
মহাশ্রকে গুরুপদে বরণ করিবার আবশুক্তা বিবেচনা করিতেন
না। তিনি মনে করিয়াছিলেন নাম ত জানা আছে, সাধন প্রণানীও
জানা গিয়াছে। গোস্থামী মহাশয়ের শিয়াগণ যেরপ নাম সাধন করেন
তিনিও সেইরপ নাম সাধন করিবেন। গুরু স্বীকারের হীনতা তাঁহাকে
সন্থ করিতে হইবে না।

এই হর্ক্ছির বশবর্তী হইয়া তিনি জিন করেক খাসে খাসে নাম জপ আরম্ভ করিয়া দারুণ শিরংপীড়ায় কাতর হইয়া পড়িলেন। মাথার যাতনা অসম্ভ হইলে তিনি গোস্বামী মহাশয়ের নিকট আসিয়া সকল কথা থুলিয়া বলিলেন।

গোরামী মহাশয় নগেক বাবুকে বলিলেন "এমন কাষ কেন করিয়াছেন ? শীল্প পরিত্যাগ করুন, নতুবা উন্সাদগ্রস্ত হইবেন।" নগেক্ত বাবু গোসানী মহাশয়ের কথা শুনিয়া খাসে খাসে নাম অপ পরিত্যাগ করিয়া রক্ষা পাইলেন।

আরও ছই একজন ভদ্রলোকের ইরপ হর্দশার কথা আমি শুনিরাছি। একারণ বলিতেছি শুক্-উপদেশ ব্যতীত আমার কথা শুনি রা
কৈছ যেন খাসে খাসে নাম জগ না করেন। উপযুক্ত শুরুর উপদেশ
মত সকলেরই চলা কর্ত্বব্য। বই পড়িয়া বা লোকের কথা শুনিয়া

মানুষ যদি সাধনরাজ্যে অগ্রসর হইতে পারিত তাহা হইলে হিন্দু-শাস্ত্রে আর শুরুকরণের ব্যবস্থা হইত না।

শক্তিশালী নাম জ্ঞপের কালাকাল নাই, শুচি অগুচি নাই, ষে কোন সময়ে যে কোন অবস্থায় সাধক নাম জ্ঞপ করিতে পারেন। দিবা-রাত্র অবিশ্রান্ত নাম করা কর্ত্বা। গুরু বলিয়াছেন, "ভগবানের নাম বাতীত যে বাক্তি একটি খাস ব্থা গ্রহণ বা পরিত্যাগ করে সে আমার মতে আত্মধাতী।"

নাম করা বড় কঠিন, প্রথম প্রথম নাম করিতে গেলে খাস যেন বন্ধ হইরা যার, কে যেন গলা টিপিয়া ধরে, গালো যেন কণ্টক বিদ্ধ হয়। নাম করিতে করিতে নামের ক্লপা হইলে নাম করা অতি সহজ ও আনিশালারক হয়।

পূর্বে বলিয়াছি, শক্তিশালী নাম সাধ্যের কালাকাল নাই,
নাম করিলেই হইল । কুছিন্তা কুকার্যা করিবার সময় নাম করিলেও
নামের ফল পাইবেই পাইবে। কারণ বস্তুশক্তি নন্ত হয় না। আগুণে
হাত দিলে যেমন হাত পুড়িবেই পুড়িবে, শক্তিশালী নাম করিলে নামের
ফল পাইবেই পাইবে। পৃথিবাতে এমন কোন অপরাধ নাই বাহা
নামের শক্তি প্রতিরোধ করিতে সমর্থ হয়।

নামের কিঞ্চিন্মাত্র রূপা হইলে, শক্তিশালী নাম আপনা হইতে সময়
সময় চলিয়া থাকে। নাম সাধন করিতে হয় না। যথন আপনা হইতে
নামের প্রবাহ উপস্থিত হয় তথন সংসের বা বিষয় কার্য্যের অনুরোধে
ইচ্ছা পূর্বক নাম বন্ধ করা কর্ত্তবা নহে। এরপ করিলে নামের মিকট
অপরাধী হইতে হয়, নামকে অবজ্ঞা করা হয়। ঐ সময় নামের যথেষ্ট
সমাদর করা ■ তাঁহার পদপ্রান্তে প্রণত হওয়া কর্ত্বা। তাহা হইলে
নামের স্রোত আরও প্রবশ হইবে, সাধকও প্রমানন্দ ভোগ ক্রিবেন।

শক্তিশালী নাম অপরাধের * বিচার করে না, কিন্তু যে নামে শক্তি নাই সে নাম অপরাধের বিচার করে। একারণ শুচি হইয়া অতি পবিত্র ভাবে শক্তিশৃন্ত নাম জপ করিতে হয়।

লোকে বলে অপরাধয়ক নাম করিলে অধোগতি হয়। একথাটা
আনি স্বীকার করিতে পারি না। অপরাধের ফল অবশুই ভোগ করিতে
হইবে। নামের ফল কিছু হউক আর নাই হউক নাম করার
তাহাকে যে অধিকতর অপরাধী হইতে হইবে, একথা আমার বিশাস
হয় না। আমার বোধ হয় পাছে লোকে অপরাধযুক্ত নাম করে
সেই জন্ত এই শাসনব্রাক্য প্রয়োগ করা হইয়াছে। অপরাধী লোক কি
করিয়া অপরাধ ত্যাগ করিয়া নাম করিবে ? তাহার অভাবেই যে অপরাধ করাইবে। এমত অবহায় অপরাধ্যুক্ত নামে অধোগতি হইলে
জাবের আর উদ্ধার হয় না। আমি বলি ঘিনি যেমন করিয়া পারেন,
নাম করিতে থাকুন; ভবে যতদ্র সাবধান হইয়া বিশুদ্ধ ভাবে নাম

[»] নামাপরাধ বহ**বিধ, তমধ্যে নি**মলিখিত দশটই প্রধান।

১। সাধুনিদা।

২। এদিবের নাম'সতা গুণ **প্রভৃতি** নারায়ণ হইতে পৃথক **জান করা**।

৩। খ্রীগুরুদেবে অবজা অর্থাৎ গুরুতে সামাশ্র মনুষাবৃদ্ধি করা।

৪। হরি নামে অর্থবাদ কলনা, অর্থাৎ হরিনামের মহিমা সমূহকে কেবল প্রশংসা মাত্র মনে করা।

त्रक्षां धर्ममारश्रत्र मिन्हां।

লাম বলে পাপে প্রবৃত্তি ।

৭। ধর্মা, ব্রত, দান, প্রভৃতি শুভ কর্মের সহিত শ্রীহরিনামের তুলনা করা।

৮। শ্রদ্ধাহীন, বিমুখ এবং যে শুনিভে অনিচ্চুক ভাহাকে নাম করিতে উপদেশ দেওয়া।

৯। নাম-মহাৰাু:ভনিয়া নাম করিতে প্রবৃত্ত না **হও**য়া ।

১। নামে অহংমমতা হওয়া অর্থাৎ আমি বহুতর নাম করিয়া থাকি এবং ইতস্ততঃ নাম-কীর্ত্তন প্রচার করিতেছি। আমি যে পরিমাণ নাম করিয়া থাকি এরপ আর কেহু করিতে পারে না। নাম আমার জিহ্নার অধীন ইভালি মনে করা।

করিতে পারেন ততদূর সাবধান হইরা নাম করুন। কোন ক্রমেই নামকে ত্যাগ করিবেন না। শারে বলে "স্বলমপ্যস্ত ধর্মস্ত ত্রায়তে মহতো ভয়াৎ।"

ধর্মের অতি অল্ল সাধনও মহা ভল্ন হইতে মানুষকে পরিত্রণ করে।

সপ্তম পরিচ্ছেদ।

প্রাণায়াম ও মনের একাগ্রতা সাধন।

শাস্ত্রে প্রাণারামের ভূনৌ প্রশংসা শুনিতে পাওরা যার। প্রাণারাম
মহা তপস্তা বলিয়া বর্ণিত হইয়াছে। ভক্তিশাস্ত্রেও ইহার যথেষ্ট মহিমা
কীর্ত্তি হইয়াছে। বাস্তবিক প্রাণারাম নামসাধনের অতি প্রয়েজনীয়
অস । গাঁহারা প্রথম প্রথম শক্তিশালী নামসাধনে প্রবৃত্ত হন, প্রাণারোম বাডীত নাম করা তাঁহাদের পক্ষে গুঃসাধা।

প্রাণারাম প্রতিদিন অন্ততঃ তৃইবার করা কর্ত্বা। প্রতিবার আধ ঘণ্টা হিসাবে প্রাণারাম করা উচিত। যতক্ষণ শরীর ক্লান্ত না হয় ততক্ষণ পর্যাস্ত প্রাণায়াম করাই ব্যবস্থা। প্রাতঃকাল সক্রার সময় প্রাণায়াম করিলেই ভাল হয়।

প্রাণায়ানের অনেক উপকারিতা আছে। নাম চলাচলের পথ প্রায়ই শ্লেয়ার ঘারা অবক্ত থাকে; নাম সহজে প্রবাহিত হইতে পায় না। প্রাণায়াম করিলে শ্লেয়াটা উঠিয়া যায়; খাসনালী ও ফুসফুস পরিকার হইয়া যায়: নাম সম্প্রাচন করিতে পারে। প্রাণায়াম দারা শরীর পাতলা হয় ■ স্থ থাকে; প্রাণ মন প্রসন্ন থাকে, শরীরের জড়তা নষ্ট হয়। রক্তের চলাচল পরিবর্দ্ধিত হয়। শরীর নীরোগ হয়। প্রতিদিন নিয়মিত প্রাণায়াম করিলে মানুষকে আর বড় রোগগ্রন্থ হইতে হয় না। ইহা কাযকর্ম করিবার শক্তিও পরিবর্দ্ধিত করে।

প্রাণায়াম খাসরোগের একটি মহৌষধ। ইহাতে খাসষদ্ভের যাবতীয়
পীড়া আরোগ্য হয়। বন্ধারোগও সহজে আরাম হইয়া যার। যাহাদের
প্রেলার পীড়া আছে প্রাণায়াম করিলে তাঁহারা নিশ্চরই আরোগ্য লাভ
করিবেন।

প্রাণারামে কাম রিপুর দমন হয়, মনঃস্থির হয়। আসনে স্থির ভাবে বছকণ বসিবার শক্তি জন্মে। প্রাণারাম নামসাধনের একটা অত্যাবশ্রক

প্রাণায়াম আভাবিক, ইহা মানুষের শ্বভাবের মধ্যেই রহিয়াছে।
অপরাধ বশতঃ মানুষের শ্বভাব বিক্বত হওয়ার প্রাণায়াম উপস্থিত । না ।
ক্রতিম উপায়ে প্রাণান্থাম করিতে হয় । মানুষ সাধন পথে অগ্রসর হইলে,
নামের শক্তিতে, ভগবানের নাম গুণ লীলা শ্রব্রে, সংক্রণা, সদালোচনা
ইত্যাদিতে প্রাণান্থাম আপনা হইতে উপস্থিত হয়; তখন ক্রত্রিম প্রাণান্থাম
ও শ্বাভাবিক প্রাণান্থামের পার্থক্য শ্বন্দান্ত টের পাওয়া বায় ।

প্রাণায়াম সহজে অভ্যাস হয় না। বছকাল প্রাণায়াম করিতে করিতে তবে প্রাণায়াম অভ্যাস হয়। প্রাণায়ামের কঠোরতা ঘুচিয়া বার।

ভগবানের নামে এই প্রাণায়ম রহিয়াছে। কেবল প্রাণায়াম কেন ।
সমস্ত যোগভন্থটিই নামের মধ্যে রহিয়াছে। নাম করিতে করিতে প্রাণায়াম কেন, সমস্ত যোগাঙ্গ ভাপনা হইতে সাধকের মধ্যে প্রকাশিক

হইবে। নাম করিতে করিতে যদি এই সকল যোগাজ আপনা হইতে সাধকের মধ্যে প্রকাশিত না হয়, তবে বৃবিতে হইবে ধর্মপথে অগ্রসর হইতে পারা যাইতেছে না।

প্রাণায়াম বছবিষ, আমি বে প্রাণায়ামের কথা বলিলাম, ইহাকে ভারা প্রাণায়াম বলে। আমাদের দেশে ব্রাহ্মণগণ ত্রিসন্ধ্যা করিবার সময় নাসারদ্ধ বন্ধ করিয়া রেচক, কুন্তক, পূরকে বে রূপ করেন ভাহাকে ইড়া পিঙ্গলার প্রাণায়াম বলে; ইহাতেও কিছুকালের রুক্ত মন:ছির হয়, এবং আরও কিছু কিছু উপকার আছে। ভারা প্রাণায়াম সম্পূর্ণ স্বতন্ত্র।

বাঁহারা শক্তিশালী নাম সাধন করেন, প্রাণায়ামের পর তাঁহাদের কৃস্তক করা কর্ত্তর। তৃইটের অধিক কুন্তক করিতে নাই। তৃইটির অধিক কুন্তক করিলে শরীর গরম হইরা উঠিবে।

কুজকে মন:স্থিয় হয়, মানুষ কিছুকাল স্থির ভাবে নাম করিতে সমর্থ হয়।

শরীর স্থান্থ রাথিবার
মনের একাপ্রতা সাধন জল্প বোগশাস্ত্রে
বছবিধ সাধনের উল্লেখ আছে। যোগিগণ মন:স্থির করিবার জল্প মহাবেদ
মুদ্রা, থেচরী মুদ্রা, আটক, ধৌতি প্রভৃতি বিবিধ উপায় অবলম্বন করিয়া
থাকেন। এই সকল উপায়ে মন:স্থির হয় সত্য কিন্তু তাহা সাম্মিক।

অস্থির মন কিছুতেই স্থির হইবার নহে।

মনের অন্থিরতা দূর করিতে হইলে, অস্থিরতার কারণ নির্মাচন করা কর্ত্তব্য। রোগের নিদাম জানিতে না পারিলে ধেমন চিকিৎসা হয় মা, তেমনি এই মনের রোগের নিদান না জানিলে ইহার চাঞ্চল্যের প্রতিকার হয় না। অগ্রে রোগের কারণ ঠিক করা তৎপরে চিকিৎসার ব্যবস্থা।

শদ, স্পর্শ, রূপ, রুস, গন্ধ, এই পঞ্চ বিষয় চক্ষ্ কর্ণ নাসিক। জিহ্বা ত্বক এই পঞ্চ ইন্দ্রিয়কে নিয়ত আকর্ষণ করিতেছে। ইহার উপর আবার কাম কোধাদি রিপুগণের তাড়না ক্রমাগত চলিয়াছে। হিংসা প্রেয়াদি সহস্র সহস্র গুপ্রবৃত্তি প্রতিনিয়ত মনের উপর অত্যাচার করিতেছে।
নানারপ আসজি নানা দিকে টানাটানি করিতেছে; একা মন যায়
কোথার? তাহার যে এক দণ্ড স্থ্যু হইবার উপার নাই, এক দণ্ড দাঁড়াইবার যো নাই, স্তরাং যে অবিরাম ছুটাছুটি করিয়া প্রাণাস্ত হইতেছে
তাহার কি আর হির হইবার উপার আছে? অব্রিতাই তাহার স্বভাব
হইয়াছে।

যোগশান্তে মনঃস্থিরের বে সকল উপায় অবল্যতি ইইয়াছে তাহাতে মনের রোগের শান্তি হয় না, স্ত্রাং মনের চাঞ্ল্য দ্র ইয় না। মনের চাঞ্ল্য দ্র করিতে ইইলে যাহাতে এই রোগ সকলের উপশন হয় তাহাই করা কর্ত্রা। নতুবা মনঃস্থির করিতে চেষ্টা করা বৃথা।

ভগবানের নাম সর্বাশক্তি-সমন্তিত, ইহাতে বেমন মনংস্থির হয় এমন আর কিছুতেই হর না। সাধক শক্তিশালী নাম সাধন করিতে থাকায় ক্রমে ক্রমে মনের উপর পঞ্চ বিষরের আকর্ষণ তিরোহিত হয়। বিষয় সকল ইক্রিয়গণকে আকর্ষণ করিতে অসমর্থ হয়। কাম ক্রোধাদি ত্র্বার রিপ্রগণের অত্যাচার বিদ্বিত হয়; হিংসাদ্বেষ আদি চ্প্রারতি সকলের উত্তেজনা থাকে না; সর্ব্ব প্রকার আসক্তির বন্ধন ছিল্ল হয়। তথন মন আপনা হইতে শান্ত হইয়া পড়ে; তাহার আর ছুটাছুট করিবার প্রবৃত্তি থাকে না। সে ইচ্ছা পূর্ব্বকপ্ত বিষয় হইতে বিষয়ন্ত্রেরে যাইতে পাস্থেনা, কারণ তথন তাহার সকল বিষয়েই স্থণা জল্মে। কেহ কি হর্গদ্ধ আবর্জনা পূর্ণ স্থানে গমন করিতে ইচ্ছা করে ? এ কারণ আমি আপনা-দিগকে বলিতেছি, মনংশ্বিরের জন্ত আপনাদিগের প্রমান পাইবার আব-শ্বতা নাই, হেলার হউক আর শ্রদ্ধান্ত ইউন, মন আপনা হইতে স্থির হইয়া বাইবে।

শক্তিহীন নাম জপে মুন স্থির হয় না। শক্তিহীন নাম মৃত, অচৈতগ্র

পদার্থ, ইহার জীবন নাই, কোন ক্ষমতা নাই; শক্তিহীন নাম জপ করিলে মনের এই রোগ কোন ক্ষম আরোগ্য হইবে না। তবে সাধকের পুরুষকার ■ নিষ্ঠার বলে কিছু কিছু উপকার হইতে পারে।

অষ্টম পরিচ্ছেদ।

নামে যোগ।

মানুষ তৃংথের পাথারে ভাসিতেছে। এজগতে এমন কোক নাই বাহার কোন না কোন প্রকার তৃংখ নাই। ত্রিভাপজালার মানুষকে দ্মীভূত হইতে দেখিরা ভাহা নিবারণ উদ্দেশে বোগশাস্ত্রের অবভারণা হইরাছে। শাস্ত্রকারগণ স্থের আশা পরিভ্যাপ করিরা তৃংখ নিবারণই যথেষ্ট মনে করিয়া যোগশাস্ত্র রচনা করিরাছেন।

যোগ বহু প্রকার। মোটামুটি ধরিতে গেলে যোগশাস্ত্রে যতপ্রকার বোগের বর্ণনা আছে তাহার সকলগুলিই হঠযোগ বলিয়া অভিহিত। পাতঞ্জল দর্শন লিথিয়াছেন—"বোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ"। ভগবদগীতা বলিতেছেন "হথে হঃথে সমোভূষা সমস্বং যোগ উচাতে"। বোগ অভ্যাস করিতে হইলে বাল্যকাল হইতে বোগ অভ্যাস করিতে হয়। বৃদ্ধ বয়সে যোগ অভ্যাস হয় না।

যাহারা যোগী, তাঁহাদিগকে যোগ অভ্যাস করিতে বহুপ্রকার আসন, নানাপ্রকার মুদ্রা, ধৌতি, বস্তি, নেতি, আটক, কপালভাতি, লৌলিকী প্রভৃতি বহুবিধ ক্রিয়া অভ্যাস করিয়া শরীরকে হরস্ত করিতে হয়। চিত্তের একাগ্রতা সাধন জন্ত প্রাণায়াম, কুস্তক, প্রভ্যাহার, খ্যান, ধারণা ইত্যাদি বছবিধ উপার অবলমন করিতে হয়। ত্রিভাপ এড়াইবার জন্ম এত কাণ্ড, এত কারধানা। কিন্তু ইহাত্তে কথন্ও আত্যন্তিক দ্ংথের অবসান হয় না।

বাঁহারা বােগে বিভৃতি লাভ করেন তাঁহারা বছবিধ অলােকিক কাজ করিতে সমর্গ হয়েন। তাঁহারা লােকের মনের কথা বলিয়া দিতে পারেন, এক স্থানে বিিয়া পৃথিবীর কােধায় কি ঘটতেছে প্রতাক্ষের স্থায় দেথিতে পান, ইচ্ছামাতে সর্বত্র বাতায়াত করিতে পারেন, যরের দেওয়াল পাহাড় পর্বত তাঁহাদের গতিরােন করিতে পারে না, নদী সমুদ্রের উপর দিয়া হাঁটীয়া যাইতে পারেন, আকাশেও ইচ্ছামত বিচরণ করিতে পারেন, ইচ্ছাশক্তি ঘায়া বিবিধ রােগ আরাম করিতে পারেন, নানা কিনিসের স্ঠি করিতে পারেন, আর আর বছবিধ অলােকিক কাজ সম্পন্ন করিতে পারেন।

যোগিগণ বহুকাল জীবিত থাকেন, তাঁহাদের শরীর সবল ও স্কৃত্থাকে। আমাদের দেশে নাম-সম্প্রদায়ের লোকেরা এই যোগপদ্ধা অব-লম্বন করিয়া আসিতেছেন। ইহানিগকে সচরাচর লোকে, কাণফাটা যোগী বলে।

হিনালবের চারিজন বোগী স্থাসিক নাড্যাম রাভান্ধি দ্বারা আলোকিক শক্তি দেখাইয়া লোক সকলকে নোহিত করিয়া ধর্ম স্থাপনের জন্ম সচেষ্ট হইয়াছিলেন। ইহাতেই নানা দেশে থিয়সফিকেল সোসাইটির (Theosophical society) সৃষ্টি হইয়াছে। এই সমিতির লোকেরা অলোকিক শক্তি লাভের জন্ম বত্রপর হইয়াছেন।

যোগিগণ যোগৈশ্বর্য প্রকাশ করেন না, বোর্টগর্ম্য প্রকাশ করিলে ম নর মধ্যে প্রতিষ্ঠাপ্রিয়তা ও বাসনা কামনা আসিয়া উপস্থিত হয়; ইহাতে চিত্তের বিক্ষেপ জন্মে, মনের একাগ্রতা নই হইয়া যায়। স্ত্রাং যোগী যোগভ্ৰষ্ট হইয়া পড়েন। একারণ কোন কোন যোগী বন জঙ্গণে পাহাড় পর্বতে লোকচকুর জ্বস্তরালে নির্বিকল্প-সমাধি ধোগে যুগ-যুগাস্তর কাল অভিবাহিত করিতেছেন।

এই যোগের সহিত ধর্মের কোন । নাই। যোগিগণ ভগবানের অন্তিত্ব স্বীকার করেন না, স্কুতরাং ইহাদের ধর্মামুদ্ধান নাই। মনের একাগ্রতা সাধনই ইহাদের প্রধান লক্ষ্য। ধর্মের সহিত সম্বন্ধ না থাকায় গৈড়ীর বৈঞ্চবসমাজ যোগের এত বিরোধী। তাঁহারা বলেন—

"যোগ দান ব্রভ, আদি ভয়ে ভাগত রোয়ত করম গেয়ান।"

হঠযোগ ব্যতীত আর এক প্রকার বোপ আছে, ভাহাকে রাজযোগ

কহে। ইংা আআর সহিত পর্মাআর যোগ। এক মাত্র ভগব ছাক্তই
এই যোগের সাধন। ভক্তিশান্ত এই বোগের পক্ষপাতী। ভক্তিশান্তে
ইহার ভূমদী প্রশংসা দেখিতে পাওয়া যায়। শরীর ধর্মসাধনের সর্বি
প্রধান অবলমন। শরীর হুছে না থাকিলে ধর্মসাধন হয় না। এইজ্য়

থাহারা রাজযোগপথাবলম্বী ভাঁহারাও হঠ যোগের কোন কোন ক্রিয়া
মুদ্রা অভাগেন করিয়া থাকেন। গৌড়ীয় বৈফ্রবর্গণ যোগের বিরোধী,
ভাঁহারা কোনরূপ যোগার্গ অভ্যাস করেন না। একারণ আমি অনেক

বিফ্রব্রেক রুগ্ন ■ অকালে ভ্রাদেহ হইতে দেখিয়াছি।

শরীর সৃষ্ট্ না থাকিলে ভজন হয় না, একারণ শরীর সৃষ্ট্ রাথিবার চেষ্টা করা সর্বভোতাবে কর্তব্য। যোগসাধন যোগীর ধর্ম বলিয়া উই একেবারে পরিত্যার করা কর্তব্য নহে।

মহাপ্রভুর শুদ্ধান্ত কিন্ত এক অত্যাশ্চর্যা বস্তু। হঠযোগ, রাজা-যোগ ও আর আর যে সব যোগ আছে তংসমুদ্ধই এই শুদ্ধা ভক্তির অন্তর্গত। আমি পূর্বেই বলিয়াছি "হরেনা নৈব কেবলং" ইহাই মহা-প্রভুর শুক্কান্তক্তি। ইহাতেই সাধকের মধ্যে স্বর্ধপ্রকার যোগান্ধ প্রকাশ পায় এবং সাধক সমস্ত যোগিখাগ্য লাভ করেন। নাম করিয়া যদি
সাধকের মধ্যে যোগাঙ্গ সকল প্রকাশ না পায় ভাহা হইলে ব্ঝিতে হইবে
নামে ভগবৎ-শক্তি নাই এবং মহাপ্রভুর শুদ্ধা-ভক্তি যাজন হইতেছে না।
নাম সাধন করিতে করিতে গোস্বামী মহাশরের শিয়গপের মধ্যে যোগাঙ্গ সকল প্রকাশ পাইয়া থাকে এইজন্ত লোকে গোস্বামী মহাশরের সাধনকে যোগসাধন ও শিয়গণকে যোগীর দল বলিয়া থাকে।

হঠ যোগীর বহু কালের অভ্যন্থ ও বহু আয়াসসাধ্য ধোগের ক্রিয়া সকল হরিনামে কিরুপে আপনা আপনি সাধকের মধ্যে প্রকাশ পায় পাঠকগণের কৌভূহল নিবারণ আমি বাহা স্বচক্ষে দেখিয়াছি, ভাহা পাঠকগণকে উপহার দিভেছি।

বাব বুলাবনচন্দ্র হালদারের নিবাস নারারণপুর। ঐ গ্রাম জেলা বীরভূমের অন্তর্গত এবং ইট্টেগ্রিয়ান রেলওরে ষ্টেসন রামপুরহাট হইতে ৮ আট মাইল দূরে ব্রন্ধাণী নদীতীরে অবস্থিত। ১৩২৪ সালের জ্যৈষ্ঠ মাহার তিনি গোস্বামী মহাশরের জামাতা বাবু জগ্রন্দু মৈত্র মহাশরের নিকট দীক্ষা গ্রহণ করিরাছেন।

দীক্ষা গ্রহণের ছর্মাস পর হইতে তাঁহার শরীরে অতি স্থন্ধর ।

স্বস্পষ্ট যোগের ক্রিয়া মূলা সকল প্রকাশ পাইতে আরম্ভ হইরাছে। তিনি
প্রতিদিন প্রাতে, স্বানের পর এবং সন্ধ্যাকলে নাম সাধন করিতে বসেন।
অর্দ্ধ মিনিট নাম করিলেই তাঁহার সর্ব্বশরীর অবশ হইরা পড়ে। শরীরের
উপর তাঁহার আদৌ কর্তৃত্ব থাকে না। নামের প্রোভ আপনা আপনি
প্রবাহিত হইতে থাকে, তাঁহাকে ইচ্ছাপ্র্বাক নাম করিতে হয় না।
ভিতরে যেমন নামের প্ররাহ বহিতে থাকে অমনি প্রাসন, স্বতিকাসন,
ভদ্রাসন, বঞ্জাসন, বীরাসন প্রভৃতি আসনগুলি আপনা আপনি হইয়া
পড়ে। স্বত্তিকাসন হইলে দেইটা বুরিতে থাকে। ধেমুমুদ্রা, কুর্মমুদ্রা,

গালিনীমুড়া মংস্তমুড়া, চক্ৰমুড়া, আবাহনীমুড়া, গদামুড়া ঘোনি মুদ্র। সংবোধিনীমুদ্রা, মৃগমুদ্রা প্রভৃতি বিবিধ মুদ্রা শরীরে প্রকাশ পায়। ষধন প্রাণায়াম হইতে থাকে তথন দেহটা মেরুদণ্ডের উপর স্থাপিত থাকে। পা হুথানি পুলাদনে উদ্ধে থাকে, মাথাটা উদ্ধিকে থাকে, ভাহার নিয়ে হস্ত হুইখানিতে এক প্রকার সুদ্রাবন্ধ হুইয়া মাথার নীচে থাকে, এই অবস্থায় ভন্তা-প্রাণায়াম উপস্থিত হয়, খাস প্রবলবেগে দেহের অভ্য-স্তব্যে প্রবেশ করে, ঐ বাতাদ অল্লকণ দেহের মধ্যে থাকে, বাহিরে আর বেরচক হয় না, ভিতর দিয়া গুহুদার পথে বাহির হইয়া যায়। যথন কুম্ভক হয় তথনও দেহটা ঐভাবে চিত হইয়া থাকে, হঠাৎ বাম-পদের গোড়ালি ছার। গুহুদার রোধ হুইয়া যায়, দক্ষিণ পদ ভোরে উপস্থকে চাপিয়া ধরে। তৃই হাতের দশ অসুলি হারা কর্ণর্কু, নাসা-বন্ধু চকু মূথ চাপিয়া ধরে, দেহটা স্থির হইরা থাকে, বহুকণ পর্যান্ত খাস অবক্ত থাকে। হাত পা জাতু বুক মন্তক চক্ষু প্রভৃতি হারা অস্ট অঙ্গে যে প্রথাম হয় সেরূপ প্রথাম কখনও দেখা যায় না। শদ্ধীরে আর আর যে সকল অন্তুত ক্রিয়া হইতে থাকে তাহা বাল্যকাল হইতে অভ্যাস না করিলে কোন ক্রমেই অভ্যাস হইতে পারে না, একটু বেশী বর্ষে অভ্যাদের চেষ্টা করিলে হাড় গোড় ভাঙ্গিরা চূর্ণ বিচূর্ণ হইরা যাইবে।

গুরুকে অন্তাদে প্রণাম করাই বিধি। যে সমর সান্তার প্রণাম হইবে সেই সময়ই বুঝিতে হইবে যোগের ক্রিয়া সকল শেষ হইল। এই ক্রিয়া গুলি শেষ হইতে চুই ঘণ্টা সময় লাগে। হালদার মহাশয় প্রতিদিন প্রাতে, স্নানের পর ও সন্ধ্যার সময় ভজনে বসৈন। ভজনে বসিবামাত এই সকল যোগের ক্রিয়া তাঁহার শরীরে প্রকাশ পায়। স্বতরাং প্রতিদিন ছয় ঘণ্টা কাল যোগের ক্রিয়ায় অতিবাহিত হয়। এই ক্রিয়া গুলি শেষ হইলে শরীরটা এমনি পাতলা হইয়া যায় যে মনে হয় আকাশে বেন অনায়ানে উড়িতে পারা যায়।

ষোগের ক্রিয়া আরম্ভ হইলে হালদার মহাশয়ের এমন সাধ্য থাকে না যে তিনি ঐ সকল ক্রিয়া বন্ধ করেন, আবার ক্রিয়াগুলি শেষ হইবামাত্র নাম বন্ধ হইয়া যায়, তথন বহু চেষ্টা করিয়াও একটি ক্রিয়া করিবার তাঁহার সাধ্য থাকে না।

নাম বন্ধ হইলে তাঁহাকে আসনে বসিয়া অতি কটে নাম করিতে হয়। যে নাম আপনা হইতে এতক্ষণ প্রবাহিত হইতেছিল এখন সে নাম অতি কটে সাধন করিতে হয়।

আমি হাল্টার মহাশরের কাছে বসিয়া আগাগোড়া সমস্ত ক্রিয়া পুঙাজপুঙারপে পুনঃ পুনঃ দর্শন করিয়াছি। ইহাতে কাহারও সন্দেহ করিবার কিছু নাই। যদি কাহারও সন্দেহ হয় নারায়ণপুর গিয়া দেখিরা আসিতে পারেন।

হরিনামে আমি যে কেবল হালদার মহাশরের শরীরে হঠবোগীদের ক্রিয়া সকল প্রকাশ পাইতে দেখিয়াছি তাহা নহে। গুরুদত্ত নামে আমার জ্যেষ্ঠ ভ্রাতা শ্রীযুক্ত রাধাপোবিন্দ বস্থর শরীরেও হঠযোগের বিবিধ ক্রিয়া উপলব্ধি করিয়াছি।

মহাপ্রভুর শুদ্ধান্তক্তি ছর্কোধ্য। ইহা বাক্য মনের অতীত। যে ব্যক্তি এই শুদ্ধান্তক্তি লাভ করিতে পারে এ জগতে তাহার অলভা কিছুই থাকে না।

মহাত্মা অৰ্জুন দাস প্ৰয়াগের কুন্তনেলায় গোস্বামী মহাশ্রকে দেখিয়া বলিয়াছিলেন "হাম চার ধাম দর্শন কিয়া, বহুত সাধু দেখা, মগর য়াসা সাধ হাম কভি দেখা নাই । নাম্যুম সম্প্রি সাধু হরদম নাম সমাধিমে রহতা। রামজী, কেষণজী এন্ কো জটাকা সেবা করতা হায়।"

তিনি গোস্বামী মহাশয়ের শিষাপণকে দেখিয়া বলিয়াছিলেন "বহুত ভাজ্জবকা বাত হায় কোই আদমি নিন্দ্ যাতা নেই, এ লোক শুতে স্বহা, মগর ভিতর মে হরদম নাম চল্তা হার"। তিনি শিষা বৃন্দ কে সম্বোধন কার্য়া বলিয়াছিলেন, "আরে তোম লোককা বহুত ভাগ হায়, য়াাসা সাধু ভোম লোককা মিল গিয়া, তোম লোকত মার দিয়া।"

পঞ্চম অধ্যায়।

প্রথম পরিচ্ছেদ

দীক্ষা

মন্ব্য জনা স্ত্রতি । জীব চৌরাণী লক্ষ যোনিতে ক্রমাণত প্রমণ করিতে করিতে মন্ব্য জনা লাভ করে। এই জন্মে ভগবং-উপাসনার লারা হংথের আভ্যন্তিক নিবৃত্তি হয়, যাতারাত বন্ধ হয়; ধর্ম উপার্জন হয়, এবং মান্ত্র ভগবানকে লাভ করিয়া পরমানক উপভোগ করে। এই ক্রা হিন্দুর নিকট মন্য জন্মের এত গৌরব।

পৃথিবীর স্থেশ্বর্য ভোগ করা মহয়-জাবনের লক্ষা এই কথা হিন্দু মনে করে না। হিন্দু জানে—পৃথিবীর স্থেশ্বর্য কণস্থায়ী, অবিমিশ্র স্থেইবা কোথায়?

ধর্ম লাভ করা, ভগবানের উপাসনার ধারা ভগবানকে লাভ করিয়া
নিত্যানন্দ ভোগ করা হিন্দুর জীবনের একমাত্র লক্ষা। ধর্ম লাভের
জন্ম হিন্দু করিতে পারে না এমন কোন কাজ নাই। অপরাধের প্রায়কিন্ত জন্ম হিন্দু ইচ্ছাপূর্কাক তৃষানলে জীবন বিদর্জন করিয়াছেন, ধর্মলাভের । হিন্দু স্বী স্বামীর চিতানলে নিজের দেহ দগ্মীভূত করিয়াছেন।
এসব দৃষ্টাস্ত এক হিন্দুই দেখাইয়াছেন।

৪র্ম রক্ষার হুরু মহারাক্ত কর্ণ আপন প্রিয়ত্ম পুত্র ব্যক্তেত্কে বিনাশ

করিয়া অতিথি সেবা করিয়াছেন। আবার বালক ব্যক্তেত্ তাহার নথর দেহ হারা জনাদাতা পিতার ধর্ম রক্ষা হইবে, তাহার রক্ত মাসের দেহ জনকের কাজে লাগিবে এই ভাবিয়া সে আনন্দে আটিথানা হইয়াছে, হিন্দু মনে করে—

> "পিতা ধর্মঃ পিতা স্বর্গঃ পিতাহি পরমন্তপঃ। পিতরি প্রীতিমাপশ্নে প্রীয়ন্তে সর্বা দেবতা॥"

রামচন্দ্র পিতৃসতা পালন জন্ম রাজ-সিংহাসন পরিত্যাগ করিয়া বন্দারী হইলেন; সীতা রাজপুরী পরিত্যাগ করিয়া স্থানীর সহগানিনী হইলেন, লক্ষণ জ্যেন্ট প্রতি ও প্রতিজ্ঞায়ার সেবা ও রক্ষণাবেক্ষণ জন্ম রাজস্থুও পরিত্যাগ করিয়া তাঁহাদের সহিত বনবাসী হইলেন। ভরত জ্যেটের বন গমন প্রবণ করিয়া শোকাভিভূত হইলেন এবং তাঁহাকে ফিরাইয়া আনিবার জন্ম পুরবাসী ও পুরবাসিনীগণকে সঙ্গে লইয়া আতার অফুলরণ করিলেন। বনমধ্যে রামচন্দ্রের সাক্ষাৎ পাইয়া তাঁহার পদতদে বিলুন্তিত হইতে লাগিলেন, কত ক্রন্দন করিলেন; যখন রামচন্দ্র কিছুতেই আর আযোগ্যায় ফিরিলেন না, তথন জ্যেচের পাতৃকা মন্তকে লইয়া আদিয়া রাজসিংহাসনে স্থাপনপূর্বকি পূজা করিতে লাগিলেন এবং পাতৃকার উপরে নিজে রাজছ্ত্র ধারণ করিলেন। রাজ্য শাসন না করিলে প্রজার অমঙ্গল হইবে, অরাজকতা উপস্থিত হইবে, রাজ্য শক্রহন্তে পতিত হইবে, এজন্ম ভরত লাতার নামে ঐ পাতৃকার প্রতিনিধি হইয়া রাজ্য শাসন করিতে লাগিলেন।

গুরুজনের আহগতাই হিন্দুর ধর্ম, হিন্দুর প্রকৃতি। সমাপরা পৃথিবীর অধিপতি ইন্দ্রপ্রের রাজমহিষী কুরুসভার অপমানিতা হইতে লাগিলেন। হর্ত কুরুগণ রাজসভার দ্রোপদীকে উলঙ্গ করিতে লাগিল, হুট হুর্য্যোধন, সপারিষদে পরিবৃত হইরা হাঁসিতে হাঁসিতে তাঁহাকে উক্ল দেখাইতে

শাসি । মহাবীর ভীমার্জ্বন উপস্থিত, মনে করিলেই ছুর্ তুগণকে উপযুক্ত শাস্তি দিতে সমর্থ, সহধর্মিণীর এই অপমানের প্রতিশোধ দিবার ব্রান্ত লাতার অনুমতির জক্ত যুধিষ্ঠিরের মুখের দিকে বারংবার তাকাইতে লাগিলেন। যুধিষ্ঠির গর্মের প্রতি দৃষ্টি রাখিরা অবনত মন্তর্গে থাকিলেন, লাত্গণকে অনুমতি দিলেন না। ভীমার্জ্বন রোবে, কোভে দগ্দীভূত হইতে লাগিলেন, জ্যেষ্ঠ ল্রাতার অনভিপ্রায় বুঝিয়া মনের আগুন মনেই চাপিয়া রাধিগেন, ছিরুক্তি করিলেন না। এ আনুগত্য হিন্দু ভিন্ন আর কে কোধার দেখাইয়াছে ?

হিন্দু লগনার কথা কি বিশ্বি ? রামচন্দ্র রাজধর্যের বশবন্তী হইরা প্রাণাধিকা জানকীকে বনবাস দিবার ■ অফুজ লক্ষণকে আদেশ করি-লেন। লক্ষণ জাতৃজায়া জানকীকে মাতৃবৎ ভক্তি করিভেন, তাঁহার সেবা ও রক্ষার জন্ম বনবাসা হইয়াছিলেন এবং সীতাকে উদ্ধার করিবার ■ ভীষণ যুদ্ধে শক্তিশেল বক্ষঃস্থলে ধারণ করিয়াছিলেন।

নিরপরাধিনী সীতার প্রতি বনবাসের আদেশ প্রবণ করিয়া তিনি
মর্মাহত হইলেন। তাঁহার মন্তকে যেন বজাবাত হইল। ক্যেষ্ঠ ভ্রাতার
অক্সজা, বিশেষ রাজ-আজ্ঞা প্রতিপালন সনাতন ধর্ম ভাবিরা, লক্ষণ আর
রামচন্দ্রের কণায় প্রতিবাদ করিলেন না, মনের বাতনা মনের মধ্যে
চাপিয়া নিরপরাধা সীতাকে বনবাস দিতে চলিলেন।

বছকাল হইতে মুনিগণের তপোবন দর্শন করিবার জন্ত সীতার অন্তরে একটা সাধ ছিল। এই তপোবন দেখাইবার অছিলা করিয়া লক্ষণ সীতাকে সঙ্গে লইয়া ভয়ানক সিংহ শার্দ্দূল পরিসেবিত ভীষণ অরণ্যে লইয়া গোলেন। তথার নিঃসহারা সীতাকে পরিত্যাগ করিয়া মর্ম্ম বেদনা আর চাপিয়া রাখিতে পারিশেন না, উচ্চৈঃস্বরে কান্দিয়া উঠিলেন।

সীরো 🚃 নিকের ভারতা রমিকে পারিলের। ্ডিনি চিলের রাজ

মহিষা এখন হইলেন বনবাসিনী। হিংশ্রজন্ত্বগণ মুহুর্ত মধ্যে তাঁহাকে ছি ডিয়া থাইয়া ফেলিবে। সীতা নিজের এই বিপদের ■■ লক্ষণকে একটা কথাও বলিলেন না, তিনি লক্ষণকে সম্বোধন করিয়া বলিলেন ॥ "মার্য্যপুত্র আমাকে যেরপ ভালবাসেন তাহা আমি সবিশেষ জ্ঞাত আছি। তিনি কঠোর রাজধর্মের বশবন্তা হইয়া আমাকে পরিত্যাগ করিয়াছেন। আমার বিরহে তিনি জাবন ধারণে অসমর্থ হইবেন; আর্য্যপুত্রের নিকট তুমি শীঘ্র যাও, তাঁহার প্রাণে সাম্বনা দাওগে। আমার বিরহ তাঁহার অসহ। তুমি সর্বাদা নিকটে থাকিয়া তাঁহার সেবা শুশ্রমা করিবে।"

পতির ধর্ম রক্ষার্থে সাধবী স্ত্রী প্রাণদানে পরায়ুখ নহেন, তিনি পতি-দেবতার জন্ত সব করিতে প্রস্তত । সীতা নিজের জীবনের প্রতি একবারও চাহিয়া দেখিলেন না। নিজের জন্ত কক্ষণকে একটি কথাও বলি-বেন না।

আবার ক্রুক্তের যুদ্ধের পর ছরাঝা অথথানা নিশীথ সময়ে দ্রৌপদীর নিজিত পাঁচটি পুত্রকে দহার ন্তার বধ করিল। দ্রৌপদী এক কালে পাচটী পুত্রবিয়োগে নিভাস্ত শোকাকুলা হইলেন। বুধিটির প্রভৃতি দকলে শোকে অভিভৃত হইলেন। ত্রাঝার প্রাণ বধের জন্ম অর্জুন অর্থানার প্রতি ধাবিত হইলেন এবং তাহার কেশাকর্ষণ করিয়া ধরিয়া আনিলেন।

পাণ্ডবর্গণ গুরাআ অর্থামার প্রাণবধে ক্বতসংকর হইলে, শোকাভি-ভূতা দ্রৌপদী বলিলেন, গুরুপুত্রকে ছাড়িয়া দাও, উহার প্রাণবধ করিও না, পুত্র শোক যে কি, তাহা আমি বেশ ভোগ করিতেহি, গুরুপুত্রকে বধ করিলে তাঁহার মাভাও আমার স্থায় শোকাভিভূতা হইবেন। ব্রাহ্মণ অবধ্য, ইহাকে শীঘ্র পরিভাগে ককন। ইহার বন্দর করিয়া দিউন। দ্রোপদীর কথার পাশুবর্গণ অর্থামাকে মুক্তি প্রদান করিলেন।

হিন্দু-জীবনের যে এত মহন্ত, একমাত্র ধর্মসাধনই ইহার কারণ।
পৃথিবীর স্থাবৈধ্যা ক্ষণস্থারী, উহা নিরতিশয় ছঃথের কারণ দেখিরা হিন্দুগণ
আদিম কাল হইতে পুরুষ-পুরুষায়ক্রমে কেবল ধর্মসাধনেই জীবন
অতিবাহিত করিয়া গিয়াছেন। সাধনবলে ইহারা প্রকৃতির আবরণ
ভেদ করিয়া তাহার অন্তরালস্থ অচিস্তা, অব্যক্ত অরূপ প্রাণপুরুষের নিকট
উপস্থিত হইয়াছেন, এবং এই মরজগতে থাকিয়া অমৃত লাভ করিয়াছেন।
ভগধান ভক্তের অধীনতা শীকার করিতে বাধ্য হইয়াছেন। হিন্দু জাতি
যে কি, এইখানেই তাহার পরিচয়।

একমাত্র ধর্মলাভের জন্ম হিন্দুর জীবন ধারণ। শারীরিক বলবীর্যা লাভ, জিহ্বার ভৃপ্তিসাধন জন্ম হিন্দু আহার করেন না। শরীর রক্ষা না হইলে ধর্মসাধন হয় না, এই জন্মই হিন্দু আহার করেন। ইলিম্ব স্থভোগ লালসায় হিন্দু জী গ্রহণ করেন না, সন্তানলাভ করিয়া পিতৃ-লোকের জলপিজের সংস্থান হইবে কেবল এই জন্মই জী গ্রহণ করেন। জী-সহবাসের পূর্বে গর্ভাধানের ব্যবস্থা আছে। ভগবান ও জার পূজা করিয়া জী-সহবাস করিত হয়। জী সহবাসও একটা ধর্মামুগ্রান। হিন্দুর নিকট ইহা আমোদ-আহ্লাদের ব্যাপার নহে।

হিন্দুর ইতিহাস, কাবা, নাটক, উপস্থাসাদি সাহিত্যপ্রস্থাহা কিছু
পাঠ করিবে সর্ব্যন্তই ধর্ম্মের কথা, নানব হৃদয়ের মহত্বের কথা দেখিতে
পাইবে। ধর্মের কথা ব্যতীত হিন্দু অন্ত কথা বলে না। ধর্মা রব
বাতীত হিন্দু অন্ত আচরণ করে না। এই বিলাসিভার মুগে এখনও
দেখিতে পাইবে লক্ষ সাধু সংসার-মুখে জলাঞ্জলি দিয়া বনে, জঙ্গলে,
গিরি গুহার ধর্মসাধনেই প্রবৃদ্ধ রহিয়াছেন। ভগবানের উপাসনার

দিন যামিনী অভিবাহিত করিতেছেন। এ দৃশ্য কি পৃথিবীর আর কোণায়ও দেখিতে পাওয়া যায় ?

রাজদ্রেহিতা কাহাকে বলে হিন্দু ভাহা জানিত না। হিন্দুগণ রাজাকে
নারায়ণের অংশ বলিয়া জানে, রাজদর্শনে মহা পুণা। রাজ-আজ্ঞা
অবশ্য পালনীয়, রাজ-বিধির উপর কথা নাই, প্রতিবাদ নাই। তাঁহারা
জানেন রাজা যাহা কিছু করেন, প্রজার হিতের জন্মই করিয়া পাকেন।

হিন্দু রাজগণন্ত প্রজাগণকে অপত্য-নির্কিশেযে পালন করিয়া গিয়া-ছেন। প্রজার স্থাও শান্তির জন্ম আপনাদের স্থাও শান্তি বিসর্জন দিয়াছেন। তাঁহারা জানিতেন প্রজা পালন ও প্রজার হিতসাধনের জন্ম রাজার জীবনধারণ।

মহারাশ পরীক্ষিত মৃগয়া করিতে গিয়া বনমধ্যে পিপাসায় গুরুকণ্ঠ হন। তিনি জল পানের জন্ত নিকটবর্ত্তা শমিক মুনির আশ্রমে উপস্থিত হইরাছিলেন। মুনিবর ধাানস্থ, বাহুজ্ঞান বিরহিত; পিপাসার্ত্ত হাজা বার্মার মুনির নিকট জল ভিক্ষা করিলেন, কিন্তু কোন উত্তর পাইলেন না। কুং পিপাসায় অভিমাত্র কাতর হওয়ায় রাজার বুজিবিবেচনার বিপর্যায় ঘটিয়াছিল। তিনি মুনিবরের প্রকৃত অবস্থা বৃথিতে পারিলেন না। তিনি মনে করিলেন মুনিবর তাঁহাকে অবজ্ঞা করিলেন, আশ্রম ধর্ম্ম পালন করিলেন না। এই ভাবিয়া নিকটস্থ একটা মৃত ম্প্রিক্তরের দ্বারা মুনির গ্লায় ঝুলাইয়া দিয়া দ্বলার সহিত্ত আশ্রম পরিত্যাগ করিলেন।

মুনিপুত্র বাশক শৃঙ্গী অপর বালকের মুথে পিতার এই অবমাননা প্রবণ করিয়া রাজাকে অভিসম্পাত করিলেন, এবং ধ্যান ভঙ্গের পর পিতাকে সমস্ত ঘটনা জানাইলেন। মুনিবর পুজের মুথে মহারাজ পরীক্ষিতের প্রতি অভিশাপ প্রদানের কথা শুনিয়া নিতান্ত মর্যাহত হইলেন এবং প্রকে তিরস্কার করিয়া বলিতে লাগিলেন, তুমি অতি গহিত কাষ করিয়াছ। রাজা নরদেব, বিফুর অংশ, আমাদের প্রতিপাশক ও রক্ষক। রাজা দহাত্য নিবারণ করিতেছেন, কৃষি-বাণিজ্যের উন্নতির উপায় বিধান করিতেছেন, রাজার বাহুবলেই প্রজাসকল শান্তিতে কাল্যাপন কুরিতেছে, আমরা নিক্ষরেগে ধর্ম্যাধন করিতে দমর্থ হইতেছি। রাজশক্তি না থাকিলে মুহূর্ত্তকালের মধ্যে দেশ ছার্থার হইয়া বার, দখা-তত্তরের উপদ্রবে প্রজাগণ বদ্বাস করিতে পারে না, দেশে মহামারী, ছতিক্ষ উপন্থিত হয়; রাজাকে অভিসম্পাত করিয়া তুমি অভায় কাষ করিয়াছ। রাজা নিরপরাধ, তাঁহার কোন দোষ নাই, আমরাই দোষী। রাজা পিপাসার্ভ হইয়া আমাদের আশ্রমে আসার্ঘাছিলেন। তাঁহার উপন্থক সম্বর্জনা বাই। আশ্রমধর্ম পালন হয় নাই। একে রাজা, আবার তিনি অভিবি অতিথি সংকার গৃহার পরম ধর্ম। অভিথি সংকার না হওয়ায় আমাদের ধর্ম হানি হইয়াছে—আমরাই অপরাধী।

পিতার কথা শুনিয়া বালক শৃঙ্গী অত্যস্ত অনুতাপিত ইইলেন, তিনি নিতান্ত হংথিতান্তঃকরণে পিতাকে সম্বোধন করিয়া বলিলেন "আমি অজ্ঞান বালক, আমার হিতাহিত জ্ঞান জন্মে নাই, না বুঝিয়া কুকর্ম করিয়া ফেলিয়াছি—আমাকে কমা করুন, মহারাজ নিপ্তপরাধ, অবোধ বালকেয় অভিসম্পাতে তাঁহার কি ইইবে ?" মহামুনি শমিক পুত্রের ক্বত অপরাধের জন্ম ভগবানের নিকট ক্ষমা প্রার্থনা করিলেন।

এদিকে রাজা নিজের ক্বত অপরাধের জন্ত অত্যন্ত হংখিত হইলেন, তিনি আপনাকে শত শত ধিকার দিতে লাগিলেন এবং অনুভাপানলে দ্যীভূত হইয়া অপরাধের প্রায়ন্চিত্ত জন্ত গলাতীরে প্রায়োপবেশন করিয়া ভগবান ব্যাসপুত্র শুক্দেবকে শুক্দদে বরণপূর্বক তাঁহার মুথে হরিকথা শ্রবণ করিতে করিতে নখর দেহ পরিত্যাগ করিলেন।

এখন আর সে হিন্দু রাজা নাই, ভারতে পাশ্চাত্যশাসন-প্রণালী প্রবর্ত্তি হইয়াছে। বৈদেশিক শিকায় হিন্দুযুবকগণের হিন্দু প্রকৃতির বিপর্যায় ঘটয়াছে। তাহারা ধর্মকে জলাঞ্জলি দিতেছে, কদাচার ও কদাহারে প্রবৃত্ত হইতেছে, পার্থিব স্থাবের প্রতি ভাহাদের মন ধাবিত হইতেছে।

ভোগলাল্যা চরিতার্থ করিবার জন্ত ধর্মকে জ্বলাঞ্জলি দেওয়ার কি বিষময় ফল, যদি দেখিতে চাও, তবে একবার ইয়্রোপের প্রতি দৃষ্টিপাত কর, ইয়্রোপ ছারখার হইতেছে। স্বামীহীনা বিধবার, পুত্রশোকাতুরা জনক জননীর, ভ্রাতা হীনা ভ্রির ও অনাথ শিশুসস্তানগণের ক্রন্দনের রোলে দিবারাত্রি ইয়ুরোপের আকাশ বিদীর্ণ, হইডেছে। কত নর-নারী বালক বালিকা অনশনে প্রাণ ত্যাগ করিতেছে। কত গৃহস্থ গৃহ-শৃক্ত হইরা অরণ্যের দিকে। ধাবিত হুইতেছে এবং কুধার ও রোগের যন্ত্রণা ভোগ করিতে করিতে গাছতলায় পড়িয়া প্রাণ হারাইতেছে। দরিদ্রগণ জঠরায়িতে দগ্দী ভূত হইয়া দলে দলে রাস্তার রাস্তায় ফিরিতেছে। যাহারাগৃহ মধ্যে আছে, মুহুর্ত্কালের জন্ত তাহাদেঃ নিশ্চিত হইবার উপার নাই। কোন্সমর নিষ্ঠুর রাজপুরুষগণ প্রোণের পুত্রকে ও প্রাণের পতিকে বলপূর্বক কাড়িয়া লইয়া রুণস্থলে প্রেরণ করিবে ও তাহাদের অকাল মৃত্যুতে আনন্দ্র সংপারে লোকের বাদ্ধ প্রবাহিত করাইকে তাহার স্থিরতা নাই। সকলেই ছন্চিন্তায় কাল ক্ষেপণ করিতেছে।

বাহাদের এসব জালা নাই তাহারই কি নিশ্চিন্ত আছে?
বিসিয়া অহর্নিশ জনর্থের আশক্ষা করিতেছে। কোন্ সময় কোপা
হইতে যে বোমা পড়িয়া তাহাদের হর বাড়ি চুর্বিচ্র্ল করিবে, সন্থান
কল্পির আলীয় জন্ম এবং নিজেদের মেন্ন ছিল্লিন্ন করিয়া ফেলিবে,

তাহার স্থিরতা নাই। পাশ্চাত্য জাতি ধর্মকে বিসর্জন দেওয়ায় এই বিপদ উপস্থিত হইয়াছে; কেহ কাহাকেও বিশ্বাস করে না। কেহ আর শান্তির কথা মুখে আনে না।

এই জন্ত সকলের নিকট বিনীত ভাবে নিবেদন করিতেছি যে তোমরা ধর্মাকে বিসর্জন দিও না, ছিল্ প্রস্কৃতি ভূলিও না। তোমরা আর্য্য ঋষিগণের সন্তান, তাঁহাদের রক্ত তোনাদের শিরার শিরার প্রবাহিত হইতেছে, তোমার পূর্ব পুরুষগণের প্রতিষ্ঠিত পথ পরিত্যার করিও না। ইয়ুরোপের ক্ষণিক মধুর চাকচিক্য দৃশ্যে ভূলিও না।—তথার স্থধ নাই সোয়ান্তি নাই শান্তি নাই। কেবল আলা আর তঃথ। হিল্ব ছেলে হিল্মু হইরা থাক। ধর্ম-সাধনে প্রবৃত্ত হও।

দীক্ষা ব্যতীত ধর্ম লাভ হর না। এ কারণ দীক্ষাগ্রহণ প্রত্যেক হিন্দুর অবশ্য কর্ত্তব্য। যাহার দীক্ষা নাই, তাহার দেহ-শ্রশান তুল্য অপ-বিত্র। প্রস্থান হিন্দুগণ তাহার হাতে ধার না, তাহার জলস্পর্শ করে না।

পূর্বকালে ত্রাহ্মণগণ বৈদিক দীক্ষা গ্রহণের পর গুরুগৃহে বাস করিয়া বেদাধ্যয়ন ও ধর্মদাধ্য করিতেন। বার বংগর হইতে আটচল্লিন বংসর পর্যান্ত গুরু গৃহে ত্রহ্মচর্যা অবলম্বন করিয়া থাকিবার নিয়ম ছিল। এখন সে কাজটা তিন দিনেই সমাধা হইতেছে। আবার শুনিতেছি লোকে কালীঘাট বা অস্থান্য পীঠস্থানে গিয়া এই তিন দিনের কাজটা এক বেলাম শেষ করিয়া আসিতেছেন। বৈদিক দীক্ষার অবস্থাটা এইরূপ দাঁই।ইয়াছে।

ভান্তিক দীক্ষাও শাস্ত্রাস্থারে হইতেছে না। পূর্বে গুরু শিশ্বকে তুই বংসর কাল পরীক্ষা করিতেন, শিশ্বও গুরুকে চুই বংসর কাল পরীক্ষা করিতেন। শিশ্ব ও গুরু উভয়ে উভয়ের নিকট উপযুক্ত বোধ হইলে দীক্ষা কার্য্য সমাধা হইত। এখন আর সেরূপ পরীক্ষা হয় না। গুরুষনে করিজেছেন শিশ্বকে একটা মন্ত্র দিতে পারিকেই বার্থিকের সংস্থান

করা হইল। ধর্ম সাধন বা ধর্ম লাভের দিকে কাহারও দৃষ্টি নাই। দ্যকা প্রদান একটা ব্যবসার মধ্যে পরিগণিত হইরাছে। ধর্মহীনতাই দেশের গুর্গতির কারণ।

তান্ত্রিক দীক্ষায় প্রশ্চরণ, শিবোর প্রাকৃতি জানা ■ মন্ত্র নির্মাচন গুরুর প্রধান কার্যা। যাহার পক্ষে যে মন্ত্র উপযোগী তাহাকে সেই মন্ত্র প্রধান করিছে হয়। মন্ত্র প্রদানের কালাকালও আছে, তিথি নক্ষত্র ও সমর্ব কিব করিয়া দীক্ষা দিতে হয়। এ বিষয়ে গুরুর অভিজ্ঞতার প্রয়োজন।

এক মাত্র সদ্গুরুই শক্তি সঞ্চারে সমর্থ, সদ্গুরু শিধ্যের হৃদয়কেত্রে ভগবানকৈ উদ্ধাক বেন, শিধ্যের নধ্যে প্রবিষ্ট হইয়া তথার ভগবানকৈ সংস্থাপন করেন এবং নামকে শক্তিসমন্তিক করিয়া শিধ্যকে প্রদান করেন। মারাতীত পুরুষ ব্যতীত এ কার্যা করিবার কাহারও সামর্থ্য নাই।

এই দীক্ষার কালাকাল ও স্থানা ছানের বিচার নাই। শৌচ অশৌচের বিচার নাই। স্থবিধা পাইলেই দীক্ষা গ্রহণ করা কর্তব্য। এই
দীক্ষার বিভাবুদ্ধি পাণ্ডিভার প্রয়োজন নাই। স্ত্রী পুরুষ বালক বালিকার
সমান অধিকার। গর্ভন্থ শিশু হইতে মুমুর্থ ব্যক্তি ও এই দীক্ষা লাভে
অধিকারী।

এই দীকা কেবল যে মনের উপর কায় করে তাহা নহে, ইহা আত্মার উপর কায় করে। ভগবৎ-শক্তি আত্মাকে নির্মাল করে। গর্ভস্থ শিশু বয়স্ক হইলে গুরুদত্ত নাম আপনা হইতে প্রকাশিত হইয়া পড়িবে। প্রকাদ গর্ভস্থ থাকা কালে নারদ মহাশর প্রহলাদকে দীক্ষা দিয়াছিলেন।

যাহাঁরা সদ্গুরু নহেন, অথচ সদ্গুরুর নিকট দীকা লাভ করি-য়াছেন, এবং সদ্গুরুর সহিত ঘাঁহাদের যোগ আছে, সাধনবলে যাহা-দের মধ্যে ভগবং-শক্তি প্রবল হইয়া উঠিয়াছে, তাঁহাদের নিকট দীকা লইলেউ শক্তি-সঞ্চার হইরা থাকে, অর্থাৎ শিয়ের অন্তরস্থিত ভগবৎ-শক্তি জাগ্রৎ হয়। যেমন এক দীপ হইতে বহু দীপের প্রজ্ঞলন। গুরুদত্ত নামও শক্তিসমন্তিত হয়। আমি ইহার অনেক প্রমাণ পাইয়াছি। গোত্থামী মহাশয়ের অনেক প্রশিষ্যের অবস্থা আমি স্বচক্ষে দেখিয়াছি। তাঁহাদের মধ্যে ভগবং শক্তির ক্রিয়া বেশ চলিতেছে।

হিন্দু ভিন্ন পৃথিবীর কোন জাতির মধ্যে এইরপ দীক্ষার প্রচলন নাই। অধ্যাত্মরাজ্যে হিন্দুগণ বেরপ উন্নতিলাভ করিয়াছিলেন এরপ উন্নতি কোন জাতিই লাভ করিতে পারেন নাই। বে সকল মহাক্মা সাধনবলে মায়ার গভীর অন্ধকার ভেন করিয়া প্রকৃতির অন্তর্রালম্থ সেই অভিন্তঃ অব্যক্ত পুরুষের নিকট পৌছিয়াছেন এবং ভুক্তিবলে তাঁহাকে বণীভূত করিয়াছেন, তাঁহারাই ভগবানকে লাভ করিবার এক-মাত্র উপান্ন এই দীক্ষাত্ত্ব প্রতিষ্ঠিত করিয়াছেন। ত্ত্তর ভবসমূল পার হইতে হইলে, ভগবানকে লাভ করিতে হইলে দীক্ষাগ্রহণ জগবানের অব্যর্থ পুনিয়ম। দীক্ষা বাতীত ধর্মলাভ হন্ন না, ভগবংপ্রাপ্তি হয় না।

পাঠক পাঠিকার্মনের মধ্যে থাহারা ধর্ম চান, থাহারা ত্রিতাপ-জালা জ্ড়াইতে ইচ্ছা করেন, থাহাদের ত্তর ভবদাগর পার হইবার বাসনা আছে, আমি বলিতেছি কালবিলম্ব না করিয়া তাহারা বেন উপযুক্ত গুরুর নিকট দীক্ষিত হয়েন। মনুষ্য জন্ম ছল্ল ভ, কোন্ মুহুর্জে নশ্বর দেহ পরিত্যাগ করিতে হইবে কে বলিতে পারে ?

বদি দীক্ষা গ্রহণের পরও ধর্ম লাভ না হয়, ক্ষণভদ্মর দেহের পতন হয় তাহাতেও ক্ষতি নাই। জন্মান্তরে নিশ্চয়ই তাঁহারা একটা পথ পাইবেন। ভগবান ধর্ম লাভের জন্ম একটা উপায় করিয়া দিবেন, কিন্তু বিনা দীক্ষার দেহপাৎ হইলে তাহাদের আরু সহজে কোন উপায় হইবে না। তাহাদিগকে বহু জন্মের ফেরে পড়িতে হইবে। এই জ্বন্থ বলিতেছি দীক্ষা গ্রহণে কালবিলম্ব করিও না।

षिञीयं शतिएक्षा

मन्ख्यः ।

যিনি এই সৃষ্টির আদিকারণেরও কারণ; বাঁহা হইতে এই বিশ্বের সৃষ্টি হইরাছে, বাঁহাতে এই বিশ্ব স্থিতি করিতেছে এবং বাঁহাতে লয় পাইতেছে, সেই অনাগুনস্থ পুরুষ এই সৃষ্টিকে নিয়মিত করিতেছেন। এক মাত্র তিনিই এই বিশ্বের নিয়ম্ভা। প্রাচীন শ্বিগণ বলিয়াছেন—

"ভয়াদস্রাগিস্তপতি ভয়াতপতি সূর্যাঃ ভয়াদিক্রশ্চ বায়ুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ।"

ইহার ভরে অগ্নি প্রজ্ঞানিত হইতেছে, স্থা তাপ দিতেছে মেখ বারি বর্ষণ করিতেছে, বায় প্রবাহিত হইতেছে এবং মৃত্যু সঞ্চরণ করিতেছে। ইহার ইচ্ছা ব্যতিরেকে রক্ষের একটি পত্রও পতিত হয় না

জড়জগং বেমন ইঁহাদারা পরিচালিত হইতেছে, অধ্যাত্ম জগংও তেমনি ইঁহাদারা নিয়মিত হইতেছে। পাপ, পুণ্য, ধর্ম, অধর্ম, সুথ জুঃথ, সকলেরই নিয়ন্তা ইনি। মানুষ মায়াশক্তি দারা অভিভূত থাকার ইঁহাকে জানিতে পারে না, নিজে ভাল মন্দ সকল কাজের কর্ত্তা মনে করিয়া সুথ জুঃথ ভোগ করে। একারণ কর্মের ফলদান করিবার শক্তি নাই। সর্মশক্তিমান এই অচিন্তা পুরুষই কর্মের ফলদাতা।

এই অচিস্তা অবাস্ক প্রবহ অধ্যাত্মজগং পরিচালিত করিতেছেন।

যথম ধর্মের অভান্ত মানি উপস্থিত হর, অধ্যের অভিশব প্রাত্তাব হর,

তথন এই অবাস্ক প্রব ধরাধানে অবভীর্ব হইরা চুক্ত অনগণকে বিনাশ

করেন, সাধু শিগকে লক্ষা করেন এবং ধর্মের সংস্থাপন করেন।

স্বতার ত্রিবিধ। স্বরং বগা শ্রীকৃষ্ণ, নহাপ্রভূ। আবির্ভাব, বধা নৌপদীর বস্থ হরণে। আবেশ, সাপরত্রনামে।

গ্রাসংখ্যাপন ভস্ত স্থরে বিশ্ব নুধ্যাবেছে ভগ্যানের আবেশ চইয়া পাকে। এই মুফুকে সন্তুক্ত বলে। ভগ্যানের বাতীত নাত্র সন্তুক্ত চইতে পারে না। ভগ্যানের আবেশ চইলে নাত্র ভগ্রতা বাভ করে। অঙ্গারে অগ্নি সংবোগ চইলে অঙ্গার ■ অগ্নির বেমন পার্থকা পাকে না, ভেমনি মুফু লেচে ভগ্যানের আবেশ চইলে নাত্রর ও ভগ্যানে পার্থকা পাকে না। এই জন্তুই নাম, নামী ও বা দাভা অভিন্ন বলিরা শাল্রে বর্ণিত চইরাছে।

গুরুতর পৃথিবীর কোন লাভির সংখ্য নাই। অধ্যাপক বা শিক্ষক বুলিলে যাতা বুঝা যায়, গুরু ভাতা নতেন। গুরু শিশুকে স্থারভবসমূদ্র পার করেন, মান্নামোহ হইতে মুক্ত করেন এবং ভগবানকে দেখাইয়া দেন।

ভগবানই শুরু, ভগবান বাতীত কেহ গুরু নাই, মার্থ শুরু হুইতে পারে না। মার্থ গুরু নহেন। ভগবান শ্রীমুখে বলিয়াছেন,— "আচার্যাং মাং বিজ্ঞানীযায়াবমন্তেত কর্মিচিৎ।

ন মন্ত্যবৃদ্ধাস্থ্যেত সর্কদেবমনো গুরুরিতি ॥"

এম্বাগ্ৰত ১১/১৭/২৭

ভগবান কহিলেন হে উদ্ধব! আচার্য্য অর্থাৎ গুরুদেবকে মদীয়া প্রিয় স্বরূপ বলিয়া জানিবে, কদাপি মহুদ্য জ্ঞানে অবজ্ঞা করিবেনা, কারণ গুরু সর্বন্দেবসয়।

শিষ্যের অন্তর্নিহিত নিদ্রিত ভগবংশক্তিকে জাইং করা, শিষ্যের মধ্যে ভগবানকে সংস্থাপিত করা, ভগবানের পূজার জ্লন্ত নামকে শক্তি সমন্বিত করিয়া শিশ্যকে প্রদান করা, গুরুর কার্যা। এ কাজ শিক্ষক বা অধ্যাপক হারা হয় না।

গুরু যে কেবল পরকালের পরিত্রাতা তাহা নহেন, তিনি ইছকালেরও অন্নদাতা এবং রক্ষাকর্ত্তা। শিশ্ব খাইতে না পাইলে গুরু খাইতে দেন, বিপদে পড়িলে রক্ষা করেন, এবং যাবতীর অভাব মোচন করেন। ইহকাল ও পরকাল সদ্গুরুর হাতে।

সদ্গুরু যথন শিশ্বকে দীক্ষা প্রদান করেন, তথ্ন তিনি শিশ্বের যাবতীয় পাপরাশি নিজে গ্রহণ করেন এবং তাহার ভোগ নিজে ভোগ করেন। এজন্ত শরীর সবল ও স্কুছ না থাকিলে গোস্বামী মহাশ্ম কাহাকেও দীক্ষা দিতেন না। দীক্ষা প্রদানের পর তিনি কাত্র হইয়া পড়িতেন। তাহার মুখনগুল ও শরীর মলিন হইত। মহাপ্রভূজগাই মাধাইরের পাপরাশি গ্রহণ করায় তাঁহার গৌর অঙ্গ কাল হইয়া গিয়াছিল।

যদিও সদ্গুরু শিয়োর বাবতীয় পাপরাশি গ্রহণ করেন ও তাহাদের হর্জোগ নিজে ভোগ করেন তথাপি জন্ম-জন্মান্তরের, অপরাধের কিছু শান্তি শিয়কে ভোগ করিতে হয়। শিয়কে প্রারন্ধকর্মের ফল ভোগ করিতে হয়। প্রারন্ধ কর্মের সমস্ত ফল ভোগ করাও শিয়োর পক্ষে স্কর্মিন, একারণ সদ্গুরু কেবল একটা তাহার আঁচ মাত্র দেন, বাকী নিজেই ভোগ করেন। কর্মের প্রস্কর্তা ও শান্তি দাতা, গুরু পাপীর উদ্ধার কর্তা। ভগবং-প্রেম প্রস্কৃতা ও শান্তি দাতা, গুরু পাপীর উদ্ধার কর্তা। ভগবং-প্রেম প্রদাতা। গুরুর দায়িত্ব সামান্ত নহে, যতদিন শিষ্টের উদ্ধার মা হইয়াছে ততদিন গুরুর উদ্ধার নাই। এজন্ত আবশ্রুক হইলে গুরুকে পুনঃ পুনঃ জন্ম গ্রহণ করিতে হয়।

ু গুরু-শিশ্য সম্বন্ধ বাধিয়া গোলে শিশ্যের আঘাতে গুরুকে আঘাত পাইতে হয়। শিশ্য ক্ষায় কাতর হইলে গুরু ক্ষার্ত্ত হয়। ভোগ করিতে থাকেন। শিশ্যের অপরাধে গুরুকে ক্লেশ পাইতে হয়। এজগু শিশ্যের সাবধান হইয়া জীকনিযাত্রা নির্মাহ করা কর্তব্য। যাহাতে অপরাধ না হয়, মন পবিত্র থাকে এই ভাবে থাকিয়া সাধন পদ্বার চলিতে হয়।

ু প্রক-শিষ্যের পাপরাশি গ্রহণ না করিলে শিষ্যের উদ্ধার হয় না,
শিষ্যকে সমস্ত পাপের ফল ভোগ করিতে হইলে কোন কালেও ভোগ
শেষ হয় না; স্থতরাং তাহার আর পরিত্রাণের উপায় নাই। এ
ভাগতে এমন স্থাং কে আছে যে আমার পাপরাশি গ্রহণ করিয়া
আমাকে পরিত্রাণ করে ?

বছ শিশ্যের পাপরাশি গ্রহণ করাতে গোস্থানী মহাশয়ের শরীরে গ্রমন জালা উপস্থিত হইত বে সময়ে সময়ে তিনি শরীরের মধ্যে বাস করিতে পারিতেন না, শরীর হইতে বাহির হইয়া পৃথক ভাবে থাকি-তেন। কিন্তু শরীর হইতে পৃথক হইয়া থাকিয়া ছর্ভোগ এড়ান ভগবানের বিধান নহে, একারণ তিনি আবার শরীরের মধ্যে প্রবেশ করিয়া যাতনা ভোগ করিতেন। এ সকল কথা, জ্যাত্ম-রাজ্যের ব্যাপার কয়জন লোক ব্বো?

গুৰু নিতাবস্তু, দেহতাাগে গুৰুৰ নাশ হয় না, দেহে বৰ্ত্তমান থাকা

কালে গোস্থামী মহাশয় শিয়গণের মধ্যে যে লীলা করিতেন এখনও সেই লীলা করিতেছেন; শিয়গণের কার্য্যকলাপ সমস্তই দেখিতেছেন। শিয়গণকে সাধন পথে পরিচালিত করিতেছেন; বিপদ আপদে রক্ষা করিতেছেন।

গুরু যে শিশ্যকে কেবল রক্ষা করেন ও তাহার হুর্ভোগ নিজে ভোগ করেন তাহা নহে, আবগুক মত শিশ্যকে ঘোরতর নির্যাতনও করেন। বিপদ শান্তি, ক্ষতি, অপমান, লাঞ্ছনা তঃখ যন্ত্রণার কিছু বাকী রাখেন না। এইরূপ নির্যাতনে শিশ্যের কল্যাণ্ট হট্যা থাকে।

শরীরে বিষফোড়া আদি সাংঘাতিক রোগ উপস্থিত হইলে, ডাক্তার যেমন নির্মম ভাবে অস্ত্রচালনা করেন, রোগীর ক্রন্সনে কর্ণপাৎ করেন না, ভবরোগ-বৈত্য সদ্পুরুও ভেমনি শিয়ের আত্মার ব্যাধি দূর করিবার জন্ম তাহার কার্কৃতি-মিনতিতে কর্ণপাৎ করেন না। তুংথ যন্ত্রণা, বিপদ, আপদ, অপমান লাগুনা উপস্থিত করিয়া শিয়ের জীবন প্রেস্তুত করিয়া লয়েন। সোণা না পোড়াইলে বেমন খাঁটি হয় না, তুংথ যন্ত্রণা অপমান লাগুনা ব্যতীত আত্মাও বিশুদ্ধ হয় না। গুরু বলিয়া গিয়াছেন সমস্ত নরনারীর পায়ের নিয় দিয়া স্বর্গরাজ্যে যাইবার পথ।

দীনহীন কাঙ্গাল না হইতে পারিলে ধর্মলাভ হয় না ভজন হয় না। যাহারা ধনশালী, স্থথৈখর্যো লালিত পালিত, অহঙ্কার অভিমান প্রভৃতি আসিয়া তাহাদের চিত্তকে কল্বিত করে; এ কালিমা আর কিছুতে যায় না। শোক তাপ হঃখ বন্ধণা অপমান লাঞ্ছনা আনিয়া গুরু এই কলঙ্ক বিধোত করিয়া দেন, শোক তাপ হঃখ যন্ত্রণা অপমান লাঞ্ছনা এ সবং গুরুর নির্যাতিন নহে, তাঁহার অপার করুণাই ব্বিতে হইবে।

সদ্গুরু অত্রাস্ত, পূর্ণ জ্ঞানময় সর্বাশক্তিমান মায়াতীত পুরুষ; তিনি ইচ্ছা করিলেই শিয়াকে ভগবং-প্রেম ক্লফপ্রেম প্রদান করিতে সমর্থ কিন্তু তাহা তিনি দেন না। অনায়াসলতা বস্তুর আদর থাকে না, সাধনপন্থার ভিতর দিয়া না গেলে পথের থবর পাওয়া যায় না। বহু আয়াসে যাহা লাভ করা যায় তাহার আদর হয়। একারণ সদ্গুরু শিয়াগণ নিয়কে সাধনপন্থার ভিতর দিয়া লইয়া যান। সদ্গুরুর শিয়াগণ মধ্যে যাহারা মনে করেন, যথন সদ্গুরু লাভ হইয়াছে তথন আর আমাদের করিবার কিছু নাই—তাঁহারা ভ্রান্ত। গোস্বামী মহাশয় শ্রীম্থে বলিরাছেন "ভগবানের নাম বাতীত যে ব্যক্তি একটি খাস র্থা গ্রহণ বা ত্যাগ করে সে আমার মতে আজ্বাতী।"

সদ্গুরু লাভ হইলে শিশ্বকে আর কর্মস্ত্রে জড়িত হইতে হয়
না। শিশ্ব ভাল মন্দ ধাহা করে তাহাতেই কর্মবন্ধন খুলিয়া যায়।
অপরাধের শান্তি অপরাধ। সদ্গুরু লাভ করিয়াও যাহারা অপরাধ
করিতেছেন, বুঝিতে হইবে তাঁহারা পাপের শান্তিই ভোগ করিতেছেন,
কণকালের জন্ত তাঁহারা স্থা হইতে পারেন না, তাঁহাদের প্রাণ সদাই
জ্বিতে থাকে।

সদ্গুরু লাভ হইলে আর যমের অধিকার থাকে না। যাহা কিছু শাস্তি ভোগ হয় তাহা গুরুর হাত দিয়া। গুরুই দণ্ডের বিধান কর্তা।

হিন্দু ভিন্ন গুরুতত্ত্ব পৃথিবীর কোন জাতি অবগত নহে। একমাত্র হিন্দুরাই সাধন বলে সেই মায়ার অন্ধকার ভেদ করিতে সমর্থ হইয়াছেন। প্রকৃতির, অন্তরালে গনন করিয়া সেই অচিন্তা অব্যক্ত অনধিগমা অরূপ পুরুষের নিকট গমন করিয়াছেন এবং ভক্তিবলে তাঁহাকে বনীভূত করিয়া গুরুতত্ত্ব আবিষ্কার করিয়াছেন। এই গুরুতত্ত্ব আবিষ্কারই হিন্দু জাতির অলৌকিক জ্ঞানের পরিচায়ক।

হিন্দু ভিন্ন পৃথিবীর সমস্ত জাতিই মনে করে গুরুতত্ত হিন্দুগণের প্রাস্ত বিশ্বাস। পরমেশ্বর সর্বজ্ঞ, সর্বাস্তর্যামী। মানুষ তাঁহার উপাসনা করিবে তিনি তাই। অবগত ইইয়া ফলাফলের বাবস্থা করিবেন, মাঝখানে আবার একজন মাজার বা উকিলের প্ররোজন কি ? মানুষের প্রার্থনা তিনি কি শুনিতে পান না ? ধুর্ত্ত লোকেরা মুর্থ হিন্দুগণকে ভুলাইয়া নিজেদের স্বার্থ সাধন জন্ম প্রান্তিমূলক গুরুবাদ স্থাপন করিয়াছে। কুসংস্কারাপন হিন্দুগণ গুরুবাদের কুহকে পড়িয়া আরও কুসংস্কারে জড়ীভূত ইইতেছে। স্বাধীন চিন্তার অভাবই এই পতনের কারণ। হিন্দুগণ স্বাধীনচিন্তা পরিত্যাগ করিয়া আত্মবিনাশ করিয়াছে।

পাশ্চাত্য সভ্যতা, পাশ্চাত্য শিক্ষার স্রোতে পড়িরা হিন্দু যুবকগণের মাথা ঘ্রিয়া গিয়াছিল। এই কথা গুলি, তাহাদের বড়ই রুচিকর। কথা গুলি মনোমত হওয়ায় তাহারা গুরুবাদ পরিত্যাগ করিয়া হিন্দুর সদাচার, সদাহার ভ্রান্তিমূলক মনে করিয়া পাশ্চাত্য সভ্যতার দিকে ছুটিয়াছিল। হিন্দুর কিছুই ভাল দেখিতে পারিত না, মনে করিত হিন্দুরা নিতাস্ত কুসংস্থারাছেয়।

হিন্দু হওরা বড়ই কঠিন। যে ভাবে জীবন বাপন করিলে ধর্মলাভে বঞ্চিত হইতে হর না, সেই ভাবে হিন্দুর জীবন নিয়মিত, সর্বজ্ঞ ঋবি-গণের শাস্ত্রের দ্বারা স্থশাসিত। সমাজ সেই ভাবে গঠিত। এই জন্ম বহুকাল যাবং বৈদেশিক জ্বাতির বোর অত্যাচারেও হিন্দুগণ আপনাদের অন্তিম্ব রক্ষা করিতে সমর্থ হইয়াছে।

সদাচার, সদাহার, গুরুজনের আফুগত্য হিন্দুই জানে, পৃথিবীর আর কোন জাতি জানে না। হিন্দু সব পরিত্যাগ করিতে পারে কেবল ধর্মকে পরিত্যাগ করিতে পারে না। ধর্মই হিন্দুর সম্পত্তি। হিন্দু ধর্মধনে ধনবান।

পার্থিব স্থথৈশ্বর্যা ভোগ, পাশ্চাত্য জাতির জীবনের লক্ষ্য। এইজন্ত ক্রেমাগত তাহারা জড়বিজ্ঞানের উন্নতি সাধনে ক্রতসংকর। যাহাতে বসনার তৃথি হয় ও শরীরে বল সঞ্চয় হয় তাহাই জীহাদের আহার। নিবিদ্ধ আহার বলিয়া তাহাদের নিকট কোন কথা নাই। যাহাতে ধনসঞ্চয় হয় তাহার প্রতি তাহারা সর্বাস্তঃকরণে প্রধাবিত। সমান্ধ এরপভাবে গঠিত হইরাছে বাহাতে কোন উদ্বেগ পাইতে না হয়। নিজেদের পার্থিব স্থথের জন্ম পরার্থপরতা প্রভৃতি হৃদয়ের কোমল ও সাধুর্ত্তি গুলিকে অধিক কি ধর্মকে ইহারা জলাঞ্জলি দিয়াছে। স্বার্থ ভিন্ন কথাটি নাই। বিশ্বাস কাহাকে বলে জানে না। কাহারও প্রতি ইহাদের বিশ্বাস নাই। দিশের এই বোর ফুর্লিনে গোস্বামী মহাশর সদ্প্রক রূপে আবিভূত হইয়া গুরুত্বটি ভাল করিয়া বুঝাইয়া দিলেন। শিয়গণের জ্ঞানচক্ষ উন্মীলিত করিয়া দিলেন। যে সকল যুবক পাশ্চাত্য-সভ্যতার চাক্চিক্যে মোহিত হইয়া হিন্দুয়ানি পরিত্যাগ করিয়াছিলেন, তাঁহারা পাশ্চাত্য সভ্যতার বিষময় ফল দেখিয়া আবার হিন্দু হইতেছেন। তাঁহানের পাশ্চাত্য সভ্যতার মোহ কাটিয়া গিয়াছে।

সদ্গুরু স্থল্ল । বছকাল পরে বখন ধর্মের অত্যন্ত মানি উপস্থিত হয় তথনই সদ্গুরুর আবির্ভাব হয়। তাঁহার শক্তি শিশ্ব পরম্পরায় ধর্মা-জগতে কার্য্য করিতে থাকে। এই শক্তি লোপ হইবার উপক্রম হইলে হয় ভগবান স্বয়ং অবতীর্ণ হন নতুবা সদ্গুরুর আবার আবির্ভাব হয়। গোস্বামী মহাশয় শিশ্বগণকে যে শক্তি অর্পণ করিয়াছেন এই শক্তি এখন বছকাল ধর্মা জগতে কার্য্য করিবে।

তৃতীয় পরিচ্ছেদ।

কুলগুরু ও শিক্ষাগুরু।

শাস্ত্রে কুলগুরু বলিয়া কোন কথা নাই। পূর্ব্বে প্রায়ই কৌলগণ গৃহস্থগণকে দীক্ষা দিতেন। ইহাদিগকে কৌলগুরু বলিত। এই কৌলগুরু কথাটি হইতে কুলগুরু কথাটির স্থি হইয়াছে। এক্ষণ বাঙ্গলাদেশে আর কৌলগুরুর প্রাহ্ভাব নাই, যে পরিবারে যে কুলের লোক দীক্ষা প্রদান করেন সেই মন্ত্রদাতাকেই লোকে কুলগুরু বলিয়া থাকে।

এক্ষণ শান্তাহুসারে দীক্ষা হয় না। গুরু শিশ্বকে পরীক্ষা করিবার ও শিশ্ব গুরুকে পরীক্ষা করিবার যে প্রথা ছিল তাহা আর নাই। সাধারণতঃ হিন্দুগণ স্থিতিশীল জাতি, ইহারা পরিবর্তনে অনিচ্ছুক; একারণ যে পরিবার যে পরিবারের নিকট দীক্ষা গ্রহণ করিয়া আসিতেছে সেই পরিবারের লোক থাকিতে অন্তত্ত্ব দীক্ষা গ্রহণ করেন না।

এই কুল গুরু দারা দেশের বহু উপকার সংসাধিত হইতেছে। ইহারা গুরুকরণের চিরপ্রণালী রক্ষা করিতেছেন। ইহাদারা লোকের ধর্মপ্রবৃত্তি রক্ষিত হইতেছে। ইহারা দেশের সদাচার, সদাহার ও শাস্ত্র রক্ষা করিয়া আসিতেছেন। ইহাদের দারা এখন হিন্দুধর্ম বজার রহিয়াছে।

স্বাধীনচেতা ধর্ম পিপাস্থ শিক্ষিত যুবকগণের মধ্যে এক্ষণে ধর্ম-জজ্ঞািদা উপস্থিত হইয়াছে। তাঁহারা শাস্ত্রাদি পাঠ করিতে আরম্ভ করিয়াছেন, এবং নিজের মনোমত গুরু বাছিয়া লইতেছেন; ইহারা আর কুলগুরুর মুখাপেক্ষা করিতেছেন না।

বৈশ্ববধর্ম অতি উদার ও বিশ্বন। ইহা ধর্মের চরম সীমায় উপনীত হইয়াছে। ইহার উপর আর কোন ধর্ম হইতে পারে না। ইহা দার্শনিক ভিত্তির উপর সংস্থাপিত। আজকাল বৈষ্ণবধর্মের বহু প্রচারও আরম্ভ হইয়াছে। শাক্ত পরিবারের অনেক শিক্ষিত ধর্মপিপাস্থ যুবক এক্ষণ আর কুলধর্মে স্থির থাকিতে পারিতেছেন না। তাঁহারা কুলধর্ম ও কুলগুরু পরিত্যাগ করিয়া মনোমত গুরু বাছিয়া লইয়া বৈষ্ণবদীক্ষা গ্রহণ করিতেছেন। ইহা দেশের পক্ষে অতীব কলাণিকর সন্দেহ নাই।

নে পরিবার যে বংশের শিষা, সেই পরিবারের লোক গুরুবংশীয় লোকের নিকট দীক্ষা গ্রহণ করিয়া থাকে। পুরুষামূক্রমে গুরুবংশের সহিত একটা সম্বন্ধ থাকায় কেহ কুলগুরু পরিত্যাগ করিতে চায় না। লোকে মনে করে কুলগুরু পরিত্যাগ করিলে গুরুর অভিসম্পাতে পড়িতে হইবে, ইহাতে ধর্মহানি হইবে। প্রকৃত পক্ষে প্রত্যেক হিন্দু পরিবারের সহিত গুরু বংশের একটা ঘনিষ্ঠ ও স্থৃদ্ সম্বন্ধ সংস্থাপিত হইয়াছে।

গুরু পরিবারে লোকশৃত্য হইলে হিন্দুরা অগত্যা অন্ত পরিবারে দীক্ষা গ্রহণ করিয়া থাকে। যতক্ষণ গুরু-পরিবারের কোন দূর জ্ঞাতি বা আত্মীয় থাকে তভক্ষণ তাহারই নিকট দীক্ষা লয়।

গুরু-পরিবারের লোক গুরুর নিতাস্ত অ্যোগ্য হইলেও তাঁহার মর্যাদা রক্ষার জন্ত লোকে তাহারই নিকট দীক্ষা মন্ত্র গ্রহণ করে এবং মনোমত শাস্ত্রজ্ঞ স্থপণ্ডিত সাধনশীল লোককে শিক্ষাগুরু করিয়া তাঁহার নিকট পূজা-পদ্ধতি ও সাধনপ্রণালী শিক্ষা করে। এইরূপে শিক্ষাগুরুর অভ্যুদ্ধ হইয়াছে। করিতেছে দীক্ষা গ্রহণের পর শিক্ষাগুরু করা যেন বিশেষ একটা প্রয়ো-জনীর বিষয়। শিক্ষাগুরুর প্রভাবে দীক্ষাগুরুর প্রতি লোকের ওদাসীগ্র জিমাতেছে। দীক্ষামন্ত্রের উপরও অনাস্থা জিমায়াছে।

শিষ্যের উপর এখন আর দীক্ষা গুরুর প্রভাব বেশী নাই। তিনি শিষ্যকে শাসন করিতে অসমর্থ, তিনি নিরমিত বার্ষিক প্রণামী পাইলেই সম্ভূষ্ট।

শিয্যগণ এখন শিক্ষা গুরুরই বিশেষ অনুগত, তাঁহারা শিক্ষাগুরুর উপদেশ মন্ত সাধন পন্থার পরিচালিত হইতেছেন, শিক্ষাগুরুর যথেষ্ট সেবা করিতেছেন। তাঁহার আনুকুলার জন্ম সর্বতোভাবে প্রায়স পাইয়া থাকেন। শিক্ষাগুরুর প্রভাবে দীক্ষাগুরুর ও দীক্ষামগ্রের প্রতি যে অনাস্থা ইহা সাধনরাজ্যের বোর অনিষ্টকর। দীক্ষাগুরু বা দীক্ষামগ্রের উপর অনাস্থা জন্মিলে নামুষ কথনও ধর্মপথে অগ্রসর হইতে পারে না। বাঁহারা দীক্ষাগুরুকে অনুপ্রকু মনে করেন গুরু পরিবারের থাতিরে অনুপর্ক গুরুর নিকট তাঁহাদের দীক্ষা লওয়া উচিত নুর। ধর্মরাজ্যে লোক-লৌকিকতা থাতির এসব কিছুই নাই। যাহা কল্যাণকর তাহাই করা কর্তব্য। দীক্ষাগুরু পৃথক না করিয়া শিক্ষাগুরুর নিকটই দীক্ষা মন্ত্র গ্রহণ করা কর্তব্য। শিক্ষাগুরু শিক্ষক মাত্র।

এখন 'লোকে বলে, দীক্ষাগুরু নিজ মুখে গুরুত্ব ও গুরুর মহিমা প্রকাশ করেন না, শিক্ষাগুরুই গুরুত্ব ও গুরুর মহিমা বুঝাইয়ু দেন। এসকল কথার কোন ভিত্তি নাই। সাধনপন্থার অগ্রসর হইতে থাকিলেই গুরুত্ব ও গুরুর মহিমা সাধকের হৃদরে আপনা হইতে প্রকাশিত হইবে। পরের কথা শুনিরা বা বই পড়িয়া কি বুঝিবে ? ষতক্ষণ হৃদয়ে প্রকাশিত না হইয়াছে ততক্ষণ শোনা কথার কোন ফল নাই।

দীক্ষাগুরুর অবনতি গু শিক্ষাগুরুর প্রাত্তাব বশত: লোকে আর

একটা কথা তুলিয়াছে। এখন লোকে বলিতেছে দীক্ষাগুরু যেমন তেমন একজন হইলেই হইল; শিষ্যের সাধনই প্রয়োজন; সাধন করিতে পারিলেই ধর্ম্মলাভ হইবে। এইজন্ম ইহারা বিরূপাক্ষের দৃষ্টাস্ত দিয়া থাকেন। কথাটা নিতান্ত অমূলক ও অশাস্ত্রীয়; এই সকল উপকথাই এদেশের ধর্মহীনতার কারণ। অযোগ্য গুরুকর্ত্তক যে এই অমূলক উপাথ্যান রিভিত হইয়াছে ইহার আর কোন সন্দেহ নাই। বিরূপাক্ষের উপাথ্যানটী পরবর্ত্তী পরিচেছদে লিখিত হইল।

যদি সাধন করিকেই ধর্মলাভ হইত তাহা হইলে গুরুর প্রয়োজন হইত না। গুরু শিষাকে শক্তি প্রদান করেন, শিষা এই গুরুশক্তিবলে বলীয়ান হইয়া সাধনপথে অগ্রসর হইতে থাকে। এই শক্তি লাভের জন্তই গুরুকরণের আবগ্যকতা। ধর্ম লাভ করিতে হইলে উপযুক্ত গুরুও চাই উপযুক্ত শিষ্যও চাই, গুরুর শক্তি আ শিষ্যের সাধন ব্যতীত ধর্মলাভ অসম্ভব।

চতুর্থ পরিচ্ছেদ।

বিরূপাক্ষ উপাধ্যান।

বিরূপাক্ষ একজন তাম্রিক সাধক। তাঁহার নিবাস সিঙ্গুর। তাঁহার গুরু নির্কোধ ও শাস্ত্রানভিজ্ঞ ছিলেন। গুরু বিরূপাক্ষকে যে মন্ত্র প্রদান করিয়াছিলেন, তাহা অন্তদ্ধ, শাস্ত্রসন্মত নহে। মন্ত্র ঠিক না হইলেও বিরূপাক্ষ গভীর সাধনাবলে সিদ্ধিলাভ করেন এবং পূর্ণানন্দ নামক জনৈক যুবককে শিধ্য করেন। গভীর সাধনাবলে পূর্ণানন্দেরও সিদ্ধি লাভ হয়।

এক দিন বিরূপাক্ষ আপন শিশ্ব পূর্ণানন্ধকে সঙ্গে লইয়া খাশানে তান্ত্রিক সাধনে প্রবৃত্ত হন। তাঁহার মন্ত্র ভূল থাকায় যোগিনীগণ তাঁহাকে খাশান হইতে তুলিয়া লইয়া স্থদ্রে নিক্ষেপ করেন। বিরূপাক্ষ সংজ্ঞাহীন হইয়া এক খণ্ড জ্মিতে পরিয়া থাকেন।

কিছুকাল পরে বিরপাক্ষ সংজ্ঞা লাভ করেন, কিন্তু তাঁহার পূর্বাশ্বতি সমস্তই লুপ্ত হইয়া যার। এই অবস্থার বিরূপাক্ষ এক রুষকের ক্যাকে বিবাহ করেন। এই পত্নীর গর্ভে বিরূপাক্ষের কয়েকটি সন্তান জন্ম। বিরূপাক্ষ স্ত্রী ও সন্তানগণকে লইরা চাষ আদির শ্বারা সংসার্যাত্রা নির্বাহ করিতে থাকেন।

পূর্ণানন্দ গুরু অরেষণে নানাদেশ পর্যাটন করিয়া বস্থকাল পরে বির্ন্ধ-পাক্ষকে দেখিয়া চিনিতে পারেন। কিন্তু বিরূপাক্ষ পূর্ণানন্দকে চিনিতে পারেন নাই। পূর্ণানন্দ গুরুর সহিত আলাপ করিয়া দেখিলেন গুরুর পূর্বেশ্বতি সমস্তই বিলুপ্ত হইরাছে।

পূর্ণানন্দ গুরুর পূর্বস্থৃতি জাগরিত করিবার জন্ত এক ছিলিম গাঁজা সাজিলেন এবং তাহা মন্ত্রপূত করিয়া গুরুকে থাইতে দিলেন। এই গাঁজার টান দিবামাত্র বিরূপাক্ষের পূর্বস্থৃতি জাগ্রং হইল। তথন তিনি পূর্ণানন্দকে চিনিতে পারিলেন। বিরূপাক্ষ নিতান্ত তঃখিত হইয়া পূর্ণানন্দকে বলিলেন—

বিরূপাক্ষ-অামার সর্বনাশ হইয়াছে। আমি একণ মায়ার দাস।
স্ত্রী পুত্র লইয়া সংসারে মন্ত হইয়া পড়িয়াছি। আমি ইহাদের মায়ার ।
একেবারে মুগ্ধ। এখন উপার কি ?

পূর্ণানন্দ—যাহা হইবার তাহা হইয়া গিয়াছে। আপনি আর মায়ায় মুগ্ধ হইয়া থাকিবেন না। আনার সঙ্গে আহ্বন, আবার সাধনে প্রবৃত্ত হউন, নিশ্চয়ই আপনার সিদ্ধিলাভ হইবে। বিরূপাক্ষ শিষ্মের কথায় গৃহত্যাগ করিয়া পুনরায় গভীর সাধনায় নিযুক্ত হইলেন। বিরূপাক্ষের স্থগভীর সাধনায় দেবী প্রসন্না হইলেন কিন্তু বিরূপাক্ষের মন্ত্র অশুদ্ধ থাকায় তিনি তাঁহাকে দর্শন দিতে পারিলেন না। দেবী ভগবতী একটী বিশ্বদলে শুদ্ধমন্ত্র লিখিয়া আপন সখী বিজয়ার হস্তে দিলেন এবং এই মন্ত্র জঁপ করিবার জন্ত বিরূপাক্ষকে বলিয়া পাঠাইলেন। বিজয়া মন্ত্রটি লইয়া বিরূপাক্ষের নিষ্কৃট উপস্থিত হইলেন এবং তাহা জপ করিবার জন্ত ভগবতীর আদেশ জানাইলেন।

বিরূপাক্ষের প্রবল গুরুভক্তি, তিনি বিজয়াকে বলিলেন, "দেবীর প্রদত্ত মন্ত্র আমি কদাচ গ্রহণ করিব না। আমার গুরু আমাকে যে মন্ত্র প্রদান করিয়াছেন আমি তাহাই জপ করিব। দেবীর প্রদত্ত মন্ত্র আমি গ্রহণ করিতে পারি না।" এই বলিয়া মন্ত্রটি ফেলিয়া দিলেন।

বিজয়া বিরূপাক্ষের গুরুভক্তির কথা দেবীকে জ্ঞাপন করিলেন এবং বলিলেন বিরূপাক্ষ গুরুদত্ত মন্ত্র বাতীত অস্তু কোন মন্ত্র জ্ঞাপ করিবে না। আপনার প্রদক্ত মন্ত্র সে ফেলিয়া দিয়াছে।

দেবী এই কথায় চিস্তিত। হ**ই**য়া বিরূপাক্ষের গুরুর নিকট উপস্থিত হইয়া তাঁহাকে দর্শন দিলেন এবং মন্ত্রটি বিরূপত্রে লিখিয়া গুরুর হস্তে দিয়া বলিলেন "তুমি এই মন্ত্র বিরূপাক্ষকে প্রদান কর।"

দেবীর কথায় বিরূপাক্ষের গুরু বিরূপাক্ষের নিকট উপস্থিত হইরা দেবীর প্রদত্ত মন্ত্র তাঁহাকে প্রদান করিলেন। বিরূপাক্ষ ঐ মন্ত্র জপ করিলে ে দেবী প্রত্যক্ষ হইয়া বিরূপাক্ষকে বলিলেন।—

দেবী—বিরূপাক্ষ, তোমার সাধনে আমি সম্ভুষ্ট হইয়াছি, এক্ষণ আমার নিকট বর প্রার্থনা কর।

বিরূপাক্ষ--- আপনাকে প্রত্যক্ষ করিলাম, আমি আর আপনার নিকট কি বর লইব ? তবে এই স্থব্হৎ পাথর্থানায় বসিয়া আমি সাধন করিয়া থাকি, আমি যথন ধেথানে এই পাধর থানা লইয়া যাইতে বলিব তথন সেইথানে এই পাধর থানা নিজে বহিয়া দিবেন এই বর প্রদান করুন।

দেবী "তথাস্ত্র" বলিয়া বিরূপাক্ষকে বর প্রদান করিলেন। বিরূপাক্ষ এইবার দেবীকে বাগে পাইরাছেন। তিনি বলিলেন এই পাথরখানা অমুক স্থানে রাখিয়া আইস, দেবী তাহাই করিলেন। আবার বলিলেন অমুক স্থানে রাখিয়া আইস, দেবী আবার তথায় লইয়া চলিলেন। বিরূপাক্ষ এইরূপে দেবীকে ক্রমাগত পাথর বহাইতে লাগিলেন। ক্রমাগত পাথর বহিতে বহিতে দেবী হয়রাণ হইয়া পড়িলেন; তথন নিতাস্ত কাতর হইয়া বিরূপাক্ষকে বলিলেন—

দেবী—বাবা বিরূপাক্ষ, আর আমাকে তুঃখ দিও না। তোমার পাথর বহিতে বহিতে আমার কাঁঙ্কালটা ভাঙ্গিয়া গেল, আর আমি পাথর বহিতে পারিতেছি না।

্বিরূপাক্ষ—বেটি, ভোকে কি অল্পে ছাড়িব ? আমাকে কত কণ্ট দিয়া-ছিদ্ জানিদ্না ? তোকে সেইরূপ কণ্ট দিব তবে ছাড়িব।

দেবী—বাবা যথেষ্ট হইয়াছে, আমার আর কণ্টের অবধি নাই, প্রাণ ওষ্ঠাগত, এখন ক্ষমা কর।

এইবার বিরূপাক্ষ সম্ভুষ্ট হইলেন। দেবীকে বিষম বিপদ হইতে অব্যাহতি দিলেন। দেবী খালাস পাইয়া হাঁপ ছাড়িয়া বাঁচিলেন।

এই আখায়িকাটী কোন পৌরাণিক আখায়িকা নহে।
কিন্তু সাধারণে বড়ই প্রচারিত। গুরুগণের মুখে প্রায়ই বিরূপাক্ষের
দৃষ্টান্ত শশিক্ত পাওয়া যায়। পাছে শিষাগণ হাত ছাড়া হইয়া পড়ে এই
জন্য এই গর্মনী যে অযোগা গুরুগণের সৃষ্টি ইহাতে আর কোন সন্দেহ
নাই।

ভ্রাপ্ত বিশ্বাসের বশবর্তী হইরা শিষ্যগণ আর উপযুক্ত গুরুর অন্বেষণ করে না। গুরুবংশের ধে কোন লোকের নিকট দীক্ষা গ্রহণ করে এবং শিক্ষাগুরুর নিকট পূজাপদ্ধতি ও সাধন-প্রণালী শিথিয়া লয়। শিক্ষা-গুরুই এখন প্রকৃত গুরুস্থানীয়, দীক্ষাগুরুর সহিত কেবল 'বার্ষিকের'

পঞ্চম পরিচ্ছেদ।

সাজা-গুরু ও সংখর গ্রন্থ

কালপ্রভাবে লোকের ধর্মভাব কমিরা গিরাছে, লোকের মনে এখন বাবসায়াঝিকা বৃদ্ধিই প্রবল। ধর্ম লইয়া একটা ব্যবসার আরম্ভ হইয়াছে। বাঙ্গালা দেশের মধ্যে নবদ্বীপ যাও, কাটোয়া যাও, ভেট না দিলে আর ঠাকুর দেখিতে পাইবে না। গোস্বামী ও ঠাকুর সন্তানগণ, ধর্মসাধনই বাহাদের জীবনের লক্ষ্য ছিল, বাহাদের বহু শিষ্য, বাহারা এদেশের ধর্ম,

শাস্ত্র সদাচার রক্ষা করিয়া আসিতেছিলেন তাঁহাদেরই এই বৃদ্ধি।
ব্যবসায়ের জন্ম নৃতন নৃতন ঠাকুর-সেবা স্থাপিত হইতেছে। বহু জর্থ
ব্যয়ে ঠাকুরবাড়ী প্রস্তুত ও ঠাকুর সাজান হইতেছে, মূল উদ্দেশ্য অর্থোপার্জন। ধর্ম্ম-প্রাণ হিন্দুগণ ঠাকুর দর্শন করিয়া, যাহার যেমন সাধ্য সে
তেমনি প্রণামী দিয়া থাকে। এখন কিন্তু তাহাতে আর সেবাইতগণের

মন উঠিতেছে না; তাঁহারা ঠাকুর দর্শনের রীতিমত টেক্স স্থাপন করিয়া-ছেন ; ঠাকুরবাড়ীর দ্বারে ভোজপুরী বলিষ্ঠ দ্বারবান দ্তায়মান।

দ্রদ্রান্তর হইতে ধর্ম-প্রাণ দ্রীলোক ও প্রুষগণ প্রাণের মধ্যে সরস ভাব লইয়া ঠাকুর দর্শনে যাইতেছেন, ঠাকুর দেখিয়া তাঁহারা রুতার্থ হইবেন, বছদিন হইতে এই বাসনা হৃদরে পোষণ করিয়া আসিতেছেন, ঠাকুরবাড়ী প্রবেশ করিতে না করিতে ভীমকায় দারবান আসিয়া তাঁহাদের গতি রোধ করিল। তাঁহাদের নিকট নির্দিষ্ট টেক্স আদায় জন্ম কর প্রসারিত করিল। যাত্রিগণের প্রীহাটা অমনি চমকিয়া উঠিল, তাঁহাদের সরস প্রাণ বিরস্ইল, ধর্মভাবটুকু চলিয়া গেল, তাঁহারা বিষম দায়ে পড়িলেন। যাহারা টেক্স দিতে সমর্থ হইল তাহারাই প্রবেশাধিকার পাইল, যাহাদের সামর্থা হইল না, তাহারা বিষ্ণা মনে ফিরিয়া গেল।

এ ব্যবসায় যে কেবল নবদ্বীপ ও কাটোয়ায় ঢুকিয়াছে এমত নহে, এই সংক্রোমকরোগ ক্রমে ক্রমে নানা স্থানে দেখা দিতেছে। পূর্ব্বে ঠাকুর সন্তান ও গোস্বামিদর্ভানগণের এ ত্র্কুদ্ধি ছিল না। ধর্মলাভই তাঁহাদের জীবনের লক্ষ্য ছিল।

ধন ও ধর্ম কথনও একস্থানে থাকিতে পারে না। যেথানে ধন দেইথানেই বিশাসিতা ও অধর্ম। ধর্মকে বিক্রয় করিয়া অর্থোপার্জনের ম্বায় অপরাধ আর নাই। আমাদের দেশে শিয়ের নিকট অর্থ গ্রহণের অথবা প্রাণ পাঠ করিয়া অর্থোপার্জনের নিয়ম ছিল না, কালপ্রভাবে সকলই ঘটিয়াছে। গুরু-সম্বন্ধ দানের সম্বন্ধ, গ্রহণের সম্বন্ধ নহে, পূর্ব্বে গুরুগণ শিশ্বগণের নিকট কিছুই লইতেন না। নানাপ্রকারে তাহাদের সাহায্য করিতেন মাত্র।

ধর্ম, ব্যবসামে পরিণত হওয়ায়। গোস্বামিসস্তান, ঠাকুরসস্তান ও আচার্য্যগণ বছ ধনশালী হইতেছেন। ধন-পিপাসা কাহারও মেটে না, যত ধনোপার্জন হইতেছে, ততই পিপাসা পরিবন্ধিত হইতেছে। ধনের ফল বিলাসিতা, অহঙ্কার, ভোগলালসা ইত্যাদি হুপ্রবৃত্তি সকলের অভ্যাদর হইতেছে। ধর্মো জলাঞ্জলি দিয়া ইহারা অধর্মেরই পরিচর্যা করিতে-ছেন।

হিন্দু জাতি ধর্মপ্রাণ। ইহারা যেথানেই ধর্মের কথা শুনিতে পান
সেইথানেই ছুটিয়া যান। শাস্ত্র-জ্ঞান অতি কম লোকেরই আছে। স্থয়েগ
বুঝিয়া আবার কতকগুলি ধূর্ত্রলোক গুরু সাজিয়া উপস্থিত হইয়াছে।
ইহাদের না আছে ধর্ম, না আছে সাধন, না আছে শাস্ত্রজ্ঞান। ইহারা
সমাচার বর্জ্ঞিত। ইহারা সাধ্র সাজে স্থসজ্জিত হইয়া লহা চওড়া বাক্য
চালাইয়া, কৈহ কেহ আবার ছই একটা বুজয়কি দেখাইয়া লোক-সংগ্রহ
করিতেছে এবং তাহাদিগকে শিয়া করিয়া বহু অর্থ উপার্জ্ঞন করিতেছে।

লোক ইহাদের প্রলোভনে ভূলিয়া, দলে দলে ইহাদের শিয়ুছ
গ্রহণ করিতেছে।

ইহাদের রীতিমত Recruiter আছে, তাহারা নানা প্রলোজনে ভুলাইরা শিল্প সংগ্রহ করিরা বেড়াইতেছে। এই সকল ধূর্ত্ত প্রবঞ্চকেরা আপনাদের অলোকিক ক্ষমতা প্রচার করিবার জল্প নানা প্রকার জাল জালিয়াতি মিথ্যা প্রবঞ্চনার আশ্রম লইতেছে। ইহারা না পারেন এমন কাজ নাই। ইহারা বন্ধ্যাকে পূত্রবতী করিতে পারেন, উৎকট ব্যাধি আরাম করিরা দিতে পারেন, মোকর্দ্ধমার জয়লাভ করিরা দিতে পারেন, বেকার লোকের চাকরী করিয়া দিতে পারেন, চাকুরে লোকের পদ বৃদ্ধি করিয়া দিতে পারেন, বদলী বা পদচ্যতির আদেশ হইলে তাহাও রদ করিয়া দিতে পারেন। অক্ত স্বার্থারেমী লোক এই সমস্ত প্রলোভন বাক্যে মৃগ্ধ হইয়া দলে দলে ইহাদের নিকট ধাবিত হইতেছে। ইহার পরিপাম ফল বাহা, শিশ্বপণ তাহাই ভোগ করিতেছে।

এই সকল স্বার্থপর গুরুর স্বার্থারেষী শিষ্মের অনেক চুর্দশার কথা আমি জানি। ছেলের পীড়া হইয়াছে, গুরুদেবকে জানান হইল। গুরুদেব বলিলেন "কোন চিন্তা নাই, এই কবচটা ধারণ করাইয়া দিও, অথবা আমার এই পাদোদক থাওয়াইয়া দিও, ছেলে ভাল হইয়া যাইবে।" শিয়্ম তাহাই করিল; আর ডাক্তার ক্বিরাজ দেথাইবার অর্থবার ক্রিতে হইল না। মনে বড়ই আনন্দ।

বছ রোগই আপনা হইতে সারিয়া যায়, যদি দৈবাৎ ব্যায়ামটা ভাল হইয়া গেল, তবে গুরুর পসারের আর সীমা নাই। নানা স্থানে গুরুর মহিমা প্রচার হইতে লাগিল; শিয়েরও গুরুভক্তি যথেষ্ঠ বাড়িয়া গেল। স্বার্থপর শিয়ের স্বার্থসিদ্ধি হওয়ায় শিশু গুরুর একান্ত অর্থগত হইয়া দাড়াইল; নানা স্থানে আবার Recruiter গণ কাজ করিতে লাগিল। এইরপ দৈবাৎ কাহারও কোন স্বার্থসিদ্ধি হইলে, শিশুমহলে গুরুর প্রতিপত্তির আর বাকী থাকে না।

আমি জানি অনেক অর্থশালী এবং পদস্থ লোক এই প্রবঞ্চক গুরুর প্রলোভন বাক্যে মুগ্ধ হইয়া পুত্রের ব্যারামের চিকিৎসা করার নাই; ভজ্জন্ত ভাহাদিগকে হা হতোশ্মি করিয়া ছর্নিবার পুত্রশোক ভোগ করিতে হইয়াছে। স্বার্থপর লোক দেখিয়াও দেখে না, ব্ঝিয়াও বুঝে না। হস্ত্যাজ্য স্বার্থ ভাহাদের জ্ঞান হরণ করে এবং চক্ষুকে অন্ধ করিয়া ফেলে।

বাহারা ধর্ম চান, বাহারা ছন্তর ভবসমূদ্র পার হইতে ইচ্ছা করেন, এই সকল লোকপ্রতারক গুরু হইতে তাঁহারা সাবধান হইবেন। ইহাদের প্রলোভন বাক্যে কদাচ ভূলিবেন না। সাধুর চারিটী লক্ষণ। সাধু কথনও আত্ম-প্রশংসা করেন না, পরনিন্দা করেন না, বৃজুকি দেখান না বা অর্থ বাজ্ঞা করেন না। বাহাতে এই চারিটীর একটীও বর্তমান আছে তাহাকে সাধু বলিয়া মনে করিবেন না, এবং তাহার সংস্পর্শে আসিবেন না। সাধুগণের অলোকিক ক্ষমতা থাকে সন্দেহ নাই। থাহার অলোকিক ক্ষমতা থাকে তিনি ক্থনও তাহা প্রকাশ করেন না। প্রকাশ করিলে সে ক্ষমতা নষ্ট হইয়া যায়।

তুর্নিবার অর্থ-লালসার বশবর্তী হইয়া মানুষ করিতে না পারে এমন কাজ নাই। যে অর্থ সমস্ত অনর্থের মূল, যে অর্থ ধর্মোর ঘোরতর অন্ত-রায়, যে অর্থ সাধুগণ চিরকাল পরিত্যাগ করিয়া আসিতেছেন, বড়ই পরি-তাপের বিষয় সদ্গুলর শিশ্ব হইয়া, গুরুক্বপায় দেবতাগণেরও জুম্পাপ্য প্রবন্ধ ভগবৎ-শক্তিলাভ করিয়া ইতোমধ্যেই গোস্বামী মহাশরের কোন কোন শিশ্বও তাহা হাটে বাজারে বিক্রম করিতে আরম্ভ করিয়াছেন, গুরুগিরির দোকান খুলিয়া বসিয়াছেন। থরিদদার আকর্ষণ করিবার জন্ম স্বাঞ্জিত সাইনবোর্ড টাঙ্গাইয়া দিয়াছেন। গৈরিক রেশমী-বসন, স্বদীর্ঘ-জনী, লম্বা চওড়া নাম, উপাধি ইত্যাদি যাহা কিছু প্রয়োজনীয় তৎসমূদ্য গ্রহণ করিয়া সাধুর বেশে সজ্জিত হইয়াছেন।

ধর্মপ্রাণ হিন্দুগণ ইহাদের নিকট দলে দলে উপস্থিত হইরা দীক্ষা-মন্ত্র
গ্রহণ করিতেছেন। যাঁহারা এই সকল সাজা-গুরুর নিকট দীক্ষা-মন্ত্র
গ্রহণ করিতেছেন তাঁহাদের যে কোনই উপকার হইতেছে না একথা আমি
বলিতেছি না, কিন্তু যাঁহারা এই দীক্ষা দিতেছেন তাঁহাদের যে সর্কনাশ
উপস্থিত হইতেছে ইহাও স্থানিশ্চিত। ধর্মনাশ হইলে মামুষের যে হুর্গতি
হয় ইহাদের তাহাই হইতেছে। প্রভূত ধনাগমে ইহাদের ভোগ-লালসা
পরিবর্দ্ধিত হইতেছে, চরিত্র কল্যিত হইতেছে। প্রতিষ্ঠা-লাভেচ্ছা বাড়িয়া
যাইতেছে, সংসারাসক্তি প্রবল হইতেছে। ভগবৎশক্তি মলিন হইতেছে,
ক্রমে ইহারা ভজনবিহীন হইয়া পড়িতেছেল।

কেহ বা দেখিল তাহার নিজের চারিজ লোকের অবিদিত নাই, সে নিজে সাধুর বেশে সজ্জিত হইয়া গুরুপিরির দোকান খুলিলে ধরিদদার জুটিবে না, একারণ আপন স্ত্রী দারা এক অভিনব বিপণি খুলিয়া বসিয়াছে। রীতিমত আড়কাটি বাহাল করিয়া থরিদদার সংগ্রহ হইতেছে, তাহাতে আয়ও থথেষ্ট।

ভদ্রঘরের কুল-ললনা দোকানে বসিয়া প্রভ্যক্ষভাবে কেনাবেচা করিছে পারেন না, এজন্ত তিনি পরোক্ষভাবেই কেনাবেচা করিয়া থাকেন। পৃষ্ঠপোষক আরকাটিগণ থরিদদারগণকে নানা-প্রলোভনে ভূলাইতেছে। তাহারা গোপনে প্রচার করিতেছে প্রীপ্তরুদেবের সহিত তাঁহার এই শিয়ার প্রত্যহ রাত্রিযোগে নাকি কথাবার্জা হয়। গুরুদেব শ্বয়ং এই শিয়ার দারা দীক্ষা-মন্ত্র প্রদান করেন। প্রার্থী ব্যক্তিগণ মধ্যে যিনি যে নাম চাইবেন তাহা আসনের নীচে লিখিত থাকে। প্রার্থীর হস্তে সেই লিখিত নাম পরোক্ষভাবে দেওয়া হয়। গুরু শিয়ো দেখা হয় না।

দত্য, ত্রেতা, দ্বাপর, কলি এ চারি যুগের মধ্যে পরোক্ষভাবে এ প্রকার
দীক্ষা কথনও প্রচলিত ছিল না, এইবার নৃতন প্রচলিত হইয়াছে। ইহা
একেবারেই শান্ত্রবিক্ষন। ইহাতে দীক্ষার কার্য্য হয় না। শিয়্মের কোন
উপকার হয় না। শাল্র জানা থাকিলে মুর্থ আড়কাটি ও কর্ত্তারা এই
প্রণালী অবলহন করিত না, আর কোন উপায় অবলয়ন করিত। সদ্গুরুর
শিষ্য হইয়া অর্থের জন্ত যাহারা এই সমস্ত কুকার্য্যে লিপ্ত হইয়াছে,
তাহারা সাজা-গুরুর অন্তর্গত। ইহারা গুরুর আদর্শ ভূলিয়া গিয়াছে।
ক্র্যে লাভের জন্ত শীয় গুরুর শাসন অবহেলা করিতেছে, ধর্মকে জলাঞ্জনি
দিতেছে।

হিন্দু মাত্রেরই ঋষি-প্রণীত শাস্ত্র পাঠ করা একাস্ত আবশুক। শাস্ত্র জ্ঞান-চক্ষু ফুটাইয়া দেয়। শাস্ত্র-জ্ঞান থাকিলে তুইলোকের নিকট প্রতারিত হইতে হয় না। যে ভক্ত শাস্ত্রজ্ঞা তিনিই উচ্চ অধিকারী।

এদেশে আবার এক রকম গুরু দেখা দিয়াছে। ইহাদিগকে সথের

গুরু বলা যাইতে পারে। ইহারা কেহ কেহ প্রভূত অর্থশালী। শিষ্যের স্থারা অর্থোপার্জন হইবে এ বাসনা ইহাদের নাই। ইহারা বরং শিষ্যকেই নানাপ্রকারে সাহায্য করিয়া থাকেন। ইহাদের যথেষ্ঠ মান, সম্ভ্রম ও প্রতিপত্তি আছে। কেহ কেহ বা সরকার বাহাত্তরের নিকট হইতে উপাধি লাভও করিয়াছেন। ইহাদের কোন অভাব নাই। ইহারা প্রতারক বা ধূর্ত্ত নহেন। গুরু-সাজা ইহাদের কেবল মাত্র একটা স্থ। এই জন্ম ইহাদিগকে সথের গুরু বলা যাইতেছে।

শিক্ষিত-সমাজে ও সরকার বাহাছরের নিকট ইহাদের যথেষ্ট প্রতিপত্তি ও মানসম্রম থাকিলেও ইহাদের যশোলিন্সার পরিসমাপ্তি হইতেছে না। যশোলিন্সা সদাই ইহাদের চিত্ত উদ্বেলিত করিতেছে।

হিন্দুর নিকট গুরুতত্ত্ব সর্বোপরি। গুরু অপেক্ষা হিন্দুর অধিক গোরবের পাত্র নাই। ভগবানের আসন অপেক্ষা গুরুর আসন উচ্চ। গুরুর পূজা না করিলে হিন্দুর কোন দেবতার পূজা করিবার অধিকার নাই। আগে গুরুর পূজা, তবে ভগবানের পূজা। গুরু উপস্থিত থাকিলে ভগবানেরও পৃথক পূজা নাই। কারণ গুরুই সর্বাদেবময়।

হিন্দুর দেশে, হিন্দুর সমক্ষে, এহেন গুরু পদটি অধিকার করিতে না পারিশে আর কি তৃপ্তি আছে? ভারতগবর্ণনেন্ট বা ভারতসমাটের প্রদত্ত বড় উপাধি গুলি গুরুর উপাধির নিকট তুচ্ছ, শুতরাং ইহারা এই উপাধিটি গ্রহণ করিবার জন্ম ক্তসংকল্প হইয়াছেন।

यर्छ পরিচ্ছেদ।

সাম্প্রদায়িকতা।

সাম্প্রদায়িকতা অর্থাৎ দলীয়-বৃদ্ধি বেমন ধর্মের অন্তরায় এমন আর কিছুই নহে। দলবদ্ধ হইয়া থাকা মান্তবের স্বভাব। মন্ত্র্যজাতি সহস্র সহস্র দলে বিভক্ত। এক একটা দল এক একটা জাতি। আবার এই জাতির মধ্যে ভিন্ন ভিন্ন দল। হিন্দু জাতির মধ্যে বেরূপ দলের প্রাধান্ত পৃথিবীর অন্ত কোন জাতির মধ্যে এরূপ প্রাবন্য দেখা যায় না।

বেখানে দল সেইখানেই সকীর্ণতা, যেখানে সন্ধীর্ণতা সেই থানেই তাহার অপকারিতা। এক হিন্দুর মধ্যে শত শত বিভিন্ন জাতি। প্রত্যেক জাতির মধ্যে আবার নানা বিভাগ। এই সকীর্ণতার জন্ম ব্রাহ্মণের লাহ্মণের সহিত আদান প্রদান করিতে পারে না। ব্রাহ্মণ ব্রাহ্মণের হাতে থার না। আন্ধ্র নামণের ব্রাহ্মণের কথা দ্রে থাকুক এক বাঙ্গালা দেশের ব্রাহ্মণ্যণ রাটীর, বারেজ্র, বৈদিক ইত্যাদি নানা শ্রেণীতে বিভক্ত। ইহাদের মধ্যে বিবাহ চলে শা। আবার এই শ্রেণীগুলির মধ্যে প্রত্যেক শ্রেণীর বিবিধ শাখা। এক রাটীরশ্রেণী ব্রাহ্মণগণের মধ্যে কেহ চাটুষ্যে, কেহ মুখুযো, কেহ চক্রবর্তী, কেহ ঘোষাল ইত্যাদি ইত্যাদি। এই শাখাগুলির মধ্যে প্রত্যেক শাখার আবার নানা উপশাখা। কুলীনগণের মধ্যে কেহ থড়দহ, কেহ বন্ধভী, কেহ সর্বানন্দী, কেহ চক্রশিখরী ইত্যাদি ইত্যাদি। এই সকল উপশাখার আবার বিবিধ প্রশাখা, কেহ নিকষ, কেহ এক পুরুষে, কেহ ছ-পুরুষে ইত্যাদি ইত্যাদি।

বান্ধণগণ এইরপ শত শত গণ্ডির মধ্যে আবদ্ধ হওয়ায় ইহাদের মধ্যে ঘোরতর বিবাহবিভ্রাট উপস্থিত হইতেছে। কোথাও একজন কুলীন-সন্তান শত শত কন্সার পাণিগ্রহণ করিতে বাধ্য হইয়াছে, আবার কোন কোন অকুলীন রান্ধণ আদে বিবাহ করিতে অশক্ত হওয়ায় তাহাদের বংশ লোপ পাইতেছে। কায়ন্থ প্রভৃতি অন্সান্ত জাতিগণের মধ্যেও অল্প বিকর এইরপ হর্দশা ঘটিয়াছে। সাম্প্রদায়িকতা হইতে যে কেবল বিবাহ-বিভ্রাট উপস্থিত হইয়াছে তাহা নহে, ইহা হইতে আরও নানা অনিষ্ট ঘটিয়াছে। জাতিবিদ্বেষ, দ্বর্মা, অহঙ্কার ইত্যাদি বিবিধ সম্প্রবৃত্তি জন্ময়াছে। সমাজের সাস্থাহানি হইয়াছে, সমাজ ক্ষীণ ও হ্র্কাল হইয়া পড়িয়াছে।

সাম্প্রদায়িকতা বেমন জনসমাজের অনিষ্টকর, ইহা তেমনি ধর্মজগতের গোর অকল্যাণকর। ধর্মজগতের সাম্প্রদায়িকতার জন্ত পৃথিবীতে যত রক্তপাৎ হইয়াছে এত রক্তপাৎ আর কিছুতেই হর নাই। কুশেড় শ্বরণ করিয়া দেখুন। খৃষ্টান ও মুসলমানের মধ্যে কাটাকাটির বিরাম নাই, রক্তধারায় পৃথিবী প্রাবিত। খৃষ্টানজগতে ক্যাথলিক ও প্রটেষ্ট্যান্টগণের লোমহর্ষণ কাঞ্চ শ্বরণ করিয়া কাহার না হৃদ্কম্প হয় ? হিন্দু ও বৌদ্ধানের রক্তে ভারতবর্ষ বহুকাল যাবৎ ভাসমান ছিল। বৌদ্ধর্ম ভারতবর্ষ হইতে বিতাড়িত হইলে তবে রক্তন্তোত বন্ধ হয়।

হিন্ধর্ম যত কেন উদার হউক না, ইহার বিভিন্ন শাখা প্রশাখা পরস্পরের প্রতি অত্যাচার করিতে কখনও ক্ষান্ত হয় নাই। প্রত্যেক ক্সন্তেমেলায় স্নানের জন্ত শিখ, রামাইত, সন্নাসী প্রভৃতি বিবিধ সম্প্রদায়ের মধ্যে প্রতিবার ঘোরতর সংগ্রাম হইত; এই জন্তই নাগা সম্প্রদায়ের সৃষ্টি। নাগাগণ একেবারে উলঙ্গ অবস্থায় থাকেন। তাঁহাদের অঙ্গে কোন বয় নাই, পরিধানে একটু কৌপীনও নাই। নিদারুণ শীতে একখানি কম্বল ছারাও অঙ্গ আচ্ছাদন করেন না। সঙ্গে প্রকৃতি নাই, জল পানের.

জন্ম একটা কমগুলুও সঙ্গে রাখে না। কিন্তু সঙ্গে একখানি তরবারি রাখা চাই। তরবারি ছাড়া ইহারা কোথায়ও যান না।

শীতাতপ সহা করার, আজীবন ব্রহ্মচর্য্য রক্ষা করার ইহাদের শরীর অত্যন্ত বলিন্ঠ; ইহাদের শরীরে প্রায়ই কোন রোগ হয় না। ইহারা অত্যন্ত কণ্ঠসহিক্ষ্। সাধুগণকে রক্ষা করাই ইহাদের ব্রত। যদি কোন সাধুর প্রতি বা কোন ধর্ম-সম্প্রদারের প্রতি জেত্যাচার হয় জমনি ইহারা অসিহন্তে ধাবিত হইয়া অত্যাচার নিবারণ করেন। ইহারা উৎকৃষ্ট বোড়সওয়ার। অতি দূরে থাকিলেও অত্যাচারের সংবাদ পাইবামাত্র অর্থারোহণে ক্রতবেগে চুটিয়া যান। ইহারা ধনৈশ্রগ্যের ধার ধারেন না। নাগাগণ বহুকাল হইতে সাধুগণকে রক্ষা করিয়া আসিতেছেন।

ধর্মাত ও আচার আচরণের মিল হইলেই, মানুষ মানুবের প্রতি আরুই হয়। ক্রমে ভালবাসা জন্মে ও দলবদ্ধ হইয়া পড়ে। দলস্থ লোক দিগকে দলের নিকট স্বাধীনতা বিক্রম্ব করিতে হয়। দলের বিরুদ্ধমতে চলিবার তাহাদের সাধ্য নাই। তাহারা বাহা সত্য বলিয়া বুঝিয়াছে বা উপলব্ধি করিয়াছে তাহা তাহাদের পালন করিবার উপায় নাই।, দলের লোক অন্তায় করিলেও তাহাদিগকে সমর্থন করিতে হইবে। তাহার বিরুদ্ধে কথা কহিবার যো নাই। দলের রীতি নীতি মানিয়া চলিতে হইবে, ইহার অন্তথা হইলেই একঘরে হইতে হইবে, দলস্থ লোকনির্যাতন আরম্ভ করিবে।

দলের ধর্ম সত্যধর্ম ইইতে পারেন না, দলের ধর্ম মতের ধর্ম। দলের মতই মাসুষের ধর্ম হইয়া দাঁড়ায়। দলের অফুণ্ডান মাসুষের অফুণ্ডান হয়। এক দলের লোক অন্ত দলের লোকের উপযুক্ত মর্য্যাদা দিতে পারে না। তাহাদের ধর্মেরও আদর করিতে পারে না।

আমাদের বাঙ্গালা দেশে বৈষ্ণব 🗈 শাক্ত সম্প্রদায় প্রব্য । উভয়

সম্প্রদায়ের লোক পরম্পরকে ঘুণার চকে দেখে। উভয়ে উভয়ের নিন্দা করেন, কেহ কাহারও ছায়াম্পর্শ করিতে চায় না। অতি মুপণ্ডিত, সাধু চরিত্র, উপাসনাশীল শাক্তের হাতে কোন বৈশ্বব জল গ্রহণ করিবেন না। কিন্তু মালা-তিলকধারী অতি লম্পট কুচরিত্র হীনজাতির লোকের হাতের জল আনন্দের সহিত থাইবেন; কারণ সে নিজের দলের লোক। শাক্তের উপাশ্ত দেবতার প্রসাদ তাঁহারা ম্পর্শও করিবেন না।, আমি জানি অনেক বৈশ্বব বাধ্য হইয়া শাক্ত-পরিবারে কন্তাদান করিয়াছেন। তাঁহারা বৈবাহিকের বাড়িতে আহুহার করেন না এমন কি বৈবাহিকের বাড়িতে নিজে রাদ্ধিয়া থাইতেও প্রস্তুত নহেন। তাঁহারা মনে করেন শাক্ত-পরিবার বিলয়া বেয়াই বাড়ীটা পর্যান্ত অপবিত্র।

আবার শাক্তেরা বৈষ্ণবদিগকে তজপ ঘূণা করিয়া থাকেন। তাঁহারা বৈষ্ণবদিগকে মর্যাদা দেওয়া দূরে থাকুক তাঁহাদের ও তাঁহাদের উপাসনার ও উপাস্য দেবতার যথেষ্ট নিন্দা করিয়া থাকেন। তাঁহাদের কিছুই ভাল দেখিতে পারেন না। আমাদের দেশে শাক্ত-বৈষ্ণবের বিরোধ বহুকাল হইতে প্রসিদ্ধ আছে। সাম্প্রদায়িকতাই এই বিরোধ ও ধর্মহানির একমাত্র কারণ।

ত্রীবৃন্দাবনের শিরোমণি মহাশরের তার মহাপুরুষও পোস্বামী মহাশয়কে বলিয়াছিলেন "প্রভু, আপনি ভেকাপ্রিত হউন, ডোর-কৌপীন
গ্রহণ করিয়া বৈষ্ণব ধর্ম প্রচার করুন, দেশের ক্লাণ হইবে।"
তাহাতে গোস্বামী মহাশয় শিরোমণি মহাশয়কে বলিয়াছিলেন, "অপনি
আমাকে আর এ অনুমতি করিবেন না। আমি কোন সাম্প্রদায়িক
গণ্ডির ভিতর থাকিতে পারিব না। গণ্ডির মধ্যে থাকা আমার পক্ষে
অসম্ভব।"

গোস্বামী মহাশয়ের ডোর-কোপীন ছিল, কিন্তু তাঁহার গৈরিক বসন

আর মন্তকের জ্টাভার বৈঞ্চবগণের কাল হইল। তিনি অকাতরে ছই হাতে প্রেমভক্তি বিতরণ করিলেন, একজন বৈঞ্চবও নিকটে আসিতে। পারিল না। আমাদের মত দহাদেলই কুড়াইরা থাইল। মরজগতে অমর হইল, অমৃতপানে মৃত্যু হইতে রক্ষা পাইল।

গোস্বামী মহাশয় দীক্ষা দিবার সময় প্রত্যেক শিশ্যকে স্পষ্ট করিয়া বিলয়াছেন "তোমরা আপনাকে কোন দলভুক্ত মনে করিও না।" সাম্প্রদায়িকতা
মহানর্থের কারণ, এইজন্ম তাঁহাকে স্পষ্ট কথার সকলকে সাবধান করিতে
হইয়াছে। আমি সতীর্থগণকে করবোড়ে বলিতেছি, গুরুর এই বাকাটি
যেন তাঁহাদের শ্বরণ থাকে। তাঁহারা বেন দলবদ্ধ না হন। দল হইলেই
দলের মতে সকলকে চলিতে হইবে, সতাধর্মে বঞ্চিত হইতে হইবে।
আপনারা আপন আপন ভাবে ভক্তন করিতে থাকুন, যাহা সতা তাহা
নিশ্চরই আপনাদের নিকট প্রকাশিত হইবে। মতামন্তের দিকে লক্ষ্য
করিবেন না। প্রত্যেকের ভাবকে মর্যাদা দান করুন, তাহা হইলে
সন্ধীর্ণতা অন্তরে প্রবেশ করিতে পারিবে না। গোসাঞী আপনাদের
আদর্শ।

সিংহের থেমন দল থাকে না, মহাত্মগণেরও তেমনি দল থাকে না। তাঁহারা আপন আপন ভাবে চলেন, কাহারও মুখাপেক্ষা করেন না। অথচ সকলকে উপযুক্ত মর্য্যাদা দিয়া থাকেন। সকলের ভাবের যথেষ্ঠ সমাদর করিয়া থাকেন।

ছঃথের বিষয় গোস্বামী মহাশরের শিস্তাগণের মধ্যে কেন্থ কেন্দ্র বান্ধ-সমাজে মিশিরা সাম্প্রদায়িকতার বিষময় ফল ভক্ষণ করিতেছেন, তাঁহারা ইপ্রদেবের স্পষ্ট আজ্ঞা প্রতিপালন করিতে পারিতেছেন না, উচ্ছিপ্ত ও অপবিত্র আহার করিতেছেন। আবার কেন্দ্র কোন্ধারীয় বৈষ্ণব- খাসে খাসে নামজ্ঞপ ত্যাগ করিতেছেন ইষ্ট নাম পরিত্যাগ করিয়া বৈষ্ণব-গণের সাধনপ্রণালী অনুসারে সাধন করিতেছেন। গুরুপ্রণালী মতে চলেন না।

সাম্প্রদায়িকতার বিষে এই সকল লোকের আত্মদৃষ্টি রহিত হইতেছে। তাঁহারা গুরুপ্রণালীর বিরুদ্ধ আচরণের বিষমর ফল বুঝিতে পারিতেছেন না। ধর্মসাধন করিয়া ধর্মলাভ যদি প্রাণের মধ্যে উপলব্ধি না হয় তবে বুঝিতে হইবে ঠিক প্রণালী মতে চলা হইতেছে না।

পরিবর্ত্তন ও পরিবর্ত্তন ধর্মপথে অগ্রেসর হইবার লক্ষণ। আমি ধর্ম সাধন করিতেছি, অথচ মদি দেখিতে পাই আমার পরিবর্ত্তন, বা পরিবর্ত্তন হইতেছে না, তথন বুঝিতে হইবে আমার প্রণালীগত ভূল হইতেছে। তথনই সংশোধন করা কর্ত্তব্য। যথার্থ সাধনপত্থার চলিলে ২৪৪ মাস মধ্যে পরিবর্ত্তন ও পরিবর্ত্তন উপলব্ধি হইবেই হইবে। যে ব্যক্তি রূপণ ছিল, সে দাতা হইবে, যে নির্দ্দর ছিল সে দরালু হইবে, যে নিন্দৃক ছিল সে গুণগ্রাহী হইবে, যাহার সামান্ত দরা ছিল, তাহার দরার্ভি বর্দ্ধিত হইবে, যে পরোপকারী ছিল তাহার পরোপকারের প্রবৃত্তি বৃদ্ধি পাইবে, এইরূপে নানাপ্রকার পরিবর্ত্তন ও পরিবর্ত্তন—উর্ত্তু প্রকাশ পাইবে।

সপ্তম পরিচ্ছেদ।

সংস্কার।

সাম্প্রদায়িকতা বেষন ধর্মলাভের অন্তরায়, আবার সংস্থারও তেমনি ধর্মলাভের প্রতিবন্ধক। সংস্থার একবার জন্মিয়া গেলে তাহা অন্তর হইতে দূর করা স্কঠিন। সংস্থার সত্যকে আচ্ছন্ন করে, আব্দৃষ্টি বিলুপ্ত করে, জ্ঞানচক্ উন্মীলিত হইতে দেয় না। ব্রাহ্মগণের সহবাসে সংস্কারের বিষ আমার হাড়ে হাড়ে প্রবেশ করিয়াছিল। আমি হিন্দুর কিছুই ভাল দেখিতে পাইতাম না। সংস্কারের বশবর্ত্তী হইয়া হিন্দুর শাস্ত্র, সদাচার, ঠাকুর দেবতা সমস্তই অগ্রাহ্ম করিয়া-ছিলাম। গুরুবাদ মহাভ্রান্তি মনে হইয়াছিল, সাধু সন্ন্যাসিগণকে ভ্রান্ত ধূর্ত্ত, সমাজের ঘোর অনিষ্টকারী মনে করিতাম। এমন যে গোস্বামী মহাশয় ইহাকেও নির্কোধ ভ্রান্ত বলিয়া আমার ধারণা হইয়াছিল।

আমি মনে করিতাম, নিজে বড় বৃদ্ধিমান, স্বাধীন-চিন্তাশীল সং-সাহসী ও স্পষ্টবক্তা; আর ব্রাক্ষগুলিই পৃথিবীর মধ্যে আদর্শ মাহুষ। আমরা এই কয়টা ব্রাক্ষছাড়া জগতে আর মাহুষ নাই, সব পশুর মধ্যে। স্বাধীনচিন্তা ও স্বাধীনভাবে আচরণ আর কাহারও নাই।

এই পলাতক আসামী ও মহাদহাকে গ্রেপ্তার করিতে গ্রেপ্তামী
মহাশয়কে অনেক বেগ পাইতে হইরাছিল। সংস্থারের বশবর্তী থাকার
দীক্ষার পরও আমাকে অনেকদিন অহতাপানলে দগ্ধ হইতে হইরাছিল।
আমার কেবল মনে হইত গোস্তামী মহাশর পৌতলিক, হিন্দ্রানির বিষ
ইহার মধ্যে প্রবেশ করিয়াছে, ইনি ভ্রান্ত হইয়াছেন। গুরু করিয়া ভাল
করি নাই, আর যদিই বা গুরু করিয়াছি, ইহার সঙ্গ করা কদাচ উচিত
নর। ইহার হর্দ্দশা আর দেখা যার না।

সংস্থারের বিষ কিছুতেই যাইবার নহে, সাপের বিষ ঝাড়িলে নামে, উপশম হয়, কিন্তু এ বিষের মন্ত্র ও ঔষধ নাই। আমি গুরুজনের কথায় কর্ণপাত করি নাই, সমাজের শাসন মানি নাই, আত্মীয় স্বজনের কাতরতায় আমার মন দ্রবীভূত হয় নাই। আমি যে পাষ্ড সেই পাষ্ড।

গোস্বামী মহাশয়ের অমোঘ শক্তিবলৈ আমার বন্ধ সংস্কার ক্রমে ক্রমে দূর হইতে লাগিল, আমি নৃতন নৃতন অবস্থার ভিতর দিয়া পরিচালিত হইতে লাগিলাম। শেষে নৃতন রাজ্যে আসিয়া উপস্থিত হইলাম। সংস্কার জিনিষ্টী কি আমি বেশ বুঝিতে পরিলাম। ইহা গোস্বামী মহাশয়ের অপার করণার ফল।

অনেক ধর্মপ্রাণ যুবক কেবল এই সংস্কারের বশবর্তী হইয়া গোস্বামী মহাশয়ের অপার করুণায় বঞ্চিত হইয়াছেন। শেষে তাঁহাদের মধ্যে অনেককে অমৃতাপিত হইতে দেখিয়াছি।

গোসামী মহাশর আমাদিগকে পুনঃ পুনঃ বলিরাছেন—"ধর্ম কি, অধর্ম কি, তোমরা জান না, কেবল সংস্থারে ঘ্রিয়া মরিতেছে, যাহা মনে কর তাহা ধর্মাধর্ম নহে, ধর্মলাভ হইলে ইহা ব্রিতে পারিবে।" এখন দেখিতেছি যাহা অভ্রান্ত সত্য বলিয়া মনে করিয়াছিলাম তাহা আমার ভ্রান্তি। এই জন্ত একটা চকু সভর্তই নিজের প্রতি রাখিয়া দিতে হয়, পাছে কোনরূপ ভ্রান্তি বা সংস্থার আসিয়া পুনরায় আমাকে আক্রমণ করে। ধর্মলাভ করিতে হইলে প্রথর আত্মদৃষ্টির প্রয়োজন। নিজের অবস্থার প্রতি প্রতিনিয়ত লক্ষ্য রাখা উচিত।

সংস্নার ধর্মগাভের ঘোর অস্তরায়, এ কারণ বৌদ্ধাচার্য্যগণ সংস্নার বর্জনের ব্যবস্থা করিয়াছেন। সংস্পারবর্জন বলিয়া তাঁহাদের একটী সাধন আছে, যাহারা ধর্ম সাধনে প্রবৃত্ত হইবে তাহাদিগকে প্রথমত ২ হুই বংসর কাল এই সংস্পারবর্জন সাধন করিতে হয়। সর্ব্ধ প্রকার সংস্পার

যাহার। ধর্মালাভ করিতে চান, যাহার। সাধন পদ্বায় চলিকেন আমি তাঁহাদিগকে বলিতেছি তাঁহারা ধেন সংস্কারের বিষ মনোমধ্যে প্রবেশ করিতে না দেন। আত্মদৃষ্টি প্রথর রাখিয়া সাধনপথে চলিতে থাকিবেন। মায়া মাত্র্যকে সর্বাদাই বিপথগামী করিতে চায়। সংস্কার মায়ার একটী অনুচর জানিবেন।

। আমি দেখিতেছি অনেক ধর্মপ্রাণ, সাধু ও ভজনশীক লোক, ধর্মসাধনে

শরীরপাত করিতেছেন, কিন্তু সংস্কারের বশবর্তী থাকায় প্রকৃতপন্থা অবলম্বন করিতে পারিতেছেন না। বছকাল সাধন করিয়া কিছু ফল লাভ হইতেছে না একথাটা ভাঁহারা বেশ বৃঝিতেছেন, কিন্তু সংস্কার তাঁহাদিগকে বিপথ পরিত্যাগ করিতে দিতেছে না। তাঁহাদিগকে ধর্মলাভে বঞ্চিত করিতেছে।

ধর্ম, মন্বয়জীবনের অতি প্রয়োজনীয় জিনিস, ধর্ম লাভের জন্মই মন্বয়-।
জন্ম। এমন ছল ভ জন্ম লাভ করিয়া যদি সংস্কারের বশবর্তী হইয়া ধর্মে
বঞ্চিত হইতে হয় তবে ছঃখ রাখিবার স্থান নাই। সকলে সাবধান হউন,
সংস্কারের হস্ত হইতে আত্মরক্ষা করিয়া চলুন।

मछे अभागा।

প্রথম পরিচ্ছেদ।

রাধাকুষ্ণ-তত্ত্ব।

পঠিক মহাশরগণকে রাধাক্তকের প্রকট-লীলার কথা গুনাইলাম, এক্ষণ রাধারুষ্ণ-তর্ট কি, তাহা একটু বুঝাইরা না বলিলে পুস্তক অপূর্ণ থাকিরা যার এবং আপনাদের কোতৃহল পূর্ণ হয় না, এ কারণ এথানে রাধারুষ্ণ-তরের একটু বর্ণনা করিতেছি। সবিশেষ জানিবার জন্ত পাঠক মহাশয়-গণকে ভক্তিশাস্ত্র পাঠ করিতে অন্থ্রোধ করি।

ভগবান অচিন্তা অব্যক্ত, মন তাঁহাকে মনন করিতে, পারে না, বাক্য তাঁহাকে প্রকাশ করিতে পারে না, মামুষের জ্ঞান বৃদ্ধি সীমাবদ্ধ, তদ্ধরা ভগবং-তত্ত্ব নিরূপণ করিতে যাওয়া গৃষ্ঠতা।

ভগবান ভক্তগণকে রূপা করিয়া তাঁহাদের নিকট আত্মপ্রকাশ করিয়া-ছেন, ভক্তিবলে তাঁহারা ভগবং-তত্ত্ব অবগত হইয়াছেন। ভক্তের নিকট ভগবানের লুকাচুরি কিছু নাই। ভক্তাধীন গোবিনের ইহাই মহিমা।

ভক্তেরা ভক্তিবলে ভগবং-ভন্ধ জ্ঞাত হইক্সা মানুষের কল্যাণের জন্ম শাস্ত্রে অনেক কথা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। তাহা হইতে কিঞ্ছিৎ উদ্ধৃত করিয়া পাঠক মহাশয়গণকে শুনাইতেছি।

"ঈশ্বঃ পরমঃ ক্ষঞঃ সচ্চিদানন্বিগ্রহঃ।

"ঈশ্বর পরম কৃষ্ণ স্বন্ধ: ভগবান। সর্ব্য অবভারী সর্ব্যকারণ প্রধান 🗓 অনস্ত বৈকুণ্ঠ আর অনস্ত অবতার। অনন্ত ব্রহাও ইহা সবার **আ**ধার ॥ স্চিদানন্দ তত্নু ব্ৰজেক্স নন্দন। সর্কেশ্বর্য্য সর্কা শক্তি সর্কার্য পূর্ণ ॥ পুরুষ যোষিৎ কিবা স্থাবর জঙ্গম। সর্ব্ব চিত্তাকর্ষক সাক্ষাৎ মন্মথমদন II নানা ভক্তের রসামৃত নানা মত হয়। সেই সব রসামৃতের বিষয় আশ্রয় ॥ শুক্রার রসরাজময় মূর্ত্তি ধর। অঁতএৰ আত্ম পৰ্য্যন্ত সৰ্ব্ব চিত্ত হর॥ লক্ষীকাস্তাদি অবতারের হরে মন। লক্ষী আদি নারীগণের করে আকর্ষণ। আপন মাধুর্য্যে হরে আপনার মন। আপনা আপনি চাহে করিতে আ**লিঙ্গ**ন ॥" ্চ, চ, ম, ৮ পঃ,

পাঠক মহাশয়গণ শ্রীকৃষ্ণতত্ত্ব সংক্ষেপে শুনিশেন। এখন রাধাতত্ত্বের কথা কিঞ্চিৎ উদ্ধৃত করিয়া আপনাদিগকে শুনাইতেছি—

"রাধা পূর্ণশক্তি কৃষ্ণ পূর্ণশক্তিমান। ছই বস্তু ভেদ নাহি শাস্ত্রের প্রমাণ॥ মৃগমদ তার গন্ধ ধৈছে অবিচ্ছেদ। অগ্নি জালাতে বৈছে কভু নাহি ভেদ॥ রাধা,ক্রম্ণ ঐছে সদা একই স্বরূপ। লীলাসুস আসাদিতে ধরে ছই রূপ॥" চ, চ, আ, ৪ পং।

পুনশ্চ

"কুঞ্চের অনস্ত শক্তি তাতে তিন প্রধান। চিচ্ছক্তি মায়াপক্তি জীবশক্তি আন॥ অন্তরঙ্গা, বহিরঙ্গা, তটস্থা কহি যারে। অন্তর্কা স্বরূপ শক্তি সবার উপরে॥ স্চিত্ আনন্দ্রমর কুষ্ণের স্বরূপ। অতএব স্বরূপ শক্তি হর ডিন রূপ॥ व्यानकारतम् इक्षापिनी मपरत्न मक्तिनी । চিদংশে সন্ধিত যারে জ্ঞান করি মানি॥ কুষ্ণকে আহলাদে তাতে নাম আহলাদিনী। সেই শক্তি দ্বারে স্থথ আস্বাদে আপনি॥ স্থরপ কৃষ্ণ করে স্থথ আস্বাদন। ভক্তগণে স্থুখ দিতে হলাদিনী কারণ॥ হলাদিনীর সার অংশ তার প্রেন্ন নাম। আনন্দ চিনাররস প্রেমের আখ্যান 🎗 প্রেমের পরম সার মহাভাব জানি। সেই মহাভাবরূপা রাধা ঠাকুরাণী॥ প্রেমের স্বরূপদেহ প্রেমবিভাবিত। ক্লুষ্ণের প্রেয়সী শ্রেষ্ঠ জগতে বিদিত ■ সেই মহাভাব হয় চিন্তামণি সার।(১) ক্বন্ধ বাঞ্ছা পূর্ণ করে এই কার্য্য তাঁর ॥

· মহাভাব চিন্ডামণি রাধার **স্বরু**প । ললিতাদি স্থী তাঁর কামব্যুহরূপ ॥ বাধা প্রতি কৃষ্ণ সেহ (১) সুগন্ধি উষ্র্ভন। (২) তাতে সুগদ্ধ দেহ উচ্চল ব্ৰুণ॥ কারুণ্যামৃত (৩) ধারার স্নান প্রথম। 🕝 তাকুণ্যামৃত (৪) ধারার ন্নান মধ্যম ॥ লাবণ্যামুত (৫) ধারার তত্পরি সান। নিজ লজ্জা (৬ খ্যাম পট্রশাটী পরিধান॥ ক্লম্ভ অমুরাগ (৭) রক্ত দ্বিতীয় বসন। ্প্রাপরমান (৮) কঞ্লিকার বক্ষ আচ্চাদন ॥ সৌন্দর্য্য কুত্বম সধী প্রাণয় বচন। শ্মিত কাস্তি (৯) কর্পুর তিন অঙ্গে বিলেপন 🕕 কুষ্ণের উচ্চল রস (১০) মৃগমদ ভর । সেই মৃগমদে বিচিত্র কলেবর॥

হর। কিন্তু মহাভাবরূপ চিন্তামণির ধাংস নাই। যেমন চিন্তামণি সমস্ত বাসনা পূর্ণ করে, সেইরূপ মহাভাব চিন্তামণি শীকৃঞের সমস্ত বাসনা পূর্ণ করেন।

- ১। 'রেহ'—মমতাতিশয়।
- २। 'श्रुत्रक्ति উष्पर्डन'—वाद्यत मालिना पूत कत्रापत जदा वित्यत ।
- ৩। স্ক্মারীদিগের ত্রিকাল সান করা রীতি। বয়ঃসন্ধি অবহায় চাপলা বিনাশ হওয়ায় কারুণ্যামৃতে সান।
 - ∎। 'তারুণ্যামৃত'—যৌবনরূপ অমৃতে মধ্যম স্লান ।
 - ে 'লাবণ্যমৃত'—লাবণ্যরূপ অমৃতে সারাহে স্থান।
- ৬। সানের পর বসন পরিতেছেন; নিজ লক্ষারূপ স্থাসবর্গ পট্টপাটী পরিধান করিতেছেন।
 - । কৃষ্ণ-অসুরাগ ভাহার দ্বিভীয় অকুশবর্ণ বসন অর্থাৎ ওড়ানা।
 - ৮। প্ৰণয় হইতে জাত যে নান তাহাই কঞ্লিকা-কাঁচুলী।
 - »। সুহুহাস্যের কান্তি।
 - ১ 👍 উ**ল্ছলরস্শৃক্সার-রস**।

প্রজ্য়মান (১) বা্মা (২) ধন্মিলা :৩) বিস্তাস ।
ধীরাধীরাঝক (৪) গুণ অঙ্কে পট্টবাস ॥
বাগ ভাষ্ লরাগে অধর উজ্জ্জল ।
প্রেম কোটিলা নেত্র যুগলে কজ্জল ॥
স্থদীপ্ত সান্থিক (৫) ভাব হর্বাদি (৬) সঞ্চারী ।
এই সব ভাব (৭) ভূবণ অঙ্কে ভরি ॥
কিলকিঞ্চিত (৮) আদি ভাব বিংশতি ভূষিত ।
গুণ শ্রেণী ৯) পুল্পমালা সর্বাক্ষে পূরিত ॥

বিকারের কারণ সত্ত্বে চিত্তের যে অবিকৃতি তাহাকে সত্ত্ব বলে, ঐ সত্ত্বের প্রথম
 বিকৃতির নাম ভাব। বেমন বীজের আদি বিকৃতি অঙ্কুর।

৮। কিলকিঞ্চিতাদি ষথা—হাব, ভাব, হেলা, শোভা, কান্তি, দীপ্তি মাধ্যা, প্রদান্তা, প্রদায়, ধৈর্যা, লীলা, বিলাস, বিচ্ছিত্তি, বিত্রম, কিলকিঞ্চিত, মোট্টায়িত, কুট্রমিত, বিবেষক, ললিভ ও বিকৃতি, এই কুড়িটি কিলকিঞ্চিতাদি ভাব। যৌবনকালে রম্পীদিগের কান্তে সর্বাথা অভিনিবেশ বশতঃ তদ্ভাবাক্রান্ত চিত্ত হইতে এই অলম্বার গুলির উদয় হইরা থাকে; ইহার মধ্যে প্রথম ভিনটি অঙ্গজ, তাহার পরের সাতটি অবজু-জাত, এবং তাহার পরের দশটি স্কাবজাত।

ন। গুণ শ্রেণী যথা—মধ্রত, নববরত্ত্ব, চলাপাক্তব, উজ্জলম্মিতত, চারুসৌভাগ্য রেখাচ্যত্ব, গ্রোত্মাদিত মাধ্বত্ব, সঙ্গতপ্রসরাভিজ্ঞত্ব, রম্যভাবিত্ব, নর্মপণ্ডিতত্ব, বিনীত্ত্ব,

১। 'প্রচছন্নমান'---কেহ না জানিতে পারে এতাদৃশ মান।

२। 'বামা'-- অদাক্ষিণ্য অর্থাৎ মানের দিকে বাহার নিরত গতি।

৩। "ধ্স্মিল্য"—কবরী।

৪। 'ধীরাধীরাত্মক"—যে নায়িকা মান ভবে নায়ককে কখন ব্যক্ষোজি ছারা বিজ্ঞাপ করেন; কখনও বা নিন্দা কখনও বা স্তুতি করেন, আর কখনও বা তাহার প্রতি উদাসীন হন। সেই নায়িকাকে ধীরাধীরা কহে। সেই ধীরাধীরার ভাব।

^{ে।} এক সময়ে পাঁচটি কি ছয়টি কিখা সকল গুলি সান্ত্ৰিক ভাব প্রমোৎকর্ষে আরো-হণ করিলে তাহার নাম উদ্দীপ্ত সান্ত্ৰিক। উদ্দীপ্ত সান্ত্ৰিকই যুগপৎ সকলগুলি মহা ভাবে উৎকর্ষের প্রমাবধিত ধারণ করিলে সুদীপ্ত নাম ধারণ করে।

৬। তেত্রিশটী সঞারী ভাব যথা—হর্ষ, নির্বেদ, বিষাদ, দৈক্ত, মানি, শ্রম, মদ, গর্বা, শঙ্কা, ত্রাস, তাবেগ, উন্মাদ, অপস্থার, ব্যাধি, মোহ, মৃতি, আলস্ত, জাডা, ব্রীড়া, অবহিখা, শৃতি, বিতর্ক, চিন্তা, মতি, ধৃতি, উংস্কা, উগ্র, অমর্থ, অস্থা, চাপকা, নিদ্রা, স্থি, বোধ।

সৌভাগ্য তিলক চারু ললাটে উজ্জ্বল।
প্রেম-বৈচিত্তা (১ রত্ন হৃদরে তরল (২)॥
মধ্যবরস (৩) সথী স্কন্ধে করন্তাস।
রুষ্ণ লীলা মনোরতি সবী আশপাশ॥
নিজাঙ্গ সৌরভালরে গর্মপর্যায়।
তাতে বসি আছে সনা চিন্তে রুষ্ণ সঙ্গ ॥
রুষ্ণ-নাম-গুণ-বশ অবতংস ৪ কাণে।
রুষ্ণ-নাম-গুণ-বশ—প্রবাহ বচনে॥
রুষ্ণ-নাম-গুণ-বশ—প্রবাহ বচনে॥
রুষ্ণকে করার শ্রামরস (৫ মধুপান (৬)।
নিরন্তর পূর্ণ করে রুষ্ণের সর্মকাম॥
রুষ্ণের বিশুদ্ধ-প্রেম-রত্নের আকর।
আনুপম-গুণগণ পূর্ণ কলেবর॥
যার সৌভাগ্য গুণ বাঞ্ছে সত্যভামা।
যার সাঁঞি কলাবিলাস ৭) শিখে ব্রজ্বামা॥

করণাপূর্ণত, বিদশ্বত, পাটবাশ্বিতত্ব, লক্ষাশীলত্ব, স্মর্যাদত্ব, থৈব্যশীলত্ব, গান্ধীর্যাশীলত্ব, স্থাবিমলত্ব, মহাভাব পরমোৎকর্ষশালিত্ব, গোকুলপ্রেমবসতিত্ব, জগৎশ্রেণীলসংযশত্ব, শুর্বপিতি গুরুরেহত্ব, স্থীপ্রণয়বশত্ব, কৃষ্ণপ্রিয়াবলীমৃথ্যত্ব, সন্তভাত্রবকেশ্বত ; এইগুলি শীরাধিকার গুণ।

১। বিশ্রয়তমের সরিকটে থাকিয়াও প্রেমোৎকর্মস্তাব বশতঃ বিচ্ছেদ বৃদ্ধিতে যে আছি তাহার নাম প্রেমবৈচিত্তা।

২। 'তরল'---হারের মধ্যন্তিত রত্ন অর্থাৎ ধুকধৃকি।

৩। ১২ **হইতে ১৪ বৎসর প**র্যাস্ত ম**খ্যবরস**।

^{। &#}x27;অবতংস'—কৰ্ণভূষণ।

^{■। &#}x27;ক্রামরুস'—_আদিরস।

^{⊫। &#}x27;মধু' সভা।

১। গাৰ, ৰাট্য শিল্প ইত্যাদি –

বার সৌন্দর্যাদি গুণ বাহে লক্ষীপার্কর্তী। গার পতিব্রতা ধর্ম বাহে অরুক্কতী॥ গার সদগুণগণের রুফ্ক না পান পার। তাঁর গুণ গণিবে কেমনে জীব ছার॥"

टि, ह, म, ५म, ११:।

পঠিক মহাশরগণ, কবিরাজ গোস্বামীর রাধাক্ষতত্ত্বের অপরপ বর্ণনা পঠি করিলেন ? এমন মধুর বর্ণনা আর কোথায়ও দেখি না। এই বর্ণনা হইতে অপ্রাক্ত রাধাক্ষতত্ত্বটি বৃথিয়া লইবেন।

এই সচিদানদ বিগ্রহ জীগোবিদাই ভক্তগণকে অনুগ্রহ করিবার

ব্রজে নন্দত্লাল হইয়াছিলেন। মা ঘশোদা গোপালকে কোলে লইয়া

মাই খাওয়াইতেন, মুখে ক্ষীর সর নবনী তুলিয়া দিতেন, হাততালী দিয়া
নাচাইতেন, গোঠের বেশভ্ষা করিয়া দিতেন, গোপাল গোঠে গেলে পথ
পানে চাহিয়া থাকিতেন। সময়ে সময়ে গোপাল চাঞ্চল্য প্রকাশ করিলে,
মা যশোদা গোপালকে তাড়না, ভর্ৎসনা করিতেন, গোপাল ভীত হইয়া
কথন পলাইতেন কথনও বা ক্ষমা চাহিতেন।

এই গোপালই আবার রাথালগণের নিকট গোপবালক, বয়স্তগণের সহিত মিলিত হইয়া বনে গোচারণ করিতেন, নানা প্রকার থেলা-ধূলা করিতেন এবং পান-ভোজন করিতেন।

এই প্রীকৃষ্ণই আবার ব্রজান্তনাগণের নিকট নবকিশোর, ভ্বনমোহন রূপে তাঁহাদের চিত্ত হরণ করিতেন। কৃষ্ণ বথন গোচারণে যাইতেন তথন গোপবালাগণ গবাক্ষ বা ছাদ হইতে তাঁহার অপরপ রূপমাধুরী দর্শন করিতেন। গোঠ হইতে ঘরে ফিরিবার সময় প্রীকৃষ্ণের অলকাবৃত মুখে ঘর্মবিন্দু দেখিয়া তাঁহারা ব্যথিতা হইতেন। নানাছলে বম্নায় জল আনিতে গিয়া কদহতলায় বঁধুর চাঁদ মুখখানি দেখিয়া আসিতেন, এবং প্

নিশীথে কুঞ্জকুটীরে মিলিত হইয়া প্রাণবঁধুর অধরশ্বধা পান করিতেন। ব্রজবধ্গণের মধ্যে মহাভাবরূপা শ্রীরাধিকাই বৃষ্ভাসুরাজনন্দিনী।

ভগবান খ্রীবৃন্দাবনে অবতীর্ণ হইয়া ভক্তগশকে বড় রূপা করিয়াছেন।
তাঁহার অচিন্তা অব্যক্ত রূপের ও বেশ উপাসনা,হয় না। ভক্তগণ তাঁহার
এই অবতারের মৃর্তিরই উপাসনা করিয়া ছক্তর ভবসমূদ্র, পার হইয়া যান
এবং পরামৃতপ্রেমরস আস্বাদন করেন।

প্রকৃতিভেদে ভক্তগণের উপাসনার প্রভেদ আছে। বাঁহারা বাংসলা রসের উপাসক তাঁহারা বালগোপালের উপাসনা করিয়া থাকেন, গাঁহা-দের মধ্যে স্থ্যভাব প্রবল, শ্রীক্ষককে ব্রজরাখাল ভাবে উপাসনা করেন, আর বাঁহারা মধুরভাবের অধিকারী তাঁহারা শ্রীকৃষ্ণকে নবকিশোর নায়করূপে উপাসনা করিয়া থাকেন।

মাধুর্যাভাবের উপাসনাই বৈঞ্চব-উপাসনার বিশেষ । শাক্ত, শৈব, গাণপত্য প্রভৃতি সমস্তই ঐশ্বর্যাভাবের উপাসনা। ঐশ্বর্যাভাবের উপাসনায় উপাস্ত ও উপাসকের মধ্যে বহু দ্রুদ্ধ, পার্থক্য ও সঙ্কোচ থাকিয়া যায়; আরু মাধুর্যাভাবের উপাসনায় ভক্তেরা ভগবানকে আপনার করিয়া লয়।

ভজন করিতে করিতে ভক্তগণের মধ্যে ভগবানের এই প্রাক্ত লীলার ফুর্ত্তি পাইতে থাকে; তথন ভক্তগণ ব্রব্ধলীলার মধুর আস্বাদন ভোগ করিতে থাকেন। লীলা ফুর্ত্তি পাইলে আর অপ্রাক্তত ভাব ভাল লাগে না। অপ্রাক্তত ভাব মনে হইলে প্রাণ শুকাইয়া যায়, ভক্তিদেবী সরিয়া পড়েন, সাধকের অন্তরে ক্রেশ উপস্থিত হয়। প্রাকৃত লীলা বেমন হালয়গ্রাহী বেমন মনোমোহকরী এমন আর কিছুই নয়। প্রাকৃত লীলা শ্বরণ হইলে বা প্রবণ করিলে শুক্তশক্তি জাগিয়া উঠে,

বৈধী-ভক্তি ৰ

কাম ক্রোধ আদি রিপুগণ ও গুপ্রবৃত্তি সকল অন্তর হইতে দূরে পলায়ন করে, এই দস্মগণের সাধ্য কি বে ভক্তিদেঝীর লীলাভূমিতে পদার্পণ করে ?

যদি কেহ ভবসাগর উত্তীর্ণ হইতে চাও, যদি প্রাণ জুঁড়াইতে চাও, যদি ভগবানকে লাভ করিতে চাও বৈষ্ণব উপাসনাক প্রবৃত্ত হও, নতুবা ত্রিভাপজালা ও পুনঃ পুনঃ যাতায়াত আর কিছুতেই বন্ধ হইৰে না।

দ্বিতীয় পরিচ্ছেদ।

বৈধী-ভক্তি।

গৌড়ীয় বৈষ্ণৰগণ বলিয়া থাকেন সাধনভক্তি ছই প্ৰকাৰ, বৈধী ও রাগামুগা। বৈধী ভক্তিতে গুরুপদাশ্রর, দীকা, সর্বপ্রকার ভক্তিঅঙ্গ যাজন, শাঙ্কের সর্কবিধ বিধি নিধেধের কথা আছে, কিন্তু বলা হইয়াছে এই বৈধীভক্তি আচরণ দারা ক্ষপ্রপ্রাপ্তি হয় না।

"বিধি মার্গে না পাইয়ে ব্রজেক্স নন্দন।"

কথাটা বড় সর্বনেশে কথা। যদি ষথাশাস্ত্র সাধন-ভজন করিয়া ভগবৎ-প্রাপ্তি না হয়, তবে সাধন-ভজনের প্রয়োজন কি? শান্তেই বা ভঞ্জন-সাধনের ব্যবস্থা কেন ? সাধনভজন করা কি কেবল ব্যাগার-থাটা ? ঋষিগণের শান্ত্রীয় ব্যবস্থা কি ভ্রমমূলক ?

🖰 🖹 চৈতন্মচরিতামৃতের ঐ উক্তি নিতান্ত ভ্রমমূলক, উহা শাস্ত্র-বিরুদ্ধ কথা। গুরুপদাশ্রর করিয়া যথাশান্ত সাধন-ভজন করিলেও ষদি ভগবৎ-প্রাপ্তি না হয় তবে আর কিসে হইবে ? গৌড়ীয় বৈঞ্চব-- সমাজে উপযুক্ত গুরুর অভাব, ইষ্টমন্ত্রের প্রতি তাঁহাদের ঔদাসীল্য, বৈধীভক্তি আচরণ দারা তাঁহারা উপকার পান না, এই কুস্তুই বলিয়াছেন "বিধিমার্গে না পাইরে ব্রজ্ঞে নন্দন।"

্রাস্বাদী মহাশ্রের অধিকাংশ শিক্সই শাস্ত্র ও সদাচারত্যাগী। ভাঁহারা ঠাকুর, দেবতা, গুরু, পুরোহিত, সাধু, সন্নাদী কিছুই গ্রাহ্ করিতেন না। হিদ্র দেবদেবীর নামে পড়াহন্ত ছিলেন। ইহার। হিন্দুধর্মনাশকারী থোর বান্ধ। ইহারা কেবলমাত্র গুরুপদাশ্রর করিয়া এবং চৌষ্ট অঙ্গ ভক্তিযাজন মধ্যে এক অঙ্গ কেবল নামসাধন ছারা প্রম বৈঞ্ব হৃইয়া পড়িতেছেন। ুপ্রতিদ্ধি ধর্মপর্থে অগ্রসর হইতেছেন, নামের মধুরাক্ষাদন সম্ভোগ করিতেছেন। ইহাদের সমস্ত ত্র্মতি দ্র হইতেছে, গ্রশ্বুতি, সকল নির্মাল হইতেছে। ইহাদের মধ্যে क्रायक्राय क्रीक्रका अस्त्र उत्र रहेरिक । এभन मूह्र नाहे र प्रभन নামের শক্তি ইহাদের মধ্যে কাজ না করিতেছে।

উপযুক্ত গুরুর নিকট দীকা লইয়া যথাশাস্ত্র সাধন ভজন করিলে 'নিশ্চরই ব্রজেন্দ্রনদনকে পাওয়া ধাইবে, ইহাতে কোন সন্দেহ নাই।

গৌড়ীয় বৈঞ্বপুণ বিধিপূর্বক সাধন ভজন করেন না, গুরুর নিকট দীকা লুইয়া গুরুত্যাগ, দীকাময় গ্রহণ করিয়া দীকাময় ভ্যাগ করিয়া বসিয়াছেন; কেমন করিয়া তাঁহারা ব্র**জেন্তর্নন**নকে লাভ করিবেন ?

আবার "বিধি মার্গে না পাইয়ে ব্রজেক্র নন্দন।"

এই পাঠই তাঁহাদের দীক্ষাগুরু 🔳 দীক্ষামন্ত্রত্যাগের অন্তত্তম কারণ

শ্রীমন্মহাপ্রভুর শুদ্ধাভক্তি এক অচিস্তনীয় বস্তু। ইহাতে চৌষট্ট অল ভক্তিযাজন নাই। কলির জীব, শিল্পোদরপরায়ণ। ইহাদের শরীর সবল ও সুস্থ নহে, আয়ুও অল্ল। পূর্বকোলের লোকের ন্যার ইহারা কঠোরতা সন্থ করিতে পারে না। ইহারা উৎকট সাধ্যের অযোগ্য ও তাহাতে পরামুথ, একারণ মহাপ্রভু অবস্থা বৃঝিয়া ব্যবস্থা করিলাছেন।

শুদ্ধাভক্তিতে কোন ক্লেশ করিতে হইবেনা, একমাত্র নীম হইতে সর্বধর্ম লাভ হইবে ও সর্বাভীষ্ট সিদ্ধ হইবে। এই পৃথিবীতে এমন কোন ধর্ম নাই যাহা শুদ্ধাভক্তিতে লাভ হইবে না। ইহাতে নীতিবাদীর নীতি-জ্ঞান, কর্মবাদীর কর্মযোগ, ব্রহ্মজ্ঞানীর ব্রহ্মজ্ঞান, যোগিগণের যোগতত্ব, পর্মাত্মবাদীর প্রমাত্মতব্দ, ভক্তের ভক্তিবোগ, আর মার্থবি ঘাহা কিছু লাভ করিতে পারে তৎসমুদর লাভ হইবে। অর্থাৎ ইহাতে নান্তিকের নান্তিকতা দূর হইবে, অবিখাসীর বিখাস লাভ , হইবে ইত্যাদি। যদিও শ্রীমন্মহাপ্রভুর শুদ্ধাভজিতে চৌষটি অঙ্গ ভজিষাজন নাই, তথাপি নাম করিতে, করিতে শাস্ত্রে বিশ্বাস আসিবে, ভক্তি-অক সকল যাজন করিতে প্রবৃত্তি আসিবে। শান্তে বিশাস আসিলে সাধুক শান্ত-মর্য্যাদা রক্ষা না করিয়া থাকিতে পারে না, ভক্তি-অঙ্গকল যাজন করিতে প্রবৃত্তি আসিলে তাহা বাজন, না করিয়া থাকিতে প্রবৃত্তি হয় না, স্থতরাং বাঁহারা শুদ্ধাভক্তি যাজন করিবেন ক্রমে তাঁহাদিগকে শাস্ত্রের অমুশাসন মানিয়া চলিতে হইবে এবং ভক্তিস্থ অঞ্সাকলও যাজন করিতে হইবে, কিন্তু যাহাতে নামের বিদ্ন হয় তাঁহারা এমন কোন কাজ করিবেন না, নাম পরিত্যাথ করিয়া কোন কাজ করিতে তাঁহাদের প্রবৃত্তি श्हेरद मा।

তৃতীয় পরিচ্ছেদ।

রাগামুগা-ভক্তি।

গৌ ভীয়-বৈক্ষবগণ বলিয়া থাকেন্ রাগাহগা ভক্তিই ক্ষপ্রাপ্তির সর্বপ্রধান উপায়। রাগাহগা ভক্তি সর্বপ্রেষ্ঠ ভক্তি। বৈক্ষবগণ রাগাহগা ভক্তির অতান্ত, পক্ষপাতী। এই ভক্তিতে গুরুপদাশ্রের নাই, দীক্ষা নাই, চৌষ্ট্রি অঙ্গ ভক্তি বাজন মধ্যে এক অঙ্গও ভক্তি বাজন নাই. ইহাতে আছে কেবল আপনাকে ব্রজগোপী মনে করিয়া রাধারুক্ষের কেলিবিলাস মানসে চিস্তা করা। এই কথাগুলি কবিরাজ গোস্বামী ভক্তশ্রেষ্ঠ রায় রামানন্দের মুখ দিয়া বাহির ক্রিয়াছেন, আর শ্রীমন্মহাপ্রভুকে তাহার শ্রোতা করিয়াছেন, আবার পরম ভক্ত সনাতন গোস্বামীকে শ্রোতা সাজাইয়া শ্রীমন্মহাপ্রভুর মুখ দিয়া বাহির করিয়াছেন। স্বতরাং বৈক্ষবসমাজে রাগারুগা ভক্তির গুরুত্ব অতান্ত অধিক। কবিরাজ গোস্বামী বলিতেছেন—

"বিধিমার্গে না পাইয়ে ব্রজে ক্লফচন্দ্র।" "অতএব গোপীভাব করি অঙ্গীকার। রাজি দিন চিন্তে রাধাক্লফের বিহার॥ সিদ্ধ দেহ চিন্তি করে তাহাই সেবন। সংগীভাবে পায় রাধাক্লফের চরণ॥"

চৈ চ ম অপ্তম পরিচেছদ।

কথাগুলি বড় সর্বনেশে কথা; ইহাতেই গোড়ীয় বৈষ্ণবস্মাজের সর্বনাশ হইয়াছে। যথাশাস্ত্র ভজন সাধন করিয়া ভগবৎপ্রাপ্তি হইবে না, আর নিজেকে ব্রজগোপী কল্পনা করিয়া রাধাক্ষের লীলা-বিলাস মানসে চিন্তা করিয়া কৃষ্ণপ্রাপ্তি হইবে, এই হইল শান্ত। আর এই হইল শ্রীমন্মহাপ্রভুর মুখের কথা। আবার এই কথার শ্রোতা হইলেন মহাপ্রভু এবং বক্তা হইলেন রাম রামানন্দ। স্কুতরাং একধার বিক্ষে আর কাহারও কথা কহিবার যো নাই। এই কথাগুলি বিশাস করিয়া সকল বৈষ্ণবকে অবনত মন্তকে মানিয়া চলিতেই হইবে।

এই কথাগুলি জীমন্মহাপ্রভু ও ভক্তত্রের্চ রায় রামানন্দের মুথ দিয়া বাহির করিলেই বাহির না করিয়া কবিরাজ গোস্বামী নিজের মুথ দিয়া বাহির করিলেই ভাল হইত। কবিরাজ গোস্বামী কবিত্রের্চ, তাঁহার লেখাগুলিতে যথেষ্ট কবিত্ব আছে, কিন্তু জানা উচিত ধর্ম শাস্ত্র ত কাব্য নহে।

রাধাক্ষের প্রেমলীলা মানলে চিন্তা করিবার জন্ত দণ্ডাত্মিকা, অষ্টকালীর স্মরণমনন প্রভৃতি গ্রন্থ রচিত হইয়াছে, এই সকল গ্রন্থের অধিকাংশ কবিরাজ গোস্বামীর বিরচিত। বৈশ্ববর্গণ এই সকল প্রেকের নির্দেশ মতে প্রত্যহ রাধাক্ষের লীলা সকল মানসে চিন্তা করিয়া থাকেন, ইহাতেই বৈশ্ববসমাজ কলুষিত হইয়া পড়িয়াছে।

রাধারুক্ত অপ্রাকৃত বস্তু, তাঁহাদের দীলাও অপ্রাকৃত, মারাবদ্ধ প্রাকৃত মানুষ, সেই চিন্মর অপ্রাকৃত তত্ত্বের স্মরণ মনন কি করিবে ? প্রাকৃত মানুষকে স্মরণ মনন করিতে হইলে প্রাকৃত নায়ক নায়িকা প্র তাহাদের কেলি-বিলাসের অনুরূপ চিস্তা করিতে হইবে। অহর্নিশ এই সব চিস্তা করিতে করিতে মানুষের: যে ছুর্গতি হইবে ইহা আর বিচিত্র কি?

করনা দারা সতা বস্তু লাভ হয় না। করনা সত্যকে আছ্র করে, মস্তিকে ভ্রম প্রমাদ উপস্থিত করে। যে ব্যক্তি করনার আশ্রম লয় সে সকা চইতে বঞ্চিত হয়। করনা তাহাকে প্রতারিত করে। রাধা, রুষ্ণ, স্থা, স্থা বা তাঁহাদের বিচিত্রলীলা বাল্ধনের অগোচর;
মানুষ যাহা কিছু চিন্তা করিবে সমস্তই মিথ্যা হইবে। সাধনরাজ্যে
এরপ মিথ্যা চিন্তা করিয়া কোন স্কুফল নাই, কুফল যথেষ্ট আছে।

অবৈতবাদিগণের সোহহং সাধনও বা, আর বৈষ্ণবগণের গোপীজাবে শারণ মননও তাই। অবৈতবাদিগণ বেমন সোহহং সোহহং করিয়া ব্রহ্মন্ত প্রাপ্ত হয় না, গৌড়ীয় বৈষ্ণবগণ তেমনি আপনাদিগকে গোপী গোপী ভাবিয়া ব্রজগোপীত্ব লাভ করিতে লম্মর্য হয় না। উভয়েরই একই দশা।

এখন আবার কেছ কেছ স্ত্রীলোকের সাজ সাজিয়া ব্রজগোপী হইতে চার। ইহারা মেয়েদের মত পাছাপেড়ে কাপড় পরে, হাতে চুড়ি কোমরে গোট নাকে নোলক পরে। যোমটা দিয়া চলাফেরা করে। স্ত্রীলোকের মত মাথার বড় বড় চুল রাথে ও খোঁপা বান্ধে। কাঁকে কলসী লইয়া নদী ও পুকুরে জল আনিতে যায়, ঢেঁকিশালে গিয়া ধান ভানে, কুলা লইয়া ধান চাউল পাছড়ায়, বঁটি লইয়া তরকারি কুটিতে বসে ইত্যাদি।

স্ত্রীলোকের বেশ ধারণ করিয়া ও কাজ কর্ম করিয়া আপনাকে ব্রজগোপী মনে করিয়া যদি ব্রজগোপী হওয়া ধার তবে আর বাকী থাকিল কি ?

রাগানুগা-ভক্তি বলিয়া:কোন ভক্তি নাই। লোকচক্ষ্র অন্তরালে ভগবানের যে নিত্য-লীলা হইতেছে, সেই লীলাই লোকচক্ষ্র সমুথে শ্রীকুন্দাবনে প্রকটলীলা হইয়াছিল, সেথানে মানুষীলীলা। ভগবান শ্রীকৃষ্ণ নিজ পরিচরগণসহ তথায় মানুষী-লীলা করিয়াছিলেন। প্রাক্তত মানুষ প্রাক্তলীলা ব্যতীত চিনায়লীলা দেখিবার অধিকারী নয়, একারণ যোগমায়া অবলম্বন করিয়া তাঁহাকে প্রাক্তভাবেই লীলা করিতে হইয়াছিল। ধে মুহুর্ত্তে ভগবান শ্রীকৃষ্ণ যোগমায়াকে অবলম্বন করিয়া-ছিলেন, দেই মুহুর্ত্তেই তাঁহার অপ্রাক্তলীলা মায়িকলীলায় পরিণত হইয়াছিল।

এই যে ভগবানের প্রাক্তলীলা এথানে ভক্তিলাভের কোন সাধন নাই। ভক্তিলাভের কোন চেষ্টা নাই, এথানে কেবল সম্ভোগ। নন্দ যশোদা গোপালকে পুত্ররূপে পাইরা সম্মেছে পালন করিরাছিলেন, ব্রঞ্জ-বালকগণ ভাই কানাইকে প্রাণের স্থারূপে পাইয়া তাঁহার সহিত খেলা-ধূলা ও গোচারণ করিয়াছিলেন। ব্রজাঙ্গনাগণ জ্রীকৃষ্ণকৈ প্রাণ্বধু পাইয়া তাঁহার সহিত বিবিধ লীলাবিলাস করিয়াছিলেন; এথানে ভক্তির কোন সাধন নাই।

শ্রীচৈতগুলীলায় যেমন ভক্তির সাধন, ভক্তির মাধামাধি, শ্রীর্ন্দাবনে সেরপ কিছু নাই। ভক্তির ব্যাপার থাকিলে ভক্তির লক্ষণ সকল প্রকাশিত থাকিত। স্বেদ, কম্প, পুলক, বৈবর্ণ, অঞ্চ, স্বরভন্ধ, নানাবিধ অঙ্গচেষ্টা ও ভক্তির আর আর লক্ষণ ব্রজ্বাসীর মধ্যে প্রকাশিত থাকিত। শ্রীর্ন্দাবনে সে সব কিছু নাই। সেথানে প্রাকৃতপ্রেমের ছড়াছড়ি।

গোস্বামিপাদের। এই প্রাক্কতপ্রেমকেই পঞ্চন-প্রুমার্থ শ্রীক্ষপ্রেম বলিয়া বর্ণনা করিয়া গিরাছেন। নন্দ-ধশোদার অপত্য স্নেহ ও বয়োবৃদ্ধ-গণের মমতা বাংস্কাপ্রেম, ব্রজ্বালকগণের বন্ধুন্ব স্থাপ্রেম ও ব্রজাঙ্গনা-দের কান্তভাব মধুরপ্রেম বলিয়া বর্ণিত হইয়াছে। এই প্রেমতত্ব লইয়া গোস্বামিপাদেরা বহু গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন। সমস্ত গ্রন্থই প্রাক্কত-প্রেমের কথাতে পরিপূর্ণ।

যাঁহারা শুদা-ভক্তি যাজন করিয়া থাকেন, তাঁহাদের মধ্যে অনেকেই লীলা-দর্শন করিয়া থাকেন। গোস্বামী মহাশয়ের বহু শিষ্টোর মধ্যে ভগবংলীলা প্রকাশিত হইয়া থাকে। ইহার জন্ম কল্পনায় লীলা চিন্তা. করিবার প্রয়োজন নাই। শুকা-ভক্তি যাজন করিলেই আপনা হইতে লীলা প্রকাশিত হইবে।

এই লীলা দর্শনে বিশেষ যে কিছু লাভ আছে তাহা বােধ হয় না। যত দিন মায়া আছে তত দিন এই লীলা-দর্শন মায়িক-দর্শন জানিবেন। মায়িক-দর্শনে হাদয়প্রস্থি ছিল্ল হয় না। মায়ার বন্ধন হইতেও মুক্ত হওয়া যায় না। যত দিন সচিদানন্দ বিগ্রহের দর্শন লাভ না হইয়াছে, তত দিন মায়া থাকিবেই থাকিবে, আর মায়া থাকিতে সচিদানন্দ বিগ্রহের দর্শন লাভ হইবে না। যাহাতে মায়ার বন্ধন ছিল্ল হয়, সেই চেষ্টা কর। খাসে খাসে গুরুদত্ত নাম অবিশ্রান্ত জপ কর, ইহাতেই মায়ামুক্ত হইতে পারিবে, মায়ামুক্ত হইবার আর উপায়ান্তর নাই।

লীলাদর্শনে ভজনে নিষ্ঠা জন্মে, প্রাণে উৎসাহ হয়, আর ব্থা যায় যে ঠিক পছায় চলা হইতেছে, ইহা ব্যতীত লীলা দর্শনের আর কোন উপকার্থিত। নাই। কিন্তু প্রান্তি বা অহকার উপস্থিত হইলেই বিপদ। মায়া, লীলা দর্শন করাইয়া সাধককে বিপথগামী করিবার চেষ্টা করে। এ জন্ম বড় সাবধানে চলা উচিত।

লীলা-দর্শন আরম্ভ হইলে এই লীলার উপযুক্ত মর্যাদা দেওয়া কর্ত্তবা। প্রণাম পূর্বকে যাহাতে ভক্তন পথে চলিতে পারা যায় এই আশির্বাদ ভিক্লা করিয়া নামে মনোনিবেশ করা উচিত।

ব্রজবাসিগণ শ্রীকৃঞ্চকে মায়ামান্থরূপে পাইরা তাঁহার সহিত বিবিধ কেলিবিলাস করিয়াছিলেন, এখন তো আর শ্রীকৃঞ্চকে সায়ামান্থ রূপে নিকটে পাইবার উপার নাই, একারণ আপনাকে ব্রজগোপী কল্পনা করিয়া রাধাকৃষ্ণের লীলাবিলাস মানসে স্মরণ করাই রাগান্থগা ভক্তি অর্থাৎ সর্বাশ্রেষ্ঠ ভক্তি বলিয়া বর্ণিত হইয়াছে।

শুদ্ধাভজি সম্বন্ধে আমি এই গ্ৰাপ্তে যে সকল প্ৰবন্ধ লিখিয়াছি, তাহাতে

প্রাকৃত 🛢 অপ্রাকৃত ভক্তির পার্থকা ও উভয়ের লক্ষণ সকল পাঠক মহাশয়গণ অবগত হইয়াছেন, এখন আর অধিক লিখিবার প্রয়োজন নাই।

প্রকৃষ্ট সাধনপরায় চলিলে ব্রহ্ণলীলা ও ভগবানের নিতালীলা আপনা হইতে সাধকের সম্মুখে উপস্থিত হইবে। কল্পনার কোন সাহায্য লইতে হইবে না। খাঁটি জিনিস প্রকাশ পাইবে, ইহার জন্ম এত ব্যাকুলতা কেন ? ধৈর্যা সহকারে প্রকৃষ্ট পরায় সাধন ভজন করিলে সময়ে সমস্ত প্রকাশ পাইবে। কিছুই অপ্রকাশিত থাকিবে না।

গামুৰ হর্দমনীয় রিপুগণের প্রপীড়নে নিয়ত প্রপীড়িত। হপ্রকৃতি সকল তাহাকে নিয়ত নাস্তানাবৃদ্ করিতেছে। বাসনা কামনা তাহার কাপে ধরিয়া প্রতিনিয়ত তাহাকে ঘোড়-দৌড় করিতেছে। আগে ইহাদের হস্ত হইতে রক্ষা পাও, তবে লীলাদর্শনের অভিলাষ করিও। নাহাদের এই সকল হ্রবস্থা দূর হয় নাই যাহারা মায়ার দাস, তাহাদের লীলা-দর্শনের আশা হ্রাশা মাত্র, মায়ার লেশ মাত্র পাকিতে ভগ্নিয়ীলা দর্শন হয় না। তাই বলি আগে রিপুগণের ও বাসনা কামনার হস্ত হইতে মৃক্ত হও, তার পর লীলা-দর্শনের অভিলাষ করিও।

ত্রীমন্মহাপ্রভুর ভক্তি-সাধন বৈধী না রাগানুগা? তাঁহরে গুরুপদ-আত্রর ছিল, দীক্ষা ছিল, ইইমন্ন জপ ইত্যাদি ভক্তি-অঙ্গ বাজন ছিল। তিনি কি বজেক্রনদনকে প্রাপ্ত হন নাই? তিনি বদি বৈধীভক্তি বাজন করিয়া বজেক্রনদনকে লাভ করিতে না পারিয়া থাকেন, তবে আমাদের বজেক্রনদনকে লাভ করিবের না করাই ভাল।

কেবল পুরুষকার দারা ধর্মলাভ হয় ন। কেবল চিস্তা ব৷ স্মরণ মনন হার৷ ভগবৎ-প্রাপ্তি হইবে ব৷ একটা ধর্মলাভ হইবে একথা হিন্দুর কোন শাস্ত্রে নাই। রাগামুগা-ভক্তি যাজন দারা ধর্মলাভ অসম্ভব।

যদি কাহারও স্বাভাবিক তীব্ৰ অনুরাগ থাকে, দীকা 🔳 সাধন ভঙ্গন

অভাবে সে অমুরাগ কথনও স্থায়ী হইবে না। নিশ্চরই অমুরাগ বিরাগে পরিণত ইইবে। হাজার অমুরাগ থাকুক, গুরু-পদাশ্রর ও দীক্ষা-গ্রহণ ও সাধনভজন করিতেই হইবে; তাহা না করিলে কদাচ ধর্মলাভ হইবে না।

শ্রীমন্থাপ্র ওদাভব্তিতে রাগান্থগা ভব্তি নাই। রাগান্থগা ভব্তি ওদাভব্তির বিষম অন্তরায়। ওদাভব্তিতে ভগবানের বাহ্-পৃঞ্জা বা ধানি পর্যান্ত নাই। বাহ্-পৃঞ্জা অকিঞ্চিৎকর, ধ্যান করনা মাত্র। মানুষ যাহা কিছু ধানি করিবে তাহা তাহার করনাপ্রস্ত বস্তু মাত্র। প্রকৃত জিনিস নহে। ওদ্ধা ভব্তিতে করনা নিবিদ্ধ। মানুষ করনা করিবে সত্য বস্তু হইতে নিরাশ হইবে। করনা তাহাকে প্রতারিত করিবে। একারণ কোন প্রকার করনা বা লালা-চিন্তা গুদ্ধাভক্তিতে নিষ্দ্ধ।

কলিয়ুগে ভগবান নামরূপে অবতীর্ণ, নামষজ্ঞেই তাঁহার উপাসন। হইয়া থাকে। এই জন্মই মহাপ্রভু পুনঃ পুনঃ বলিয়াছেন "হরেনামেব কেবলং।"

পাঠক মহাশয়গণ আপনারা নিশ্চর জানিবেন, একমাত্র নাম্ বাতীত অপ্রাক্ত শ্রীগোরাঙ্গপ্রেম লাভের উপায়ান্তর নাই, রাগামুগাভক্তি এই প্রেম লাভের বড়ই অস্তরায়।

শ্রীটেত শ্রুচরিতামৃতে এই যে রাগান্থগা ভক্তির শ্রেষ্ঠর প্রতিপাদিত হইরাছে ইহাই বৈষ্ণবসমাজের সর্বনাশের প্রধান কারণ। ইহাতেই বৈষ্ণবসমাজ কলুষিত হইরাছে। পূজাপাদ শ্রীজীব গোস্বামীর আমলে তাঁহার অমু-নোদন বাতীত কোন বৈষ্ণবগ্রন্থ প্রচার হইবার নিয়ম ছিল না।

শ্রীচৈতগুচরিতামৃত রচিত হইলে কবিরাজ গোস্বামী উহা অনুমোদন জন্ম শ্রীজীবগোস্বামীকে প্রদান করেন, তিনি ঐ পুস্তক পাঠ করিয়া উহার পুস্তক বন্ধ করিয়া নিজের পুস্তকাগারে রাখিয়া দেন। ঐ পুস্তক প্রচার করিতে দেন নাই।

মূল গ্রন্থ এখনও শ্রীবৃন্দাবনে শ্রীরাধা-দামোদরের মন্দিরে রক্ষিত হইয়া রহিয়াছে।

শ্রীচৈতন্তচরিতামৃতে কবিরাজ গেস্বামীর অসামান্ত পাণ্ডিতা, অতুলনীয় কবিষ, বৈশুবতার পরাকার্চা, দীনতা এবং গভার সিদ্ধান্ত সকল সন্নিবেশিত হইরাছে। কবিরাজ গোস্বামী মনে করিয়াছিলেন এই পুস্তক পাঠ করিয়া জীব গোস্বামী অত্যন্ত প্রীত হইবেন। কিন্তু ফলে বিপরীত হওয়ায় তিনি মর্মাহত হইরা শ্রীবৃন্দাবন পরিত্যাগ করিয়া মথ্রায় চলিয়া গেলেন। মনের ছঃখে তথার অনশনে পড়িয়া থাকায় তাঁহার এক শিশ্য তথায় উপস্থিত হইয়া কবিরাজ গোস্বামীকে বলিলেন ছঃখিত হইবেন না, মূল পুস্তক প্রণম্বন কালে এক প্রস্থ নকল রাখা হইয়াছে। এই নকল পাইয়া কবিরাজ গোস্বামী পর্মানন্দ লাভ করিলেন এবং বঙ্গদেশে প্রচার জন্ম ঐ গ্রন্থ গোপনে বাঙ্গালায় পাঠাইয়া দিলেন।

বঙ্গদেশে বৈশ্ববদমাজে এই গ্রন্থ বড়ই আদর্ণীয় হইল, বৈশ্ববগণ ইহার সিদ্ধান্ত দকল অভ্রান্ত সত্য মনে করিয়া আপনাদের সাধনপদ্ধতি ঠিক করিয়া লইলেন, বৈশ্ববদমাজ নৃত্ন ভাবে গঠিত হইল। এই রূপে বৈশ্ববদমাজে মতের ধর্ম সংস্থাপিত হইল, মহাপ্রভুর প্রেমভক্তি বিদান্ন গ্রহণ করিল।

জীব গোস্বামী পুস্তক পাঠ করিয়া যে আশঙ্কা করিয়াছিলেন তাহাই ঘটিয়াছে। বৈষ্ণবসমাজ কলুষিত হইয়াছে।

চতুর্থ পরিচ্ছেদ।

শ্ৰীকৃষ্ণ-প্ৰেম।

--

"সতাং প্রসঙ্গান্মমবীর্য্যসংবিদো ভবস্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ। তজ্জোষণাদাখপবর্গবন্ধ নি শ্রদারতিভক্তিরহুক্রমিশ্যতি॥"

ক পিলদের বলিয়াছিলেন, সাধু ব্যক্তির সহিত সমাপ্রম হইলে, আমার ধে সকল বীর্যাস্থচক কথা আলোচিত হইরা থাকে, তৎসমন্ত হৃদর-প্রীতিকর ও শ্রুতিস্থকর, অতএব তৎসমন্তের সেবন দ্বারা আশু আমাতে (অপবর্গ-মার্গ স্বরূপ হরিতে) ক্রমে ক্রমে শ্রন্ধা, রতি ও প্রেমভক্তির সঞ্চার হয়।

পঠিক মহাশয়গণ আপনাদিগকে অনেক কথা গুনাইলাম। এইবার শ্রীকৃষ্ণপ্রেমের কথা গুনাইব।

এবার আমার কথাগুলি শুনিয়া কেহ কেহ হঃখিত হইতে পারেন, কিন্তু আমি যাহা যেরূপ বুঝিয়াছি ঠিক তাহাই বর্ণন করিব। লোক-ম্থাপেকী হইয়া কোন কথা বলা আমার স্বভাব নহে।

"নাহি কোন অহুরোধ, নাহি কোন স্ববিরোধ

সহজ বস্তু করি বিবরণ।"

প্রেম কাহাকে বলে একথা কাহাকেও বলিয়া জানাইতে হইবে না।
পাঠক পাঠিকাগণ, এই প্রেমের কথা জাপনাদের সকলেরই মোটামুটি জানা

আছে। প্রেম, মমুধ্য পশু পক্ষী কীট পতঙ্গ ইত্যাদি প্রাণীর অন্তর্নিহিত বৃত্তি-বিশেষ। ভালবাসা প্রগাঢ় হইলেই প্রেম নামে অভিহিত হয়।

এই প্রেমের অভিবাক্তি নানারপ এবং অবস্থানুসারে ইহা ভিন্ন ভিন্ন নাম ধারণ করিরা থাকে। সস্তানের প্রতি যে মাতার প্রেম তাহাকে সেহ বা বাৎসলা বলে। প্রভূর প্রতি যে ভূতোর প্রেম তাহাকে দাসা বলে, বন্ধুগণের পরস্পরের মধ্যে যে প্রেম তাহাকে বন্ধুত্ব বা সথ্য বলে, পতি পদ্মীর মধ্যে যে প্রেম তাহাকে দাস্পতা, অপর নারক নায়িকার মধ্যে যে প্রেম তাহা ভাষাকথার পিরীতি বলে।

এই প্রেমের কোন সাধন নাই, সাধন দ্বারা ইহা লাভ করিতে হয়না।
সন্তান ভূমিন্ত হইবা মাত্র আপনা হইতে মাতৃহন্দরে বাৎসলা প্রেমের সঞ্চার
হয়। প্রভূর গুণে আরুষ্ট হইবামাত্র ভূত্যের প্রাণে প্রেমের সঞ্চার হয়।
একত্র সহবাস প্রেলাধ্লা আমোদ আহলাদ পানভোজন ইত্যাদিতে স্থার
প্রাণে স্থাপ্রেমের সঞ্চার হয়। আর স্থ্রী পুরুষের মধ্যে যে প্রেম তাহার
প্রধান সহায় রূপ যৌবন ও কন্দর্প।

ভগবান জীবদ্ধয়ে এই প্রেমের সৃষ্টি করায় তাঁহার সৃষ্টি-প্রবাহ রক্ষা পাইতেছে এবং জ্বগং প্রতিপালিত হইতেছে। প্রেম না থাকিলে সৃষ্টি রক্ষা পায় না। এই জন্ম প্রেমের আস্থাদন এত মধুর। জগত প্রেমের র বিশাভূত।

ভক্ত বৈষ্ণবেরাই প্রেমের নাহাত্মা যথার্থ বৃথিয়াছেন। তাই তাঁহারা অচিন্তা অব্যক্ত অরূপ পুরুষকে প্রেমপাশে বন্ধন করিয়া প্রকৃতির অন্তরাল হইতে টানিয়া বাহির করিয়া আনিতে সমর্থ হইয়াছেন ও তাঁহার সঙ্গে একত্র প্রেমরস আস্বাদন করিয়া কৃতার্থ হইরাছেন। কে বলে জ্যাতান অচিন্তা

পর্ম রূপবান, অধিক কি তাড়ন ভং সনের অধীন। এই জ্যুই লোকে ভক্তাধীন গোবিন্দ বলিয়া থাকে।

ভক্তগণকে অনুগ্রহ করিবার জন্ম ভগবান মায়া-মানুষরূপে ব্রজধানে অবতীর্ণ হইয়াছিলেন। তিনি ব্রজবাসিগণের সহিত বিবিধ ক্রীড়াকোতৃক আমোদআহলাদ কেলিবিলাস করিয়া তাহাদিগকে আমোদিত ও প্রম্বর্থী করিয়াছিলেন, অহুর ও দেবতার অত্যাচার হইতে ব্রজধান ও ব্রজবাসিগণকে রক্ষা করিয়া তাহাদিগকে মোহিত করিয়াছিলেন। তিনিই ব্রজের রক্ষক, তিনিই ব্রজের জীবন, তিনিই ব্রজের সর্বস্ব হইয়াছিলেন। তাহার পাদম্পর্শে ব্রজভূমি পুণ্যভূমি হইয়া রহিয়াছে।

শীমন্তাগবতে ভগবান শীরুক্তের বে নীলা বর্ণিত হইয়াছে তাহাই অবলম্বন করিয়া গোস্বামিপাদেরা শীরুক্তপ্রেম পাঁচ ভাগে বিভক্ত করিয়াছেন। শান্ত, দাস্য, সথ্য, বাংসলা ও মধুর। স্নকাদি ঋষিগণের ভাব শান্ত রস। অক্রুর উদ্ধব জাদির ভাব দাস্য রস, শীদামাদির ভাব সংগ্রস, নন্দ যশোদার ভাব বাংসল্য রস এবং ব্রজাঙ্গনাদিগের ভাবকে মধুররস বলিয়া বণিত হইয়াছে।

ভগবান শ্রীকৃষ্ণ ব্রজ্ঞধানে বেমন মারামকুয়ারপে অবতীর্ণ হইরাছিলেন, তাঁহার প্রতি ব্রজ্ঞবাসিগণের যে প্রেম তাহাও তেমনি প্রাকৃত অর্থাৎ মারিকপ্রেম ছিল। এ জগতে মকুয়াও পঞ্জর মধ্যে যে প্রেম দেখিতে পাওয়া বায় তাহার অধিক কিছু ছিল না। বরং ইহাদের প্রেমের আধিকাই দৃষ্ট হইরা থাকে। এথানে প্রাকৃত প্রেম স্ত্রী পুত্র, বিষয় বৈভব ইত্যাদিতে অপিত হওয়ায় মায়া নামে অভিহিত হইয়াছে, আর ব্রজ্ঞ্ঞামে এই প্রেমই ভগবান শ্রীকৃষ্ণে অপিত হওয়ায় পঞ্চম-পুক্ষার্থ শ্রীকৃষ্ণপ্রেম নামে বণিত ইইয়াছে। ফলতঃ উভয় প্রেমের তীব্রতা সমান, আস্বাদনও সমান। কিছুমাত্র পার্থক্য নাই।

ব্ৰজ্ঞামে নন্দ যশোদা শ্ৰীকৃষ্ণ-বিবহে কানিয়া অন্ধপ্ৰায় হইয়াছিলেন,

এজগতে শত শত পিতামাতা অপ্তা-বিরহে প্রাণ বিসর্জন করিয়াছে ও করিতেছে। কিছুদিন পূর্কে ময়ুরভঞ্জের রাজা বন হইতে একটা হস্তিনী ধরিয়া আনিয়াছিলেন, তাহার শাবক পলাইয়া গিয়াছিল। হস্তিনী রাজধানীতে নীত হইলে সে অপতাশোকে আদৌ পানাহার করিল না, সতর দিন দণ্ডায়মান থাকিয়া অবিশ্রান্ত অঞ্চ বিসর্জন করিতে লাগিল, আঠার দিনের দিন পড়িয়া, প্রাণত্যাগ করিল। পাঠক মহাশয়গণ এই হস্তিনীর বাংস্লা-প্রেমের তীব্রতা একবার ভাবিয়া দেখুন।

আপনারা সিরাফিউজবাসী ড্যামন ও ফিন্থিয়াসের স্থাপ্রেমের কথা ইতিহাসে পাঠ করিয়াছেন, তাহার তুলনায় জীদামাদির স্থা প্রেম অকিঞিংকর। দাস্প্রেমের কথা কি বলিব ? কত ভ্তা প্রভ্র জন্ম অকাতরে আপন প্রাণ আনক্ষির সহিত বিসর্জন করিয়াছেন ও করিতেছেন। মামুষের কণা দূরে থাকুক, ইতিহাসে কুকুর ও ঘোটকের প্রভৃতিকরি যে পরিচয় পাওয়া যায় তাহার সহিত ভাগবতের দাস্য প্রেমের তুলনাই হয় না।

এখানে নায়ক নায়িকার প্রেমের কথা আপনারা জ্ঞান্ত আছেন।
শত শত নায়ক নায়িকার জন্ত ও শত শত নায়িকা নায়কের জন্ত
দিন দিন প্রাণতাাগ করিতেছে। তাহাদের প্রেমের তীব্রতা কি কম?
আমাদের বড় বৌয়ের কথা পাঠ করিলেন ত? বড় বৌ ধন্দানীলা
হইয়াও প্রেমের বেগ দিরাইতে পারিলেন না, জীবন পরিত্যাগ করিতে
বাধা হইলেন। এই যে নায়কের প্রতি নায়িকার অনুরাগ, ইহা অপ্রেক্ষা
শ্রীক্ষের প্রতি ব্রজদেবীগণের অনুরাগ কি অধিক? ভগবান শ্রীকৃষ্ণ
বংশী ধ্বনি করিয়া ব্রজদেবীগণের মন হরণ করিয়াছিলেন বলিয়াই
তাহারা স্বামী পুত্র গৃহ লক্ষা কুল ধর্ম পরিত্যাগ করিয়া শ্রীকৃষ্ণের
প্রতি ধাবমানা হইতে পারিয়াছিলেন। এখানে নায়িকাগণ কেবল প্রাণের

আবেগে এসবে জলাঞ্জলি দিয়া নায়কের উদ্দেশে প্রধাবিতা হইতেছেন।

প্রাক্কত-প্রেমের কোন সাধন নাই, ইহা আপনা হইতে প্রেমিক প্রেমিকার অন্তরে সঞ্চারিত হইয়া থাকে। বড় বৌ যেমন সারদার রূপসাগরে নয়ন দিল, অমনি সে সেই সাগরের অতল জলে ডুবিয়া গেল, আর উঠিতে পারিল না। এই প্রেম কুল শিল, গজা, ভয়, গুরু গঞ্জনা, আপদ বিপদ, ভয় ভাবনা ধর্ম অধর্ম ইত্যাদি কোন প্রতিবন্ধকভাই মানে না। কাহার সাধা ইহার গতিরোধ করে প্রতিবন্ধকভাই মানে না। কাহার সাধা ইহার গতিরোধ করে প্রতিবন্ধকভাই মানে না। কাহার সাধা ইহার গতিরোধ করে প্রতিবিদ্ধক শ্রীমতী বলিভেছেন—

"সই কেবা শুনাইল শ্রামনাম।
কাণের ভিতর দিয়া মরমে পশিল গো
আকুল করিল মোর প্রাণ॥
না জানি কতেক মধু শ্রাম নামে আছে গো
বদন ছাড়িতে নাহি পারে।
কাশের জাপিতে নাম অবশ করিল গো
কেমনে পাইব সই তারে॥
নাম পরতাপে বার এছন করিল গো
আক্ষের পরশে কিবা হয়।

" ধেখানে বসতি তার নায়নে দেখিয়া গো ৃ যুবতী ধরম কৈছে রয়॥ পাসরিতে করি মনে পাসরা না যায় গো

প্রতি কার শর্ম । কি করিব কি হবে উপায়।

ক্তে দ্বিজ চণ্ডিদাসে কুলবতী কুল নাংশ আপনার থোবন বাচায়॥"

জ্রীকৃষ্ণ-প্রেম।

পুনশ্চ-

"হায় সে অবলা

হাদ্য অথবা

ভাল মন নাহি জানি।

বিরলে বসিয়া পটেভে লিখিয়া

বিশাখা দেখাল আনি 🛮

হরি হরি এমন কেন বা হলো।

বিধম বাড়বা অনল মাঝারে

আমারে ভারিষা দিল।

বয়সে কিশোর ক্রপ মনোহর

অতি স্থমধুর রূপ।

নয়ন যুগল করুয়ে শীতল

বড়ই রসের কুপ॥

নিজ পরিজন সে নহে আপন

বচনে বিশ্বাস করি।

চাহিতে ভা পানে পশিল পরাণে

বুক বিদরিয়া মরি 🛮

চাহি ছাড়াইতে ছাড়া নহে চিতে

এখন করিব কি।

কহে চণ্ডিদাসে স্থাম নববসে

ঠেকিলা রাজার ঝি॥²⁷

এই প্রেম বিধিনিষেধের অন্তর্গত নহে, ইহার কোন সাধন নাই; এই জন্ম কবিরাজ গোস্বামী বলিয়াছেন "বিধি মার্গে না পাইয়ে ব্রজেন্স নন্দন," আর রাগানুগা ভক্তির আশ্রয় লইতে ব্যবস্থা 'দিয়াছেন∃

প্রাক্তপ্রেমের স্বভাব এই বে ইহা জনিতা, এবং দারুণ চুংখমিশ্রিত। যদিও ইহা ভগবানে অর্পিত হইয়াছিল, তথাপি ইহার
স্বভাব কোথার যাইবে ? যাহা প্রাকৃত, যাহা জনিতা, তাহা ভগবানে
কর্পিত হইলেও সেই প্রাকৃতই থাকিবে, সেই জনিতাই থাকিবে। প্রাকৃত
জিনিব কখনও অপ্রাকৃত হইবে না। জনিতা বস্তু কখনও নিতা হইবে না।
প্রাকৃতের যে স্বভাব ভাহা থাকিবেই থাকিবে।

কলহাস্তরিতায় খ্রীমতী খ্রীরুষ্ণবিরহে কাতরা হইলে স্থীগণ ভংসনা করিয়া বলিতেছেন—

"শুনইতে কাম মুরলীরব নাধুরী, প্রবণে নিবারলু তোর। হেরইতে রূপ নয়নযুগ ঝাঁপলু, তব মোহে রোথলি ভোর॥ স্বন্ধী তৈথনে কহলম তোয়।

ভরমহি ও সঞে লেহ বাড়ায়বি, জনম গোঁয়ায়বি রোয় । বিহু গুণপর্মি পরকর্মণ লালসে কাহে সোঁপলি নিজ দেহা। দিনে দিনে থোয়সি ইহ রূপ লাবণি জীবইতে ভেল সন্দেহা। যো তুঁহ হৃদয়ে প্রেমতক রোপলি, শ্রামজলদরস আশে। সো অব নয়ন নীর দেই সিঞ্চহ, কহতহি গোবিন্দ দাসে।"

> "পীড়াভির্নবকালকূট-কটুতাগর্বস্থ নির্বাসনো, নিঃস্থান্দন মুদাংস্কথা মধুরিমাহঙ্কার সঙ্কোচনঃ। প্রেমাস্থান্দরি নন্দনন্দন পরো জাগর্তি যস্তান্তরে, জ্ঞায়ত্তে স্ফুটমস্তবক্রনধুরাস্তেনের বিক্রান্তয়ঃ॥"

দেবী পৌর্থমাসী নান্দীমুখীকে কহিতেছেন—স্থলরি! জ্রীনন্দনন্দন বিষয়ক প্রেম ধাহার অন্তরে জাগরক হয়, এই প্রেমের বক্র অথচ মধুর বিরুম সেই বাজি স্পষ্টকপে জানিতে পারে। এ প্রেমের কালি জীতে সে সে নৃতন কালকূটবিষের কটুত্বগর্মণ্ড বিদ্রিত করিয়া দেয়; আবার যথন এ প্রেমের আনন্দধারা ক্ষরিত হইতে পাকে তথন তাহা অমৃতের মাধুর্যাজনিত অহস্কারকেও সঙ্কৃচিত করিয়া থাকে।

এমতী স্থীগণকে বলিতেছেন--

"এদেশে না রব সই দ্র দেশে যাব।

এপাপ পিরীতের কথা শুনিতে না পাব॥

না দেখিব নয়নে পিরীতি করে যে।

এমতি বিষম চিতা জালি দিবে সে॥

পিরীতি অঁথর তিন না দেখি নয়ানে।

বে কহে তাহারে আর না হেরি বয়ানে॥

পিরীতি বিষম দারে ঠেকিয়াছি আমি।

চণ্ডিদাসে কহে রামি ইহার গুরু তৃমি॥"

পুনশ্চ—

"ক্ষুথের লাগিয়া এ বর বাঁধির আগুণে পৃড়িয়া গেল। অমিয়া সাগরে সিনান করিতে সকলি গরল ভেল॥ সথি কি মোর কপালে লেখি। শাতল বলিয়া চাঁদ সেবিত্ব ভান্তর কিরণ দেখি॥ উচল বলিয়া অচলে চড়িত্ব পড়িত্ব অগাধ জলে।

সদ্পুক্ত 🔳 সাধন-তত্ত্ব ।

শছমী চাহিতে

মাণিক হারাত্ম হেলে।

নগর বসালেম

মাণিক পাবার আশে।

সাগর ককাল

অভাগীর করম দোবে।

পিয়ান লাগিয়া

করে চণ্ডিদ্বাস

তামের পিরীত

মরমে রহল শেল॥"

পুনশ্চ—

"এক জালা গুরু জন আর জালা কাছ।
জালাতে জালা দে সারা হইল তমু॥
কোথার যাইব সই কি হবে উপার।
গরল সমান লাগে বচন হিয়ার॥
কাহারে কহিব কেবা বাবে পরতীত।
মরণ অধিক হইল কাহুর পিরীত॥
জারিলেক তমু মন কি করে ঔষধে।
জগত ভরিল কালা কাহু পরিবাদে॥
লোক মাঝে ঠাই নাই অপ্যশ দেশে।
বাগুলী আদেশে কহে দ্বিজ চণ্ডিদাসে।"

প্রেম রক্ষা করিয়া চলা বড় কঠিন। যেখানে স্বার্থ সেখানে প্রেম নাই বৃথিতে হইবে। সর্ব্যপ্রকার স্বার্থ পরিত্যাগ করিয়া প্রেমের উপাসক হইলে তবে প্রেমের আস্থাদন অনুভব হয় ও প্রেম রক্ষা পায়। প্রেমের মহিমা বৃঝিতে হইলে প্রেমের পায়ে একেবারে আত্মবিসর্জন করিতে হয়। প্রেমিক পাঠক ও প্রেমিকা পাঠিকাগণ আপনাদিগকে বলিতেছি, থব সাবধানে চলিবেন, তবে প্রেম রক্ষা পাইবে, মত্বা বিপদ ঘটবে। ক্রিমতী স্থীগণকে বলিতেছেন—

"এই ভর উঠে মনে এই ভর উঠে।

না জানি কাহর প্রেম তিলে জানি ছুটে।।

গড়ন ভান্সিতে সই আছে কত ধল।

ভান্সিয়া গড়িতে পারে সে বড় বিরল।।

যথা তথা যাই আমি যত হথ পাই।

চাঁদ মুখের মধুর হাসে তিলেক কুড়াই।।

সে হেন বন্ধুরে মোর যে জন ভান্সার।

হাম নারী অবলার বধ লাগে তার।।

চিখিদাস কহে রাই ভাবিছ জনেক।

তোমার পিরীতি বিনে সে জীবে তিলেক।।

প্রেমের আস্বাদন এতই মধ্র ও ইহার বেগ এতই প্রবল বে ইহা
সর্ক প্রকার তঃথ যন্ত্রণা অনারাসে সহ্ করিতে পারে। কোন বাধাই
ইহাকে প্রতিরোধ করিতে পারে না। শ্রীমতী শ্রীকৃষ্ণকৈ সম্বোধন করিয়া
বলিতেছেন—

"নিজ পতির বচন ষেমন শেলের দা। তার আগে দাঁড়াইতে ভয়ে কাঁপে গা॥ তাহে আর ননদিনী করে অপমান। তোমার পিরীতি লাগি রাখিয়াছি প্রাণ॥ মোর দিব্য লাগে বন্ধু মোর দিব্য লাগে।

C Standard motor material

11.86

এ তোমার ভ্বনমোহন রূপ থানি।
ভাবিতে ভাবিতে মোর দগধে পরাণি॥
গুক্ত ভর লোক লাজ নাহি পড়ে মনে।
কাঠের পুতুলী বেন থাকি রাতি দিনে॥
কত পরকারে চিত্ত করি নিবারণ।
তবু সে ভোমার প্রেম নহে বিশ্বরণ॥
ভোমার পিরীতি বন্ধু পরাণে সে জড়া।
কহে বলরাম দাস কেমনে হবে ছাড়া।"

প্নশ্চ—
"বিষের অধিক বিষ পাপ ননদিনী।
দারণ শাশুড়ী মোর জ্বলস্ত আগুণি॥
নানাল ক্রের ধার স্বামী হুরজন।
পাঁজরে পাঁজরে কুলবধ্র গল্পন॥
বন্ধ তোমায় কি বলিব আন।
বে বলু সে বলু লোকে তুমি সে পরাণ॥
তোমার কলঙ্ক বন্ধ গায় সব লোকে।
লাজে মুথ নাহি তোঁলো সতীর সম্পুথে॥
এ বড় দারণ শেল সহিতে না পারি।
মোরে দেখি আন নারী করে ঠারাঠারি॥
বলরাম দাস কহে ভাঙ্গিল বিবাদ।
সকল নিছিয়া নিলুঁ তোমার পরিবাদ॥
"

এ প্রেম একা একা হয় না। প্রেমিক যুগলের মধ্যে পরস্পরের সমান আকর্ষণ থাকা চাই। একের আকর্ষণ যত প্রবল হইবে, অন্তের আকর্ষণ ততই প্রবল হইবে। প্রেম সুত্র্রভ জিনিস। বহু ভাগ্যে ইহা লাভ হইয়া থাকে।

🗃 কৃষ্ণ-প্রেম ।

"পিরীতি পিরীতি সব জন কহে

পিরীতি সহজ কথা।

বিরিখের ফল নহেত পিরীতি

নাহি মিলে বথা তথা।।

পিরীতি সম্ভরে পিরীতি মন্তরে *

পিরীতি সাধিল বে।

পিরীতি রতন লভিল সে জন

বড় ভাগ্যবান সে ॥

পিরীতি লাগিয়া আপনা ভূলিয়া

পরেতে মিশিতে পারে।

প্রকে আপন ক্রিতে পারিলে

পিরীতি মিলয়ে তারে।

পিরীতি সাধন বড়ই কঠিন

কহে দ্বিজ চণ্ডিদাস।

চুই বুচাইয়া এক অঙ্গ হও

থাকিলে পিরীতি আশ।"

প্রেম বড় সর্বানেশে জিনিস। প্রেমের জন্তু মানুষ বেমন সর্বাস্থ ত্যাগ করিতে পারে, সকল হঃখ কষ্ট সহ্ন করিতে পারে, তেমনি প্রেমে আঘাত লাগিলে আর রক্ষা নাই। প্রেমে আবাত লাগিলে প্রেমিকের বুক ভাঙ্গিয়া নায়কের অল্প ক্রটিতেই নায়িকা মান করিয়া বসে। তথন নানা প্রকারে নাম্বিকার মনস্তুষ্টি করিয়া মান ভাঙ্গাইতে হয়, নতুবা আর রক্ষা নাই। এক্স এমতার মান ভাঙ্গাইতেছেন—

"চাহ মুখ তুলি স্বাই চাহ মুখ তুলি।
নিয়ান না চলে নাচে হিন্নার পুতৃলী।
পীত পিন্ধন মোর তুয়া অভিলাষে।
পরাণ চমকে যদি ছাড়হ নিশ্বাসে।
লেহ লেহ রাই সাধের মুরলী।
পরশিতে চাহি তোমার চরপের খুলি॥
তুয়া মুখ নির্থিতে আঁথিভেল ভোর।
নয়ন অঞ্ধন তুয়া পরচিত চোর॥
রূপে গুণে যৌবনে ভ্বনে আগুলি।
বিহি নির্মিল তুয়া পিরীতি পুতৃলী॥
এত ধনে ধনী ষেই সে কেন ক্রপণ।
জ্ঞান দাস কহে কেবা জানিবে মরম॥"

নায়ক যত বড়লোক ছউক না কেন, প্রেমে আখাত লাগিলে নাঁয়িকার নিকট তাহার নান মর্যাদা আদর যত্ন কিছুই থাকে না। নায়িকা রোধে কোভে দিখিদিক জ্ঞান শূক্তা ছইয়া নায়ককে যংপরোনান্তি তিরন্ধার করিতে থাকে। কুজার কথা মনে করিয়া বৃক্ষা শ্রীক্ষককে ভংসনা করিতেছেন।

"ধিকৃ ধিকৃ ধিকৃ

তোরেরে কালিয়া

কে ভোরে কুবৃদ্ধি দিল।

কেবা সেধেছিল

পিরীতি করিতে

মনে যদি এত ছিল।

शिक् शिक् नैधू

ণাজ নাহি বাস

না জান লেহের লেশ।

এক দেশ এলি

অনগ জালায়ে

আলাইতে আর দেশ॥

অগাধ জলের

মক্র ধেমন

না জ্বানে মিঠে কি তীত।

সুরুদ পার্দ

চিনি পরিহরি

চিটাতে আদর এত॥

চঞ্জিদাস ভণে

म्यानन (वर्षान

কৃছিতে পরাণ ফাটে তোমার সোণার প্রতিমা ধূলার গড়াগড়ি

কুবুজা বসিল খাটে।"

প্রাক্ত প্রেম হিতাহিত-জ্ঞানপৃত্ত। মামুষ পরিণামফ্ল না ভাবিয়া প্রাণের আবেগে প্রেম-পাশে আবদ্ধ হইরা পড়ে। একাশ্বণ অপাত্তে প্রেম অর্পিত হইলে উহা নানা হঃথের কারণ হয়, নায়ক-নায়িকাকে আক্ষেপ করিতে হয়। এমতী শ্রীক্ষাের নিকট আক্ষেপ করিতেছেন—

বন্ধু সকলি আমার দোষ

. না জানিয়া যদি, করেছি পিরীতি

🕟 🛮 🖚 কাহারে করিব রোষ ॥

স্থার সমুদ্র,

সম্মূথে দেখিয়া

খাইমু আপন স্থা।

কে জানে খাইলে

গর্ল হইবে

পাইব এতেক হুখে।।

মো যদি জানিতাম অল ইঙ্গিতে

তবে কি এমন করি।

জাতিকুলশীল

মজিল সকল

ঝুরিয়া ঝুরিয়া মরি॥

অনেক আশার ভরুসা মুকুক

দেখিতে করিয়ে সাধ।

প্রথম পিরীতি

তাহার নাহিক

ভাগের আধের আধ।।

যাহার লাগিয়া _ বেজন মরবে

সেহ যদি করে আনে

চণ্ডিদানে কহে এমনি পিরীতি

করয়ে স্থজন সনে।

অপাত্রে প্রেম সংস্থাপিত হইলে পরিণামে কেবল যে অত্তপ্ত ইইতে হয় তাহা নহে ইহা নানা ত্রঃখ-যন্ত্রণার কারণ হইয়া উঠে। ক্রমে বিচ্ছেদ উপস্থিত হয়, অবশেষে ইহা শক্রতার পরিণত হয়। প্রেমের এই শোচনীয় পরিণামে সংস**লি** তুঃথের আকর হ**ইয়া টাড়াইয়াছে। পাশ্চাত্য দেশে নায়ক** নায়িকার মধ্যে নানাপ্রকার মালি-মোকর্দমা হইতেছে (Divorce cases) —বিবাহ-বন্ধন-ছিন্নের মোকর্দমার বিরাম নাই।

প্রেম কুটীল। সর্পের গতির স্থায় ইহার গতি বক্ত, এ কারণ নায়ক-নায়িকার মধ্যে প্রায়ই প্রেম-কলহ হইয়া থাকে। নায়কের সামান্ত ক্রটী-তেই নায়িকা বাঁকিয়া বসেন। শ্রীক্ষান্ত ক্রটীতে শ্রীমতীর অভিমান দেখিয়া শ্রীকৃষ্ণ শ্রীমতীকে ধর্মের লোহাই, দিয়া আপনাকে নির্দ্ধোষ দেখাইতে চাহিলে শ্রীমতী বলিতেছেন—

ভাগ ভাগ

কারিয়া নাগর

শুনালে ধরম কথা।

পরের রমণী

মজালে ধখন

ধরম আছিল কোথা।।

চোরার মুথেতে ধরম কাহিনী শুনিয়া পার যে হাঁসি।

পাপ পুণ্য জ্ঞান তামার যতেক

জানয়ে বরক্রাসী।।

চলিবার তরে . দেও উপদেশ পাথর চাপিয়া পিঠে।

বুকেতে মারিয়া তাকুর খা তাহাতে লুণের ছিটে।।

আর না দেখিব ও কাল মুখ

এখানে রহিলে কেনে।

যাও চলি যথা মনের মানুষ

যেখানে মন যে টানে।।

কেন দাড়াইয়া পাপিনীর কাছে

পাপেতে ডুবিয়া পাছে।

কহে চণ্ডিদাস যাও চলি যথা

ধর্মের থনি আছে।।

প্রেম অন্ধ। প্রেম জ্ঞানকে আচ্ছন্ন করে। হিতাহিত-জ্ঞান লোপ হয়। যশোদা শ্রীক্ষণ্ডের মূথের ভিতর ব্রন্ধাণ্ড দেখিয়াও তাঁহাকে ভগবান বলিয়া ব্রিতে পারেন নাই, নন্দাদি গোপগণ ও শ্রীদানাদি সখাগণ শ্রীক্ষণ্ডের অলোকিক কার্য্যকলাপ দেখিয়া অবাক হইয়া যাইতেন। তিনি যে ভূভান্দ হরণকারী সর্বাশক্তিমান পরমেশ্বর তাঁহাদের এ জ্ঞানের উদ্দ্র হইত না। যদিও ব্রদ্যাসনাগণ শ্রীকৃষ্ণকে ভগবান বলিয়া ব্রিয়াছিলেন, তথাপি প্রেমা-ধিকাবশতঃ তাঁহাদের সে জ্ঞান মনোমধ্যে স্থায়ী হইত না। তাঁহারা শ্রীকৃষ্ণকে আপনাদের নায়ক মনে করিতেন। এই জন্ম বৈশ্বব উপাসনাকে মাধুর্ঘা ভাবের উপাসনা বলে, ইহাতে ঐশ্বর্য্যের লেশমাত্র নাই।

নন্দরাণী ঐকক্ষের মুথে ব্রন্ধাপ্ত দেখিরা অমকল আশকা করিতেছেন—

"কোলে করিয়া রাণী নিরখরে মুখ।

হথের সায়রে ভাসে পাসরে সব হুখ।

মায়ের কোলেভে গোপাল মুখ পসারিল।

এ ভবসংসার সব ভাহাতে দেখিল।।

ইকি ইকি বলি রাণী হিয়ায় লইল।

অপন দেখিয় কিবা ব্ঝিভে নারিল।।

থ্তু নতু দেয় রাণি বসনের দশী।

দেখিয়া মায়ের রীভ ওনা মুখে হাসি।।

যন রাম দাস আশা করে এই মনে।

কবে বা সেবিব আমি যশোদা-চরণে।।"

প্রেম আর । ইহা মাহ্যকে অভিভূত করিরা আর করিরা ফেলে, এ কারণ ইহজগতে হুট লোকেরা অরবৃদ্ধি যুবক-যুবতীকে চাভূরী দারা প্রেমপাশে আবদ্ধ করিয়া তাহাদের সর্বনাশ সাধন করিতেছে। এ জগতে ইহার দূষ্টান্তের অভাব নাই। আমি অনেক হুর্ঘটনার কথা জানি, সে সব হুংথের কথা উল্লেখ করিলে পাঠকমহাশরগণকে কেবল হুংখ দেওরা হুইবে, এ কারণ তাহার বর্ণনা করিলাম না।

শ্রীকৃষ্ণ:প্রেমে ঈর্বা আছে। শ্রীকৃষ্ণের বে-চাইল দেখিয়া শ্রীমতী স্থী-গণের নিকট আক্ষেপ করিয়া বলিভেছেন—

> "সই কেমনে ধরিব হিয়া। আমার বঁধুয়া আন বাড়ী ধার

সে বঁধু কালিয়া না চায় ফিরিয়া এমতি করিল কে।

আমার অস্তর যেমন করিছে

তেমতি হউক সে॥

যাহার লাগিয়া সব তেয়াগিহ

লোকে অপ্যশ কয়।

সেই গুণুনিধি ছাড়িয়া পিরীতি

আর জানি কার হয়।

আপনা আপনি মন বুঝাইতে

পরতীত নাহি হয়।

পরের পরাণ হরণ করিলে

কাহার পরাণে সয়।

খ্রাম ভাঙ্গাইরা যুবতী হইয়া

এমতি করিল কে।

আমার পরাণ যেমতি করিছে

সে মতি হউক সে 🛭

করহ বিশাস কহে চণ্ডিদাস

বে শুনি উত্তম মুখে।

আছ্যে স্বন্ধী কেবা কোথা ভাগ

मिक्रा शत्र **मर्न्स इःरथं** ॥"

গুল্চিস্তা, উদ্বেগ, ভর, ভাবনা, শোক, মোহ, গ্রঃখ, যন্ত্রণা, হাছতাশ সমস্তই শ্রীকৃষ্ণ-প্রেমে বর্ত্তমান আছে। খ্রীকৃষ্ণ কালীয় ছদের বিষ-জলে ঝাঁপ দিলে ব্ৰজপুরবাসিগণের যে অবস্থা ঘটিয়াছিল বৈঞ্চবক্বি তাহার এই-রূপ বর্ণনা করিয়াছেন---

"কান্দে ব্রক্তেশবী উচ্চস্বর করি

কোথারে গোকুলচক্র।

ভূলি কার বোলে বাঁপ দিলা জলে

ভূজগে হইলা বন্ধ।

অপুত্ৰক হৈয়৷ নন্দন লইয়া

আছিত্র পরম স্থাথ।

পুত্র হৈয়া তুসি জঠরে জনমি

শেল দিয়া গেলা বুকে।।

নিদারুণ বিধি যে বাদ সাধিলা

বিচারিলা অম্ভুত 🏽

কি দোষ পাইয়া লইল কাড়িয়া

আমার সোণার হতে॥

শিরে কর হানে . বিষ জলপানে

সঘনে খাইতে বার।

ছবাহু প্ৰসারি বলরাম ধরি

প্রবোধ কররে তায় 🛭

নন্দথোষ কান্দে, থির নাহি বাহ্দে

ভূমে পড়ি মুরছার।

গোপগণ তাহা হেরিয়া কান্দয়ে

মাধব প্রবোধে তার।।"

এরাধিকার বিলাপ—

"সহচরী সক্ষরি কুঠিই

কণহি কণহি সুবছায়।

কুন্তল তোড়ি সধনে শির হানই
কো পরবোধব তার ।।
হরি হরি কি ভেল বজর নিপাত।
কাহে লাগি কালিন্দী বিষজ্ঞলৈ পৈঠল

সো মঝু জীবননাথ ।।

চৌদিকে সবহুঁ রমণীগণ রোরত

লোরহি মহি বহি বার।

বিগলিত ভর্ম সর্ম সব তেজ্ব

খন রোয়ত উভরায়॥

বিষম্ভল পানে ছুটই কোই লুটই

কৈ না বান্ধই কেশ।

মাধবদাস স্বন্থ পর বোধই

গুদ গুদ বচন বিশেষ ॥"

ত্রীরক্ষ-প্রেমে আত্মেন্ত্রির-মুখ-বাঞ্ছা নাই, একথা বলিবার যো নাই।
ইহাতে আত্মেন্ত্রির-মুখ-বাঞ্ছা যথেই আছে। প্রেম প্রগাঢ় হইলে প্রেমাম্পাদের
মুখই প্রেমিকের মুখ হইরা থাকে। একারণ প্রেমাম্পাদের মুখের জন্ত প্রেমিক নিজের মুখ বিসর্জন দিয়া থাকেন। প্রেমিক নিজে সমস্ত হঃশ যন্ত্রণা সম্ভ করিয়া প্রেমাম্পাদকে সুখী করিতে চায়। তাই বলিয়া শ্রীরক্ষণ

স্থীর প্রতি শ্রীরাধিকার উক্তি---

"রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর। প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর॥ হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে। পরাণ পিরীতি লাগি খির নাহি বান্ধে॥" শৈই কি আর বলিব।
বে পুনি করিয়াছি মনে সেই সে করিব॥
বেপুনি করিয়াছি মনে সেই সে করিব॥
বেপুনি করিয়াছি মনে সেই সে করিব॥
বেপুনি করিয়াছি মনে সেই কি বলিব তা।
দরশ পরশ লাগি এলাইছে গা॥
হাসিতে থসিয়া পড়ে কত মধু ধার।
লহুঁ লহুঁ হাসে পহুঁ পিরীতির সার॥
গুরু গরবিত মাঝে রহি সথী সঙ্গে।
পুলকে পুরুরে তমু খ্রাম পরসঙ্গে॥
পুলক ঢাকিতে করি কত পরকার।
নয়নের ধারা মোর বহে অনিবার॥
ঘরের যতেক সবে করে কাণাকাণি।
জ্ঞান কহে লাজ ঘরে ভেজাইলাম আগুণি॥"

পুনুষ্চ—

"কাহ অঙ্গ পরশে শীতল হব কবে।
মদন দহন জালা কবে সে ঘৃচিবে॥
বয়ানে বয়ান হরি কবে সে ধরিবে।
বয়ানে বয়ান দিলে হিয়া জ্ডাইবে॥
করে ধরি পয়োধর কবে সে চাপিবে।
হথ দশা ঘৃচি তবে হথ উপজিবে॥
বাওলী এমন দশা কবে সে করিবে।
চিপ্তিদাসের মনোহ:থ তবে সে ঘৃচিবে॥

প্রেম স্থের জিনিস, সজোগের বিষয়। নিজেজিয়-সুথবাছা না থাকিলে প্রেম জন্মিতে পারে না, সম্ভোগ হয় না এবং থাকিতে পারে না। যাহার কুধা নাই, সে কি থাইতে পারে ? না, তাহার আহারে তৃপ্তি হয় ? সুথবাঞ্চা আছে বলিয়া সর্বাস্থপের সীমা প্রেমের এত আদর।

প্রাকৃত কোন বস্তুতেই নিরবচ্ছির হথ নাই। এমন হুথের সীমা প্রেম, ইহাও গুংথমিপ্রিত। ইহা অমৃত্যুর হইলেও তীব্র কালকৃট বিষে বিষক্তা। প্রেমে-বিরহ-বিষ বর্তুমান, সাপের বিষ ঝাড়িলে নামে, ঔষধ মানে, প্রেমের এই বিষ ঝাড়িলে নামে না, কোন ঔষধ মানে না। বিরহের জালার যে জলিরাছে সেই ইহার তীব্রতা জানে। আমি এ জালার যেমন জলিরাছি এজগতে বোধ হয় তেমন জালার কেহ জলে নাই। সে সকল ক্ষা লিখিতে হইলে গ্রন্থ বাড়িরা বার, একারণ লিখিলাম না। তবে এইমাত্র বলিতে পারি, কোন ব্রীলোকের উপর আমার প্রেম জলে নাই।

যেখানে ক্দুতা, যেখানে স্বার্থ, যেখানে স্বার্থের ভালবাসা সেখানে কি প্রেমের স্থান হয়? প্রেম চার নিস্বার্থ ভালবাসা, আত্মতাগ, আত্ম-বিসর্জন।

ব্ৰজপ্রবাসিগণের প্রেম ভগবান শ্রীকৃষ্ণে অপিত হইলেও ইহাদের মারিক ধর্ম বিল্পু হয় নাই। বিচ্ছেদ-বিরহে ব্রজবাসিগণ দ্বীভৃত হইয়াছিলেন। শ্রীকৃষ্ণ-বিরহে নন্দ যশোদা কান্দিয়া কান্দিয়া অকপ্রায় হইয়াছিলেন। ব্রজরাথালগণ ভাই কানাইকে হারাইয়া অবসম হইয়া পড়িয়াছিলেন, ব্রজাসনাগণ জীবয়ৃতা হইয়াছিলেন।

প্রেমের গাঢ়তামুসারের বিরহের তীব্রতা অমুভূত হইরা থাকে। ইহাতে বিরহী জনের ক্রমে ক্রমে দশটি দশা উপস্থিত হয়, শেষে মৃত্যু আসিয়া সকল জালা নিবাইরা দেয়।

"চিস্তাত্র জাগরোছেগৌ তানবং মলিনাসতা। প্রলাপো ব্যাধিকঝাদো মোহো মৃত্যুদশা দশঃ॥"

সদ্গুৰু ও সাধন-তত্ত্ব।

চিস্তা, জাগরণ, উদ্বেগ, জীণতা, অঙ্গদালিন্তা, প্রলাপ রোগ, উন্মাদ,
মৃচ্ছা ও মৃত্যু এই দশটিকেই দশদশা কহে।

শ্রীক্ষণ-বিরহে ব্রম্পবাদীগণের এই সকল দশা উপস্থিত হইয়াছিল, বৈষ্ণবক্ষবি চণ্ডিদাস শ্রীমতীর দেশন দশা এইরূপ বর্ণনা ক্রিয়া-ছেন,—

> "বিরহ কাতর। বিনোদিনী রাই পরাণে বাঁচে না বাঁচে।

নিদান দেখিয়া আসিমু হেথায়

কহিন্ন তোহারি কাছে॥ যদি দেখিবে ভোমার প্যারী।

চল এই ক্ষণে রাধার শপথ

আর না করিও দেরি।

कानिकी भूनित कमरनत्र स्मरक

রাথিয়া রাইয়ের দেহ।

কোন সধী অঙ্গে স্থাম নাম

নিখান হেররে কে**হ**॥

কেহ কহে ভোর বঁধুয়া আসিল

সে কথা গুনিয়া কাণে।

মেলিয়া নয়ন চৌদিশ নেহারে

দেখিয়া না সহে প্রাবে॥

ষ্থন হইমু ব্যুনা পার

দেখিত্ব স্থীরা মেলি।

বস্নার জলে বাথে অন্তর্জনে

রাই দেহ হরি ৰলি॥

দেখিতে ষম্মপি সাধ থাকে তব ঝাট চল ব্ৰজে যাই।

বুলে চণ্ডিদাস

বিলম্ হইলে

আর না দেখিবে রাই ॥"

প্রাক্ত প্রেম মারা-সন্ত্ত। ইহা ভগবান প্রীক্ষণ অপিত হইলেও ইহার মারিক গুণ নই হর না। ভগবান প্রীক্ষণ যোগমারাকে অবলহন করিয়া আপনার নিতা পরিকরসহ ব্রজ্ঞামে অবতীর্ণ হইয়া-ছিলেন। তাঁহার জনা ব্রজ্বাসিগণ ও পাগুবেরা তাঁহাতে একান্ত প্রেমাসক্ত হইরাছিলেন। তথাপি প্রাক্ত প্রেমের মারিক গুণ কি বিনষ্ট হইরাছিল প এই ধরাধামে তাঁহাদিগকে কি আর্থি ত্রিভাগ জালা ভোগ করিতে হর নাই ?

মায়িক প্রেম-সাধনে মায়াই বৃদ্ধি পার। ধাহা মায়া হইতে উৎপন্ন
ভাহা কি প্রকারে মায়াকে নাশ করিবে ? মায়িক প্রেম-সাধন-ছারা
ভিতাপ-জালা এড়াইবার ও হস্তর ভবসাগর পার হইবার আশা হরাশা
নাত্র।

প্রেমের বিষয় বাতিরেকে প্রেম জন্মিতে বা পরিপৃষ্ট হইতে পারে না।

ক্রীকৃষ্ণ জন্মগ্রহণ করিয়াছিলেন, প্রতিপালিত হইয়াছিলেন বলিয়াই ব্রজ্পপ্রবাসিগণ তাঁহার বিশ্বমোহন রূপে ও অলোকিক কার্য্য-কলাপে মুগ্ধ

হইয়া তাঁহার প্রতি প্রেনাসক্ত হইয়াছিলেন।

এখন সেই মায়াতীত পুরুষ মায়া-মহুয়ারূপে বর্তমান নাই। তিনি আবার অচিস্তা, অব্যক্ত অরপ হইয়া প্রকৃতির অন্তরালে পুরুষিত হইয়াছেন। কালপ্রভাবে লোকে এখন তাঁহার অন্তিষ্টেই সনিহান হইয়াছে। এখন আপনাদের শীক্ষা-প্রেম-সাধন কি প্রকারে হইবে ?

গোস্বামীপাদের৷ এই প্রেম-সাধনের রাগামুগা ভক্তির আশ্রম

শইতে বলিয়াছেন। অর্থাৎ আপনাকে ব্রজগোপী কল্পনা করিয়া স্থীর অমুগত হইয়া কল্পনায় শ্রীক্তঞ্চসেবা ও শ্রীরাধাক্তফের কেলিবিলাস স্থারণ করিতে উপদেশ দিয়াছেন।

ভগবান ঐক্তিকে পাইয়াও ব্রজবাসী ও পাওবগণের দশা দেখিলেন। এখন তাঁহাকে না পাইয়া কেবল কলনার সাহায্যে প্রেম-সাধন করিয়া আপনারা কতদূর সিদ্ধকাম হইবেন মনে মনে ভাবিয়া দেখুন।

করনার সতা বস্ত লাভ হর না, উহাতে মস্তিকের বিরুতি ও প্রাস্তি
আনিরন করে। করনার কি গর্ভের সঞ্চার হয় না শুনে হুধ আসে অথবা সন্তান ভূমিষ্ঠ হয় ? উহাতে কি মানুষ নারীদেহ ও রূপযৌবন লাভ করিতে পারে ? করনার কি প্রেম জন্মে ?

করনার হয় কেবল মনে মন-কলা থাওয়া। উহাতে পেটও ভরে না, রসাস্বাদনও হয় না।

পাঠকমহাশরগণ, এখন আপনারা কি করিবেন ? মনে মনে কি
মনকলা থাইবেন ? না, বাহাতে হস্তর ভবসমূদ্র পার হওয়া যায়, বাহাতে
অপ্রাক্ত শ্রীকৃষ্ণ-প্রেম লাভ করিতে পারা যায়, যাহাতে অপ্রাক্তত প্রবের
সহিত অপ্রাক্ষত প্রেমরস আলাদন করিতে পারা যায়, বাহাতে হুনিবার
ক্রিতাপজালা জুড়াইতে পারা যায়, বাহাতে হুরতারা গুণমরী দৈবী
মায়ার হস্ত হইতে পরিত্রাণ পাওয়া যায় তাহার চেষ্টা দেখিবেন ?

शक्य शतिएक्त।

গোপী-শ্রেমালকার।

আমি পূর্বপ্রবন্ধে দেখাইরাছি, প্রাকৃত প্রেমই জীক্ষ-প্রেম। সাংসারিক লোকের প্রেম স্ত্রীপুত্রাদিতে অপিত হর, গোপীগণের প্রেম ভগবান শ্রীকৃষ্ণে অপিত হইরাছিল মাত্র। গোপীগণ শ্রীকৃষ্ণকে তাঁহাদের নারক, পরাণ বঁধু বলিয়া জানিতেন।

ভগবান শ্রীকৃষ্ণ ভক্তগণকৈ অনুগ্রহ করিবার জন্ত যোগমায়াকে অবলম্বন করিয়া ব্রজধামে মায়ামানুষরূপে অবতীর্ণ হইয়াছিলেন এবং ব্রজবাসীগণের সহিত মানুষী লীলা করিয়াছিলেন।

"অমুগ্রহায় ভূতানাং মামুষং দেহামাশ্রিতঃ। ভক্তে তাদৃশীঃ ক্রীড়া ষাঃ শ্রুষা তৎপরো ভবেৎ॥''

শ্রীমন্ত্রগিবত ১০।৩৩/৩৬

শুকদেব রাজা পরীক্ষিৎকে বলিয়াছিলেন,—হে রাজন! শ্রীকৃষ্ণ ভক্তবৃন্দের প্রতি অমুগ্রহনিবন্ধন নরদেহধারণপূর্বক সেইপ্রকার লীলা করিয়া থাকেন যাহা শ্রবণপূর্বক ভক্তজন ভাবপরায়ণ হইবেন।

কবিরাজ গোসামী লিখিতেছেন---

"মাতা মোরে পুত্রভাবে করেন বন্ধন। অতি হীন জ্ঞানে করেন লালন পালন॥ স্থা শুদ্ধ সথ্যে করে স্বন্ধে আরোহণ। তুমি কোন বড় লোক তুমি আমি সম॥

প্রিরা যদি মান করি করয়ে ভৎ সন। বেদস্তৃতি হইতে হয়ে সেই মোর মন॥ এই শুদ্ধ ভ**ক্তি লঞা ক**রিমু **অ**বভার। করিব বিবিধ বিধ **অম্ভূত বি**হার॥ বৈকুণ্ঠ আছে নাহি বে বে দীলার প্রচার। সে সে লীলা করিব যাতে মোর চমৎকার॥ মো বিষয়ে গোপীগণের উপপত্তি ভাবে। যোগ মার। করিবেন আপন প্রভাবে॥ আমিহ না জানি তাহা না জানে গোপীগণ। ছঁহার রূপগুণে শোহার নিত্য **হবে** মন। ধর্ম ছাড়ি রাগে হুহে করম্বে মিলন। কভু মিলে কভু না মিলে দৈবের ঘটন।। এই সব রস নির্ব্যাস করিব আস্বাদ। এই দারে করিব সব ভক্তেরে প্রসাদ॥" ভগবান এক্তিঞ্চ ব্ৰজ্ঞধানে মাহুষী লীলাই করিয়াছিলেন : "কৃষ্ণের যতেক থেলা সর্কোত্তম নর লীকা নর বপু তাহার **স্বরূপ**। গোপ বেশ বেণুকর নব কিশোর নটবর নব লীলা হয় অমুক্রপ ॥"

যদিও ভগবান শ্রীবৃন্দাবনে মায়ামান্থকপে অবতীর্ণ হইয়া ব্রজ্ঞান্তনাগণের সহিত প্রাক্বতভাবে কেলিবিলাস করিয়াছিলেন, তথাপি গোসামি-পাদেরা ইহা স্থীকার করিতে চান না। যদিও এই লীলা অপ্রাক্তবিলিতে সাহস করেন নাই তথাপি ইহার বিশুদ্ধতা প্রমাণ করিবার জন্ম গণেই পেয়াম পাইয়াছেন। করিবাজ গোসামী বলিকেছেন—

গোপী-প্রেমালক্ষার।

"সহজে গোপীর প্রেম নহে প্রাকৃত কাম। কাম ক্রীড়া সাম্যে তারে কহে কাম নাম॥"

কণাট বড়ই অস্পষ্ট হইল, একারণ কবিরাজ গোস্বামী আবার স্পষ্ট করিয়া বলিতেছেন—

"নিজেন্দ্রির স্থা হেতু কামের তাৎপর্য্য।
কৃষ্ণ স্থাবের তাৎপর্য্য গোপীভাববর্য্য॥
নিজেন্দ্রির স্থাবাদা নাহি গোপীকার।
কৃষ্ণে স্থা দিতে করে সঙ্গম বিহার॥"
এই কথাগুলি আরও স্থাপ্ত করিরা দেখাইবার জন্ত বলিতেছেন—
"সধীর স্বজাব এক অকথ্য কথন।
কৃষ্ণসহ নিজ লীলার নাহি স্থীর মন॥
কৃষ্ণসহ রাধিকার লীলা যে করার।
নিজ কেলি হইতে তাতে কোটি স্থা পার॥"

"বন্তাপি স্থীর ক্লফ সঙ্গনে নাহি মন। তথাপি রাধিকা যত্নে করার সঙ্গন॥ নানাছলে ক্লফে প্রেরি সঙ্গন করার। আত্ম স্থা সঙ্গ হইতে কোটি স্থা পার॥"

কবিরাজ গোস্বামী এই সব কথাগুলি লিখিয়াছেন বটে কিন্তু সামঞ্জন্ম রাখিয়া লিখিতে পারেন নাই। তিনি নিজেই লিখিয়াছেন ;— 'শতকোটি গোপী সঙ্গে রাস বিলাস। তার মধ্যে এক মূর্ত্তে রহে রাধা পাশ॥ সাধীরণ প্রেম দেখি সর্বান্ত সমতা।

বাধার কুটিল প্রেম হইল বামতা ■

ক্রোধ করি রাস ছাড়ি গেলা মান করি। তারে না দেখিরা ব্যাকুল হইলা গ্রীহরি॥"

বদি ব্রহ্ণগোপীর নিজেক্সির-স্থ-বাহা ছিল না, তবে আবার এত মান কৈন ? এত ক্রোধ কেন ? ইহাতে কি নিজেক্সির-স্থ-বাহা ব্যাইতেছে না ? কবিরাজ গোস্বামীক্র নিজের কথার নিজের সিদ্ধান্ত থণ্ডিত হইরাছে।

"সহজে গোপীর-প্রেমনহে প্রাক্ত কাম" এই কথাটাই বা টিকিতেছে কই । দারুণ কন্দর্প বে গোপী-প্রেমের জন্মদাতা, পরিপোষ্টা ও তাহাদের নিদারুণ বিরহসন্তাপের কারণ, একথা কবিরাজ গোস্বামী নিজ মুখেই ব্যক্ত করিরাছেন।

"পহিলহি রাগ । । । । অহনি বাচল অবধি না গেল। । না সেন বাচল অবধি না গেল। । । হ'হ মন মনোভব পেশল জানি॥ এ স্থী সে সব প্রেম কাহিনী। কাহু ঠারে কহবি বিছুবল জান॥ না থোজলুঁ দ্তী না খোজলুঁ আন। হহঁকেরি মিলনে মধত পাঁচ বাণ॥ অবসোই বিরাগ তুহ ভেলি দ্তী। স্পুক্থ প্রেমক ঐছন রীতি॥"

পাঠক মহাশয়গণ, আপনারা গোস্থামী-সিকাস্ত সকল পাঠ করিলেন, এক্ষণ গোপী-প্রেম প্রাকৃত কি অপ্রাকৃত আপনারাই বিচার কর্মন।

আপনাদিগকে গোপিপ্রেমের কথা শুনাইলামা। এখন গোপী-প্রেমালঙ্কারের কথা বলিতেছি শ্রবণ করুন।

গোস্বা ম-পাদেরা ব্রজবধ্গণের নারিকা-ভেদ বর্ণন করিয়াছেন। নায়িকা-গণ তিন শ্রেণীতে বিভক্ত। কেহ সুগ্ধা, (১) কেহ মধ্যা, (২) আবার কেহ প্রগল্ভা (৩)। মানের সময় আবার নায়িকাগণ মধ্যে কেহ ধীরা, (৪) কেহ অবীরা, (৫) কেহ বা ধীরাধীরা (৬) হইয়া খাকেন। নারিকাপণ আবার কেহ প্রথরা, কেহ মৃত্, কেহ বা সমা। যাহার যেমন প্রকৃতি সানের সময় কান্তের প্রতি সে সেইরূপ ব্যবহার করে।

বদিও রস-শাল্রে নায়ক-ভেদের বর্ণনা আছে, তথাপি এবিন্দাবনে আমাদের একমাত্র নায়ক জীক্ষ, আর কোন নায়ক নাই। জীক্ষ ধীর ললিত (१) বলিয়া বর্ণিত হইরাছেন।

১। নামকের অভার কাবীে যে নারী কেবল মুখ আচ্ছাদন করিয়া জন্দন করেন, এবং নায়কের বিনয় বাক্যে প্রসন্ন হন তিনিই মুখা। মুধা নারিকার বয়স অল্প । অল্পিন হইল নায়কের সহিত মিলিতা হইয়াছেন। ইনি প্রেমের ব্যাপারে স্পত্তিতা নছেন। মুদ্ধা ছুই প্রকার। অজ্ঞাতযৌবনা ও জ্ঞাতযৌবনা।

২ ৷ বাহার লক্ষাও মদন সমান, যিনি নবতারশালালী, কিঞ্ছিৎ প্রগল্ভবচনা এবং মোহাত হুরভক্ষা, ভাহাকে মধ্যা বলে।

৩। যিনি পূর্ণ তারুণাশালিনী, সদনমদে আন্ধা, সহারতিতে উৎক্কা, নানাবিধ ভাবের উল্পামনে অভিজ্ঞা, রসভরে নায়ককে আগ্নত করিতে সমর্থা, বাহার বচন ও ক্রিয়া অভি প্রোত্ভাবাপর এবং যিনি মানে অত্যস্ত কঠিনা তাহাকে প্রগল্ভা বলে।

^{■।} মানের সময় যে নায়িকার কান্তকে দেখিয়া অন্তরের কোপ অন্তরে লাপিয়া রাখেন, কান্তকে আদর করিয়া বসান ■ খ্নধ্র বাকো তাঁহার প্রীতি স্পাদন বা মিষ্ট ভ ৎসনা করেন তিনিই ধীরা।

[।] অধীরা নারিকা মানের সময় কান্তকে নিঙুর বাক্যে তং স্লা করেন। এবং ঠাহাকে মালার বন্ধন করেন।

[।] ধীরাধীরা মানের সময় কাস্তকে ব্যক্ষোক্তি ছারা বিজ্ঞপ করেন।

৭। যিনি রসিক, নবযৌবনদশ্বর, পরিহাসপত্ন, নিশ্চিন্ত এবং প্রেয়সীর বশীভূত তিনিই ধীরললিত।

[&]quot;রায় কহে কৃষ্ণ হয় খীরললিত। নিরস্তর কাষক্রিয়া যাহার চরিভ 🗓

গোস্বামি-পাদেরা ব্রজের পরকীয়া রসকে ১৯২ ভাগে বিভক্ত করিয়া-ছেন। তন্মধ্যে চৌষটি রসই প্রধান। মুগ্না ছই প্রকার; জ্ঞাতযৌবনা ও অজ্ঞাতযৌবনা। মধ্যা ও প্রগল্ভা, ধীরা, অধীরা, ও ধীরা-ধীরা ভেদে ছয় প্রকার। এই আট প্রকার নায়িকার প্রত্যেকের আবার আট প্রকার অবস্থাস্তর; যথা—অভিসারিকা, বাসক সজ্জা, ২ উৎক্তিতা,
বিপ্রকার, শথিতিতা, কলহাস্তরিত্ত, প্রোষিত্তর্ভ্কা বিপ্রশারীন-ভর্কা। এই চৌষটি রস—৮×৮=৬৪।

ব্রজাঙ্গনাদের পরকীয়া প্রেম বিংশতি প্রকার ভাবালন্ধারে বিভূষিতা,

অভিদারিকা—অর্থাৎ নায়কের সকে মিলিত হইবার জক্ত গমন।

২। বাসকদজ্ঞা—নায়কের আগমন অপেকায় সক্ষা করিয়া নায়িকার অবস্থিতি।

৩। উৎক্ষিতা—যে নায়িকার গৃহে প্রিরতম শীব্র আগমন করেন না; এবং প্রিয়ের অনাগমনহেতু যিনি শোকযুক্ত হইয়া চিক্তা করেন, সেই নায়িকাকে উৎক্ষিতা কহে। ইহার চেষ্টা যথা—সন্তাপ, কম্পন, অহেতু তর্ক, অশাশ্ব্য, বাস্পমোচন, নিজ অবস্থা, কথন ইত্যাদি।

৪। বিপ্রলন্ধা—প্রিয়তমের জন্ত স্বয়ং দৃতী প্রেরণ করিলেও বধন তিনি আগমন করেন না তথন সে নায়িকা তল্পিরহে কাতরা হইয়া শোক প্রকাশ করেন। এই নায়িকাকে বিশ্বলন্ধা কহে। ইহার চেঠা বধা—বৈরাগ্য, চিস্তা, মোহ, অঞ্চ, সুক্তা, দীর্ঘনিখাসত্যাগ্য ইত্যাদি।

[।] খণ্ডিতা—যে নায়িকা কান্তের অস্তসহ সম্ভোগ-লক্ষণ দর্শন করিয়া ঈর্ব্যায়িতা এবং কোপাবিষ্টা হন, তাহাকে খণ্ডিতা কহে। ইহার চেষ্টা, যথা—ক্রোধপ্রকাশ, দীর্ঘনিখাসত্যাগ, মৌনস্থাবাদি।

৬। কলহান্তরিতা—যে নায়িকা ক্রোধান্ত ইয়া পদাবনত বল্লন্ডকে পরিত্যাগ করিয়া। পরে দীনভাবে অনুতাপ করে, তাহাকে কলহান্তরিতা কহে। তাহার চেষ্টা যথা—প্রলাপ, সন্তাপ, গ্লানি, দীর্ঘনিখাসত্যাগ ইত্যাদি।

৭। প্রোধিতভর্ত্কা—নায়ক বিদেশস্থ থাকিলে যে নায়িকা সম্ভাপে কালযাপন করে তাহাকে প্রোধিতভর্ত্কা ৃক্তে।

৮। স্বাধীনভর্কা—নায়ক যে নায়িকার অনুগত হইয়া সর্বদা আজ্ঞা-পালন করে: তাহাকে স্বাধীনভর্কা কছে।

তন্মধ্যে অধিরত ট কিলকিঞ্চিত, ই কুটুমিত, ই বিলাস, ট ললিত, ই বিবেবাক, ই মোট্টায়িত, ই মৌগ্ধ ই, চকিত প্রধান।

নারিকাগণ মধ্যে কেহ বামা, আবার কেহ দক্ষিণা। শ্রীরাধিকা সদাই বামা।

"বাুমা । এক গোপীগণ দক্ষিণা ⁵ । এক গণ। নানা ভাবে করায় কৃষ্ণে রস আসাদন॥

- ১। অধিরা ভাবে নায়িকা অসহিষ্ণু হইয়া পড়েন, নায়কের মিলনের বিলঘ সহ করিতে পারেন না। হৃদয় ভালিত হইতে থাকে, অতি দীর্ঘকালও ক্লাকালের স্থায় জ্ঞান হয়, আবার ক্লাকালও যুগপরিমাণ বোধ হয়। পাছে নায়কের কোন বিপদ ঘটে এই কালনিক আশকায় নায়িকা ভীতা ও ক্লীণা হন।
- ২। কিলকিঞ্চিত। পর্বা, অভিলাষ, শুক্ষ রোদন, হাস্ত, অসুনা, ভদ, বাহু ক্রোধ হর্ষ এই আটটি ভাবের একত্র মিলনের নাম কিলকিঞ্চিত ভাব। যথন শ্রীরাধিকাকে দেখিয়া শ্রীকৃঞ্চ তাহার গায়ে হাত দিতে ঘাইতেন, পথে যাইতে যথন তিনি হাত বাড়াইয়া আগুলিতেন, যথন সাধীগণের সম্মুখে ছুইতে যাইতেন, যথন পৃষ্প উঠাইতে মানা করিতেন তথন শ্রীমতীর কিলকিঞ্চিত ভাবের উদগ্য হইত।
- ও। স্থান ও অধরাদি গ্রহণ সময়ে হৃদয়ের প্রীতি থাকিলেও সম্ভ্রমবশতঃ ব্যথিতের শ্রায় বাহু ক্রোধপ্রকাশের নাম কুটমিত ভাব।
- ৪। প্রিয়সক অক্ত গতি, স্থান, আসন, মুখ ও নেত্রাদির বে বৈশিষ্ট্য তাহাকে **বিলাস** বলে।
- ে। যাহাতে অঙ্গন্তক্তি ও ক্রবিক্ষেপের মনোহারিত্ব প্রকাশ পার তাহাকে ললিত বলে।
- ্বা মান ও গর্ববশতঃ কান্তের প্রদত্ত বস্তুর প্রতি যে অনাদর তাহাকে বিবেশক বলে।
- ৭। কান্তের শারণ ও তাহার বার্ত্তাদি শ্রবণে কান্তবিষয়ক স্থায়ী ভাবের ভাবনাজস্থ হৃদয়মধ্যে যে অভিলাষ জন্মে তাহাকে মোট্টায়িত বলে।
- ৮। প্রবল সদনাবেশবশতঃ হারমালাদির যে অযথা হাবে ধৃতি তাহাকে মৌগ্র বলে।
- ১। যে নারিকা মান গ্রহণার্থ সর্বাদা উদ্যোগিনী এবং সেই মানের শৈথিলো বিনি কোপনা হন, নারক যাহার মান প্রসাদন করিতে অসমর্থ, এবং প্রায়ই নায়কের প্রতি কঠিনার স্থায় প্রতীয়মান। তাঁহাকে বামা বলে। যাহাদের শ্রীকৃষ্ণে মদীয়তাময় মধুমেহ সেই গোপীগণ বামা। যথা শ্রীরাধিকা।

ত নালিকা মান নিবলৈ অসমর্থা ধিনি নায়কের প্রতি যুক্তবাদিনী, এবং যুক্তি

গোপীগণ মধ্যে শ্রেষ্ঠা রাধা ঠাকুরাণি।
নির্মাণ উচ্ছল রস প্রেম রত্ন খনি।।
বয়সে মধ্যমাণ ভিঁহ স্বভাবেতে সমাণ।
গাঢ় প্রেম ভাব ভিঁহো নিরন্তর বামা।
বাম্য স্বভাবে মান উঠে নিরন্তর।
ভার বাক্যে উঠে ক্লেরে আনন্দ সাগর॥"
"অহেরিব গভিঃ প্রেম্ম স্বভাবক্টিশা ভবেং।
অতোহেতোরহেতোক্য যনোমান উদ্ধৃতি॥

পঠিক মহাশয়গণ, আপনারা জামাকে বৈশ্ববধর্শের বিরোধী মনে করিবেন না। বৈশ্ববধর্শে আমার ক্লধর্শ, আমার ইন্টদেব পরম বৈশ্বব। তাঁহারই রূপায় আমি বৈশ্ববধর্শ যাজন করিয়া আসিতেছি। আমি রাধা ক্লেব্র উপাসক।

গোষানিপাদেরা শ্রীমন্মহাপ্রভুর পন্থা পরিত্যাগ করিয়া আপনাদের মনোমত করিয়া বৈঞ্চবধর্ম গড়িয়া তুলিয়াছেন, নিজেদের মনোমত উপাসনা-প্রণালী স্থির করিয়া লওয়ার বৈঞ্চবধর্ম লান হইয়া পড়িয়াছে এ কারণ সত্যের অনুরোধে ও জনসমাজের হিতার্থে আমি এই সমস্ত বিষর প্রকাশ করিলাম। আমি বৈঞ্চবধর্মের বিদ্বেষ্টা, অথবা সাম্প্রদায়িক ভাবের বশবর্ত্তী হইয়া পুস্তক লিখিতেছি এ কথা আপনারা মনোমধ্যে স্থান দিবেন না।

ছারা নায়ক∷যাহার মানভঞ্জনে নমর্ধ, তাহাকে দক্ষিণা বলে। যাহারা এক্জে তদীয়তা-;ময়-কৃতক্ষেহ তাহারা দক্ষি।। যথা, চন্দ্রাবলী প্রভৃতি।

গ। ১২ হইতে ১৪ বংসর পর্যন্ত, অর্থাৎ কিশোরী।

৪। যিনি প্রথরা নহেন, এবং মৃত্র নহেন অথবা উত্তর ভাবের সন্মিলন যাহাতে বর্ত্তমান আছে তিনিই সমা।

ষষ্ঠ পরিচ্ছেদ।

গ্রীগোরাঙ্গ-প্রেম।

"অনপিতচরীং চিরাৎ করণরাবতীর্ণঃ কলৌ, সমর্পরিতুমুরতোজ্ঞালরসাং সম্ভতিনির্মা। হরিঃ প্রটমন্দর্ছাতি কদম্সন্দীপিতঃ, সদা হাদয়কন্দরে ক্রতু বঃ শচীনন্দনঃ॥"

যিনি করণার বশবর্তী হইরা, সকলকে, অন্ত অবতারকর্ত্ব অনর্পিত,
মুখা, উজ্জল ও রসগর্ভ স্বীয় উপাসনা-স্বম্পত্তি-রূপ ভক্তি প্রদর্শনার্থ কলিয়গে
অবতীর্ণ হইরাছেন, যিনি স্থবর্ণ অপেক্ষাও অধিকতর কান্তিবান, সেই
শচীনন্দন হরি তোমাদিগের হদররূপ পর্বাতকন্দরে কুর্ত্তি প্রাপ্ত হউন।
সিংহ যেমন গিরিকন্দরে অবতীর্ণ হইরা তত্রতা গজ্বমুথকে বিনিপাত করে,
শচীনন্দনরূপ সিংহও সেইরূপ তোমাদের হদরগুহার অভাদিত হইরা
তত্রতা কামাদি অরিকুলরূপ করিবৃন্দকে সংহার কর্মন।

পাঠক মহাশরগণকে বৈশ্বব আচার্যাগণের বর্ণিত শ্রীকৃষ্ণ-প্রেমের কথা শুনাইলাম, এখন আবার শ্রীগৌরাঙ্গ-প্রেমের কথা শুনাইতে বিসলাম। শ্রীগৌরাঙ্গ-প্রেম বলিলে যে প্রেম শ্রীমন্মহাপ্রভু স্বরং আস্বাদন করিয়াছিলেন ও অন্তরঙ্গ ভক্তগণকে আস্বাদন-করাইয়াছিলেন তাহাই জানিবেন।

শ্রীগৌরাঙ্গ-প্রেন্ন লোকাতীত শাস্ত্রাতীত। এই প্রেমের বর্ণনা কোন

শাস্ত্রে নাই, জনসমাজেও ইহা প্রকাশিত নহে। একারণ শ্রীগৌরাঙ্গ-প্রেমের কথা লোকে জানে না।

শ্রীগোরাঙ্গ-লীলায় অতি অল্পসংখ্যক লোক শ্রীগোরাঙ্গ-প্রেম লাভ করিয়াছিলেন। গৌরভক্তগণের মধ্যে বাঁহারা শ্রীগোরাঙ্গ—প্রেমের কথা লিখিয়া গিয়াছেন তাঁহারা কেহই শ্রীগোরাঙ্গ-প্রেম লাভ করেন নাই, এ কারণ তাঁহাদের বর্ণনার কেবল প্রাক্ত প্রেমেরই বর্ণনা রহিয়াছে; স্প্রাক্ত প্রেমের একটি কথাও নাই।

শ্রীগোরাঙ্গ-প্রেম অপ্রাক্তত, ইহা বৃঝিবার বা বৃথাইয়া বলিবার যো নাই। এই প্রেম কেবল সন্নাসিগণের মধ্যে শিষ্যপরস্পরায় লোক-চক্ষুর অন্তর্রালে অতি সঙ্গোপনে আবহমানকাল চলিয়া আসিতেছিল, শাস্ত্রকার ঋষিগণও ইহা টের পান নাই, একারণ শাস্ত্রে ইহার উল্লেখ নাই। জনসমাজ কি প্রকারে শ্রীগোরাঙ্গ-প্রেম জানিবে ?

ধর্মের একান্ত গ্লানি উপস্থিত হওরার, ধর্ম্মণস্থাপনার্থ প্রীমন্মহাপ্রভূ ধরাধানে অবতীর্ণ হইরা এই প্রেমভক্তি বিতরণ করিয়াছিলেন।
কালসহকারে আবার ধর্মের অধিকতর গ্লানি উপস্থিত হওয়ায় এবং
শ্রীগৌরাঙ্গ-প্রেম লুপ্তপ্রার হওয়ায়, করুণাপরবশ হইয়া ভারতের সনাতন
ধর্মারকার্যে এবার গোস্থামী মহাশর শ্রীমন্মহাপ্রভূর আজ্ঞায় জনসাধারণকে এই অন্পিত-পূর্বা প্রেমভক্তি বিতরণ করিলেন।

ভারতবাসীর বড়ই সোভাগ্য যে যুগযুগান্তর হইতে যে প্রেমভক্তিতে তাঁহারা বঞ্চিত ছিলেন, এবার অনায়াসে তাঁহারা তাহা লাভ করিলেন।

এই প্রেমের কথা আমার বুঝাইয়া বলিবার সাধ্য নাই; অপ্রাক্ত ভ'ব বর্ণনার ভাষাও নাই। আমি যতদূর পারি কেবল লক্ষণদ্বারা এই অপ্রাক্ত প্রেমের একটা ছায়া পাঠকমহালয়গণের সক্ষ্থে উপস্থিত করিতেছি। এই প্রেম অচেতন পদার্থ নহে, ইহা চৈতস্তময়।

এই প্রেম সর্বাস্তর্যামী। ই হার নিকটে কিছুই গোপন থাকিতে পারে না।

এই প্রেম নিতা, চিরকাল বর্ত্তমান আছেন ও থাকিবেন।

এই প্রেম আনন্দমর, অনির্বাচনীর, কেবল অনুভূতিশ্বারা উপলব্ধ হইয়া থাকে।

এই প্রেম সচ্চিদানন্দ বিগ্রহের প্রকাশাস্তর মাত্র 🕨

এই প্রেম ইন্দ্রিরগ্রাহ্থ নহে। কোন ইন্দ্রিরের দ্বারা এই প্রেমের রসাম্বাদন করিতে পারা যায় না। এই প্রেম-আত্মার ভোগা বস্তু, প্রেম লাভ হইলে আত্মাই ভোগ করিয়া থাকে। আহার অভাবে শরীর যেমন ক্ষীণ ও মলিন হইয়া পড়ে, এই প্রেমের অভাবে আত্মা তেমনি ক্ষীণ, মলিন ও মৃতপ্রায় হইয়া পড়ে। এই প্রেমকে ভোগ করিয়া আত্মা সতেজ ও পরিপুট্ট হয়। এই প্রেম উপভোগ করিবার জন্ম কোন ইন্দ্রিয়ের সাহায্য আবশ্যক হয় না।

এই প্রেম কথনও মলিন বা অন্তরিত হয় না, এই প্রেম একবার লাভ হইলে ক্রমশঃ পরিবর্দ্ধিত হইতে থাকে।

এই প্রেনে মেধা ও বুদ্ধিবৃত্তি প্রথর হয়, মস্তিক্ষ পরিপুষ্ট হয়। চিস্তা-শক্তি পরিবৃদ্ধিত হয়।

এই প্রেম শরীরকে সবল ও সুস্থ রাখে, মনকে স্থ্রসন্ধ করে। এই প্রেম মনের চাঞ্চলা দূর করে, চিত্তকে স্থির করে। এই প্রেম শরীরের রোগনাশ করে, শরীর সবল ও সুস্থ রাখে।

এই প্রেমের যথেষ্ট মাদকতা-শক্তি আছে। স্থরার নেশা ইহার নিকট কিছুই নহে। ইহার মাদকতা অত্যস্ত প্রবল।

এই প্রেম মাকুষের কল্যাণকামী। ইনি মাকুষকে রূপা করিয়া

নিশ্চিম্ব হইয়া থাকেন না। যাহাতে তাহার প্রকৃত কল্যাণ হয়, তিনি সেই চেষ্টায় সর্বাদা থাকেন।

এই প্রেম অন্ধ নহে। হিতাহিত জ্ঞানশৃত্য নহে। এই প্রেম পূণ জ্ঞানময়। এই প্রেম হইতে মামুযের হৃদয়ের অজ্ঞানান্ধকার দূর হয় এবং তন্ত্রজানের উদয় হয়।

মান্ত্র স্থাপ বিপথ কিছু জানে না। কোন্ পথে যাইতে হইবে মান্ত্র ঠিক করিতে পারে না। আপন রুচি ও প্রবৃত্তি মান্ত্রকে যে পথে পরিচালিত করে মান্ত্র সেই পথেই পরিচালিত হইরা বিনাশ প্রাপ্ত হয়। এই প্রেন মান্ত্রের প্রবৃত্তি ও রুচির পরিবর্ত্তন ঘটাইয়া মান্ত্রকে মঙ্গলের পথে পরিচালিত করে এবং তাহার সর্বপ্রকার মঙ্গল বিধান করে।

এই প্রেম সর্বাশক্তিমান। ইনি না পারেন, বা না করেন এমন কাম নাই। কামক্রোধাদি রিপুগণের হস্ত হইতে পরিত্রাণের কোন উপার নাই, ইনিই ঐ সকল রিপুগণের হস্ত হইতে মাহ্মকে ত্রাণ করেন। হিংসা, দ্বেম, পরনিন্দা, পরচর্চা, পরপীড়ন, পরশ্রীকাতরতা, অভিমান, অহকার, প্রতিষ্ঠা, প্রভূত এবং নানারপ স্বার্থাদি হস্প্রস্তিসকল দূর করিয়া দেন। সহস্র সহস্র হৃদরগৃত্তি হিন্ন করিয়া দেন। সহস্র সহস্র হৃদরগৃত্তি হিন্ন করিয়া দেন। সহস্র সহস্র হৃদরগৃত্তি হিন্ন করিয়া দেন; চিস্তা, উদ্বেগ, ভয়, ভাবনা, শোক, মোহ ইত্যাদি নাশ করিয়া মাহ্মের ছঃখ দূর করেন; দয়া, পরোপকার পরহঃথকাতরতা, আদর্যত্ত, দেবা, লোকমর্য্যাদাবোধ প্রভৃতি সংপ্রবৃত্তি সকল জাগাইয়া তুলিয়া জীবন মধুমন্ন করিয়া দেন। আমি ইহার গুণের কথা কি বলিব, মাহ্ম্যকে মাহ্ম্য করিবার জন্ম বাহা কিছু করা কর্ত্তব্য ইনি তৎ সমৃদ্য করেন। মাহ্ম্য সহস্র চেষ্টার যাহা লাভ বা ত্যাগ করিতে সমর্থ হয় না ইনি অনায়াসে ভাহা করিয়া দেন।

এই প্রেম অত্যন্ত ক্ষমানীল। মানুষ মায়ার কুহকে পড়িয়া বিপথ-গামী হইলেও ইনি তাহাকে পরিত্যাগ করেন না, করুণাপরবশ হইয়া ফিরাইয়া আনেন এবং প্রেমামৃতবর্ষণে পরিতৃপ্ত করেন।

প্রাকৃত প্রেমের ন্যায় এই প্রেম স্থগু:খমিপ্রিত সয়। ইহা নিভাবনদময়। ইহাতে হঃথের লেশমাত্র নাই। কবিরাজ গোস্বামী জ্রীকৃষ্ণ-প্রেম বর্ণনায় লিখিয়াছেন—

> "এই প্রেমা যার মনে তার বিক্রম সেই জানে বিষামতে একত্র মিলন।"

আমি জীগোরাঙ্গ প্রেম রর্ণনায় লিখিতেছি—

এই প্রেমা যার মনে তার আস্বাদ সেই জানে

স্থামৃতে একত্র মিলন।

ঞ্জীক্ষণ-প্রেম বর্ণনায় তিনি আর এক স্থানে লিখিয়াছেন---"এই প্রেমার আস্বাদন তপ্ত ইক্ষু চর্বণ

মুথ জলে না যার তাজন।"

আমি শ্রীগোরান্ধ-প্রেম বর্ণনায় বলিতেছি—

এই প্রেমার আস্বাদ্শ

স্বিগ্ধ ইকু চর্ব্বণ

মুখ জুড়ার না যায় তাজন।

তিনি আর এক স্থানে লিখিয়াছেন---

"বাহিরে বিষ জালা হয়

ভিতরে ক্ষানন্দর্য

ক্লফ্চ প্রেমের ঐছন চরিত।"

আমি কিন্তু গৌর-প্রেম বর্ণনার বলিতেছি—

বাহিরে বিষ জ্বালা নর

ভিতরে আনন্দ্রয়:

্গৌর-প্রেমের ঐছন চরিত।

ত্রীগোরাজ-প্রেম-রসের আস্থাদন অপ্রাকৃত। ত্রীকৃষ্ণ-প্রেম বা প্রাকৃত

প্রেমের আস্থাদন বে প্রকার এ প্রেমের আস্থাদন সে প্রকার নহে। ইহা অনির্বাচনীয় ফুটিয়া বলিবার উপায় নাই। ইহার আস্থাদন যে একবার পাইয়াছে সেই কেবল ব্ঝিতে পারে। দাস্তা, স্থা, বাৎসল্য ও মধুর রসের আস্থাদন যেমন বিভিন্ন, জ্রীগৌরাঙ্গ-প্রেম-রসের আস্থাদন সেরূপ বিভিন্ন নহে।

শ্রীক্ষ-প্রেমের স্থার এই প্রেমে চিন্তা, উদ্বেগ, ভর, ভারনা, রোগ, শোক, মোহ ইত্যাদি কিছুই নাই ইহার বিপরীত বাহা কিছু তাহাই আছে। গোস্বামী মহাশরের জীবন ইহার জলস্ত প্রমাণ।

গোস্বাদী মহাশয় যথন এই প্রেম-ভক্তি লাভ করেন নাই, তথন তাঁহাকে দরিদ্রতার থোর নিম্পেষণে নিম্পেষিত হইতে হইয়াছিল। কতদিন ক্ষ্ণার অসহ যরণা সঁহ করিয়া উপবাদে দিন কাটাইতে হইয়াছিল।

তিনি দারণ কন্দর্শ-পীড়ায় প্রপীড়িত হইতেন, কিছুতেই ইহার বেগ সহা করিতে পারিতেন না, একারণ মনোহঃথে আত্মহত্যা করিতে প্রস্তুত হইয়াছিলেন। তিনি এই দারণ রিপুর হস্ত হইতে পরিত্রাণের কোন উপায় করিতে পারেন নাই।

তাঁহার অপত্যন্নেহ এতই প্রবল ছিল বে তাহার কল্পা সন্তোষিণীর মৃত্যুতে পাগলের মত হইয়াছিলেন। তাঁহার মস্তিফ বিকৃত হইয়া গিয়াছিল।

এই প্রেম-ভক্তি লাভের পর ঠাঁহার সহধর্মিণী পূজনীয়া যোগ-মারা দেবী ও কন্সা প্রেমস্থীর মৃত্যু হয়। ইহাতে ভাঁহার অন্তরে একটা শোকের ছারাও পড়িতে পারে নাই। যোগমারা দেবী ও প্রেম স্থীর মৃত্যুর কথা পাঠক মহাশ্রুগণ পূর্কেই শুনিরাছেন।

গোস্বামী মহাশয় বহু শিখ্যের ব্যয়ভার বহন করিতেন। কিন্তু কি উপায়ে অর্থাগম হইবে এ চিন্তা তাঁহার মনে আদৌ উদিত হইত না। ্তিনি অন্ন যাহা পাইতেন কল্যকার জন্ত তাহা সক্ষ্ম করিছেন না। এসব কণা ''সদ্গুরুর লীলা'' নামক গ্রন্থে বর্ণিত হইয়াছে।

ভয় ভাবনা তাঁহার অন্তরে স্থান পাইত না। প্রেমভক্তি লাভের পর কতবার তিনি বাবের সম্মুখে পড়িরাছিলেন তাহাতে কিছুমাত্র ভীত হন নাই। বিষধর সর্প তাঁহার শরীরে বিচরণ করিয়া বেড়াইত। তিনি আদৌ তাহা গ্রাহ্য করিতেন না।

শ্রীক্ষণ-প্রেমের স্থায় এই প্রেম কুটিল নহে। ইহার গতিও বক্র নহে। ইহাতে মান, প্রেম-কলহ, ঈর্ব্যা ইত্যাদি কিছুই নাই।

শ্রীরুষ্ণ-প্রেমের স্থার এই প্রেম বিরহ-বিষে বিষাক্ত নহে।
শ্রীগোরাঙ্গ-প্রেমে আদৌ বিরহ নাই। শ্রীগোরাঙ্গ-প্রেম মায়াতীত
প্রপ্রাক্ত। বিরহ মায়িক বস্তা মারাতীত বস্তুতে মায়িক বস্তুর ভেজ্ঞা
থাকিতে পারে না। শ্রীগোরাঙ্গ-প্রেম, প্রেমাস্পদের বিভিন্ন প্রকাশমাত্র;
স্থতরাং এখানে বিরহ থাকা অসম্ভব।

গোস্থামিপাদেরা জ্রীনন্মহাপ্রভুর জ্রীরুক্ষ-বিরহজনিত সন্তাপ বর্ণনা করিয়া অতি গহিত কাজ করিয়াছেন। তাঁহারা মহাপ্রভুর প্রেমের গাঢ়তা প্রদর্শন করাইবার জন্ত জ্রীমতীর দশদশার অমুকরণে কলনা ও কবিত্বের বলে মহাপ্রভুর বিরহ, সন্তাপ ও দশদশা বর্ণনা করিয়াছেন। তাঁহারা যদি জানিতেন, জ্রীগোরাঙ্গ-প্রেমে বিরহ নাই, তাহা হইলে ইহা কিখনই করিতেন না।

ধারাবাহিকরপে মহাপ্রভুর দশটি দশা বর্ণিত হওয়ায়, কেবল যে
মথ্যা কথা প্রচার করা হইয়াছে তাহা নহে, ইহাতে প্রেমভক্তি অলরপকারিতাই প্রদর্শন করা হইয়াছে। মহাপ্রভুর সন্তাপ, প্রলাপ, দিবাোনাদ পাঠ করিয়া শিক্ষিতসমাজ মনে করে, প্রেমভক্তি ত্র্কলিতার লক্ষণ,

আছম করে। তাঁহারা মনে করেন, ভব্তিপ্রবণতাপ্রযুক্ত মহাপ্রভু কয়, জরাজীণ হইরাছিলেন। তাঁহার মন্তিক বিকৃত হইয়াছিল, তিনি প্রলাপ বকিতেন, হিতাহিত জ্ঞানশৃত্য হইয়া স্থানাস্থান বিবেচনা না করিয়া আছাড় থাইয়া পড়িতেন ও মনঃক্রেশে কখনও জ্রন্দন করিতেন, কখনও বা মাথা খুঁড়িতেন। তিনি উন্মাদগ্রস্ত হইয়া কখনও জ্বলে পড়িতেন কখনও বা ভূতালে গড়াগড়ি যাইতেন, এইয়পে অপরিণতবয়দে অকালে কালগ্রাসে পতিত হইয়াছিলেন।

এই প্রেম অত্যন্ত প্রগল্ভ। ইহাতে লজ্জাসরম কিছুমাত্র থাকে না। ইহা সময় সময় শরীরটাকে নান্তানাবুদ করিয়া তুলে।

শুদা-ভক্তির প্রগাঢ় অবস্থাই জ্রীগোরাঙ্গ-প্রেম, স্কুতরাং শুদ্ধাভক্তির যাবতীয় লক্ষণ শ্রীগোরাঙ্গ-প্রেমে বর্ত্তমান আছে।

শ্রীগোরাঙ্গ-প্রেম লাভের একমাত্র উপায় নাম। আর কিছুতেই এই প্রেমলাভ হইবার উপায় নাই। পূজাপাঠাদি অস্তাস্ত ধর্মাত্র্ঠান নামের নিকট অকিঞ্চিংকর।

একদাত্র নামই যে শ্রীগোরাঙ্গ-প্রেমলাভের উপায় একথাট কেহ স্পষ্ট করিয়া বলেন নাই। একমাত্র পরিব্রাজকশিরোমণি পূজাপাদ প্রবোধানন্দ সরস্বতী আপন গ্রন্থে ইহার একটু আভাস দিয়াছেন। তিনি লিখিয়াছেন।

> "যয়াপ্তং কশ্রনিষ্টের্নট সমাধিগতং বত্তপোধ্যানধোগৈ বৈরাগৈয়ন্ত্যাগতত্বস্তুতিভিরপি ন যত্তকিতঞাপি কৈশ্চিৎ। গোবিন্দপ্রেমভাজামপি নচ কলিতং যদ্রহন্তং স্বয়ং তম্নান্ত্রব প্রাহরাসীদ্বতরতি পরে বত্রতং নৌমি গৌরং॥

যাহা কর্মনিষ্ঠ ব্যক্তিগণ প্রাপ্ত হর না, যাহা তপস্থা, ধ্যান, ও অস্টাঙ্গযোগ দারা জানা যায় না, যাহা বৈরাগা, ত্যাগ, স্তুতি দারা লভ্য হয় না,
এবং যাহা গোবিন্দপরায়ণ ব্যক্তিদিগেরও অলভ্য, সেই গুড় প্রেম, যাহার

অবতার হইলে, স্বরং নাম মাত্রেই অর্থাৎ একমাত্র নাম সাধন দ্বারার, প্রকাশ হইয়াছিল সেই গৌরবিগ্রহ শ্রীকৃষ্ণচৈতন্তকে নমস্কার করি।

এই প্রেম লাভ হইলে মারা অপসারিত হয়। ইহাতে দেশকালের ব্যবধান থাকে না। মামুবের অন্তশ্চকু ফুটিরা বার। চালোক ও ভূলোক সমান হইরা বার। জীবন ও মৃত্যুর প্রভেদ থাকে না। ভূত ভবিষ্যুৎ বর্ত্তমান এক হইরা বার। মামুব সর্ক্তের্বা লাভ করে। জন্মমরণরূপ ব্যাধি আর তাহাকে স্পর্ণ করিতে পারে না। মামুবের সর্ক্ত্রকার বন্ধন মানুব ইরা বার। মানুব শ্রীভগবানকে লাভ করিয়া তাহার নিত্য লীলার তাহার সহিত নিত্যানল ভোগ করে।

এই প্রেমকেই পঞ্চম পুরুষার্থ অপ্রাক্তত শ্রীক্তম-প্রেম বলিতে পারেন। গৌরভক্ত ভিন্ন ইহাতে অন্তের অধিকার নাই।

পাঠক মহাশয়গণ, যদি ত্রিতাপজালা জুড়াইতে চান, যদি ত্তর ভব-সমুদ্র পার হইতে চান তবে শ্রীগোরাঙ্গ-প্রেমের শর্ণাপন্ন হউন।

সপ্তম পরিচ্ছেদ।

গ্রীগোরাঙ্গ-প্রেমালঙ্কার।

পাঠকমহাশয়গণ, আপনাদিগকে গোপীকেপ্রমালকার প্রবণ করাইয়াছি। এক্ষণ শ্রীগৌরাজ-প্রেমালকারের কথা শ্রবণ করুন।

শ্রীগৌরাঙ্গ-প্রেমালঙ্কার বছবিধ। ইহার সংখ্যা ঠিক করিয়া বলিবার উপায় নাই। তন্মধ্যে কম্প, অঞ্চ, সেদ, পুলক, বৈবর্ণ, স্থরভঙ্গ, নৃত্য ও হাস্ত এইগুলি সচরাচর ভক্তশরীরে প্রকাশ পায়। ইহাদিগকে গোর-প্রেমের স্বাহিক লক্ষণ বলে।

শ্রীগোরাঙ্গ-প্রেম ব্যতীত অন্ত কারণেও এই সকল লক্ষণ মন্ত্রের মধ্যে দেখিতে পাওয়া যায়। মানুষ শীতে কাঁপে, ভয়ে কাঁপে, রোগেও কাঁপে। আনন্দেও অশ্বর্ষণ করে, শোকতঃথেও অশ্বর্ষণ করে। গ্রীয়াধিকোও বেদ হয়, রোগেও বেদ হইয়া পাকে। আনন্দেও পূলক জন্মে আবার শীতেও শরীরের লোমসকল থাড়া হইয়া উঠে। ব্যারামেও শ্বরভঙ্গ হয় আনন্দেও প্রক্রত হয়। মানুষ আনন্দে হাসিতে ও নাচিতে থাকে।

শরীর ও মনের অবস্থাস্থনারে মাসুষের মধ্যে বখন এই সকল লক্ষ্ণ প্রকাশ পায়, তখন উহা গৌর-প্রেমের স্বান্ত্বিক লক্ষণ বলিয়া অভিহিত হয় না। তখন উহা শারীরিক ও মানসিক অবস্থাবিশেষ। উহার যে আস্বাদন তাহা আপনারা সকলেই অবগত আছেন, আমাকে বলিতে হইবে না।

শ্রীগোরাঙ্গ-প্রেমের সহিত শুরুষের শরীর মন বা ইচ্ছার কোন সম্বন্ধ নাই। এই প্রেম স্বাধীন পুরুষ,। ইনি কাহারও অধীন নহেন, কাহারও আজ্ঞাবহ নহেন। ইনি স্বত্র, প্রত্র নহেন।

মানুষ ইক্সা করিয়া প্রেনকে ভাকিয়া আনিতে বা তাহাকে সম্ভোগ করিতে পারে না। ইনি আপন ইচ্ছায় ভক্তস্বদয়ে প্রকাশ পান— আপন ইচ্ছায় চলিয়া যান। এথানে মানুষ নিজের ইচ্ছা বা কর্তৃত্ব আনিলে আর তাঁহার সাক্ষাৎ পাইবে না।

শ্রীগোরাঙ্গ-প্রেন আত্মার সম্ভোগের বস্ত। আত্মা যথন ইহা ধারণ করিতে অসমর্থ হয় তথন ইহার ধাকা শরীরে আসিয়া লাগে। ইহাতেই কম্প অশ্রু পুলক আদি স্বাত্মিক লক্ষণ সকল শরীরে প্রকাশ পার।

শ্রীগোরাঙ্গ-প্রেন অপ্রাকৃত বস্তা। ইহার আসাদনও অপ্রাকৃত। বঝাইয়া বলিবার উপার নাই। যথন ভক্তশ্রীরে স্থাতিক লক্ষণ সকল প্রকাশ পায় তথন ভক্তহানয় অপ্রাকৃত আনন্দধারায় সিক্ত হইতে থাকে। সে আনন্দের তুলনা নাই।

শ্রীমন্মহাপ্রভূর উলৈঃশ্বরে ক্রন্দন, গন্ধার শ্রোতের স্থার অশ্রপ্রবাহ,
দারুণ কম্প ও ধরাপৃষ্ঠে নির্বাং স্নাছাড় দেখিরা শচীমাতা ও ভক্তর্ম
প্রমাদ গণিতেন। তাঁহারা হুংথে মর্দ্মাহক হইতেন। শচীমাতা নিমাইর
শরীরব্রকার কামনার নারায়ণের নিকট বর ভিক্ষা করিতেন। ভিতরের
ব্যাপার কেহই ব্রিতে পারিতেন না।

মানুষ আনন্দে নৃত্য করে বটে, যতক্ষণ শরীরে ক্লান্তি উপস্থিত না হয়, ততক্ষণই নাচিতে পারে। ক্লান্তি উপস্থিত হইলে আর নাচিতে পারে না। জ্রীগোরাঙ্গ-প্রেম যথন ভক্তকে নাচার, তথন ভক্তের ক্লান্তি উপস্থিত হয় না, পাও ভার হয় না। কারণ শরীরের সঙ্গে তথন তাহার কোন সম্বন্ধই থাকে না। তিনি নিজে আদৌ নাচেন না, তিনি কেবল দেখেন তাহার শরীরটা আপনা আপনি নাচিতেছে।

শ্রীগোরাঙ্গ-প্রেমে যথন মানুষ হাস্ত করে, তথন তিনি দেখেন যে তিনি নিজে হাসিতেছেন না, তিনি চুপ করিয়া আছেন, তাঁহার শরীরটা আপনা-আপনি হাসিতেছে, এই হাসির সহিত তাঁহার আদৌ যোগ নাই।

আনন্দ, শোক বা হঃথবশতঃ যথন মানুষ অশ্রু বর্ষণ করিতে থাকে তথন চক্ষে যতটুকু জল থাকে ততটুকুই বর্ষিত হইয়া থাকে, কিন্তু যথন শ্রীগোরাঙ্গ-প্রেমে ভক্ত অশ্রুবর্ষণ করিতে থাকেন তথন ধারার বিরাম থাকে না। এ জল কোখা হইতে আইদে ঠিক করিতে পারা যায় না। স্বেদের সময়ও ঠিক এরপ।

শীতে বা ভয়ে মানুষের রোমাঞ্চ হয়। পুলক সে শ্রেণীর রোমাঞ্চ নহে। ভগবৎ-প্রেমে মানুষের সর্বশরীর ঝঙ্কার দিয়া উঠে, রক্ষপ্রবাহ শিরায় শৈরায় প্রবলবেগে প্রবাহিত হইতে থাকে.

তাহাতে শিমুলের কাঁটার স্থার গা কাঁটা দিয়া উঠে। পুলকে গোস্বামী মহাশয়ের বিশাল জটা একেবারে উদ্ধে খাড়া হইয়া উঠিত।

বৈবর্ণ অতি আশ্চর্যা ব্যাপার। ভয়ে বা রক্তহীনতায় মান্ন্র ফ্যাকাসে হইয়া যায়। লজ্জায় বা জ্ঞোধে মুখ লাল হয়। বৈবর্ণ সে রক্তম জিনিস নুয়। ভগবং-প্রেনে মান্ন্রের রংশ্বর্ণন কথন মল্লিকা কুস্থমের স্থায় খেতবর্ণ ধারণ করে, কথনও বা উহা রক্তবর্ণ-হয়।

সর্দি লাগিলেও মামুষের স্বরভঙ্গ হর, জীগোরাঙ্গ-প্রেমের স্বরভঙ্গ সেরপ জিনিস নয়। ভগবৎ-শক্তির প্রবল আক্রমণ মামুষের কণ্ঠ রোধ করিয়া ফেলে। মামুষ সে সমর পাঠ করিতে বা কণা কহিতে পারে না।

শীত, ভয় বা রোগে মাহুবের কম্প হয়। এ কম্প সে রকমের কিছু
নয়। গৌরাঙ্গ-প্রেমে যখন শরীরটা কাঁপিতে থাকে তথন ভক্ত অমৃতপাথারে ভাসিতে থাকে। তিনি দেখেন, এ কাঁপুনির সহিত তাঁহার কোন
সম্বন্ধ নাই। তিনি ইচ্ছাপূর্বকে ইহা নিবারণ করিতে পারেন না।
যতক্ষণ ভগবৎ-শক্তির ক্রিয়া হইতে থাকিষে তেজগই কম্প হইবে।

এই যে সাত্মিক লক্ষণ সকলের কথা বলিলাম ইহা ব্যতীত ভক্ত-শরীরে আরও বছবিধ ভাবালকার প্রকাশ পাইয়া থাকে।

লোনকৃপ দিয়া বক্তধারা পড়িতে থাকে। দাঁত নড়িতে থাকে। স্বভ্তন উপস্থিত হইয়া থাকে। নাজুষ ছুটিতে ছুটিতে বা নৃত্য করিতে করিছে হটাৎ দাঁড়াইয়া বায়, আর এক পাও নড়ে না। যোগান্ধ সকল শরীরে প্রকাশ পায়। কথনও প্রাণায়াম, কখনও কুন্তক, কথনও সমাধি উপস্থিত হয়।

প্রীগোরাঙ্গ-প্রেমে নানা প্রকার আগন, বি,বিধ ক্রিয়া, মুদ্রা ও নানা প্রকার শরীরচেষ্টা উপস্থিত হইয়া থাকে। কেহ গড়াগড়ি যায়, কেহ লম্ফ প্রদান করে, কেহ তন টানে, কেহ মালসাট সারে, কেহ ডিগবাজী দেয়, কেহ মাথা থোঁড়ে, কাহারও শরীরটা কুমারের চাকার স্থার ঘূরিতে থাকে। কাহারও দেহটা একথানি নোকার মত হইরা বার। কেহ হেঁট মুখে উর্জ পদে থাড়া হইরা থাকে। কেহ সান্তাক্ত দেয়। খ্রীগোরাক-প্রেমে কি হইতে পারে বা না পারে এ কথা কেহ বলিতে পারে না। ফলতঃ এই সকল অন্তেন্তার উপর মানুষের হাত নাই। মানুষ তথন দ্রন্তা মাত্র।

গ্রীগোরাস-প্রেমে অনেক সময় ভক্তদেহে দেবতাগণের আবেশ হইয়া থাকে। কথনও গ্রীকৃষ্ণ, কথনও বলরাম, কথনও শ্রীমন্মহাপ্রভু, কথনও নিত্যানদ প্রভু, কথনও কালী, কথনও শ্রীকৃষ্ণের স্থাগণ, কথনও বড়াই, কথনও অনন্তদেহ, কথন গড়ুর ইত্যাদি নানা দেবতার আবেশ হইয়া থাকে।

ভক্তশরীরে বখন যে দেবভার আবেশ হইরা থাকে ভক্তকে দেখিলেই তাহা বেশ বৃথিতে পারা যার। যে দেবভার আবেশ হয় ভক্তশরীরে সেই দেবভার বিশেষ বিশেষ লক্ষণ প্রকাশ পাইয়া থাকে। কালীর আবেশ হইলে ভক্ত জিহ্বা বাহির করিয়া পা ফাঁক করিয়া হাত তুলিয়া দাঁড়ায়, শ্রীক্রকের আবেশ হইলে পা ছার্শিয়া ত্রিভঙ্গিম ঠামে দাঁড়ায় ও মৃথে আবা আবা রব করে।

ভাবাবেশে কেই আরতি করৈন, ধকহ উল্থানি করেন, কেই অপূর্বা নৃত্য করেন, কেই মধুর বান্ত করেন। আরও যে কত কি করেন তাহা ক্লিয়া শেষ করা যায় না।

জীভগবানের লীলাগানের সময় প্রান্ধই এই সব ঘটনা ঘটিয়া থাকে।
আমি বে সব ক্রিয়ামুদ্রা ও অঙ্গচেষ্টার কথা লিখিলাম এ সমস্ত ব্যাপার
আমি সচক্ষে অনেক দেখিরাছি।

শ্রীগোরাঙ্গ-প্রেম ভগবৎ-শক্তির প্রাবল্য। ভগবান্ সর্বশক্তিমান স্তরাং শ্রীগোরাঙ্গ প্রেমে না হইতে পার্রে এমন কিছু নাই।

অফুম পরিচ্ছেদ।

শ্ৰীমশাহাপ্ৰভুৱ অভ্যমূত ভাব।

"এটিতন্ত প্ৰভূং বন্দে বালোহপি বদম্গ্ৰহাং। তব্বেলানামত গ্ৰাহ ব্যাপ্তং সিদ্ধান্ত সাগ্ৰম্॥"

বাঁহার রূপার মৃদ্ ব্যক্তিও নানা মত রূপ গ্রাহ (কুজীরাদি জল জন্ত)
সঙ্গ সিদ্ধান্তসমূদ্র সমৃতীর্ণ হইরা থাকেন সেই জীচৈতক্ত মহাপ্রভুকে আমি
বন্দনা করি।

পুণাভূমি ভারতবর্ষে, সনাভন হিন্দুধর্ম অতি প্রাচীনকাল হইতে ক্রমণঃ উৎকর্ষ লাভ করিয়া আসিয়াছে। জীগোরাল অবতারে এই উৎকর্ষের পরিসমাপ্তি। বৈঞ্চবধর্মের উৎকর্ষ ও বিশুদ্ধি ধর্মজগতের শীর্ম-স্থানীয়। এই ধর্ম মান্থবের চিস্তা বিচারের অতীত। ভগবান-স্থাং ইহার প্রতিষ্ঠাতা। চিস্তা ও বিচার বারা জীমন্মহাপ্রভূর ওদ্ধাভতি বৃথিতে পারে ভগবান মান্থবকে এমন শক্তি প্রদান করেন নাই। এই শুদ্ধাভক্তি চিম্ভা ও বিচারের অতীত।

এই শুদ্ধাভক্তির কার্য্যকলাপ শ্রীমন্মহাপ্রভূতে প্রকাশিত। তাঁহার প্রাণের অবস্থা কে বৃথিবে? তাঁহার শারীরিক অবস্থা দেখিয়া তাঁহার ভক্তগণ অবাক হইরা গির্মাছেন। তাঁহার অত্যন্ত ভাব, কেহ কথনও দেখে নাই শুনে নাই। কোন শাস্ত্রে ইহার বর্ণনা নাই। কোন ভক্তের

জীবনে ইহা প্রকাশ পার নাই। স্থতরাং গোস্থামিপ'দেরা ইহার মীমাংদ্য' করিতে সমর্থ হন নাই।

মহাপ্রভুর অত্যন্ত ভাব অবিশ্বাস করিবার কারণ নহি। গোস্বামী গ্রান্থে যে সকল ভাবের বর্ণনা আছে তাহার বিন্দুমাত্র অলীক বা অতিরঞ্জিত নহে। মহাপ্রভুর অত্যন্ত ভাব একেবারে অলৌকিক, প্রান্তত জগতে ইহা সম্ভবপর বলিয়া বোধ হয় না, একথা গোস্বামিপালেরাই স্বীকার করিরাছেন। মহাপ্রভুর অত্যন্ত ভাবের যে বর্ণনা হইরাছে তাহার ক্রিঞ্জিৎ আমি উদ্ধৃত করিয়া পাঠক মহাশরগণকে উপহার দিলাম।

"লোমকুণে রজোদ্ধন দক্ত সব হালে।
কণে অল কীণ হর কণে অল ফুলে॥
গভীরা ভিতরে রাত্রি নাহি নিজা লব।
ভিতে মুখ শির ঘদে কত হর সব ॥
তিন হারে কপাট প্রভু যারেন রাহিরে।
কভু সিংহছারে পড়ে কভু সিছুনীরে॥
চটক পর্বত দেখি গোবর্জন ত্রমে।
খাঞা চলে আর্ত্রনাদ করিয়া ক্রন্দনে॥
উপবনোদ্ধান দেখি বৃন্দাবন জ্ঞান।
তাঁহা যাই নাচে গার কণে মূর্চ্ছণ যান॥
কাঁহা নাহি শুনি যে যে ভাবের বিকার।
সেই ভাব হয় প্রভুর শরীরে প্রচার ॥

है, ह, ब, २व श्रीविद्याहन

শ্রীমন্মহাপ্রভুর অতি অন্তর্গ ভক্ত রার রামানন্দ ও স্বরূপ দামোদর
মহাপ্রভুর সহিত রুফ্টকর্থার অর্দ্ধ রাত্রি কাটাইরা তাঁহাকে গন্তীরার
ভিত্র সম্বাক্ষা গতে প্রস্থান ক্রিলেন সেবক গোবিন্দ গন্তীরার

দারদেশে শরন করিয়া রহিল। ঘরে, প্রাক্তনে, বহিদ্বারে কপাট বন্ধ আছে অথচ মহাপ্রভু ঘরের ভিতর নাই। তিনি ভাবাবেশে বাহির হইয়া সিংহদ্বারের দক্ষিণদিকে তেলেকা গাভীগণের মধ্যে পতিত হই-য়াছেন।

মহাপ্রভূ গৃহ হইতে কোথার বাহির হইরা গিরাছেন দেখিয়া, গোবিন্দ স্বরূপদামোদরকে সংবাদ দিলেন। স্বরূপদামোদর মশাল জালিরা ভক্ত-গণকে সঙ্গে লইয়া মহাপ্রভূর অধ্যেষণ করিতে লাগিলেন।

> "তবে স্বরূপ গোঁসাই সঙ্গে লয়ে ভক্তগণ। দেউটি জালিয়া করে প্রভূ অন্বেষণ। ইতি উতি অম্বেষিয়া সিংহদ্বারে গেলা। গাভীগণ মধ্যে যাই প্রভুরে পাইলা॥ পেটের ভিতর হস্ত পাদ কুর্ম্মের আকার। মুখে ফেণ পুলকান্ধ নেত্রে অঞ্ধার॥ অচেতন পড়িয়াছে যেন কুন্মাগু ফল। বাহিরে জড়িমা ভিতরে আনন্দ বিহবল। গাভী সব চৌদিকে স্থাকৈ প্রভুর শ্রীঅঙ্গ। দূর কৈলে নাহি ছাড়ে প্রভূর অস স্ক্র অনেক করিল বত্ব না হয় চেতন। প্রভূরে উঠাইয়া ধরে আনিল ভক্তগণ। উচ্চ করি প্রবণে করে নাম সংকীর্ত্তন। বহুক্ৰণে মহাপ্ৰভু পাইল চেতন॥ চেতন পাইলে হস্ত পদ বাহির হইল। পূর্ব্বৎ বথাবোগ্য শ্রীর হইল 🔐

> > টৈ, চ, 🎹 ১৭ পরিচেছ্দ

শ্রীমন্মহাপ্রভুর অত্যমূত ভাব।

একবার মহাপ্রভু ভাষাবেশে সমুদ্রমধ্যে পতিত হইয়াছিলেন। স্বরূপ আদি ভক্তগণ সমস্ত রাত্রি মহাপ্রভুকে অন্তেষণ করিয়া কোধাও পাইলেন না। শেষ রাত্রে তিনি একজন জালিয়াকে উন্মন্তবং আসিতে দেখিয়া সন্দেহ করিয়া তাহাকে মহাপ্রভুর সংবাদ জিজ্ঞাসা করিলেন। জালিয়া উত্তর করিল "আমি মহাপ্রভুর সংবাদ কিছু জানি না, শেষ রাত্রে জাল বাহিতে আমার জালে এক মৃতদেহ উঠিয়াছে, তাহাকে স্পর্ণ করিয়া আমার এই হুর্দশা উপস্থিত হইয়াছে। *

লালিয়ার কথা শুনিরা স্বর্গদামোদর বুঝিলেন মহাপ্রভূ ভাবাবেশে সমুদ্রে পতিত হইরাছিলেন এবং জালিয়া ভাঁহাকেই জালে উঠাইরাছে। তিনি জালিয়াকে বলিলেন—

"ৰক্ষপ কহে তৃমি যাবে কর ভূত জান।
ভূত নহে তি হো জীক্ষটেচতন্ত ভগবান।
প্রেমাবেশে পড়িলা তি হো সম্দ্রের জলে।
তাঁর লপর্শে হৈল তোমার ক্ষ প্রেমােদর।
ভূত প্রেত জানে তোমার মনে হইল মহাভর।
এবে ভর পেল তোমার মন হইল ছিরে।
কাঁহা তাঁরে উঠাঞাছ দেখাও আমারে।
জালিয়া কহে প্রভূকে মুই দেখিয়াছ বারবার।
তিই নহে এই অতি বিক্ত আকার।
স্করপ কহে তাঁর হয় প্রেমের বিকার।
অন্থি সন্ধি ছাড়ি হর অতি দীর্ঘাকার।

শুনি সে জালিয়া আনন্দিত মন হইল। সৰা লয়ে সেই স্থানে প্ৰভু দেখাইল। ভূমিতে পড়িয়া আছে দীর্ঘ মহাকায়। ব্দলে খেততত্ব বালু লাগিয়াছে গায় । অতি দীর্ঘ শিথিল তত্ন চর্ম্ম নটকার। দূর পথ উঠাইয়া খরে আনন না বার॥ আত্র কৌপীন দূর করি শুক্ষ পরাইরা। বহিৰ্বাদে শোয়াইল ৱালুকা ঝাড়িয়া॥ সর্বেমেলি উচ্চ করি করে সংকীর্ত্তনে **৷** উচ্চ করি কৃষ্ণনাম কহে প্রভুর কাৰে। কতক্ষণে প্রভুর কাণে শব্দ প্রবেশিলা।। ছঙ্কার করিয়া প্রভু তবহি উঠিলা॥ উঠিতেই অহি সন্ধি লাগিল নিজস্থানে 🖂 অৰ্দ্ধ বাহ্য ইতি উতি করে দরশনে॥"

চৈ, চ, অ, ১৮ পরিছেদ।

গোসামি-পাদেরা শ্রীমন্মহাপ্রভুর এই অত্যন্তুত ভাবের কারণ স্থির করিতে না পারিয়া শ্রীকৃষ্ণ বিরহ-জনিত নিদারণ যাতনাই এই অত্যন্তুত ভাবের কারণ স্থির করিয়াছেন। মহাপ্রভুর ধর্মা, ভক্তির ধর্মা, প্রেমের পর্ম। বর্জপ্রেমকেই গোসামিপাদেরা শ্রেষ্ঠপ্রেম বলিয়া বর্ণন করিয়াছেন। তন্মধ্যে শ্রীরাধিকার প্রেমই সর্বশ্রেষ্ঠ। বেখানে প্রেমাধিক্যা সেইখানেই বিরহ্যাতনার তীব্রতা। এমত অবস্থায় শ্রীকৃষ্ণবিরহ যাতনাই যে শ্রীর্শীরাঙ্গের অত্যন্তুত ভাবের কারণ ইহাতে আর কি সন্দেহ হইতে পারে ?

আবার শ্রীগোরাঙ্গের বিরহ্যাতনা সপ্রমাণ করিবার 📰 গোসামি-

শ্রীমন্মহাপ্রভুর অতামুত ভাব।

পাদেরা বলিয়াছেন। মহাপ্রভু জীরাধিকার ভাব ও কান্তি অসীকার করিয়া অবতীর্ণ হইরাছিলেন। শ্রীরাধিকার ভাব ও কাস্তি অসীকার করিয়া অবতীর্গ হওয়াছ তিনি শ্রীমতীর স্তার মধুর রস আখাদন করিয়াছিলেন এবং আহুষঙ্গিকরূপে দারুণ বিরহ্বাতনা ভোগ করিয়াছিলেন।

> "অবতারের আর এক আছে মুখ্য বীজ। রসিক শেশর কুষ্ণের সেই কার্যা নিজ। অতি গুঢ় হেতু সেই ত্রিবিধ প্রকার॥ লামোলর অলপ হইতে বাহার প্রচার। স্কুপ গোঁসাই প্রভুর অভি অভরদ I তাহাতে জানেন প্রভূর এসর প্রসঙ্গ । রাধিকার ভাব বৃত্তি প্রভুর অন্তর। সেই ভাবে হৃখ হঃধ উঠে নিরম্বর॥ রাত্রে প্রলাগ করে স্বরূপের কণ্ঠ ধরি। আবেশে আপন ভাব কহরে উঘাড়ি॥" टिंह, ह, ज्या, 8 शत्रिरव्हन ।

মহাপ্রভুর অভ্যমুত ভাবের কারণ নির্দেশ করিতে গিয়া গোস্বামি-পাদগণকে এতদ্রই কষ্ট কল্পনা করিতে হইয়াছে। ব্রজপুরে জীরাধিকার ভাবটি কি তাহা গোসামিপাদগণ খুলিয়া বলিয়াছেন।

> #দাশু স্থ্য বাৎস্ল্য আর যে শৃঙ্গার। চারি ভাবের চতুর্বিধ ভক্তই আধার ▮ নিজ নিজ ভাব সবে শ্রেষ্ঠ করি মানে। নিজ ভাবে করে কৃষ্ণস্থ আস্থাদনে॥ তটস্থ হইয়া মনে বিচার যদি করি।

ন্ত কম কটকে খলাকে অধিক মাধবী॥

অতএব মধ্র রস কহি তার নাম।

স্বকীয়া পরকীয়া ভাবে শ্বিবিধ সংস্থান ॥

পরকীয়া ভাবে অতি রসের উন্নাস।

ব্রজ্ব বিনা ইহার অন্তর্জ্ঞ নাহি বাস॥

ব্রজ্বধ্গণের এই ভাব নিরবিধ।

তার মধ্যে শ্রীরাধার ভাবের অবধি॥

প্রোচ নির্মাণভাব প্রেম সর্বোত্তম।

ক্রফের মাধুরী আস্বাদনের কারণ॥

অতএব সেই ভাব অঙ্গীকার করি।

সাধিশেন নিজ বাস্থা গোরাক্র শ্রীহরি॥

শ্রাধিশেন নিজ বাস্থা গোরাক্র শ্রীহরি॥

শ্রাধানিক শ্রাধানিক শ্রীহরি॥

শ্রাধানিক শ্রা

5, 5, जां, ६ शतितक्त_े

আমি পূর্বেই বলিয়াছি বন্ধপ্রেম প্রাক্তপ্রেম, মুভরাং ইহা মুখহঃখ মিশ্রিড, ইহাতে দারুণ বিরহ্যাতনা বর্তমান। এই তুচ্ছ পার্থিব হঃখমর প্রেমরস আসাদন করিবার জন্ত মহাপ্রভূ প্রপুদ্ধ হইরা ধরাধামে অবতীর্ণ হইরাছিলেন ইহা নিভান্তই কষ্টকরনা। আবার জীরাধিকার কান্তি অসীকার করিবার কি কারণ ছিল ?

মধুর রসাখাদন ও দারুল বিরহ্যাতনা ভোগ করিবার অভা যদি ভীরাধিকার ভাব গ্রহণ করিবার আবশুক হইরা থাকে, তাঁহার কান্তি অঙ্গীকার করিবার কি প্ররোজন হইরাছিল। জীরাধিকার কান্তি অঙ্গীকার না করিলে কি মধুররস আখাদন করা চলিত না ? মধুররস আখাদন জন্ত অঙ্গকান্তিটাও কি প্রয়োজন ? মহাপ্রভু মধুররস, আখাদন করিবার জন্ত কেবল জীমতীর অঙ্গকান্তি অঙ্গীকার করিলেন ? নারীদেহ ত গ্রহণ করিলেন না ? গোসামিপাদের। বলেন রাধাক্ষ্য প্রকাশ্যের সিভিতে হইসা

শ্রীগোরাঙ্গরূপে অবতীর্ণ হইয়াছেন অবস্থায় বিরহের সম্ভাবন কি প্রকারে ঘটতে পারে ? মহাপ্রভুর বিরহ কি প্রেম বৈচিত্ত ?

দারণ শ্রীরুষ্ণবিরহসন্তাপ বেমন মহাপ্রভুর অত্যন্ত ভাবের কারণ বলা হইয়াছে, তেমনি শ্রীরাধিকার ভাব ও কান্তি অঙ্গীকার করা শ্রীরুষ্ণ-বিরহ জ্ঞালার কারণ বলিয়া বর্ণিত হইয়াছে। আবার ভগবান শ্রীরুষ্ণের তিনটি অপূর্ণ বাঞ্চা পূর্ণ করিবার বাসনাই ভাঁহার রাধাভাব অঙ্গীকারের কারণ বলিয়া গোলামিপানেরা বর্ণন করিরাছেন। যথা—

"ক্রিয়াবারাঃ প্রাণরমহিনা কীদুশো বানরৈব্।বাজা বেনাত্তনপুরিনা কীদুশো বা নদীরঃ।
সৌধ্যংচারামদক্তবতঃ কীদৃশং বেতিলোভা
ভঙাবাতঃ সমজনি শচীগর্জনিকৌ হরীকুঃ ॥"

জীরাধিকা যে প্রেম্বারা আমার অন্ত মধুরিমা আরাদন করেন, তাঁহার সেই প্রেমের মহিমাই বা কি প্রকার ? এবং বে প্রেম বারা জীরাধিকা আমার অন্ত মাধুর্য্য আরাদন করেন, সেই আমার মাধুর্য্যই বা কিরপ ? এবং আমাকে অন্তব করিরা জীরাধিকার যে স্থাতিশর হইয়া থাকে, সেই স্থই বা কীদৃশ ? এই তিন বিষয়ে অতিশয় লোভ হেত্ জীরাধিকার ভাব অঙ্গীকার করিরা জীশচীদেবীর গর্ত্তরপ হৃগ্যসমূল মধ্যে হরিরূপ ইন্দু আবিভূ ত:হইয়াছেন।

ভগবান প্রাক্তক, যিনি বাছাকরতক, তাঁহার আবার অপূর্ণ বাসনা ছিল, সেই বাসনা পূর্ণ করিবার জন্ম এতকাল পরে তাঁহাকে ধরাধামে অবতীর্ণ হইতে হইল একথাটা নিতান্তই অসকত ও হাস্তাম্পদ। লোকে ইহা বিশ্বাস করিবে না, কবিরাজ গোস্বামী নিজেই তাহা বৃথিতে পারিয়াছিলেন। তাঁহার কথায় তাঁহার দলের লোক সার দিবে, অপরে পাছে উপহাস করে,

"এ সব সিদ্ধান্ত গৃঢ় কহিতে না জুয়ায়। না কহিলে কেহ ইহার অস্ত নাহি পার 🛚 অতএব কঁহি কিছু করিয়া নিগৃঢ় 🤭 🥛 বুঝিবে রসিক ভক্ত না বুঝিকে মৃঢ়॥ হুদরে ধরমে বে চৈডক্ত নিত্যানন । **এসব সিদ্ধান্তে সেই পাইবে আনন্দ** ॥ এসব সিদ্ধান্ত রস আত্রের পল্লব ^২। ভক্তগণ কোকিলের সর্বাদা বল্লভ 🛭 অভক্ত উদ্ভেব ইথে না হর প্রবেশ। তবে চিত্তে হয় মোর আনন্দ বিশেষ।। যে লাগি কহিতে ভন্ন সে ইদি না জানে। ইহা বই কিবা সুথ আছে ত্রিভূবনে 🛭 অতএব ভক্তগণে করি নমন্বার 🏳 নিঃ**শক্ষে কহিয়ে সভার হ**উক চমৎকার॥" চৈ, চ, আন্ত পরিচেছদ।

পঠিক মহাশরগণ, কবিরাজ গোলামীর সিদ্ধান্ত আর গালাগালিটা শুনিলেন ত ? থাঁহারা তাঁহার সিদ্ধান্ত অনুমোদন করিবেন তাঁহারাই ভক্ত, তাঁহারাই কোকিল, আর থাঁহারা অনুমোদন করিবেন না, তাঁহারা অভক্ত মূঢ়, কন্টকভোজী উষ্ট্র।

কবিরাজ গোস্বামী বলিয়াছেন, মহাপ্রভু শ্রীমতীর ভাব অঙ্গীকার করিয়াছিলেন, ইহাই তাঁহার অত্যস্তুতভাবের কারণ। এখন একবার আমরা শ্রীবৃদ্ধাবনে গিয়া শ্রীমতীর ভাবচেষ্টাটা দেখিয়া আসি। রাধা-

শ্ররা নিগুড়—সোপন করিয়া।

২। পল্লব—মুকুল।

কৃষ্ণপ্রেম সম্বন্ধে গোস্বামিপাদের। বহু গ্রন্থ রচনা করিয়াছেন। তাঁহার।
সর্ব্বসাকল্যে ১৯২ প্রকার রসের অবতরণা করিয়াছেন। সমস্ত রসই
প্রাক্তর রস। শুমতীর বিরহজনিত বে দশদশা বর্ণিত হইরাছে,
তাহাও প্রাক্ত বিরহ। প্রাক্ত নারকের বিচ্ছেদে প্রাক্ত নারিকার
যে দশা ঘটে তাহার অধিক কিছুমাত্র বর্ণনা নাই। মহাপ্রভুর অত্যত্ত ভাবের কণামাত্র শ্রীমতীতে দেখিতে পাই না। শ্রীমতীর ভাব বিকার
আর শ্রীগোরাদের ভাববিকার সম্পূর্ণ বিভিন্ন। শ্রীমতীর ভাব বিকার
পার্থিব ও প্রাক্ত, আর মহাপ্রভুর ভাব বিকার অপার্থিব আর অপ্রাক্ত।
শ্রীমতীর ভাব অঙ্গীকার বশতঃ মহাপ্রভুর অত্যত্ত ভাব উপস্থিত হইরাছিল
এ সিদ্ধান্তটা সম্পূর্ণ করনাপ্রস্ত।

কবিরাজগোস্থামী নীলাচলে শেব দশার মহাপ্রভুকে অকারণ ১৮ বংসর কাল কালাইরাছেন। তাঁহার মর্মভেদী যাতনার বর্ণনা করিয়া ভক্তগণকে কালাইরাছেন, আর শিক্ষিতসমাজের ভ্রাস্তি উৎপাদন করিয়াছেন।

শুদ্ধাভক্তি ভগবং-শক্তি। শুদ্ধাভক্তি লাভ হইলেই বৃদ্ধিকে হইবে ভগবান ভক্তকে আপনার আশ্রমধীনে লইলেন। খাসে খাসে গুরুদন্ত নাম সাধনই শুদ্ধাভক্তি লাভের একমাত্র উপার। পূজা পাঠাদি ভক্তি অঙ্গ যাজন বাহিরের সাধন মাত্র।

ভ্রমভক্তির অচিস্তা প্রভাব। ইহার ভাববিকার অলোকিক।
মহাপ্রভুর শরীরে যে সকল অলোকিক ভাব বিকার প্রকাশ পাইত, এই
ভ্রমভক্তিই তাহার কারণ। মহাপ্রভুর শরীরে যে সকল অলোকিক
ভাব প্রকাশ পাইত তাহা অপেকা আরও অত্যন্ত ভাব প্রকাশ পাইতে
পারিত। দেহ হইতে মন্তক ও হন্তপদাদি ছিল্ল ইইয়া দুরে চলিয়া
যাইতে, আবার ছুটিয়া আসিয়া জোড়া লাগিতে পারিত। ভগবৎ-শক্তির
অসাধ্য কিছু নাই। ইহাতে সমন্তই সম্ভবে।

মহাপ্রভুর শরীরে যে ভারটুকু প্রকাশ পাইত ভাহাতেই ভক্তগণ ভীত ও কান্দিয়া আকুল হইতেন। একারণ মহাপ্রভু সর্বাদা ভাব সম্বরণ করিয়া চলিতেন। অত্যমূত ভাব সকল প্রকাশ হইতে দিতেন না।

গোস্থামী মহাশর ও তাঁহার কোন কোন শিয়ের শরীরে আমি
অনেক অলোকিকভাব দর্শন করিরাছি, তাহার বর্ণন করা নিপ্রয়োজন।
গোস্থামী মহাশর সর্বাদাই ভাব সম্বরণ করিরা চলিতেন। গুদ্ধাভিত্তির
প্রভাব চাপিরা রাখিতে তাঁহার শরীর ও মৃথমগুল রক্তবর্ণ হইরা যাইত।
দেহটা টলটলায়মান, ভাবে বিভোর, ঠিক বেন কত নেশা করিরাছেন।
লোকে মনে করিত তিনি বেছঁস। ব্রাক্ষেরা বলিত এটা মরফিরার
বৌক।

ভ্রমাভজ্জির প্রভাবে তাঁহার শরীরের অন্থি, মজ্জা, রক্তা, মাংস,
সমন্তই ভগবানের নামরূপে অন্ধিত হইরা গিরাছিল। এই নাম ■
ভগবানের মৃত্তি দেহ ভেদ করিরা বাহিরে প্রকাশ ইইরা পড়িত। তাঁহার
বিত্র ও আরেন ভগবানের নাম মৃত্তি ■ পদচিত্রে পরিপূর্ণ হইরা যাইত।
আমি ইহা স্বচক্ষে দর্শন করিরাছি আর গোস্বামী মহাশরের শত শত ক্রতবিশ্ব শিশ্ব ইহা দর্শন করিরা অবাক হইরা হইরা গিরাছেন।

ভাবের প্রভাবে গোস্বামী মহাশার কথন কথন উদ্ধ্য নৃত্য করিভেন, বিশাল হন্ধার ছাড়িতেন, ভাঁহার মন্তকের জাঁটাভার উর্দ্ধে থাড়া হইরা শাড়াইত এবং তিনি সমাধিত্ব হইরা পড়িতেন। ভাঁহার নিকট ইহকাল, প্রকাল, ভূত, ভবিষ্যং, বর্ত্তমান সমস্তই এক হইরা গিয়াছিল। ভাঁহার নিকট আর সম্মুথ হইতে মায়ার আবরণ অপসারিত হইয়াছিল। ভাঁহার নিকট আর লুকা ছাপা কিছুই ছিল না। তিনি সর্কবিধ ঐশ্বর্য্য লাভ করিয়াছিলেন।

গোস্বামী মহাশয়ের দেহত্যাগের পর তাঁহার শবদেহ পুরুষোত্তম-ধামের নরেন্দ্রসরোবরের উত্তরাংশে সমাধিস্থ করা হয়। এই সমাধির উপর পাঁচ হাত পরিমাণ উচ্চ ইটের গাঁথনী করা হয়। শুদ্ধাভক্তির এমনি
প্রভাব যে গোস্বামী মহাশ্রের ভাব পূশে সংশাভিত দেহের চিত্র এই
গাঁথনী ভেদ করিয়া তাহার উপর চিত্রিত হইয়া পড়ে। গোস্বামী
মহাশ্রের সেবকগণ ঐ চিত্র একথানি গৈরিক বসন ঘারা আচ্ছাদন করিয়া
রাখিতেন; বলিবার কথা নয়, ঐ চিত্র গৈরিক বসনধানিও ভেদ করিয়া
তাহার উপর চিত্রিত হইয়া পড়িত। সময়ে সময়ে ভগবাদের নাম ও
ধ্বেল্লব্রজাঙ্গুলচিহ্নিত পাদপদ্মের চিহু ঐ বস্ত্র খণ্ডের উপর পতিত হইত।
ঐ সমন্ত অলৌকিক ঘটনা আনি স্বচক্ষেদর্শন করিয়াছি। গোস্বামিমহাশ্রের
অনেক কৃতবিদ্য শিন্ত এই সকল ঘটনা দর্শন করিয়াছেন। এই সকল ভাব
হইতে অতাঙ্কুত ভাব আর কি হইতে পারে ? এরপ ভাব বে মহাপ্রভুর
শারীরে প্রকাশ পাইয়াছিল তাহার কোন বর্ণনা আমরা দেখিতে পাই না।

শুদাভক্তিই মহাপ্রভুর ধর্ম, শুদ্ধাভক্তিই গোসামী মহাশ্রের ধর্ম। ইহার উপর আর ধর্ম নাই। এই শুদ্ধাভক্তিই মহাপ্রভুর অতাঙ্কুত ভাবের কারণ। আপনারা শুদ্ধাভক্তি যাজন করুন, মনুয় জন্ম সার্থক হইবে। আর ভব যুদ্ধা পাইতে হইবে না।

আপনারা আমাকে আশির্কাদ করুন আমি যেন এই শুদ্ধাভক্তি যাজন করিয়া জীবনের শেষ কয়টা দিন কাটাইয়া যাইতে পারি।

नव्य श्रीतिष्ट्रम्।

"नह दिवाद शत्रः वलम्"।

মনোবল।

এখন ইংরাজি-শিকিত লোকের মুখে প্রায়ই শুনিতে পাই, ভাবপ্রবণতাই ভক্তি, ইহা এক প্রকার মানসিক তুর্জনতা মাত্র। ইহা মানুষকে অপদার্থ করিয়া ভোলে।

ইহারাই বলেন, জ্ঞানী ব্যক্তিগণ স্মান্তর্কার ত্রগবানরপ একটা জ্জুর ভর দেথাইরা অজ্ঞ লোককে ভ্লাইরা রাথিরাছে। এই জ্লুর ভরে ভীত হইরা অজ্ঞ লোকের। স্মান্তর্লোহ কার্যো অগ্রসর হর না এবং আত্মরকার্থে ভীত হইরা ঐ জ্লুর প্রীতি সম্পাদনার্থ জন্জির আত্মর লয়। যাহারা জ্ঞানী যাহাদের মনের বল আছে তাঁহারা শান্তিদাতা কার্মিক ভগবানের ভরে ভীত নহেন এবং ভক্তি লাভের ও প্রয়াসী নহেন।

এখন পাশ্চাতা-শিক্ষার আদর বাড়িয়াছে। ইংরাজিশিকিত যুবকগণ আর আপনাদের প্রাচীন ধর্মণাস্ত্র সকল পাঠ করেন না, উহাতে তাঁহাদের আস্থাও নাই। পাশ্চাত্য দর্শনশাস্ত্র ও দেহাত্মবাদী পাশ্চাত্য পণ্ডিতগণের প্রক পাঠ করিয়া তাঁহাদের এইরূপ বিরুত ধারণা জন্মিয়াছে। এই সকল গ্রন্থ পাঠ করিয়া তাঁহারো মনে করেন, তাঁহারা বড় পণ্ডিত, তাঁহাদের মত ব্দিমান লোক আর নাই। যদি তাঁহাদের হিন্দুগাস্ত্রে জ্ঞান থাকিত তাহা হইলে তাঁহাদের এরূপ মানুষের মানসিক হুর্বলতা কোথায়, ইহা বিচার করিয়া দেখা বাউক।
বাহার অধীনতা যত বেশী সে ব্যক্তি তত হুর্বল বুঝিতে হইবে। যে জাতি
অন্ত জাতির অধীন সে জাতি অন্ত জাতি অপেকা যে হুর্বল ইহাতে আর
কোন সন্দেহ নাই। আমরা পাশ্চাত্য জাতির অধীন, স্বতরাং আমরা যে
তাহাদের অপেকা হুর্বল ইহা কি আর বুঝাইয়া বলিতে হইবে ?

দেহাত্ববাদী পাশ্চাত্য শিক্ষিত ব্ৰক্গণ কাম ক্রোধাদি বিপ্গণের
দাস। মনের উপর তাঁহাদের আদৌ কর্ত্ব নাই। অহলার, অভিমান,
হিংসা, বেষ, প্রতিষ্ঠা, প্রতিপত্তি, মান, অপমান, স্বার্ধপরতা জেদ, বৈশনির্যাতনস্পৃহা ইত্যাদি ছপ্রবৃত্তি সকল জাঁহাদিগকে প্রোতের মুখে তৃণের
ভার ভাসাইয়া লইয়া বেড়াইতেছে। তাঁহাদের প্রাণে এমন একটু বল নাই
যে তাঁহারা পায়ের উপর ভর দিয়া এই সকল প্রবৃত্তির প্রতিকৃলে ক্রণকালের
জন্ত দণ্ডায়মান হন; এমত অবস্থায় কি প্রকারে বলিব বে ইহাদের
মনের বল আছে ?

শিক্ষিত উচ্চপদস্থ ধনমদান্ধ ব্যক্তিগণ আপনাদের মনের বলের কথা বলিরা থাকেন সতা। কিন্তু তাঁহাদের প্রকৃত অবস্থা কি, তাঁহা-দের মনের বল কতটুকু তাহা তাঁহারা নিজেই জানেন না, সেই আল্পানাদের মনোবলের গৌরব করিয়া থাকেন। একটা বিপদ উপস্থিত হইলেই তাঁহাদের মনের বল প্রকাশ হইয়া পড়ে।

আনি অনেক শিকিত প্রতিভাশালী উচ্চপদস্থ লোকের কথা জানি, বাহারা অতি সামান্ত বিপদে আত্মসম্বরণ করিতে অসমর্থ হইরা পড়িরাছেন। কেহ প্রবিরোপে শোক সহু করিতে না পারিরা আত্ম-হত্যা করিয়া বিসিয়াছেন। কেহ সম্পত্তি হারাইয়া বিষ প্রয়োগে দেহপাত করিয়াছেন, কেহ স্ত্রী বিয়োগে উন্মাদগ্রস্ত হইয়া গিয়াছেন। অভিমানে কত লোক দেশত্যাগী হইয়াছেন। একটু প্রতিঠার অভাবে কত লোক জীবনাত হইয়াছেন। যতদিন পরীক্ষা উপস্থিত হয় নাই তত-দিনই তাঁহাদের মনের বল, পরীক্ষা উপস্থিত হইলেই দেখা যায় তাঁহা-দের স্থায় হর্মলচিত্ত লোক এজগতে আর নাই।

মনের বল লাভ করিতে হইলে, উৎপথগামী মনকে বশীভূত করিতে হইবে; কাম ক্রোধাদি রিপুগণের উপর আধিপত্য বিস্তার করিতে হইবে। হিংসা দ্বোদি সমস্ত ত্প্রার্ত্তি সকলকে একেবারে বিদ্রিত করিতে হইবে তবে মনের বল সঞ্চয় হইবে।

শরীরের যেমন নানা প্রকার ব্যাধি আছে, আআরও তদ্রপ নানা প্রকার রোগ আছে। জর, পেটের পীড়া, অরুচি ইত্যাদিতে শরীর যেমন হর্মন হইয়া পড়ে, কাম ক্রোধ হিংসা বেষাদিতে সেইরূপ আআ পীড়িত ও হর্মন হইয়া পড়ে।

শরীর রোগগ্রস্ত ইইলে যেমম চিকিৎসকের ধারা চিকিৎসা করাইতে ও ঔষধ সেবন করিতে হয়, তেমনি আআ রুগ্র ইইলে সদ্গুরু দারা স্লচিকিৎসা করাইতে ও ভগবং-উপাসনা রূপ ঔষধ সেবন করিতে হয়। চিকিৎসা অভাবে রোগ যন্ত্রণা ভোগ করিতে করিতে শেষে দেহ যেমন বিনষ্ট হয়, ভগবং-উপাসনা ব্যতিরেকে আআও তেমনি নানা রেশ ভোগ করিতে করিতে মৃত্যুমুখে পতিত হয়; অর্থাৎ মানুষ মহুষ্যুথহীন হয়।

শরীর রক্ষা ও উহাতে বলাধানের জন্ত ষেমন আহারের প্রয়োজন, আত্মাকে নীরোগ ও বলশালী করিবার জন্ত তেমনি জ্রীভগ্বানের উপাসনা প্রয়োজন। ভগবৎ-উপাসনাই আত্মার স্থান্ত জানিবেন।

উপাসনার শ্রেষ্ঠ সাধন ভক্তি-অঙ্গ ধাজন। ভক্তি-অঙ্গ ধাজন করিতে থাকিলে কাম ক্রোধাদি রিপুগর্ণ একে একে বিদ্ধান্ন গ্রহণ করিতে থাকিবে, হিংসা, ছেয়, নিন্দা প্রাক্তিকা অক্তার স্বাক্তিয়ান মান, লাভ ক্ষতি, স্বার্থপরতা প্রভৃতি চ্প্রার্থিত সকল বিদ্রিত হইবে,
মনের উপর ইহাদের আধিপতা চলিয়া যাইবে। মন স্থান্থির হইবে,
মামুষ যথার্থ স্বাধীনতা লাভ করিবে। প্রাণে শান্তি আসিবে ও জীবনধারণ আনন্দজনক হইবে। মানুষ মনুষ্য লাভ করিবে।

যাহার দেহাম্বাদী, যাহারা সংসারাসক, সংসারের সাসাগ্র প্রতিক্ল অবস্থায় তাহারা যেমন অধৈষ্য ও আত্মহারা হইয়া পড়ে, ভগবদ্ধক সেরপ হন না। সংসারের ক্রক্টি দেখিয়া তিনি ভীত বা চিন্তিত হন না। তিনি বেশ জানেন এসৰ কিছুই নয়। সংসারের প্রতিক্ল অবস্থা তাহার মনকে বিচলিত করিতে পারে না।

সংসারাসক্ত লোক সকল বিষয়ের কর্তৃত ভার নিজের উপর লইয়া সর্বনাই ছন্টিন্তা, ভন্ন, ভাবনা, উদ্বেগ ইত্যাদির সহিত কাল্যাপন করে। নেশে দংক্রামক রোগ উপস্থিত হইস, বাবুর ভাবনার অবধি নাই; পাছে রোগাক্রান্ত হইয়া পড়েন এই ভয়েই তিনি অস্থির; নিজের ন্ত্রী পুতাদি মধ্যে কাহারও অসুথ করিলে, অমনি অস্থির মন ছটুফটু করিতে লাগিল, ডাক্তার কবিরাজের হুড়াহুড়ি লাগিয়া গেল। রোগ সংক্রামক হইলে বাবু প্রাণ ভরে ভীত হইয়া স্ত্রী পুত্রাদি ত্যাগ করিয়া স্থানাস্তরিত হইলেন। পরীকায় ছেলেটা পাস হইল না, বাবুর হুংথে ■ 🖟 আর সীমা নাই। দেশে দন্তা ভয় উপস্থিত হইয়াছে বাবু কি উপায়ে ধন রক্ষা করিবেন সেই ভাবনায় অস্থির। ব্যবসা বাণিজ্য বা অস্থ কোন কারণে ধনহানি হইলে দীর্ঘ নিঃখাসের আর বিরাম নাই। ইহারা সংসারের সামান্ত প্রতিকূল ঘটনায় যন্ত্রণাভোগ করিতে থাকে, সামান্ত একটু কথার ভারও সহু করিতে অসমর্থ। সামান্ত একটু অমর্য্যাদার কথা হইলে, আদব কায়দার বা খোসামুদির অভাব হইলে মস্তিষ গ্রম হইরা উঠে। শরীরের মধ্যে ধেন অগ্নিবর্ধণ হইক্তে থাকে।

ভগবদ্ধকের নিকট লাভ লোকসান, মান অপমান নিন্দা স্তুতি, জ্রা মৃত্যু সমস্তই সমান। ভগবদ্ধক কাহারও হৃংথ বা ভয়ের কারণ নহেন ও কিছুতেই ভীত বা হৃঃখিত হন না।

ভগবানের উপর তাঁহার একান্ত নির্ভর থাকার তাঁহার কোন প্রকার চিন্তা, উদ্বেগ ভর ভাবনা থাকে না। তিনি দেখেন সমস্ত ঘটনার মূলে ভগবান। তিনিই তাঁহার পরম সম্পদ, তিনিই তাঁহার পরম সহায়, তিনিই তাঁহার পরম সহয়, তিনিই তাঁহার পরম সহয়,

প্রকৃত পক্ষে ভগবান ভক্তের সমন্ত ভার বহন করেন, তাহাকে সমন্ত বিপদ-আপদ হইতে রক্ষা করেন। তাহার সমন্ত অভাব মোচন করেন। গোকে সহত্র সহত্র অপরাধ করিয়া নিস্তার পাইতে পারে, কিন্তু ভগবদ্ ভক্তের নিকট অপরাধ করিলে তাহার আর নিস্তার নাই। ভক্ত কাহারও অপরাধ গ্রহণ করেন না সভা কিন্তু ভগবান অপরাধের বিশেষরূপ শান্তি বিধান না করিয়া ছাড়েন না।

সংসার কাহাকে ভারিবোর পাত্র নহে। সংসারে থাকিলে সাংসারিক জালাবন্ধনা যে উপস্থিত হইবে না এমত নহে, সংসারের লোক
তাহাকে জালাতন করিতে ছাড়িবে না, কিন্তু সংসারের জালা বন্ধনা
ভগবন্ধককে আদৌ স্পর্ণ কবিবে না।

ভগবান ভক্তকে ছাড়িয়া এক দণ্ড থাকেন না, ভক্ত তাহা মনে মনে বেশ টের পান। ভক্ত আপনার জীবনে যাবতীয় ভার ভগবা-নের উপর দিয়া নিশ্চিম্ন থাকেন বলিয়াই ভক্তের প্রাণের বল এত অধিক।

ত্রস্ত হিরণাকশিপুর ক্রকুটি দেখিয়া প্রহলাদ ক্ষণকালের জন্ম ভীত বা বিচলিত হন নাই। তহোর দারুণ অত্যাচার ভূণের ন্যায় অগ্রাহ্য করিয়াছিলেন। ভক্তি লাভের দারা হৃদরে ধে বল সঞ্চয় হয় এমন বল আর কিছুতে হয় না। যাহারা মনে করে ভক্তি হর্মগতার লক্ষণ তাহারা নিতান্ত নির্কোধ ও ভ্রাস্ত ।

मभाग পরিচ্ছেদ।

শুদ্ধাভক্তি জানের প্রসূতি।

শাস্ত্রকারগণ জ্ঞানকে চুইভাগে বিভক্ত করিয়াছেন। পরাজ্ঞান
অপরাজ্ঞান। যে জ্ঞান লাভ হইলে সেই অক্ষয় পুরাণ পুরুষকে জানিতে
পারা যায় তাহাকে পরাজ্ঞান কহে। তাহা বাতিরেকে যে জ্ঞান তাহাকে
অপরাজ্ঞান বলে।

একমাত্র ব্রহ্মজানই পরাজ্ঞান, আর কৃষি, শিল্প, বাণিজ্ঞা, চিকিৎসা, ভূবিফা, জোতির্বিফা, সাহিতা, কাব্য, অনকার, ইতিহাস, গণিত ইত্যাদি যাবতীয় বিধয়ের যে জ্ঞান তৎসমুদায়ই অপরাজ্ঞান।

ত্রনজান লাভের জন্মই আর্যাঝাষিগণ আপনাদের যাবতীর শক্তি নিরোগ করিয়াছিলেন। কঠোর তপস্থার দারা তাঁহারা ব্রন্ধজনে লাভ করিয়া কৃতার্থ হইয়াছিলেন।

আর্য্যক্ষষিগণ জড়বিজ্ঞানের উন্নতির জন্ত বিশেষ প্রান্নাই। যাহাতে ছঃথের আতান্তিক নিবৃত্তি হয় তাঁহারা তাহারই চেষ্টা করিয়া-ছিলেন। জড়বিজ্ঞানের উন্নতিতে অনেক স্থবিধা আছে বটে কিন্তু ইহাতে ছঃথের আতান্তিক নিবৃত্তি হয় না।

জড়বিজ্ঞানের উন্নতিতে মানুষের অভাব পরিবর্দ্ধিত হয়, ইহা মানুষের

মধ্যে বিলাসিতা আনরন করে, মান্থৰ দিবারাত্রি পরিশ্রম করিয়াও আপনাদের অভাব মোচন করিতে পারে না, ক্রমশঃ ছঃথের মাত্রা বাড়িয়া যায়।
বৈরাগ্য নই হয়, মন বিলাসিতার দিকে ধাবিত হওয়ায় সংয়ম, ইক্রিয়নিগ্রহ, ধৈর্য্য, সহিষ্ণুতা ইত্যাদি সদগুণ সকল নষ্ট হইয়া য়ায়। দয়া,
পরোপকার, সত্যনিষ্ঠা প্রভৃতি মন্ত্র্যা হাদরের সদ্ভি সকল বিকাশ পাইতে
পায় না। ক্রমে মান্ত্র্য মন্ত্রান্ত্র হারাইয়া পশুর্ছ লাভ করে।

আমাদের দেশের লোক গ্রাসাচ্ছাদনের অভাব কাহাকে বলে জানিত না। ভারতে পাশ্চাত্য বিলাসিতা প্রবেশ করায় এখন লোকে দিবারাত্র পরিশ্রম করিয়াও উদরায়ের সংস্থান করিতে পারিতেছে না। অভাব এত বাড়িয়া গিয়াছে যে মাম্ব কিছুতেই তাহা সঙ্গুলান করিয়া উঠিতে পারিতেছে না। সর্বাদাই চিস্তাজ্বরে জর্জরিত। ভগবৎ-চিন্তার সময় কই ?

পঠিক মহাশরগণ, আপনারা এই জড়বিজ্ঞানের উন্নতির দিনে পৃথিবীর অবস্থাটা একবার ভাবিয়া দেখুন! সমস্ত পৃথিবীময় ছঃখের হাহাকার ধ্বনি উত্থিত হইতেছে। কত দিনে যে ইহার নিবৃত্তি হইকে তাহা ভগবানই জানেন।

সনাতন হিন্দ্ধর্শের স্থাতল ছায়ায় হিন্দুজাতি বহুকাল শান্তিভোগ করিয়া আসিতেছিলেন। ছঃখ কাহাকে বলে জানিতেন না। কিন্তু চিরদিন সমান যায় না। হিন্দুজাতি ও সনাতন হিন্দুধর্মকে বহুকাল বহু নির্ঘাতন ভোগ করিতে হইয়াছে।

এক সময় বৌরধর্মের প্রবল প্রতাপে সনাতন হিন্দুধর্মের মুমূর্ কাল উপস্থিত হইয়াছিল। সে বিপদ কাটিয়া গেলে, মুসলমানগণ ভারতে প্রবেশ করিয়া এক হস্তে শাণিত রূপাণ, অপর হস্তে কোরাণ লইয়া ইহার প্রতি

করিরা সনাতন হিন্দুধর্মকে বিনাশ করিতে উন্নত হইয়াছিল। মুসলমান-গণের হস্ত হইতে নিশ্বতি পাইয়া এই হিন্দুধর্মকে আবার বর্ত্তমান খৃষ্টান জাতির হস্তে নির্ঘাতন ভোগ করিতে হইয়াছিল। সে আপদ কাটিয়া গোলে আবার ব্রাহ্মগণ ইহাকে নির্দুল করিতে ক্ত-সংকল্প হন।

স্বরং ভগবান ধর্মের স্বরূপ, তিনিই সনাতন হিন্দুধর্মের প্রাণ। তিনিই ইহার রক্ষাকর্ত্তা। কাহার সাধ্য যে হিন্দুধর্মের বিনাশ সাধন করে ?

এই পৃথিবীতে কত ধর্মের অভাদর হইরাছে, কত ধর্ম বিল্প হইরাছে, কিন্ত ধর্ম বিল্প হইরাছে, কিন্তু সনাতন হিন্দ্ধর্ম এত ঝড় বৃষ্টি বজুাঘাতের মধ্যে সমভাবে দণ্ডারমান আছে।

হিন্দ্ধর্মের যে এত বিপদ গিরাছে ও হিন্দু রাজা অভাবে ইহাকে যে এত বিপদ ভোগ করিতে হইতেছে তথাপি ইহা মিলিনতা প্রাপ্ত হয় নাই। সমস্ত বিপদ আপদের মধ্যে ইহা ক্রমশঃই উয়তির পথেই ছুটিয়াছে। শ্রীন্মহাপ্রভুর প্রেন্ভক্তিতে ইহার পূর্ণ অভিবাক্তি।

প্রাচীন ধর্মণাঙ্গে জ্ঞানেরই প্রাধান্ত বর্ণিত হইরাছে, ভক্তির কোন কথা দেখিতে পাওয়া বার না। ক্রমে ধর্মোর্রভির সঙ্গে সঙ্গে ভগবদ্ধক্রির বিকাশ হইতে লাগিল। ভক্তিশান্ত সকল রচিত হইল। হিন্দুর প্রাণ ভক্তিরসে পরিপ্লুত হইতে লাগিল। হিন্দু এই রসামৃত পান করিয়া নব-জীবন লাভ করিল।

ভক্তিশাস্ত্রে আমরা যে ভক্তির বর্ণনা দেখিতে পাই, তাহা কিন্তু
অবিশ্রদ্ধা বা প্রাকৃত-ভক্তি। অপ্রাকৃত বা শুরাভক্তির কোন প্রসঙ্গ দেখিতে পাই না। কোন কোন গ্রন্থকার জ্ঞান ও ভক্তিকে ভাই ভগ্নী বলিয়া বর্ণন করিয়াছেন। আবার কেহ কেহ জ্ঞানকে স্থলরী স্ত্রী ও ভক্তিকে তাহার অপাঙ্গভঙ্গিমা বলিয়া উপমা দিয়াছেন। এ সমুস্তই আমি এই গ্রন্থে বে শুক্কাভক্তির বর্ণনা করিলাম তাহা কোন গ্রন্থে নাই, শাস্ত্র পাঠেও তাহা জানিতে পারিবেন না। কোন শাস্ত্রে ইহার বর্ণনা নাই। ইহা অপ্রাক্ত-ভক্তি।

এই অপ্রাক্ষত-ভক্তি শাস্ত্রকার ঋষিগণের অবিদিত ছিল, শিষ্যপর-ম্পরায় মহাঅগণের মধ্যে এই ভক্তি অতি সঙ্গোপনে চলিয়া আসিয়াছে, কেহ ইহা টের পায় নাই।

শ্রীগোরাঙ্গ-লীলায় এই অপ্রাক্বত-ভব্তি অতি অন্নসংখ্যক লোকই প্রাপ্ত হইয়াছিলেন। গোরভক্তগণের মধ্যে যাহার। এই অপ্রাক্বত ভব্তি লাভ করিতে সমর্থ হইয়াছিলেন, তাঁহারা কোন গ্রন্থ রচনা করিয়া যান নাই।

বাঁহারা গোস্বামিগ্রন্থ রচনা করিয়া গিয়াছেন, তাঁহাদের মধ্যে এক-জনও এই অপ্রাকৃত ভক্তি লাভ করেন নাই। এইজন্ত গোস্বামিগ্রন্থে ইহার বর্ণনা দেখিতে পাওয়া যায় না। তাহাতে যে প্রেমভক্তির বর্ণনা দুহরীছে তৎসমস্তই প্রাকৃত।

অপ্রাক্ত বা শুদ্ধাত্তি জ্ঞানের ভগ্নী নহে, স্থলরী স্ত্রীর অপাঙ্গ-ভিক্সার সহিত ইহার তুলনাও হয় না। ইহা জ্ঞানের অর্থাৎ তত্ত্বানের প্রস্তি।

শুদ্ধাভক্তি লাভ না হইলে কোন প্রকারেই তত্ত্তান লাভ হইতে পারে না। এই শুদ্ধাভক্তি ভক্তির বিষয়কে অর্থাৎ ভগবানকে আনিয়াদেন। এই ভক্তি দারাই তিনি ভক্তের নিকট প্রকাশিত হন। ভগবানকৈ লাভ করিবার উপায়ান্তর নাই।

শ্রীমন্মহাপ্রভুর এই শুদ্ধাভ্রক্তি গোড়ীয় বৈষ্ণবসমাজ হইতে বিলুপ্ত হওয়ায় এবার তাঁহারাই ইঙ্গিতে গোস্বামী মহাশয় এই শুদ্ধাভক্তি আচণ্ডালে

বিভাবণ ক্ষরিয়াল্ডেন ।

গ্রন্থকারের পরিচয়।

শুদ্ধাভক্তি ও তাঁহার মহিমা বর্ণন করিতে পারেন এ জগতে এমন কেহ নাই। যদি অনস্তদেব সহস্র বদনে অনস্তকাল বর্ণন করেন, তাহা হইলেও তিনি শেষ করিতে পারেন না। আমি ক্ষুদ্র কীটামুকীট শুদ্ধা-ভক্তির কথা কি বর্ণনা করিব ?

সদ্গুরু কুপা করির। এই শুদাভক্তি এক কণামাত্র আমাকে প্রদান করিয়াছেন। ইহার কথা কেহ কথনও বলেন নাই, পাঠক পাঠিকাগণ ইহার সংবাদ অবগত নহেন। ইনি চির্কাল গোপনে অহ্যাম্পশারপা হইয়া ভগবানের অন্তঃপুরেই ছিলেন, পাছে আবার জনসমাজ পরিত্যাগ করিয়া অন্তরিত হইয়া পড়েন এই আশক্ষার এই গ্রন্থে ইহার একটু আভাস মাত্র দিলাম।


পাঠক মহাশরগণ, আপনারা যদি হস্তর ভবসমুদ্র উত্তীর্ণ হইতে বাসনা করেন, যদি সংসারের ত্রিভাপজালা জুড়াইতে চান, যদি শান্তির স্থশীতল মলাকিনীতে অবগাহন করিতে চান, তবে অচিরে এই ভক্তিদেবীর পদাশ্রম গ্রহণ করেন।

একাদশ পরিচ্ছেদ।

গ্রন্থকারের পরিচয়।

পাঠক মহাশয়গণ, আমার হংখমর জীবনের হংখ-কাহিনী আপনাদিগকে শ্রবণ করাইয়া ব্যথিত করিতে ইক্ছা করি না। "মহাপাতকীর জীবনে সন্গুরু লীলা" নামক গ্রন্থে আপনারা আমার কতক পরিচয় পাইয়াছেন; এখন এইমাত্র বলিতেছি যে, বর্জমান জেলার অন্তর্গত বিখ্যাত কুলীনগ্রামের স্থপ্রসিদ্ধ বস্থ বংশে সন ১২৬১ সালের ১০ই তৈন্ত্র তারিখে আমার জন্ম হয়। আমার পিতরি নাম বিশ্বরূপ বস্থ ও মাতার নাম ক্রেমণি দাসী। আনার বংশের একটা কুলজীনামা নিমে প্রদত্ত হইল।

বাঙ্গলা দেশের রাজা আদিশ্রের যজ্ঞে আহত হইয়া কান্তকুজ হইতে
যে পাঁচ জন কাঁয়ত্ব আসিয়া বঙ্গদেশে বাস করিতেছিলেন, তাঁহাদের
মধ্যে একজনের নাম দশরথ বহু। বাঙ্গলা দেশে ইনিই আমাদের আদি
প্রেয়। ইহাঁ হইতে বহু বংগের প্রেয়ের কান্তক



আমার আরও হইজন কনিষ্ঠ ও তিনজন জ্যেষ্ঠ ভ্রাতা ও একটা ভগ্নী ছিলেন। শৈশবে পিতৃহীন হওয়ার আমি পিতৃশ্লেহে বঞ্চিত হইয়াছিলাম। আনার অদৃষ্টে মাতৃশ্লেহও ভোগ হয় নাই। মাতা ছোট ছইটা ভাইকে পালন করিতেন, আমি পিতামহী শ্বারা প্রতিপালিত হইতাম। আমার নিতান্ত বাল্যাবস্থায় সেহমন্ত্রী পিতামহী দেহত্যাগ করেন।

আমি অবস্থাপন্ন লোকের সস্তান হইয়াও পিতৃগৃহে স্থান পাই নাই। জোঠপ্রতা রাধাগোবিন্দ বস্থর অত্যাচারে আমাদিগকে গৃহত্যাগী হইতে হইয়াছিল।

একে একে আমার সমস্ত ভাইগুলি মৃতুমুধে পতিত হয়। জাঠ প্রতার অত্যাচার ও সংসারের শোকছঃথ ভোগ করিবার জন্ত কেবল আমি জীবিত, ছিলাম, আর অত্যাচার করিবার জন্ত জোঠ প্রতা জীবিত ছিলেন।

আমার জ্ঞাতি থুড়া রামষত্ব বহুর নাম কুলজীনামার দেখিতে পাইবেন। তিনি অপুত্রক ছিলেন। তিনি প্রায়ই বাড়ীতে আসিতেন না, বিদেশে চাকরী করিতেন। তিনি যখন দিনাজপুরে সিভিলকোর্ট আমিনের কাজ করিতেন, সেই সময় আমার হরবন্থা দেখিরা আমাকে দিনাজপুরে লইয়া গিয়া লেখা পড়া শিক্ষা দেন ও অপতানিবিবশেষে প্রতিপালন করেন। তাঁহার স্থায় সহানয়, প্রেমবান কোন আমি জীবনে দেখি নাই। তিনি আমাকে প্রাণাপেকাও ভালবাসিতেন।

পূর্বে দিনাজপুরের জলবায় ভাল ছিল না, সেথানকার জলবায় আমার সহা হয় নাই। আমি জর প্লীহা, ষক্ত, পেটের পীড়া, শোঁথ রক্তাল্পতা প্রভৃতি গুরারোগ্য পীড়ায় আক্রাস্ত হইয়া কেবল রোগ যন্ত্রণা ভোগ করিতান, আর গৃহে জ্যেষ্ঠ ভাতার হস্তে মাতা, ভগ্নী ও কনিষ্ঠ ভাতার নির্যাতনের কথা শুনিয়া অশ্রুবিসর্জ্জন করিতাম। আমার অব্যাহতি পাইয়াছিলেন। আমার মধ্যম ভ্রাতার বিধবা পত্নীর পিত্রালয়ে স্থান ছিল, তিনি তথায় আশ্রয় লইয়াছিলেন। মাতা ও ভগ্নীর অন্তত্র কোথাও স্থান ছিল না বলিয়াই তাঁহারা কুলীনগ্রামের বাটাতে থাকিতে বাধ্য হইয়াছিলেন।

রোগযন্ত্রণা ভোগ করিতে করিতে যথন আমার মুমূর্ কাল উপস্থিত হইয়াছিল, সেই সরম স্বপ্নযোগে এক ঔষধের প্রেস্ক্রিপ্সন প্রাপ্ত হইয়া-ছিলাম। এই Prescription মত ঔষধ সেবন করিয়া আমি রোগম্জ হইয়াছিলাম।

আমার জৈছি প্রতার হস্তে কেবল যে আমরাই নির্য্যাতন ভোগ করিয়াছিলাম তাহা নহে। তাঁহার অভ্যাচারে সমস্ত গ্রামবাসী উত্যক্ত
হইয়াছিল। তাঁহারা একযোট হইয়া তাঁহার প্রাণসংহারে কৃতসক্ষয়
হইয়া বার্থার তাঁহাকে গুপুভাবে আক্রমণ ও আহত করিয়াছিল, ফলতঃ
প্রাণনাশে সমর্থ হয় নাই।

পিতৃবিয়োগের পর বহু ধনসম্পত্তি জোর্চ প্রতার হত্তে পড়িয়াছিল,
মাতা ও ভগ্নীর হত্তে অনেক অর্থ ছিল, দাদা মহাশর এই সমস্ত কাড়িয়া
লইয়া তাঁহাদিগকে পথের ভিখারিণী করিয়াছিলেন এবং অর্থবলে
বলীয়ান হইয়া গ্রামবাসী সকলের সহিত বিবাদে প্রবৃত্ত হইয়াছিলেন।
দেওয়ানী ফৌজদারী মোকর্দমার বিরাম ছিল না। মাতা নিবারণের চেষ্টা
করিলেই প্রহারিতা হইতেন। জ্যেষ্ঠপ্রাতা মাতার প্রতি যে সকল হর্জাকা
প্রয়োগ করিয়াছিলেন, তাহা শ্বরণ হইলে এখনও আমার হৃদয় বিদীর্ণ হয়।
অকাল মৃত্যুতে তাঁহার ছঃখের অবসান হয়।

দিনাজপুরের পাঠ শেষ হইলে আমি কেবল নিজের চেপ্তায় হুগলি কলেজে ভর্ত্তি হইয়া লেখা পড়া করিতে থাকি। আমি নিজে নিরাশ্রয়, আমার দারা লাভা ভগ্নীদের কোন সাহায্য হইত না বটে কিন্তু আমি মাঝে মাঝে হুগলী হইতে বাটী গিয়া দালাকে অনেক বুঝাইতাম।

ধনমদান্ধ ব্যক্তিগণ কাহাকেও গ্রাহ্ম করে না, কাহারও হিতোপদেশ গ্রহণ করে না। সদাই মদগর্মের স্থীত হইয়া থাকে, দাদামহাশয় আমার প্রতি এমন ত্র্যাক্য প্রয়োগ করিতেন যে আমি মন্মাহত হইয়া ফিরিয়া আসিতাম।

মাতার মৃত্যুর পর আমার যে একটি কনিষ্ঠ ভ্রাতা জীবিত ছিল সেও মৃত্যুমুথে পতিত হইল। কেবল ছঃখ বন্ত্রণা ভোগ করিবার জন্ত আমি, আমার বিধবা ভগ্নী ও ভ্রাভূজারা জীবিত থাকিলাম ও জোষ্ঠভ্রাতার অত্যাচার ভোগ করিতে লাগিলাম।

চিরদিন সমান যায় না, উত্তেজনার পর অবসাদ উপস্থিত হয়, দিবালোকের পর নিশার অন্ধকারে পৃথিবী আচ্ছয় হয়। গ্রামবাসিগণের
সহিত বছ মোকর্দমা করিয়া দাদা মহাশয় নি:য় হইয়া পড়িলেন, মাতৃশাপে তাঁহার সমস্ত শরীর গলিয়া গেল, তিনি শ্যাশায়ী হইয়া রোগ
যয়ণায় বছকাল ছট্ফট্ করিতে লাগিলেন। এখন আমি ভিয় তাঁহার
শুক্রা করে এমন লোক নাই। শুতরাং আমাকেই তাঁহার শুক্রমায়
রতী হইতে হইল। একে অর্থহীন, তাহার উপর এই বিপদ। আমার
এক প্রকার হঃথ ছিল তাহার উপর আবার অন্ত প্রকার হঃথ আরম্ভ

গ্রামবাসিগণ আমাকে অত্যস্ত ভালবাসিত। দাদার কোন প্রকার সহায়তা না করি ইহাই তাঁহাদের ইচ্ছা। আমার সহায়তায় তাঁহারা দাদা মহাশয়কে জব্দ করেন ইহাই তাঁহাদের আন্তরিক বাসনা।

আমি চিরকাল স্বাধীনচেতাও নীতিপরায়ণ। জ্যেষ্ঠভাতার দার। অত্যাচারিত হইলেও গ্রামবাসিগণের সহিত যোগ দিয়া তাঁহার প্রতি- কুলাচরণ করিতে আমার প্রবৃত্তি হইল না, এইজন্ম তাঁহাদের অভিসন্ধি সংসিদ্ধ হইল না।

আমি যথন বোলপুরে ওকালতি করি, সেই সময় তাহারা অভাবগ্রস্থ সহায়হীন, দাদা মহাশ্রকে এক ডাকাইতি মোকর্দ্মায় অভিযুক্ত করিল। এই মোকর্দ্মায় দাদাকে রক্ষা করিবার জন্ত আমাকে অনেক অর্থব্যয় করিতে ও বছ প্রয়াস পাইতে হইয়াছিল। এই নোকর্দ্মায় দেখা গেল, গ্রামের সমস্ত নরনারী কি ভদ্লোক, কি ছোট লোক, সমস্তই দাদার বিপক্ষ, তাঁহার চাকর, তাঁহার প্রজাও তাঁহার স্বপক্ষ নহে।

এই খোকর্দ্ধার দাদা নহাশরের নিক্তি ছিল না, কেবল আমার কাতরতা দেখিয়া গ্রামবাসিগণ মোকর্দ্ধা মিটাইরা দিলেন, তথাপি বিচারক উভর পক্ষের বহু তোরামোদ সবেও দাদা মহাশরের অর্থন্ত করিরা তঃথের সহিত নিষ্কৃতি দিলেন।

এখন আমি উকিল, আমার টাকা হইরাছে, দাদা মহালয় নিংশ, সংসার্থাত্রা নির্বাহ করিতে অসমর্থ, সহায়হীন, শরীরে শক্তি নাই, থৌবনের জোয়ার চলিয়া গিরাছে, ভাটা পড়িয়ছে স্কুরাং এখন তাহার প্রাকৃষ্ণের উদয় হইল। এখন তিনি আমাকে ভালবাসিতে শিখিলেন। ভ্রমী ও প্রাকৃষ্ণার হংখ দ্র হইল, আমি তাহানিগকে আমার নিজের আশ্রে লইলাম।

আমি সক্ষম হইবার পূর্বেই, আনার ছঃধকাতরা মাতা, মেহণীল থুড়া মহাশয়, তাঁহার পত্নী লোকাস্তর গমন করিয়াছিলেন। আমি তাঁহাদের সেবার বঞ্চিত হওরায় বুকের ভিতর একটা দারুণ শেল বিদ্ধ হইয়া রহিল।

আমি চিরকাল স্বাধীনচেতা ও চিস্তানীল। বেদান্ত পাঠ করিয়া
বন্ধবল অধোরনাথ চটোপাধ্যান্তের সহবাসে থাকিয়া আমি

ব্রাহ্মধর্ম্মে আরুষ্ট ইইয়াছিলাম। সমস্ত যৌবনের শক্তিসামর্থ্য ব্রাহ্ম-সমাজের প্রণালী মত ব্রহ্মোপাসনায় নিয়োগ করিয়াছিলাম।

বহুকাল সাধনভজনে জীবনে যখন কোন উপকার লাভ হইল না, তথন আমার মনে সন্দেহ উপস্থিত হইল। পৃথিবীর পাপাচরণ, ইহার অসহ তঃখ যন্ত্রণা, সাধু সজ্জনগণের কপটতা দেখিয়া সমস্ত জগতের যে একজন নিয়ামক আছেন ইহা আমার বিশ্বাস হইল না; আমি ঘোর নান্তিক হইয়া পড়িলাম।

দেহের অবসানই জীবনের শেষ, আত্মা বলিয়া কোন পদার্থ নাই,
মৃত্যুর পর Annahilation মনে হওয়ায়, আমার জঃথময় জীবনের
ছঃথ সহস্র গুণ বাড়িয়া গেল, আমার বুকটা একেবারে ভালিয়া
গেল, আমি জীবনধারণে একেবারে অসমর্থ হইয়া পড়িলাম।

দয়ার পাত্রাপাত্র বিচার নাই। আনার ত্রবস্থা দেখিয়া এই বিপদ কালে সদ্গুরু রূপা করিয়া আমাকে ভগবানের অমূল্য নাম প্রদান করিলেন।

তিনি যে উপায়ে আমাকে নাম প্রদান করিয়াছিলেন, এবং নাম পাইবার পর আমি যে ভাবে জীবন যাপন করিয়া আসিয়াছি, তাহা "মহাপাতকীর জীবনে সদ্গুরুর লীলা" নামক গ্রন্থে বর্ণিত হইয়াছে, আর কোন কথা লিখিবার প্রয়োজন নাই।

গুরু বলিয়াছিলেন "জলস্ত হুতাশনের মধ্য দিয়া তোমাদের পথ।" আমার সে পালা শেষ হইয়াছে। আমাকে জ্বন্ত দাবানলে দগ্দীভূত হইতে হইয়াছে। আমি নৃতন জীবন প্রাপ্ত হইয়াছি। আমি এখন শান্তিরাজ্যের যাত্রী।

এখন কামক্রোধাদি রিপুগণের আধিপতা চলিয়া গিয়াছে। হিংসা, বেষ, প্রশ্রীকাতরতা, প্রনিন্দা, প্রচর্কা, প্রপীড়ন, বৈরনির্ধ্যাতন, অহস্কার,

: ". · · · · . · . · .

অভিমান প্রভৃতি ছম্প্রতি সকল বিদায় গ্রহণ করিয়াছে; ধন, মান, বিষয়, বৈভব, পুত্র, কলত্রইত্যাদি বিবিধ আসক্তির স্থান্ট বন্ধন ছিন্ন হইয়া গিয়াছে দিয়া, পরোপকার, পরছঃধকাতরতা, সেবা, ভালবাসা, আদর বন্ধ, মর্য্যাদা প্রদান, ক্ষমা প্রভৃতি সংপ্রতি সকল জাগরিত হইয়াছে। আমার ত্রিতাপজালা জুড়াইয়া গিয়াছে। পুর্মের রাবর্ণের চুলির ভাগ্ন সনাই প্রাণ ছ ছ করিয়া জ্লিত, এখন ফল্প নদীর ভাগ্ন ভিতরে ভিতরে একটা আননদপ্রবাহ সদাই প্রবাহিত হইতেছে।

এখন আমার চিন্তা, উদ্বেগ, ভর, ভাবনা, শোক, মোহ ইত্যাদি কিছু নাই। মৃত্যু আর ভয় দেখাইতে পারে না, আত্মীয়ন্তজনের বিয়োগে শোক বা মোহ উপস্থিত হয় না, নিন্দা স্তুতি ইত্যাদিতে মন উদ্বেশিত হয় না।

সংসারে থাকিলে ত্রিভাপজালা যে থাকিবে না একথা কোন ক্রমেই বলা যাইতে পারে না, ত্রিভাপজালা থাকিবেই থাকিবে, কিন্তু এ জালা আর আমাকে স্পর্শ করিতে সমর্থ হয় না।

গুরুদেব যে কেবল আমার পরকালের ভার গ্রহণ করিয়াছেন তাহা নহে, তিনি আমার ইহকালেরও সমস্ত ভার গ্রহণ করিয়াছেন। আমি নিশ্চিম্ত হইয়াছি।

সংসার থাকিলেই অর্থের প্রয়োজন আছে। অর্থ ব্যতীত সংসারযাত্রা নির্বাহ হয় না। আমার বৃদ্ধ বয়দ, কাষকর্ম করিবার শক্তি
সামর্থ্য ও প্রবৃত্তি নাই, স্ক্তরাং অর্থোপার্জনের কোন চেটা করি না।
তাহার সংসার মনে করিয়া ঘটনা চক্রে যে অর্থাগম হয়, আমি তাহার
প্রতিবদ্ধকও হই না। আমি দেখিতেছি তাঁহার আমুক্ল্যে সংসারটা
বেশ চলিয়া যাইতেছে। যখন যাহা আবশ্যক তাহা চেটা না করিলেও
জুটিয়া যাইতেছে।

প্রভুর সংসার মনে করিয়া আমি পরিবারস্থ সম্ভানসম্ভতি, বৌ, ঝি, চাকরচাকরাণী, রাঁধুনী, গরু, বাছুর, কুকুর প্রভৃতি কাহাকেও কোন প্রকার অভাব ভোগ করিতে দিই না। সকলকেই স্থাথ সচ্ছদে রাথি। কাহাকেও অযুত্র বা অনাদর করি না।

প্রভ্ অর্থান্তক্লা করিতেছেন, বায়সক্ষোচ করিলে, অতিথি, ভিক্ষার্থী, তুত্ব লোক বৈম্থ হইলে আমাকে অপরাধী হইতে হইবে, আমার চিত্তের পবিত্রতা নষ্ট হইবে, একারণ আমি কোন প্রকার বায়সক্ষোচ করি না। অবস্থান্ত্রসারে, বায় করিয়া থাকি। ইহাতে মন স্থাসম থাকে। কোন প্রকার অভাব অন্তব করিতে হয় না।

আমার বাক্য সংযত হইয়া আসিয়াছে, রাঢ় বাক্য আর মুথে বাহির হয় না, রাঢ় কথা শুনিতেও পারি না। জীবন নৃতন ছাঁচে গঠিত হইয়াছে। পূর্কের আমি ও এপনকার আমি সম্পূর্ণ বিভিন্ন।

প্রভূ আমাকে পরম যত্নে পালন করিতেছেন, সমস্ত বিপদে আমাকে রক্ষা করিতেছেন, গায়ে অগচড়টি লাগিতে দিতেছেন না। আমি নিয়তই ইহার প্রমাণ পাইতেছি।

অপরাধী হইলেও তিনি আমার সমস্ত অপরাধ ক্ষমা করিতেছেন। এত দয়া না হইলে আমার মত কলিহত জীবের কি আর রক্ষা ছিল।

আমি পূর্বের মনে করিতাম ধর্ম যাজন করিলে পরকালে হিত হয়। ইহার অধিক আমার আর জ্ঞান ছিল না। এখন দেখিতেছি কেবল তাহা নহে, ধর্ম ইহকালের সম্ভোগের বিষয়। ইহাতে জীবন মধুময় হয়। এই মর জগতে অমৃতত্ব লাভ হয়।

আমার নারকীয় ব্যবসা, প্রাণের শুক্ষতা ও মনস্তাপ দেখিয়া গুরু বলিয়াছিলেন "হরিদাস ছঃথ করিও না, ভগবান সর্বাশক্তিমান, তিনি ধর্ম দিলে নরকের মধ্যেই ধর্ম দিবেন, তিনিনা দিলে কিছুতেই কিছু হইবে না।" এখন দেখিতেছি ওকালতীর ন্যায় নারকীয় ব্যবসায়ে লিপ্ত থাকিয়াও ধর্মলাভে বঞ্চিত হই নাই। এ পৃথিবীতে এমন অপরাধ নাই বাহা ভগবানের নামের শক্তিকে প্রতিরোধ করিতে সমর্থ হয়। নাম কোন বাধাই মানেন না, সমস্ত অপরাধকে ভত্মীভূত করিয়া ফেলেন। অন্তরের কালিমা বিধোত করিয়া দেন। নামের মহিমা অবর্ণনীয়। আমি হইয়াইহার যথেষ্ট প্রমাণ পাইয়াছি।

গুরু আরো বলিয়াছিলেন, "হরিদাস হৃঃথ করিও না, সময়ে সব হইয়া যাইবে।" ষথন তিনি এই কথা বলিয়াছিলেন, তথন আমি ধর্ম ব্ঝিতাম না। কথাটির অর্থও হাদয়দম করিতে পারি নাই। গুরুকে কোন কথাও জিজ্ঞাসা করি নাই। এখন মনে হইতেছে "সব হইয়া যাইবে" এ কথার অর্থ আর কিছুই নহে—অবস্থা লাভ।

যদিও আমার অবস্থা লাভ হয় নাই, য়িপও মায়ার বন্ধন হইতে মুক্ত
হইতে পারি নাই, তথাপি আমার মণ্যে যে পারিবর্ত্তনের শ্রোত প্রবাহিত
হইতে আরম্ভ হইয়াছে, তাহা বন্ধ হয় নাই। ক্রমাগত নৃতন নৃতন অবস্থা
লাভ হইতেছে, নৃতন নৃতন তয় প্রকাশিত হইতেছে, ভগবানের নামের
মধুরাস্বাদন দিন দিন অমুভব হইতেছে, তাঁহার গুণ ও লালা শ্রবণে চিত্ত
অধিকতর দ্রবীভূত হইতেছি। নামের শ্রোত প্রবল হইতে প্রবলতররূপে প্রবাহিত হইতেছে। এ সব অবস্থা পূর্বেষ্ব ছিল না। মধন পরিবর্তন বন্ধ হয় নাই তথন ভ্রিয়তে কি হইবে কে জানে। আমার দৃঢ় ধারণা
সদ্গুরুর বাক্য মিথা৷ হইবে না।

গুরু বলিরাছেন যেদিন ২৪ চবিবশ ঘণ্টা নাম চলিবে, সেই দিনই অবস্থা লাভ হইবে অর্থাং মায়ার অতীত অবস্থা লাভ হইবে। আমি এখন সেই দিনের অপেক্ষায় আছি।

নাম স্বাধীন পুরুষ। তিনি কাহারও বশ নহেন। তাঁহাকে বণীভূত

করিতে পারে এ জগতে এমন কেহ নাই। তিনি আপন ইচ্ছার সাধকের মধ্যে বিচরণ করেন, আপন ইচ্ছার চলিয়া যান। তাঁহাকে ধরিয়া রাখা অসম্ভব।

নামের রূপা না হইলে মানুষ পুরুষকার বলে অতি অরক্ষণ মাত্র নাম করিতে পারে। নামের রূপা হইলে আর ভাবনা থাকে না। তিনি স্বেজ্ঞার সাধকের মধ্যে বিহার করিতে থাকেন। এইজন্ম নামের অনুগত হইরা, নামের রূপা ভিথারী হইরা, নামের উপযুক্ত আদর মর্যাদা দিরা নাম করিতে হয়।

নাম আমাকে বহু কুপা করিয়াছেন ও করিতেছেন। আমার মত পাষ্ঠ লোকের প্রতি তাঁহার যে কুপা, ইহাতে কেবল তাঁহার করণাই প্রকাশ পার। আমার নিজের দিক দিয়া কোন আশা ভরদা নাই, তাঁহার করণাই আমার একমাত্র ভরদা।

প্রাণের কথা কাহাকেও বলিতে নাই। আমি নিজের প্রতিষ্ঠার জক্ত এসব কথা লিখিতেছি না। প্রতিষ্ঠা প্রকরীবিষ্ঠা। প্রকরীবিষ্ঠা গারে মাথিতে কে চার ?

সদ্গুরুর নিকট দীকা কইরা আমার কি উপকার হইল একথা না জানাইলে অক্বতজ্ঞ হইতে হয়, সদ্গুরুর মাইমা গোপন করা হয়। ধর্মের মহিমা প্রকাশ পায় না। জনসমাজ অক্কারেই থাকিরা বায়। পুত্তক লিখিরা কাহারও কোন উপকার করা হয় না।

এই অবিশাসের দিনে, পাশ্চাতা জাতির বাহ্ন চাক্চিক্যে বিমোহিত, আমার ন্যায় ত্রিতাপদগ্ধ অনেক পাঠক পাঠিকা আছেন। আমি নিজে ত্রিতাপদগ্ধ বলিয়া তাঁহাদের প্রতি আমার সহায়ভূতি আছে। তাঁহাদের নিরাশ প্রাণে একটা আশার সঞ্চার করিয়া না দিলে আমার কর্মবা পালন হয় না। আমার প্রকে লেখার উদ্দেশ্ত সফল হয় না।

এ কারণ আমি নিজের বর্ত্তমান অবস্থাটা প্রকাশ করিতে বাধ্য হইলাম।
ইহাতে যদি লোকসমাজে আমাকে নিন্দার কালিমা গায়ে মাখিতে ব
তাহা হইলে উহা চন্দন জ্ঞানে আনন্দের সহিত অঙ্গে লেপন করিব।

অনেক দিন হইল পুস্তক ছাপাইতে দিয়াছি। ঘোর চুর্দ্বিবশতঃ ছাপার কার্য্যে বহু বিলম্ব হইতেছে, সমগ্র পুস্তক ছাপা হইতে আরও এক বংসর অতীত হইবে। এদিকে পুস্তক পাঠ করিবার জন্ম অনেকের অত্যন্ত উৎক্র্যা উপন্থিত হইরাছে, এইজন্ম পুস্তকথানি তুই থণ্ডে বিভক্ত করিলাম। প্রথম থণ্ড তত্ত্বকথায় পরিপূর্ণ থাকিল, দিতীয় থণ্ডে সদ্গুরু মহিমা ও লীলা বর্ণিত হইল। এইথানে প্রথম থণ্ড শেষ করিলাম। ইতি—

२०२७। ३५ हे देवनाथ।

প্রথম খণ্ড সমাপ্ত।





IMPERIAL LIPETRY